ii. **রাজ্য কমিশন:** এই কর্তৃপক্ষের মূল অধিকার হল, আপীল এবং তত্ত্বাবধানের আইনী অধিকার আছে। এই কমিশনের অধিকার আছেজেলা ফোরাম থেকে আসা আপীলগুলি গ্রহণ করার। এর মূল আইনী অধিকার হলো যেখানে পণ্য/পরিষেবা এবং ক্ষতিপূরণ, যদি কোনো দাবি ২০লক্ষ টাকার বেশি হয় কিন্তু ১০০লক্ষ টাকার বেশি না হয়, সেই অভিযোগগুলি গ্রহণ করা। অন্যান্য ক্ষমতা এবং কর্তৃত্ব জেলা ফোরামের মতোই সমান।

iii. **জাতীয় কমিশন:** এই আইনের অধীনে চূড়ান্ত যে কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা হয়েছে তা হলো জাতীয় কমিশন। এই কমিশনের মূল অধিকার হল: আপীল এবং তত্ত্বাবধানের আইনী ক্ষমতা। রাজ্য কমিশন যে নির্দেশ দান করেছে সেই আপীলগুলি এই কমিশন শুনতে পারে এবং মূল আইনী ক্ষমতায় কমিশন বিবাদ গ্রহণ করতে পারে, যেখানে পণ্য/পরিষেবা এবং ক্ষতিপূরণের দাবি ১০০লক্ষ টাকার বেশি। রাজ্য কমিশনের উপর তত্ত্বাবধান করার আইনী অধিকার রয়েছে এই কমিশনের।

এই তিনটি এজেন্সির দেওয়ানি আদালতের ক্ষমতা রয়েছে।

### c) অভিযোগ দায়ের করার প্রক্রিয়া

**অভিযোগ দায়ের করার প্রক্রিয়া**উপরিল্লিখিত তিনটি প্রতিবিধান মূলক সংস্থায় অভিযোগ দায়ের করার প্রক্রিয়া খুবই সহজ। রাজ্য কমিশন অথবা জাতীয়কমিশনে অভিযোগ দায়ের অথবা আপীল করার জন্য কোনো ফি লাগে না।

অভিযোগকারী নিজে অথবা তাঁর কোনো স্বীকৃত প্রতিনিধি অভিযোগ দায়ের করতে পারেন। ব্যক্তিগতভাবে অথবা ডাকযোগেও অভিযোগ দায়ের করা যায়। এটি উল্লেখযোগ্য যে অভিযোগ দায়ের করার জন্য কোনো আইনজীবীর প্রয়োজন নেই।

### d) ক্রেতা ফোরাম নির্দেশ

যে পণ্যের বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে সেটি অভিযোগে নির্ধারিত কোনো একটি ত্রুটি বহন করছে সে বিষয়ে যদি ফোরাম সন্তুষ্ট হয় অথবা পরিষেবা সম্পর্কে অভিযোগে থাকা কোনো

একটি অভিযোগ যদি প্রমাণিত হয়, তবে বিপক্ষ দলকে নির্দেশ দিয়ে ফোরাম আদেশ ইস্যু করতে পারে নিম্নলিখিত এক বা একাধিক ক্ষেত্রে যেমন,

i. অভিযোগকারীকে **টাকাফেরৎ** দিতে, [অথবা বীমার ক্ষেত্রে প্রিমিয়াম], অভিযোগকারী কৃত দাবী অনুযায়ী।

ii. বিপক্ষ দলের কোনো অবহেলার জন্য যদি ক্রেতাকে কোনো লোকসান বা আঘাত সহ্য করতে হয় তবে সেই পরিমাণটি **ক্ষতিপূরণ** হিসেবে ক্রেতাকে দেওয়া

iii. বিচারাধীন পরিষেবা থেকে ত্রুটি অথবা **অভাব দূর করতে** হবে

iv. **অনৈতিক ব্যবসায়িক কার্যাবলী বন্ধ করা** অথবা নিয়ন্ত্রিত ব্যবসায়িক অনুশীলন অথবা সেগুলির পুনরাবৃত্তি না করা

v. বাদীপক্ষকে**পর্যাপ্ত খরচের**সংস্থান দেওয়া

**e) ক্রেতা বিবাদের বিভাগ**

তিনটি ফোরামের সঙ্গে ক্রেতার অধিকাংশ বিবাদ নিম্নলিখিত মূল পর্যায়ে পড়ে, যতো দূর সম্ভব বীমা ব্যবসা বিবেচনাধীন:

**i. দাবি মেটানোয় দেরি**
**ii. দাবি না-মেটানো**
**iii. দাবির প্রত্যাখ্যান**
**iv. লোকসানের পরিমাণ**
**v. পলিসি মেয়াদ, শর্ত ইত্যাদি**

**4. বীমা ন্যায়পাল**

বীমা আইন, ১৯৩৮-এর ক্ষমতার অধীনে কেন্দ্রীয় সরকার, **জনগণের ক্ষোভ প্রতিবিধান আইন, ১৯৯৮**, তৈরি করেছে যা ১৯৯৮সালের ১১ই নভেম্বর একটি সরকারী মুখপত্রে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে জারি করা হয়। এই আইনগুলি জীবন এবং সাধারণ বীমার ক্ষেত্রে প্রযোজ্য, যাবতীয় ব্যক্তিগত নির্ভর বীমায়, যা হলো, ব্যক্তিগত ক্ষমতায় যে বীমা নেওয়া হয়েছে।

এই আইনগুলির উদ্দেশ্য হলো সাশ্রয়ী, কার্যকরী এবং নিরপেক্ষ ভঙ্গিতে বীমা কোম্পানির পক্ষে দাবি নিষ্পত্তি সংক্রান্ত অভিযোগের সমাধান করা।

**বীমাকৃত এবং বীমাকারীর মধ্যে পারস্পরিক বোঝাপড়ার মাধ্যমে, ন্যায়পাল, নির্দেশের শর্তাদির মধ্যে থেকে মধ্যস্থতাকারী এবং কাউন্সেলর হিসেবে কাজ করতে পারেন।**

**অভিযোগটি গ্রহণ করা হবে নাকি প্রত্যাখ্যান করা হবে, সে সম্পর্কে ন্যায়পাল যা সিদ্ধান্ত নেবেন, সেটিই চূড়ান্ত।**

**a) ন্যায়পালকে অভিযোগ**

ন্যায়পালকে জানানোর জন্য যে কোনো অভিযোগ বীমাকৃত অথবা তাঁর আইনী উত্তরাধিকার দ্বারা লিখিত, স্বাক্ষর করা হতে হবে, ন্যায়পালকে উদ্দেশ্য করে করতে হবে যাঁর বিচারাধীনে, বীমাকারীর কোনো শাখা/অফিস আছে, সেটিকে তথ্য সমর্থিত হতে হবে, যদি থাকে, পাশাপাশি

অভিযোগকারীর ক্ষতির প্রকৃতি এবং পরিমাণের হিসাব এবং মীমাংসা উপায়ের চেষ্টা সমন্বিত হিসেব হতে হবে।

ন্যায়পালকে অভিযোগ জানানো যাবে যদি:

i. অভিযোগকারী আগে বীমা কোম্পানিকে লিখিতভাবে অভিযোগ জানিয়ে থাকেন এবং বীমা কোম্পানি:
   - ✓ অভিযোগটি প্রত্যাখ্যান করেছে অথবা
   - ✓ বীমাকারীকে অভিযোগটি দেওয়ার একমাসের মধ্যে অভিযোগকারী যদিকোনো উত্তর না পান
   - ✓ বীমাকারী যে জবাব দিয়েছেন তাতে যদি অভিযোগকারী সন্তুষ্ট না হন।

ii. বীমা কোম্পানির দ্বারা প্রত্যাখ্যানের দিন থেকে এক বছরর মধ্যে অভিযোগটি করলে

iii. অভিযোগটি কোনো আদালতে অথবা কোনো ক্রেতা ফোরামে বা মধ্যস্থতায় বিচারাধীন নেই।

**b) ন্যায়পালের সুপারিশগুলি**

কিছু নির্দিষ্ট কর্তব্য বা রীতি নীতি রয়েছে যা আশা করা হয় ন্যায়পাল অনুসরণ করবেন:

i. এমন অভিযোগ পাওয়ার এক মাসের মধ্যে সুপারিশগুলি করতে হবে

ii. যার কপি অভিযোগকারী এবং বীমা কোম্পানি উভয়কেই পাঠাতে হবে

iii. এমন সুপারিশ পাওয়ার ১৫দিনের মধ্যে অভিযোগকারীকে সুপারিশগুলি গ্রহণ করতে হবে

iv. বীমাকৃতকে গ্রহণ করার চিঠির একটি কপি বীমাকারীকে পাঠাতে হবে এবং তাঁর লিখিত অঙ্গীকার পেতে হবে গ্রহণ করার চিঠি পাওয়ার ১৫দিনের মধ্যে জানাতে হবে

মধ্যস্থতার মাধ্যমে যদি বিবাদের মীমাংসা না হয়, ন্যায়পাল তাহলে বীমাকৃতকেই পুরস্কৃত করবেন যা তিনি যথার্থ মনে করবেন, এবং সেটি হলো বীমাকৃতকে তাঁর ক্ষতির জন্য প্রয়োজনীয় সুরক্ষা নিশ্চিত করবেন।

**c) ন্যায়পালের দ্বারা পুরস্কার**

ন্যায়পাল যে পুরস্কার দেন তা পরিচালিত হয় নিম্নলিখিত নিয়মের দ্বারা:

i. এই পুরস্কার অবশ্যই ২০লক্ষের বেশি হবে না (এককালীন প্রদেয় এবং অন্যান্য খরচাপাতি অন্তর্ভুক্ত করে)

ii. এমন অভিযোগ পাওয়ার দিন থেকে ৩মাসের মধ্যে এই পুরস্কার দিয়ে দিতে হবে, এবং বীমাকৃতকে এই পুরস্কার পাওয়াটি একমাসের মধ্যে সম্পূর্ণভাবে পাওয়ার বিষয়টি স্বীকার করে নিতে হবে

iii. বীমাকারীকে অবশ্যই এই পুরস্কার মেনে নিতে হবে এবং গ্রহণ করার এই চিঠি পাওয়ার ১৫দিনের মধ্যে তাকে ন্যায়পালকে লিখিতভাবে সেটি জানাতে হবে

iv. এই পুরস্কার গ্রহণ করার বিষয়টি যদি বীমাকৃত লিখিতভাবে না জানান, তাহলে বীমাকারী পুরস্কারটি রূপায়ণ নাও করতে পারেন

## নিজেকে পরীক্ষা করুন 3

ক্রেতা সুরক্ষা আইন, ১৯৮৬ অনুযায়ী, কাকে ক্রেতা হিসেবে চিহ্নিত করা যাবে না?

I. ব্যক্তিগত ব্যবহারের জন্য পণ্য/পরিষেবা ভাড়া করেন

II. পুনরায় বিক্রির লক্ষ্যে যে ব্যক্তি পণ্য কেনেন

III. বিবেচনার জন্য পণ্য এবং পরিষেবা কেনেন এবং তাকে ব্যবহার করেন

IV. বিবেচনার জন্য অন্যের পরিষেবা ব্যবহার করেন

## D. *যোগাযোগের প্রক্রিয়া*

**ক্রেতা পরিষেবায় যোগাযোগের দক্ষতা**

কর্মক্ষেত্রে ফলপ্রসূ দক্ষতার সঙ্গে কাজ করে দেখাতে, একজন এজেন্টের এবং একজন পরিষেবা কর্মীর যা অবশ্যই থাকা প্রয়োজন তার অন্যতম গুরুত্বপূর্ণ হলো– নমনীয় দক্ষতা।

কঠিন দক্ষতা–যা একজন ব্যক্তির নির্দিষ্ট ধরণের করণীয় কাজ অথবা কাজকর্ম সম্পাদন করার সক্ষমতাকে বোঝায়, তার থেকে আলাদা।**নমনীয় দক্ষতা, কর্মচারী এবং ক্রেতাদের সঙ্গে একজনের কার্যকরীভাবে আলোচনা করার সক্ষমতার সঙ্গে সম্পর্কিত, যা কর্মক্ষেত্র এবং বাইরে উভয় জায়গাতেই প্রযোজ্য আবার এই নমনীয় দক্ষতার অন্যতম এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো যোগাযোগের দক্ষতা।**

**1. যোগাযোগ এবং ক্রেতা সম্পর্ক**

সন্তুষ্ট এবং অনুগত ক্রেতা তৈরি করার অন্যতম মূল উপাদান হলো ক্রেতা পরিষেবা। কিন্তু এটিই যথেষ্ট নয়। ক্রেতারা হলেন সেই মানুষ যাঁদের সঙ্গে কোম্পানির প্রয়োজন দৃঢ় সম্পর্ক গড়ে তোলা।

**এটি হলো পরিষেবা এবং সম্পর্ক উভয়ের অভিজ্ঞতাই যা শেষপর্যন্ত ক্রেতা কীভাবে কোম্পানিটিকে দেখবে তার আকার দেয়।**

একটি সুস্থ সম্পর্ক গড়ে তুলতে কী লাগে?

এর মূলে, অবশ্যই, হলো বিশ্বাস। একইসময়ে অন্য আরো উপাদান রয়েছে, যা তাঁদের বিশ্বাসকে শক্তিশালী করে এবং বাড়িয়ে তোলে। আসুন আমরা কয়েকটি উপাদানের দৃষ্টান্ত দিই

**চিত্র 2 : বিশ্বাসের উপাদানসমূহ**




i. প্রত্যেকসম্পর্কশুরুহয়আকর্ষণেরমাধ্যমে:

**ক্রেতার সঙ্গে একজনের প্রয়োজন শুধু পছন্দ হওয়ার এবং সম্পর্ক গড়ে তোলার সক্ষমতা থাকার আকর্ষণ হলো অনেক সময়ই প্রথম আলাপের ফলাফল যা আসে প্রথম যখন কোনো ক্রেতা সেই সংগঠন বা তার কোনো প্রতিনিধির সংস্পর্শে প্রথম আসেন।** প্রতিটি হৃদয়ের দরজা খুলতে আকর্ষণই হলো প্রথম চাবিকাঠি। যেটি ছাড়া কোনো সম্পর্ক

অনেকটাই অসম্ভব। ভেবে দেখুন এমন একজন বিক্রয়কারী ব্যক্তি যাঁকে কেউ পছন্দ করে না। আপনি কী মনে করেন  তিনি সত্যিই বিক্রির পেশায় খুব বেশিদূর এগোতে পারবেন?

ii. একটি সম্পর্কের দ্বিতীয় উপাদান হলো একজনের উপস্থিতি–যখন প্রয়োজন তখন সেখানে উপস্থিত থাকা:

এর সবচেয়ে উৎকৃষ্ট উদাহরণ সম্ভবত হলো বিয়ে। যখন স্ত্রী তাঁর স্বামীকে চাইছেন সেইসময় তাঁর উপস্থিত থাকা কী স্বামীর জন্য গুরুত্বপূর্ণ নয়? **একইভাবে ক্রেতা সম্পর্কের ক্ষেত্রে, বিষয়টি হলো কখন এবং কীভাবে কোম্পানি অথবা তাঁর প্রতিনিধি যখন প্রয়োজন সেসময় উপলব্ধ হবেন। ক্রেতার প্রয়োজনে তিনি কী পুরোপুরি উপস্থিত থাকছেন বা শুনছেন?**

একজন ক্রেতার যাবতীয় প্রত্যাশার সময় পুরোপুরি উপস্থিত থাকা এবং তার সুবিচার না করার উদাহরণ হয়তো রয়েছে। **তা সত্ত্বেও একজন দৃঢ় সম্পর্ক বজায় রাখতে পারেন যদি তিনি ক্রেতার সঙ্গে কথা বলতে পারেন, এমনভাবে যাতে সেটি আশ্বস্তকারী, সহানুভূতিপূর্ণ এবং একটি  দায়িত্ববোধ জ্ঞাপনকারী হয়।**

উপরিউক্ত সবকটির সারাংশ হলো যেমন:

- ✓ একজন যেভাব মূর্তি তৈরি করেন অথবা
- ✓ উপস্থিতি এবং সহানুভূতি জানানোর সাহায্যে
- ✓ যে বার্তা একজন আরেকজনকে পাঠান

এগুলি হলো যোগাযোগের মাত্রা এবং শৃঙ্খলাবদ্ধতা এবং দক্ষতার দাবি করে। একার্থে একজন কীভাবে যোগাযোগ করছেন সেটিই হলো শেষপর্যন্ত তাঁর কাজ নিয়ে তিনি কী ভাবছেন এবংদেখছেন।

যেহেতু একজন নতুন ক্রেতা তৈরি করার তুলনায় একজন পুরানো ক্রেতাকে বজায় রাখার খরচ অনেক কম সেই কারণে কোম্পানিগুলি অনেকবেশি জোর দেয় ক্রেতা সম্পর্ক পরিচালনার উপর। বহু স্পর্শকাতর যুক্তির ক্ষেত্রেই ক্রেতা সম্পর্ক জরুরী, যেমন, ক্রেতার বীমার চাহিদা বোঝার ক্ষেত্রে, সুরক্ষা ব্যাখ্যা করার সময়, ফর্ম হাতে দেওয়ার সময়। সেই কারণে, এজেন্টের জন্য বহু সুযোগ আসে এই প্রতিটি যুক্তিতে সম্পর্কটি দৃঢ় করার।

## 2. **যোগাযোগের প্রক্রিয়া**

যোগাযোগকী?

সমস্ত যোগাযোগেরই একটা প্রেরক প্রয়োজন, যিনি বার্তা প্রেরণ করেন ,এবংসেইবার্তার একজন গ্রাহক প্রয়োজন। প্রক্রিয়াটি তখনই সম্পূর্ণ হয় যখন গ্রাহক প্রেরকের বার্তা বুঝতে পারেন।

**চিত্র 3 : যোগাযোগের আকার**




যোগাযোগ বিভিন্ন আকারে হতে পারে

- ✓ মৌখিক
- ✓ লিখিত
- ✓ অ-মৌখিক
- ✓ শরীরী ভাষা ব্যবহার করে

এটা হতে পারে মুখোমুখি, ফোনে, বা মেল বা ইন্টারনেটের মাধ্যমে। এটা আনুষ্ঠানিক বা অ-অনুষ্ঠানিক উভয়ই হতে পারে। যা বিষয়বস্তুই থাক বা বার্তার আকার যাই হোক বা যে ধরনের মাধ্যমই ব্যবহার করা হোক, যোগাযোগের সারাংশটা হলো গ্রাহক বুঝতে পারলেন সেটাই যা তাঁকে পাঠানো হয়েছিল।

একটা ব্যবসায় এটা গুরুত্বপূর্ণ যে কখন ও কীভাবে কাঙ্খিত প্রেরককে বার্তা পাঠানো হবে তা বাছাই করা।

**যোগাযোগ প্রক্রিয়াটা নিচে ছবি দিয়ে দেখানো হয়েছে।**

আসুন আমাদের ছবির পরিভাষাগুলি সংজ্ঞায়িত করা যাক:

**চিত্র 4: যোগাযোগ প্রক্রিয়া**



**সংজ্ঞা**

i. **উৎস:** বার্তার উৎস হিসেবে, এজেন্টকে অবশ্যই স্পষ্ট হতে হবে কেন তিনি যোগযোগ তৈরি করছেন, এবং তিনি কী বলতে চাইছেন, এবং আত্মবিশ্বাসী হতে হবে যে তিনি যা তথ্য জানাচ্ছেন তা দরকারী ও নির্ভুল।

ii. **বার্তা** হলো সেই তথ্য যা দিয়ে একজন যোগাযোগ তৈরি করতে চায়।

iii. **এনকোডিং** হলো তথ্য সরবরাহের একটা প্রক্রিয়া যা একজন যোগাযোগ তৈরির জন্য কোনো একটা আকারে পাঠাবে এবং অন্য প্রান্ত তাকে সঠিকভাবে ডিকোড করবে। এনকোডিংয়ের সাফল্য নির্ভর করে কত ভালোভাবে একজন তথ্যটাকে বহন করতে পেরেছে এবং বিভ্রান্তির উৎসকে দূর করতে পেরেছে। এর জন্য তাঁকে তাঁর শ্রোতাকে জানতে হবে। এই কাজটা করায় ব্যর্থতা হলে পাঠানো বার্তা ভুলভাবে বোঝা হবে।

iv. একটা বার্তা বাহিত হয় একটা **চ্যানেলের** মাধ্যমে। যা এই উদ্দেশ্যের জন্য বেছে নিতে হয়। চ্যানেলটা মৌখিক হতে পারে, যার মধ্যে রয়েছে ব্যাক্তিগতভাবে মুখোমুখি বৈঠক, টেলিফোন ও ভিডিওকনফারেন্সিং; অথবা এটা লিখিত আকারেও হতে পারে যার মধ্যে রয়েছে চিঠি, ইমেল, মেমো ও রিপোর্ট।

v. **ডিকোডিং** হলো সেই ধাপ যেখানে তথ্য গৃহীত হয়, ব্যাখ্যা করা হয় এবং তার বক্তব্যটি নির্দিষ্ট উপায়ে বোঝা হয়। এটা দেখা গেছে যে এনকোডিং [কীভাবে একজন বার্তা বহন করবে] –এর মতোই ডিকোডিং [অথবা কীভাবে একজন বার্তা গ্রহণ করবে] ও গুরুত্বপূর্ণ।

vi. **গ্রাহক:** সবশেষে রয়েছেন গ্রাহক, সেই ব্যক্তি [শ্রোতা] যাঁকে বার্তাটা পাঠানো হয়েছে। এই শ্রোতাদের প্রত্যেক সদস্যের নিজস্ব ধারণা, বিশ্বাস ও অনুভূতি থাকে যা তাঁকে প্রভাবিত করবে কীভাবে তিনি বার্তাটাকে গ্রহণ করবেন ও তার উপর প্রতিক্রিয়া জানাবেন। প্রেরককে অবশ্যই এই বিষয়গুলি বিবেচনা করতে হবে যখন তিনি সিদ্ধান্ত নেবেন যে, কী বার্তা পাঠাবেন।

vii. **ফীডব্যাক বা মতামত:** বার্তা পাঠান ও গৃহীত হওয়ার পর গ্রাহক হয়তো মৌখিক বা অ-মৌখিক বার্তার মাধ্যমে প্রেরককে মতামত জানাবেন। প্রেরককে এই মতামতগুলি দেখতে হবে এবং সতর্কতার সঙ্গে এই প্রতিক্রিয়াগুলি বুঝতে হবে, কারণ এটাই তাঁকে নির্ধারণ করতে সাহায্য করবে কীভাবে বার্তা পাঠানো হয়েছে এবং তার উপর কি প্রতিক্রিয়া তৈরি হয়েছে। প্রয়োজন পড়লে বার্তার বদল বা ভিন্নরূপ দেওয়া যেতে পারে।

## 3. কার্যকরী যোগাযোগের বাধা

উপরের প্রক্রিয়াগুলির প্রতিটা ধাপেই কার্যকরী যোগাযোগ তৈরির বাধা আসতে পারে। যিনি বার্তা দিচ্ছেন তাঁর কোন ভাবমূর্তির কারণে যোগাযোগটা বিঘ্নিত হতে পারে। অথবা যে বার্তাদেওয়া হয়েছে তা খুব দুর্বলভাবে সাজানো অথবা খুব ছোট কিংবা খুব বড় অথবা প্রেরক গ্রাহকের সংস্কৃতিটাই বোঝেননি, এইসব কারণেও যোগাযোগ বিকৃত হতে পারে। এই সমস্ত বাধা অতিক্রম করাটাই হলো চ্যালেঞ্জ।

*নিজেকে পরীক্ষা করুন* **4**

কোনটা সুস্থ সম্পর্ক তৈরি করতে পারে না?

I. আকর্ষণ

II. বিশ্বাস

III. যোগাযোগ

IV. সন্দিগ্ধচিত্ততা

## E. *অ-মৌখিক যোগাযোগ*

আসুন এখন আমরা কয়েকটি ধারণা দেখি যা এজেন্টদের বোঝা জরুরী।

### গুরুত্বপূর্ণ

### খুব ভালো একটা প্রথম ভাবমূর্তি তৈরি করা

ইতিমধ্যেই আমরা দেখেছি যে আকর্ষণই হলো যে কোনো সম্পর্ক গড়ার প্রথম স্তম্ভ। যে ক্রেতা আপনাকে পছন্দ করবে না তাঁর কাছ থেকে আপনার ব্যবসা পাওয়ার কথা আশা করাই দুষ্কর। আসলে অনেকেই সামান্য একটা মুহূর্তে বা এক নিমেষে, আপনার সম্পর্কে একটা ধারণা করে নিতে পারে ও একটা মূল্যায়ণ করে ফেলতে যখন আপনি প্রথমবার তাঁর সঙ্গে মিলিত হবেন। আপনার সম্পর্কে তাঁদের মতামতের ভিত্তি হবে আপনার আবির্ভাব, আপনার শরীরী ভাষা, আপনার আদব-কায়দা, এবং আপনার পোশাক পরিচ্ছদ ও কীভাবে আপনি কথা বলছেন তার উপর। মনে রাখবেন প্রথম ছাপটাই দীর্ঘসময় থেকে যাবে। একটা আকর্ষণীয় ভাবমূর্তির জন্য দরকারী বিষয়:

1. **সবসময় সময়মত কাজ করা।** প্ল্যান করুন কয়েক মিনিট আগে পৌঁছনোর, সম্ভাব্য সব ধরনের বিলম্বের জন্য নমনীয়তা অনুমোদন করুন।

2. **নিজেকে যথাযথভাবে উপস্থাপন করুন।** আপনার সম্ভাব্য ক্রেতা, যাঁর সঙ্গে আপনি প্রথমবার মিলিত হচ্ছেন, আপনাকে চেনেন না এবং আপনার আবির্ভাবই তাঁর কাছে আপনার বিষয়ে প্রথম সূত্র হবে।

   ✓ আপনার আবির্ভাব কি সঠিক ভাবমূর্তি তৈরি করতে সাহায্য করলো?
   ✓ যে পোশাকে আপনি এসেছেন সেটা কি এই ধরনের সাক্ষাতের ক্ষেত্রে যথাযথ?
   ✓ আপনার পরিচর্যা কি পরিষ্কার-পরিচ্ছন্ন – ভালোভাবে চুল কাটা ও দাড়ি কামানো, পরিষ্কার জামাকাপড়, ফিটফাট ও পরিপাটি সাজসজ্জা?

3. একটা উষ্ণ, আত্মবিশ্বাসী ও বিজয়ী হাসি আপনাকে আপনার দর্শকের কাছে তৎক্ষণাৎ সহজ করে দেবে।

4. **খোলা মনে, আত্মবিশ্বাসী ও ইতিবাচক থাকুন**

   ✓ আপনার শরীরী ভাষা কি আত্মবিশ্বাস ও আত্মপ্রত্যয়কে তুলে ধরে?

   ✓ আপনি কি সোজা হয়ে দাঁড়ান, হাসেন, চোখে চোখে যোগাযোগ তৈরি করেন, দৃঢ়ভাবে হাত মিলিয়ে সম্ভাষণ করেন?

   ✓ এমনকি সমালোচনার মুখে বা আশানুরূপ সাক্ষাৎকার না হলেও আপনি কি ইতিবাচক থাকতে পারেন?

5. **অন্যদের প্রতি আগ্রহ –** সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো অন্য ব্যক্তি সম্পর্কে সত্যিকারের আগ্রহী হওয়া।

   ✓ আপনি কি ক্রেতার ব্যক্তিত্ব জানতে খানিকটা সময় নিয়েছেন?

   ✓ তার বক্তব্য সে ব্যাপারে কি আপনি যত্ন নিয়েছেন ও মনোযোগী হয়েছেন?

- ✓ আপনি কি আপনার ক্রেতার কাছে পুরোপুরি হাজির হয়েছেন ও তাঁর কাছে পুরোপুরি উপলব্ধ হয়েছেন নাকি তাঁর সঙ্গে কথা বলা সময় অর্ধেকটাই আপনি মোবাইলে ব্যস্ত ছিলেন?

## 1. শরীরী ভাষা

শরীরী ভাষা বলতে বোঝায় নড়াচড়া, অঙ্গভঙ্গি, মুখের হাবভাব। যেভাবে আমরা কথা বলি, হাঁটি, বসি ও দাঁড়াই, সেটাই আমাদের সম্পর্কে এবং আমাদের মনে কী ঘটছে তার সবকিছু বলে দেয়।

প্রায়শই বলা হয়ে থাকে আসলে যা বলা হয় মানুষ তার খুব সামান্য অংশই শোনে। এখানে অতিরিক্ত কথা বলা বা জোরে বলার কথা হচ্ছে না। অবশ্যই নিজের শরীরী ভাষা সম্পর্কে একজনকে সতর্ক থাকতে হবে।

### a) আত্মবিশ্বাস

কীভাবে নিজেকে আত্মবিশ্বাসী ও আত্মপ্রত্যয়ী হিসেবে পেশ করতে হবে তার কিছু টিপস এখানে দেওয়া হলো, যাতে কারো কাছে নিজের ভাবমূর্তি বজায় রাখা যায় যাতে তিনি আপনার কথা আন্তরিকভাবে শোনেন:

- ✓ অঙ্গস্থিতি – কাঁধ পেছনদিকে রেখে সোজা হয়ে লম্বাভাবে দাঁড়ানো
- ✓ দৃঢ় চক্ষু যোগাযোগ – হাসি মুখে
- ✓ উদ্দেশ্যপূর্ণ ও সুচিন্তিত অঙ্গভঙ্গি

### b) বিশ্বাস বা আস্থা

বলা হয়, বেশিরভাগ সময়েই একজন সেলসম্যানের কথা বধির কানে যায় কারণ শ্রোতা তাঁকে বিশ্বাস করেন না– তাঁর শরীরী ভাষা শ্রোতাকে সেই আশ্বাস দিতে পারে না যে তিনি যা বলছেন সেব্যাপারে তিনি আন্তরিক। যে সাধারণ ইঙ্গিত থেকে মনে হতে পারে যে একজন সৎ নন তার সম্পর্কে সচেতন থাকাটা খুবই গুরুত্বপূর্ণ এবং এগুলি ঠেকাতে কী করা যায় তার কিছু নিচে দেওয়া হলো:

- ✓ চোখে চোখে সামান্য যোগাযোগ বা কোনো যোগাযোগ না করা, অথবা দ্রুত চোখের নড়াচড়া
- ✓ কথা বলার সময় মুখের সামনে হাত বা আঙুল রাখা
- ✓ একজনের শরীর ছেতে শারিরীকভাবে থেকে দূরে থাকা
- ✓ একজনের শ্বাসপ্রশ্বাসের গতি বেড়ে যাওয়া
- ✓ গাত্রবর্ণ বদলে যাওয়া; মুখ ও গলার জায়গাটা লাল হয়ে যাওয়া
- ✓ ঘাম বেড়ে যাওয়া
- ✓ গলার স্বর বদলে যাওয়া যেমন শব্দ বৈশিষ্ট্য বা পিচ বদলে যাওয়া, তোতলানো, গলা পরিষ্কার
- ✓ বক্তব্য – ধীরে ও স্পষ্ট মাঝারি থেকে নিচু স্বরে রেখে

রক্ষণাত্মক ও ধারণক্ষমতাবর্জিত বলে ইঙ্গিত করে এমন কিছু শরীরের নড়াচড়া হলো:

- ✓ হাত/বাহুর অঙ্গভঙ্গি ছোট ও শরীরের কাছাকাছি রাখা

- ✓ মুখের অভিব্যক্তি সংক্ষিপ্ত
- ✓ শরীর যেন শারীরিকভাবে আপনার থেকে দূরে রয়েছে
- ✓ বাহুগুলি শরীরের সামনে আড়াআড়ি রাখা
- ✓ চোখে চোখে সামান্য যোগাযোগ বা হতাশ ভাব

**আপনার ক্রেতা যদি এগুলির মধ্যে কোনোটা প্রকাশ করে, তাহলে এই হলো সময় আপনার নিজেকে নিয়ন্ত্রণ করার সময় এবং বাড়তি মনোযোগ দেওয়া যে ক্রেতার মনে কী চলছে সেটা বোঝার জন্য।**

**2. শ্রবণ দক্ষতা**

যোগাযোগ দক্ষতার তৃতীয় যুক্তি যাতে শ্রবণ দক্ষতা সম্পর্কে আর তা তৈরি করতে নিজেকে সচেতন রাখা জরুরী। এগুলি আসে ব্যক্তিগত সক্রিয়তার সুবিদিত নীতি থেকে – 'বুঝে নেওয়ার আগে প্রথমে বুঝুন।'

আপনি কত ভালোভাবে শুনছেন তা যেমন আপনার কাজের কার্যকারিতার উপর বড় প্রভাব ফেলে তেমনি অন্যদের সঙ্গে আপনার সম্পর্কের উপরেও। আসুন শ্রবণের কিছু টিপস দেখে নিই।

**a) সক্রিয় শ্রবণ**

এটা হলো যেখানে আমরা শুধু কথাগুলি মন দিয়ে শোনার চেষ্টা করবো তাই নয়, বরং অন্যের গোটা বার্তাটা বোঝার চেষ্টা করবো।

আসুন সক্রিয় শ্রবণের কিছু উপাদান দেখি। সেগুলি হলো:-

**i. মনোযোগ দেওয়া**

বক্তাকে আমাদের একনিষ্ঠ মনোযোগ দেওয়া দরকার, এবং বার্তাটাকে স্বীকার করা দরকার। মনে রাখুন, অ-মৌখিক বার্তাও সোচ্চারে ''বলতে পারে''। মনোযোগ দেওয়ার কিছু দিক নিচে তুলে ধরা হলো:

- ✓ বক্তার দিকে সরাসরি তাকান
- ✓ বিক্ষিপ্ত চিন্তাভাবনা সরিয়ে রাখুন
- ✓ মানসিকভাবে কখনও খন্ডন করবেন না
- ✓ বহিরাগত সমস্ত চিত্তবিক্ষেপ এড়িয়ে চলুন [উদাহরণস্বরূপ, আপনার মোবাইল ফোনটা সাইলেন্ট মোডে রাখুন]
- ✓ বক্তার শরীরী ভাষা ''মনোযোগ দিয়ে শুনুন''

**ii. আপনি যে শুনছেন তা দেখান:**

শরীরী ভাষার ব্যবহার এখানে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়। উদাহরণস্বরূপ একজন করতে পারেন:

- ✓ মাঝেমধ্যে মাথা নাড়ুন ও হাসুন
- ✓ এমন একটা ভঙ্গি নিন যাতে অন্য লোক খোলামেলা ও অবাধে কথা বলতে পারে
- ✓ হ্যাঁ এবং ওহ, এর মতো ছোট ছোট মৌখিক মতামত দিন

**iii. মতামত দেওয়া:**

অনেক কিছুই আমরা শুনি যেগুলি আমাদের ব্যক্তিগত ছাঁকনিতে বাতিল হয়ে যায়, যেমন আমাদের অনুমান, রায় ও বিশ্বাস যা আমরা বয়ে বেড়াই। একজন শ্রোতা হিসেবে, এই ছাঁকনিগুলি সম্পর্কে আমাদের সচেতন থাকতে হবে এবং বোঝার চেষ্টা করতে হবে যে আসলে কী বলা হচ্ছে।

- ✓ এরজন্য আপনার দরকার হতে পারে বক্তব্যের প্রতি মনোযোগ দেওয়া এবং প্রশ্ন করে স্পষ্ট করে বুঝে নেওয়া কী বলা হচ্ছে
- ✓ মতামত দেওয়ার আরেকটা গুরুত্বপূর্ণ উপায় হলো বক্তার কথাগুলির ভাষান্তর করা
- ✓ তৃতীয় আরেকটা উপায় রয়েছে, তা হলো খানিকটা সময় অন্তর বক্তাকে থামিয়ে সংক্ষেপে পুনরাবৃত্তি করা তিনি যা যা বলেছেন।

## উদাহরণ

**স্পষ্টতা চাওয়া –** আমি যা শুনেছি, তা থেকে কি আমি ধরে নিতে পারি যে আমাদের হেল্থ প্ল্যানগুলির কয়েকটির সুবিধা আপনার কাজে আসতে পারে, আপনি আরো কিছু নির্দিষ্ট করে জানাতে পারেন?

**বক্তার সঠিক শব্দগুলির ভাষান্তর করা–** তাহলে আপনি বলছেন যে 'আমাদের হেল্থ প্ল্যানগুলি আপনাকে যথেষ্ট পরিমাণে সুবিধা দিতে পারবে না' – আমি কি সঠিক বুঝেছি?

### iv. নিজেই মতামত ঠিক করে না ফেলা:

সক্রিয় শ্রবণের সবচেয়ে বড় বাধাগুলির অন্যতম হলো বক্তা সম্পর্কে **আমাদের মতামত ঠিক করে ফেলা ও পক্ষপাতী হয়ে পড়ার প্রবনতা।** ফলটা হয় যে বক্তা যা বলছেন তা হয়তো শ্রোতা শুনতে পাচ্ছেন কিন্তু মনযোগ দিয়ে শুনছেন শুধু সেটুকুই যা তাঁর নিজস্ব মত অনুযায়ী মনে হচ্ছে, সেটাই।

**এই ধরনের মতামত স্থির করে ফেলার মনোভাবের ফল হতে পারে শ্রোতা আর বক্তার সঙ্গে কথা চালিয়ে যেতে আগ্রহী নন, তাঁর মনে হতে পারে এতে সময় নষ্ট হবে। এর ফলে এটাও হতে পারে যে তিনি বক্তার কথায় বারবার ব্যাঘাত ঘটাবেন ও পাল্টা যুক্তি দিয়ে বক্তার যুক্তিকে খণ্ডন করবেন, এমনকি বক্তা তাঁর পুরো কথা বলে ওঠার আগেই।**

এটা কেবল বক্তাকে প্রতিহত করবে এবং বার্তা পুরোপুরি বুঝে নেওয়ার সীমিত হয়ে যাবে। সক্রিয় শ্রবণের জন্য চাই:

- ✓ প্রশ্ন করার আগে বক্তাকে প্রত্যেকটা যুক্তি শেষ করতে দিন
- ✓ কোনো পাল্টা যুক্তি দিয়ে বক্তাকে থামাবেন না

### 6. সঠিকভাবে সাড়া দেওয়া:

সক্রিয় শ্রবণ বলতে বোঝায় একজন বক্তা যা বলছেন তা কেবল শোনার থেকে আরো বেশি কিছু। যোগাযোগটা সম্পূর্ণ হতে পারে কেবলমাত্র যখন শ্রোতা কোনো ভাবে সাড়া দেন, যেমন

কিছু শব্দ বা কাজের মাধ্যমে। বক্তাকে দমন করা হচ্ছে না বরং তাঁকে পূর্ণ সম্মান ও শ্রদ্ধা দেওয়া হচ্ছে, এটা নিশ্চিত করতে নির্দিষ্ট কিছু নিয়ম অনুসরণ করতে হয়। এগুলি হলো:

- ✓ আপনার জবাবের ক্ষেত্রে স্পষ্টবাদী, খোলা মন ও সৎ হোন
- ✓ সসম্মানে একজনের মতামত জাহির করুন
- ✓ কারো সঙ্গে ব্যবহার করার ক্ষেত্রে এটাও মনে রাখতে হবে এমনটা কেউ আপনার সঙ্গে করতে পারেন

**7. সহানুভূতির সঙ্গে শোনা:**

সহানুভূতিশীল হওয়া মানে নিজেকে আরেকজনের জায়গায় বসিয়ে অনুভব করা তিনি কেমন বোধ করবেন।

ভালো ক্রেতা পরিষেবার একটা গুরুত্বপূর্ণ দিক হলো সহানুভূতির সঙ্গে শোনা। এটা বিশেষভাবে জটিল হয়ে যায় যখন আরেকজন একটা অভিযোগ ও ব্যাপক ব্যথা নিয়ে ক্রেতা হন।

সহানুভূতি বলতে বোঝায় ধৈর্য্যসহকারে ও পূর্ণ মনোযোগ দিয়ে শোনা ও বোঝা যে আরেকজন কী বলতে চাইছেন, যদি আপনি তাঁর সঙ্গে একমত না হন তা হলেও। অবশ্যই চুক্তি নয়, বক্তার গ্রহণযোগ্যতা দেখানো খুবই জরুরী। ''আমি বুঝতে পারছি'' বা ''আমি দেখছি'' এই ধরনের ছোট বাক্য বলে সেটা সহজেই করা যায়।

---

*নিজেকে পরীক্ষা করুন* **5**

নিম্নলিখিতগুলির মধ্যে কোনটা সক্রিয় শ্রবণের উপাদান নয়?

I. ভালো মনোযোগ দেওয়া

II. একেবারেই নিজে নিজেই মতামত তৈরি করে ফেলা

III. সহানুভূতিশীল শ্রবণ

IV. উপযুক্তভাবে শ্রবণ

## F. *নীতিগত আচরণ*

### 1. পরিদর্শন

ব্যবসারস্বচ্ছতা ও নীতিনিয়মের শুদ্ধতা নিয়ে ব্যাপক উদ্বেগ লক্ষ্য করা যায়। কারণ অসৎ আচরণের খবর এখন ক্রমেই বাড়ছে। বিশ্বের বৃহত্তম কোম্পানিগুলির কয়েকটিকে ভুয়ো অ্যাকাউন্ট ও মিথ্যা অডিট সার্টিফিকেট ব্যবহারের মাধ্যমে প্রতারিত হতে দেখা গেছে। ব্যাঙ্কের কর্তৃপক্ষই তাদের কিছু বন্ধুকে সুবিধা পাইয়ে দিতে ব্যাঙ্কের তহবিলের অপব্যবহার করছেন। আধিকারিকরা ব্যক্তিগত সুবিধার জন্য তাঁদের ক্ষমতা প্রয়োগ করছেন। লক্ষ্য করা যাচ্ছে যাঁদের কাজের উপর মানুষের ভরসা থাকে তাঁরাই বিশ্বাসভঙ্গ করছেন। ব্যাক্তিগত সম্পদ বাড়ানোর চাহিদা ও লোভই জয়ী হচ্ছে।

পরিণামে, দায়বদ্ধতা ও সংস্থার শাসন, যেগুলি মিলে ব্যবসার 'নৈতিকতা', সেগুলি নিয়েই বড় বেশি প্রশ্ন উঠছে। **'তথ্য জানার অধিকার আইন' এবং 'জনস্বার্থ আইন'-এর মতো আইনের উন্নতিকে আরো ভালো দায়বদ্ধতা ও শাসন পাওয়ার হাতিয়ার হিসেবে ধরে নেওয়া হচ্ছে।**

নৈতিক আচরণ স্বয়ংক্রিয়ভাবে ভালো শাসন এনে দিতে পারে। একজন যদি বিবেকবান হিসেবে ও আন্তরিকভাবে তাঁর কাজ করেন, তাহলেই ভালো শাসন পাওয়া যায়। অনৈতিক আচরণ অন্যদের জন্য সামান্য মাথা ঘামায় ও নিজের কথাই বেশি ভাবায়। যখন একজন ব্যক্তি সরকারী পদমর্যাদা ব্যবহার করে নিজের স্বার্থ চরিতার্থের চেষ্টা করেন, সেটাই হলো অনৈতিক আচরণ। একজনের স্বার্থ দেখাটা কোনো ভুল নয়। তবে ভুল হলো, যদি সেটা করা হয় অন্য কারো স্বার্থের বিনিময়ে।

বীমা হলো একটা বিশ্বাসের ব্যবসা। সঙ্গতি ও নৈতিকতার বিষয়টাই হলো বীমা ব্যবসায় খুবই গুরুত্বপূর্ণ। বিশ্বাস ভঙ্গ মানেই হলো প্রতারণা আর এটা ভুল। সম্ভাব্য ক্রেতাকে দিয়ে একটা বীমা কেনানোর জন্য তাঁকে ভুল তথ্য দিয়ে প্রলুব্ধ করা বা তাঁর সমস্ত প্রয়োজন মেটাবে এমন একটা বীমার প্ল্যান তাঁকে সুপারিশ করাটাই ভুল হবে।

যখন নিজের সুবিধাকে অন্যদের তুলনায় বেশি গুরুত্ব পাবে তখনই অনৈতিক আচরণ হবে। নৈতিক আচরণ কায়েম করার জন্য বিভিন্ন বিধির মাধ্যমে আইআরডিএ নৈতিকতার বিধির কথা বলেছে (অধ্যায় ৪-এ এগুলি আলোচিত হয়েছে)।

যাতে বিধির কোনো লঙ্ঘন না হয় তা নিশ্চিত করতেই আচরণবিধির প্রত্যেকটি ধারা জানা গুরুত্বপূর্ণ। বীমাকারক ও তার প্রতিনিধি যদি সম্ভাব্য ক্রেতার স্বার্থকেই সবসময় মাথায় রাখে তাহলে এমনিতেই সম্মতি চলে আসবে। বীমা কোম্পানির আধিকারিকরা যদি সম্ভাব্য ক্রেতার সুবিধার বদলে তাদের ব্যবসার লক্ষ্যমাত্রা পূরণ নিয়ে বেশি মাথা ঘামান তাহলেই ভুল হবে।

### 2. বৈশিষ্ট্যসমূহ

নৈতিক আচরণের কিছু বৈশিষ্ট্য হলো:

a) গ্রাহকের স্বার্থকে একজনের প্রত্যক্ষ বা পরোক্ষ সুবিধার উপরে জায়গা দেওয়া

b) গ্রাহক বিষয়ক সমস্ত ব্যবসায়িক ও ব্যক্তিগত তথ্যকে দৃঢ় আত্মবিশ্বাস ও মর্যাদার সঙ্গে প্রাধাণ্য রাখা

c) গ্রাহক যাতে জ্ঞাতসারে সিদ্ধান্ত নিতে পারেন তার জন্য তাঁকে পর্যাপ্ত বাস্তব তথ্যগুলি সরবরাহ করা

নিম্নলিখিত পরিস্থিতিগুলিতে নৈতিকতার সঙ্গে আপসের একটা সম্ভাবনা থাকতে পারে:

a) দুটি পরিকল্পনার মধ্যে বাছাই, একটায় আরেকটার তুলনায় অনেক কম প্রিমিয়াম দিতে হবে

b) একটা চালু পলিসিকে বন্ধ করে দিয়ে একটা নতুন পলিসি নেওয়ার প্রলোভন

c) বীমাকারক যদি পরিস্থিতি সম্পর্কে সচেতন থাকেন যা গ্রাহক বা দাবী উপভোক্তার স্বার্থের উপর বিরূপ প্রভাব ফেলতে পারে

*নিজেকে পরীক্ষা করুন* **6**

নিম্নলিখিতগুলির মধ্যে কোনটা নৈতিক আচরণের বৈশিষ্ট্য নয়?

I. গ্রাহক যাতে জ্ঞাতসারে একটা সিদ্ধান্ত নিতে পারেন তার জন্য পর্যাপ্ত উন্মোচন করা

II. গ্রাহকের ব্যবসা ও ব্যক্তিগত তথ্যের গোপনীয়তা রক্ষা করা

III. গ্রাহকের স্বার্থের আগে নিজের স্বার্থকে রাখা

IV. নিজের স্বার্থের আগে গ্রাহকের স্বার্থকে রাখা

**সারাংশ**

a) অন্য পণ্যের তুলনায় বীমার ক্ষেত্রে ক্রেতা পরিষেবা ও সম্পর্কের ভূমিকা আরো অনেক বেশি জটিল।

b) পরিষেবার গুণমানে পাঁচটি প্রধান সূচকের মধ্যে অন্তর্ভুক্ত নির্ভরযোগ্যতা, আত্মবিশ্বাস, সংবেদনশীলতা, সহানুভূতি ও শরীরী বোধগম্য।

c) ক্রেতার সারা জীবনের মানকে সংজ্ঞায়িত করা যেতে পারে একটি আর্থিক সুবিধার সমষ্টি হিসেবে যা দীর্ঘ সময় ধরে একজন ক্রেতার সঙ্গে সুসম্পর্ক স্থাপনের থেকে পাওয়া যেতে পারে।

d) ক্রেতা পরিষেবায় একজন বীমা প্রতিনিধির ভূমিকা পুরোপুরিই জটিল।

e) আইআরডিএ চালু করেছে একটা ইন্টিগ্রেটেড গ্রিভেন্স ম্যানেজমেন্ট সিস্টেম (আইজিএমএস) যা বীমা অভিযোগের তথ্যগুলির কেন্দ্রীয় সংগ্রহস্থল হিসেবে কাজ করে এবং এই শিল্পের অভিযোগগুলির প্রতিকারে পর্যবেক্ষণের একটা হাতিয়ার হিসেবে কাজ করে।

f) বীমাকারক ও বীমাকৃতের মধ্যে পারস্পরিক চুক্তি অনুযায়ী উল্লেখিত শর্তাবলীর মধ্যে একজন মধ্যস্থতাকারী ও পরামর্শদাতা হিসেবে কাজ করেন ওমবাডসম্যান।

g) সক্রিয় শ্রবণের মধ্যে রয়েছে বক্তার প্রতি মনোযোগ দেওয়া, মতামত দেওয়া ও সঠিকভাবে সাড়া দেওয়া।

h) নৈতিক আচরণের মধ্যে পড়ে নিজের স্বার্থের আগে ক্রেতার স্বার্থকে রাখা।

**প্রধান প্রতিশব্দসমূহ**

a) পরিষেবার গুণমান
b) কোনো বিষয়ে আত্মনিবিষ্ট হওয়া
c) ইন্টিগ্রেটেড গ্রিভেন্স ম্যানেজমেন্ট সিস্টেম (আইজিএমএস)
d) ক্রেতা সুরক্ষা আইন, ১৯৮৬
e) জেলা ক্রেতা ফোরাম
f) বীমা ওমবাডসম্যান
g) শরীরী ভাষা
h) সক্রিয় শ্রবণ
**i) *নৈতিক আচরণ***

---

## নিজেকে পরীক্ষার উত্তরসমূহ

**উত্তর 1**

সঠিক বিকল্পটি হল ৩।

ক্রেতার সঙ্গে দীর্ঘমেয়াদী সম্পর্ক গড়ে তোলার মাধ্যমে সম্পূর্ণ আর্থিক সুবিধাই হলো ক্রেতার সারা জীবনের মূল্য।

**উত্তর 2**

সঠিক বিকল্পটি হল ৩।

গাড়ি বীমার জন্য তৃতীয় পার্টি দায়বদ্ধতা নিয়ে বীমার প্রয়োজনীয়তা নিয়ে বিতর্কের চাহিদা নেই।

**উত্তর 3**

সঠিক বিকল্পটি হল ২।

পুনরায় বিক্রির লক্ষ্যে যে ব্যক্তি পণ্য কেনেন, ক্রেতা সুরক্ষা আইন, ১৯৮৬ অনুযায়ী তাঁকে ক্রেতা হিসেবে চিহ্নিত করা যাবে না।

**উত্তর 4**

সঠিক বিকল্পটি হল ৪।

সন্দিগ্ধচিত্ততা সুস্থ সম্পর্ক তৈরি করতে পারে না।

**উত্তর 5**

সঠিক বিকল্পটি হল ২।

একেবারেই নিজে নিজেই মতামত তৈরি করে ফেলাটা মোটেই সক্রিয় শ্রবণের উপাদান নয়।

**উত্তর 6**

সঠিক বিকল্পটি হল ৩।

***ক্লায়েন্টের স্বার্থের আগে নিজের স্বার্থকে রাখা নৈতিক আচরণ নয়।***

---

## নিজেকে পরীক্ষা প্রশ্নসমূহ

**প্রশ্ন 1**

_______________ একটি বাস্তব পণ্য নয়।

I. বাড়ি

II. বীমা

III. মোবাইল ফোন

IV. এক জোড়া জিনস

**প্রশ্ন 2**

_______________ কোনো পরিষেবার গুণমানের সূচক নয়।

I. চাতুর্য

II. নির্ভরযোগ্যতা

III. কোনো বিষয়ে আত্মনিবিষ্ট হওয়া

IV. সংবেদনশীলতা

**প্রশ্ন 3**

ভারতে _________________ বীমা হলো বাধ্যতামূলক।

I. গাড়ির তৃতীয় পক্ষের দায়বদ্ধতা

II. বাড়ির জন্য অগ্নি বীমা

III. অন্তর্দেশীয় পর্যটনের জন্য পর্যটন বীমা

IV. ব্যক্তিগত দুর্ঘটনা

**প্রশ্ন 4**

একজন বীমাকৃতের বীমার খরচ কমানোর অন্যতম পদ্ধতি হলো ___________

I. রিইনস্যুরেন্স

II. ডিডাক্টেবল ক্লজ বা ছাড়ের ধারা

III. কো-ইনস্যুরেন্স

IV. রিবেট

**প্রশ্ন 5**

একজন ক্রেতার তাঁর বীমা পলিসি নিয়ে কোনো অভিযোগ থাকলে তার জন্য তিনি আইআরডিএ-র কাছে যেতে পারেন

I. আইজিএমএস-এর মাধ্যমে

II. জেলা কনজিউমার ফোরাম-এর মাধ্যমে

III. ওমবাডসম্যান-এর মাধ্যমে

IV. আইজিএমএস বা জেলা কনজিউমার ফোরাম বা ওমবাডসম্যান-এর মাধ্যমে

**প্রশ্ন 6**

ক্রেতা সুরক্ষা আইন দেখভাল করে:

I. বীমা কোম্পানির বিরুদ্ধে অভিযোগগুলি

II. দোকানদারদের বিরুদ্ধে অভিযোগগুলি

III. ব্র্যান্ডগুলির বিরুদ্ধে অভিযোগগুলি

IV. বীমা কোম্পানি, দোকানদার ও ব্র্যান্ডগুলির বিরুদ্ধে ওঠা অভিযোগগুলি

**প্রশ্ন 7**

_____________ এক্তিয়ার রয়েছে, যেখানে ২০লক্ষ টাকা পর্যন্ত ক্ষতিপূরণের দাবি করা যেতে এমন মূল্যের পণ্য বা পরিষেবার বিষয়গুলি দেখার

I. হাইকোর্ট

II. জেলা ফোরাম

III. রাজ্য কমিশন

IV. জাতীয় কমিশন

**প্রশ্ন 8**

গ্রাহকের সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে প্রথম ভাবমূর্তিটা তৈরি হয়:

I. আত্মবিশ্বাসী হয়ে

II. সময় মতো হাজির হয়ে

III. আগ্রহ দেখিয়ে

IV. আত্মবিশ্বাসী হয়ে, সময় মতো হাজির হয়ে এবং আগ্রহ দেখিয়ে

**প্রশ্ন 9**

সঠিক বিবৃতিটি বাছুন:

I. বীমা বিক্রির সময় নৈতিক আচরণ অসম্ভব

II. বীমা এজেন্টের ক্ষেত্রে নৈতিক আচরণ মোটেই জরুরী নয়

III. নৈতিক আচরণ এজেন্ট ও বীমাকারকের মধ্যে বিশ্বাস তৈরি করতে সাহায্য করে।

IV. নৈতিক আচরণ কেবলমাত্র শীর্ষ কর্তৃপক্ষের থেকেই আশা করা হয়

**প্রশ্ন 10**

সক্রিয় সক্রিয় শ্রবণের মধ্যে রয়েছে:

I. বক্তার প্রতি মনোযোগ দেওয়া

II. মাঝেমধ্যে মাথা নাড়া ও হাসা

III. মতামত দেওয়া

IV. বক্তার প্রতি মনোযোগ দেওয়া, মাঝেমধ্যে মাথা নাড়া ও হাসা, মতামত দেওয়া

## নিজেকে পরীক্ষা উত্তরসমূহ

**উত্তর 1**

সঠিক বিকল্পটি হল ২।

বীমা একটি বাস্তব পণ্য নয়।

**উত্তর 2**

সঠিক বিকল্পটি হল ১।

চাতুর্য কোনো পরিষেবার গুণমানের সূচক নয়।

**উত্তর 3**

সঠিক বিকল্পটি হল ১।

ভারতেগাড়ির তৃতীয় পক্ষের দায়বদ্ধতাবীমা হলো বাধ্যতামূলক।

**উত্তর 4**

সঠিক বিকল্পটি হল ২।

একজন বীমাকৃতের বীমার খরচ কমানোর অন্যতম পদ্ধতি হলো একটা পলিসির ডিডাক্টেবল ক্লজ বা ছাড়ের ধারা।

**উত্তর 5**

সঠিক বিকল্পটি হল ১।

একজন ক্রেতার তাঁর বীমা পলিসি নিয়ে কোনো অভিযোগ থাকলে তার জন্য তিনি আইআরডিএ-র কাছে যেতে পারেন আইজিএমএস-এর মাধ্যমে।

**উত্তর 6**

সঠিক বিকল্পটি হল ৪।

ক্রেতা সুরক্ষা আইন বীমা কোম্পানি, দোকানদার ও ব্র্যান্ডগুলির বিরুদ্ধে ওঠা অভিযোগগুলি দেখভাল করে।

**উত্তর 7**

সঠিক বিকল্পটি হল ২।

জেলা ফোরামের এক্তিয়ার রয়েছে, যেখানে ২০লক্ষ টাকা পর্যন্ত ক্ষতিপূরণের দাবি করা যেতে এমন মূল্যের পণ্য বা পরিষেবার বিষয়গুলি দেখার।

**উত্তর 8**

সঠিক বিকল্পটি হল ৪।

গ্রাহকের সঙ্গে সম্পর্কের ক্ষেত্রে প্রথম ভাবমূর্তিটা তৈরি হয় আত্মবিশ্বাসী হয়ে, সময় মতো হাজির হয়ে এবং আগ্রহ দেখিয়ে।

**উত্তর 9**

সঠিক বিকল্পটি হল ৩।

নৈতিক আচরণ এজেন্ট ও বীমাকারকের উপর বিশ্বাস তৈরি করতে সাহায্য করে।

**উত্তর 10**

সঠিক বিকল্পটি হল ৪।

সক্রিয় শ্রবণের মধ্যে রয়েছে বক্তার প্রতি মনোযোগ দেওয়া, মাঝেমধ্যে মাথা নাড়া ও হাসা, মতামত দেওয়া।

# অধ্যায় 3
# অভিযোগ প্রতিবিধানের ব্যবস্থাসমূহ

## অধ্যায় ভূমিকা

বীমা শিল্প মূলত একটি পরিষেবা শিল্প.বর্তমান প্রেক্ষাপটে, গ্রাহক প্রত্যাশা ক্রমাগত ক্রমবর্ধমান হয় এবং অনুষ্ঠিত পরিষেবার মানে কখনও অসন্তোষ উপস্থিত হয়। একটানা পণ্য নতুনত্ব এবং আধুনিক প্রযুক্তির ব্যবহার দ্বারা গ্রাহক পরিষেবা স্তরের উল্লেখযোগ্য উন্নতি হওয়া সত্ত্বেও, শিল্প অসন্তোষ এবং খারাপ প্রতিচ্ছবির কারণে ভুগছে। জীবন্ত এই অবস্থা থেকে সরকার এবং নিয়ন্ত্রক অনেক পদক্ষেপ গ্রহণ করেছেন।

আইআরডিএ-এর প্রবিধান বিভিন্ন পরিষেবার জন্য একটি টার্নঅ্যারাউন্ড সময় (টিএটি) উপস্থাপন করে যেটি বীমা কোম্পানী গ্রাহককে পরিশোধ করতে হবে। এটি আইআরডিএ (পলিসিধারকের স্বার্থ রক্ষা আইন),২০০২-এর অংশ। বীমা কোম্পানি একটি কার্যকর অভিযোগ প্রতিবিধান ব্যবস্থা থাকা আবশ্যক, এবং আইআরডিএ তার জন্য নির্দেশিকা তৈরি করেছে।

## শিক্ষণের ফলাফল

| |
|---|
| A. অভিযোগ প্রতিবিধানের ব্যবস্থাসমূহ - উপভোক্তা আদালত, ন্যায়পাল |

## A. *অভিযোগ প্রতিবিধানের ব্যবস্থাসমূহ – উপভোক্তা আদালত, ন্যায়পাল*

### 1. ইন্টিগ্রেটেড গ্রেভেন্স ম্যানেজমেন্ট সিস্টেম (আইজিএমএস)

আইআরডিও একটি ইন্টিগ্রেটেড গ্রেভেন্স ম্যানেজমেন্ট সিস্টেম (আইজিএমএস) উপস্থাপন করে যেটি বীমা অভিযোগ তথ্যের একটি কেন্দ্রিয় সংগ্রহস্থল এবং শিল্প পর্যবেক্ষণ অভিযোগ প্রতিকার জন্য একটি হাতিয়ার হিসেবে কাজ করে।

পলিসিধারকরা এই সিস্টেমে রেজিস্টার করতে পারে তাদের পলিসির বিবরণ দিয়ে এবং অভিযোগ দাখিল করতে পারে। অভিযোগ তার পর নিজ নিজ বীমা কোম্পানি পাঠিয়ে দেওয়া হয়।

### অভিযোগ প্রতিবিধানের ব্যবস্থাসমূহ

আইজিএমএস অভিযোগকারী এবং তাদের প্রতিবিধানের জন্য নেওয়া সময় অনুসরণ করে। অভিযোগ নিম্নলিখিত URL–এ রেজিস্টার করা যাবে:

http://www.policyholder.gov.in/Integrated_Grievance_Management.aspx

### 2. ক্রেতা সুরক্ষা আইন, ১৯৮৬

### গুরুত্বপূর্ণ

এই আইন পাস করা হয় "ক্রেতাদের স্বার্থের ভাল সুরক্ষা প্রদান এবং ক্রেতা বিরোধ নিষ্পত্তির জন্য ক্রেতা কাউন্সিল এবং অন্যান্য কর্তৃপক্ষ প্রতিষ্ঠা"। এই আইন ক্রেতা সুরক্ষা (সংশোধন) আইন, ২০০২ দ্বারা সংশোধন করা হয়েছে।

---

আইনে প্রদত্ত কিছু সংজ্ঞা নিম্নরূপ:

**সংজ্ঞা**

"**পরিষেবা**" মানে যেকোনো সংজ্ঞার পরিষেবা যা সম্ভাব্য ব্যবহারকারীদের জন্য উপলব্ধ এবং ব্যাঙ্ক, আর্থিক, বীমা, পরিবহন, প্রক্রিয়াজাতকরণ, বৈদ্যুতিক বা অন্যান্য শক্তি সরবরাহ, বোর্ড বা বাসস্থান অথবা উভয়ই, বাড়ি নির্মাণ, বিনোদন, চিত্তবিনোদন বা সংবাদ বা অন্যান্য তথ্য সরবরাহর সাথে সুবিধার শর্ত অন্তর্ভুক্ত করা হয়। কিন্তু এটিতে ব্যক্তিগত পরিষেবা একটি চুক্তির অধীন বিনামূল্যে কোনো পরিষেবা সমর্পণ অন্তর্ভুক্ত নয়। বীমা পরিষেবার অন্তর্ভুক্ত।

**"ক্রেতা"** মানে যেকোনো ব্যক্তি যিনি

- ✓ একটি বিবেচনার জন্য কোনো পণ্য ক্রয় করুন এবং এই ধরনের পণ্যের ব্যবহারকারী অন্তর্ভুক্ত রয়েছে। কিন্তু একজন ব্যক্তি যিনি অন্তর্ভুক্ত নয় যিনি এটা বিক্রয় জন্য বা কোনো বাণিজ্যিক উদ্দেশ্যে বা এই ধরনের পণ্য গ্রহণ করেছেন বা
- ✓ ভাড়া করা বা বিবেচনার জন্য যেকোনো পরিষেবার সদ্ব্যবহার করা এবং এই ধরনের পরিষেবা সুবিধাভোগীও অন্তর্ভুক্ত।

**"ত্রুটি"** অর্থ যে কোন দোষ, অসম্পূর্ণতা, সংক্ষিপ্ত অপ্রাচুর্যতা মান, প্রকৃতি এবং কর্মক্ষমতা পদ্ধতি যা কোন আইন দ্বারা বা অধীনে রক্ষণাবেক্ষণের প্রয়োজন হয় বা চুক্তি অনুসারে একজন ব্যক্তির দ্বারা সঞ্চালিত করা হবে বলে গ্রহণ করা হয়েছে বা অন্যথায় যেকোনো পরিষেবার সঙ্গে সম্পর্ক।

**"অভিযোগ"** মানে অভিযোগকারী লিখিত যেকোনো অভিযোগ যা:

- ✓ একটি অন্যায্য বাণিজ্য চর্চা বা নিয়ন্ত্রণমূলক বাণিজ্য অনুশীলন গ্রহণ করা হয়েছে
- ✓ তাদের কেনা পণ্যের এক বা একাধিক অপূর্ণতা থেকে ভোগেন
- ✓ তাদের ভাড়া বা কাজে লাগানো পরিষেবা যেকোনো দিক থেকে অভাবে ভোগে
- ✓ আইন দ্বারা সংশোধিত বা প্যাকেজ প্রদর্শিত অভিযুক্ত দাম অনেক বেশী
- ✓ পণ্য যা ব্যবহার করলে জীবন এবং নিরাপত্তা ক্ষেত্রে বিপজ্জনক হতে পারে তা জনসাধারণের কাছে বিক্রির জন্য দেওয়া হচ্ছে ব্যবসায়িক প্রয়োজনে এই ধরনের পণ্যের বিষয়বস্তু, পদ্ধতি এবং ব্যবহারের প্রভাব বিষয়ে তথ্য প্রদর্শনের আইন বিধান লঙ্ঘন করে।

"*ক্রেতা বিরোধ*" ***মানে একটি বিতর্ক যেখানে একজন ব্যক্তি যার বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে, তিনি অভিযোগ অন্তর্গত অভিযোগ অস্বীকার করেন এবং বিরোধ করেন।***

**a) ক্রেতা বিরোধ প্রতিবিধান সংস্থা**

"ক্রেতা বিরোধ প্রতিবিধান সংস্থা" প্রতিটি জেলায় তৈরী করা হয়েছে এবং রাজ্য এবং জাতীয় পর্যায়ে।

**i. জেলা ফোরাম**

- ✓ ফোরামের কিছু অভিযোগের ক্ষেত্রে আইনগত অধিকার আছে, যেখানে পণ্যের মূল্য বা পরিষেবা এবং ক্ষতিপূরণ দাবি ২০ লাখ পর্যন্ত
- ✓ জেলা ফোরাম দেওয়ানি আদালেত যথাযথ সঞ্চালনের জন্য তার আদেশ / ফরমান পাঠানোর ক্ষমতাপ্রাপ্ত হয।

**ii. রাজ্য কমিশন**

- ✓ এই প্রতিবিধান কর্তৃপক্ষ মূল, আবেদনকারী এবং তত্ত্বাবধানের এখতিয়ার আছে।
- ✓ এটি জেলা ফোরাম থেকে আসা আবেদন বিবেচনা করে।
- ✓ এটির বিচারের অধিকার আছে অভিযোগ বিবেচনা করার যেখানে পণ্য / সেবা এবং ক্ষতিপূরণ মান, যদি কোনো দাবি ২০ লাখ টাকা অতিক্রম করে কিন্তু 100 লাখ টাকা অতিক্রম করে।
- ✓ অন্যান্য ক্ষমতা ও কর্তৃত্ব জেলা ফোরামের মতোই।

**iii. জাতীয় কমিশন**

- ✓ চূড়ান্ত কর্তৃপক্ষ আইনের অধীন জাতীয় কমিশন প্রতিষ্ঠিত হয়।
- ✓ এটি মূল, আবেদনকারী হিসেবে তত্ত্বাবধান বিচারের অধিকার আছে।
- ✓ এটা রাজ্য কমিশন কর্তৃক গৃহীত আদেশ থেকে আপিল শুনতে পারেন এবং তার মূল বিচারক্ষেত্রে প্রতিরোধ করবেন, যেখানে পণ্য / পরিষেবা ও ক্ষতিপূরণ 100 লাখ টাকা ছাড়িয়ে গেছে।
- ✓ এটির রাজ্য কমিশনের উপর আবেক্ষণিক বিচারের অধিকার আছে।

এই তিনটি সংস্থার দেওয়ানি আদালতের ক্ষমতা আছে।

**রেখাচিত্র 2: অভিযোগ প্রতিবিধান জন্য প্রণালী**




### b) অভিযোগ পূরণ করার পদ্ধতি

অভিযোগ পূরণ করার পদ্ধতি উপরোক্ত তিনটি প্রতিবিধান সংস্থা মধ্যে খুব সহজ। অভিযোগ পূরণ করার জন্য কোনো ফি নেই বা রাজ্য কমিশন বা জাতীয় কমিশনের কাছে আবেদন পূরণ করা। অভিযোগ অভিযোগকারী নিজে বা তার নিযুক্ত এজেন্ট পূরণ করতে পারে। এটি ব্যক্তিগতভাবে পূরণ করা যেতে পারে বা পোস্ট দ্বারা পাঠানোও যেতে পারে। এটি লক্ষনীয় যে অভিযোগ পূরণ উদ্দেশ্যের জন্য কোনো উকিলের প্রয়োজন নেই।

### c) ক্রেতা ফোরামের আদেশ

ফোরাম যদি সন্তুষ্ট হন যে পণ্য যার বিরুদ্ধে অভিযোগ হয়েছে তা অভিযোগে উল্লেখিত কোনো অপূর্ণতা ভোগে বা অভিযোগ অন্তর্গত অভিযোগ পরিষেবা সম্পর্কে প্রমাণিত হয়, ফোরাম একটি আদেশ জারি করতে পারেন বিপরীত পক্ষকে নিম্নলিখিত এক বা বেশি করার,

i. অভিযোগকারীকে **মূল্য ফেরত** করা, (বা বীমার ক্ষেত্রে প্রমিয়াম), অভিযোগকারী দ্বারা খরচ করা টাকা
ii. বিপরীত পক্ষের অবহেলার জন্য গ্রাহককে কোনো ক্ষতি বা ক্ষতের জন্য এই ধরনের পুরস্কারকে **ক্ষতিপূরণ** করে
iii. প্রশ্নে সেবা অপূর্ণতা বা **ঘাটতি** অপসারণ
iv. **অন্যায্য বাণিজ্য চর্চা** বা নিয়ন্ত্রণমূলক বাণিজ্য অনুশীলন বন্ধ বা তাদের পুনরাবৃত্তি না করা
v. দলগুলোর **পর্যাপ্ত খরচ** প্রদান

### d) অভিযোগের প্রকৃতি

যতদূর বীমা ব্যবসা সম্পর্কযুক্ত **বেশির ভাগ ক্রেতা প্রতিরোধ** তিন ফোরাম সঙ্গে নিম্নলিখিত প্রধান ভাগে পড়ে

i. দাবি নিষ্পত্তিতে দেরী
ii. নিষ্পত্তি না করা দাবি
iii. দাবি পরিত্যাগ
iv. ক্ষতির পরিমাণ
v. পলিসি নীতি, শর্ত ইত্যাদি

### 3. বীমা ন্যায়পাল

বীমা আইন,১৯৩৮-এর ক্ষমতার অধীন কেন্দ্রীয় সরকার **জন অভিযোগ বিধি প্রতিবিধান, ১৯৯৮** তৈরী করেছেন, ১১-ই নভেম্বর ১৯৯৮-এ সরকারী গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন দ্বারা। এই বিধি জীবন বীমা এবং অন্যান্য বীমায় প্রযোজ্য, সমস্ত ব্যক্তিগত বীমা, অর্থাৎ, একজনের সামর্থ অনুযায়ী নেওয়া বীমা।

এই নিয়মের উদ্দেশ্য হল কার্যকর, দক্ষ ও নিরপেক্ষ পদ্ধতিতে বীমা কোম্পানি তরফ থেকে দাবি নিষ্পত্তি সংক্রান্ত সব অভিযোগের সমাধান করা হয়।

**ন্যায়পাল, বীমাকৃত এবং বিমাকারী উল্লেখিত শর্তাবলী মধ্যে একটি মধ্যস্থ এবং পরামর্শদাতা হিসাবে কাজ করতে পারেন পারস্পরিক চুক্তি দ্বারা।**

**অভিযোগ গ্রাহ্য হবে না প্রত্যাখ্যান হবে সে সম্পর্কে ন্যায়পালের সিদ্ধান্তই চূড়ান্ত।**

#### a) ন্যায়পালের কাছে অভিযোগ

ন্যায়পালের কাছে করা কোন অভিযোগ লিখিতভাবে হতে হবে, বীমাকৃত বা তার আইনগত উত্তরাধিকারী দ্বারা স্বাক্ষরিত, বিচারের অধিকারের মধ্যে ন্যায়পালকে উদ্দেশ্য করে, বীমাকারীর নথি দ্বারা সমর্থিত একটি শাখা / অফিস, আছে, যদি থাকে, প্রকৃতি একটি অনুমান করে এবং অভিযোগকারীর ক্ষতি ও ত্রাণ পরিমাণ অনুমান করে।

ন্যায়পালের কাছে অভিযোগ করা যাবে যদি:

i. অভিযোগকারী বীমা কোম্পানিকে একটি পূর্ববর্তী লিখিত উপস্থাপনা তৈরি করেছে এবং বীমা কোম্পানী কাছে ছিল:
   - ✓ অভিযোগ প্রত্যাখ্যাত করা বা
   - ✓ বীমাকারী দ্বারা অভিযোগ গৃহীত হওয়ার এক মাস পরেও অভিযোগকারী কোনো উত্তর পায় নি

ii. বীমাকারী দ্বারা গৃহিত উত্তরে অভিযোগকারী সন্তুষ্ট নয়
iii. অভিযোগ বীমা কোম্পানির দ্বারা প্রত্যাখ্যান তারিখ থেকে এক বছরের মধ্যে তৈরি করা হয়
iv. অভিযোগ কোনো আদালত বা ক্রেতা ফোরাম বা সালিসি মধ্যে অমীমাংসিত হয় না

#### b) ন্যায়পাল দ্বারা সুপারিশ

নির্দিষ্ট কিছু কর্তব্য / বিধি আছে যা ন্যায়পাল পালন করবেন বলে আশা করা যায়:

i. এই ধরনের অভিযোগ পাওয়ার একমাসের মধ্যে সুপারিশ করতে হবে
ii. কপি অভিযোগকারী এবং বীমা কোম্পানীকে পাঠাতে হবে
iii. এই ধরনের সুপারিশ পাওয়ার ১৫ দিনের মধ্যে অভিযোগকারী দ্বারা লিখিতভাবে সুপারিশ স্বীকার করতে হবে
iv. বীমাকৃত দ্বারা স্বীকৃতি পত্র বীমাকারীকে পাঠাতে হবে এবং তাকে এরকম স্বীকৃতি পত্র পাওয়ার ১৫ দিনের মধ্যে তার লিখিত নিশ্চিয়তা প্রয়োজন

### c) রায়

যদি বিরোধ মধ্যস্থতায় নিষ্পত্তি না হয়, ন্যায়পাল তিনি ন্যায্য মনে করে বীমাকৃতকে রায় দেবেন যা বীমাকৃতের প্রয়োজনীয় ক্ষতি পূরণের বেশী নয়।

ন্যায়পালের রায় নিম্নলিখিত বিধি দ্বারা পরিচালিত হয়:

i. রায় ২০ লাখ টাকার (কৃপাপূর্বক কৃত পেমেন্ট এবং অন্যান্য খরচ অন্তর্ভুক্ত)বেশি নয়
ii. যেমন একটি অভিযোগ প্রাপ্তির তারিখ থেকে 3 মাসের একটি নির্দিষ্ট সময়ের মধ্যে তৈরি রায় করা উচিত, এবং এই ধরনের রায় প্রাপ্তির এক মাসের মধ্যে একটি চূড়ান্ত নিষ্পত্তি হওয়া উচিত।
iii. নিষ্পত্তির হিসাবে বীমাকৃতকে পূর্ণ রায় প্রাপ্তি স্বীকার করা উচিত।
iv. বিমাকারীকে রায় মেনে নিতে হবে এবং এই ধরনের স্বীকৃতি পত্র প্রাপ্তির 15 দিনের মধ্যে ন্যায়পালকে একটি লিখিত অবহিত পাঠাতে হবে
v. বীমাকৃত যদি রায় গ্রহণ লিখিত ভাবে অবগত না করেন, বিমাকারী রায় বাস্তবায়ন করতে পারেন না।

*আত্ম পরীক্ষা* **1**

_____________-এর অভিযোগ গ্রহণ বিচারের অধিকার আছে, যেখানে পণ্য বা পরিষেবা এবং ক্ষতিপূরণ মান ২০ লাখ টাকা পর্যন্ত।

I. জেলা ফোরাম
II. রাজ্য কমিশন
III. জেলা পরিষদ
IV. জাতীয় কমিশন

---

**সারাংশ**

- আইআরডিও একটি ইন্টিগ্রেটেড গ্রেভেন্স ম্যানেজমেন্ট সিস্টেম (আইজিএমএস) উপস্থাপন করে যেটি বীমা অভিযোগ তথ্যের একটি কেন্দ্রিয় সংগ্রহস্থল এবং শিল্প পর্যবেক্ষণ অভিযোগ প্রতিকার জন্য একটি হাতিয়ার হিসেবে কাজ করে।

- ক্রেতা বিরোধ প্রতিবিধান সংস্থা প্রতিটি জেলায় তৈরী করা হয়েছে এবং রাজ্য এবং জাতীয় পর্যায়ে।

- যতদূর বীমা ব্যবসা সম্পর্কযুক্ত, বেশির ভাগ ক্রেতা প্রতিরোধ শ্রেণীতে পরে যেমন দাবি নিষ্পত্তিতে দেরী, নিষ্পত্তি না করা দাবি, দাবি পরিত্যাগ, ক্ষতির পরিমাণ এবং পলিসি নীতি, শর্ত ইত্যাদি।

- ন্যায়পাল, বীমাকৃত এবং বিমাকারী উল্লেখিত শর্তাবলী মধ্যে একটি মধ্যস্থ এবং পরামর্শদাতা হিসাবে কাজ করতে পারেন পারস্পরিক চুক্তি দ্বারা।
- যদি বিরোধ মধ্যস্থতায় নিষ্পত্তি না হয়, ন্যায়পাল তিনি ন্যায্য মনে করে বীমাকৃতকে পুরস্কৃত করবেন, এবং বীমাকৃতের প্রয়োজনীয় ক্ষতি পূরণের বেশী নয়।

**প্রধান বিষয়সমূহ**

1. ইন্টিগ্রেটেড গ্রেভেন্স ম্যানেজমেন্ট সিস্টেম (আইজিএমএস)
2. ক্রেতা সুরক্ষা আইন, ১৯৮৬
3. জেলা ফোরাম
4. রাজ্য কমিশন
5. জাতীয় কমিশন
6. বীমা ন্যায়পাল

**আত্ম পরীক্ষার উত্তর**

**উত্তর 1**

সঠিক বিকল্পটি হল I.

***জেলা আলোচনাস্থল-এর অভিযোগ গ্রহণ বিচারের অধিকার আছে, যেখানে পণ্য বা পরিষেবা এবং ক্ষতিপূরণ মান ২০ লাখ টাকা পর্যন্ত।***

**আত্ম-পরীক্ষণ প্রশ্নাবলী**

**প্রশ্ন 1**

আইজিএমএস শব্দটি বিস্তৃত করুন।

I. ইনসুরেন্স জেনেরাল ম্যানেজমেন্ট সিস্টেম
II. ইন্ডিয়ান জেনেরাল ম্যানেজমেন্ট সিস্টেম
III. ইন্টিগ্রেটেড গ্রেভেন্স ম্যানেজমেন্ট সিস্টেম
IV. ইন্টেলিজেন্ট গ্রেভেন্স ম্যানেজমেন্ট সিস্টেম

**প্রশ্ন 2**

নিচের কোনটি ক্রেতা বিরোধ প্রতিবিধান সংস্থা ২০ লাখ এবং ১০০ লাখের মধ্যে ক্রেতা বিরোধ পরিচালনা করতে পারে?

I. জেলা আলোচনাস্থল
II. রাজ্য কমিশন
III. জাতীয় কমিশন
IV. জেলা পরিষদ

**প্রশ্ন 3**

নিম্নলিখিত কোনটি বৈধ ক্রেতা অভিযোগের ভিত্তি তৈরী করতে পারে না?

I. দোকানদাররা পণ্যের জন্য এমআরপি থেকে বেশি মূল্য চায়
II. দোকনদাররা ক্রেতাদের একটি শ্রেণীর শ্রেষ্ঠ পণ্যের পরামর্শ দেয় না
III. ঔষধের বোতলে অ্যালার্জি সতর্কীকরণ থাকে না
IV. ত্রুটিপূর্ণ পণ্য

**প্রশ্ন 4**

নীচের কোনটি গ্রাহকের জন্য বীমা পলিসি সম্পর্কিত অভিযোগের জন্য সবচেয়ে উপযুক্ত বিকল্প হবে?

I. পলিসি
II. সুপ্রিম কোর্ট
III. বীমা ন্যায়পাল
IV. জেলা আদালত

**প্রশ্ন 5**

নীচের বিবৃতির কোনটি বীমা ন্যায়পাল আঞ্চলিক বিচারের বিষয়ে সঠিক?

I. বীমা ন্যায়পালের জাতীয় বিচারক্ষেত্র আছে
II. বীমা ন্যায়পালের রাজ্য বিচারক্ষেত্র আছে
III. বীমা ন্যায়পালের জেলা বিচারক্ষেত্র আছে
IV. বীমা ন্যায়পাল শুধুমাত্র নির্দিষ্ট আঞ্চলিক সীমায় পরিচালিত হয়

**প্রশ্ন 6**

বীমা ন্যায়পালের মধ্য কিভাবে অভিযোগ আরম্ভ করা যায়?

I. অভিযোগ লিখিত করতে হবে
II. অভিযোগ মুখোমুখি ফোনে করতে হবে
III. অভিযোগ সামনা-সামনি করতে হবে
IV. অভিযোগ খবরের কাগজের বিজ্ঞাপনে করতে হবে

**প্রশ্ন 7**

একজন বীমা ন্যায়পালের দারস্থ হওয়ার সময় সীমা কি?

I. বীমাকারী দ্বারা অভিযোগ প্রত্যাখ্যাত হওয়ার দু-বছরের মধ্যে
II. বীমাকারী দ্বারা অভিযোগ প্রত্যাখ্যাত হওয়ার তিন বছরের মধ্যে
III. বীমাকারী দ্বারা অভিযোগ প্রত্যাখ্যাত হওয়ার এক বছরের মধ্যে
IV. বীমাকারী দ্বারা অভিযোগ প্রত্যাখ্যাত হওয়ার এক মাসের মধ্যে

**প্রশ্ন 8**

নিম্নলিখিত মধ্যে কোনটি ন্যায়পাল সঙ্গে একটি অভিযোগ চালু জন্য একটি পূর্বশর্ত নয়?

I. অভিযোগ অবশ্যই একটি 'ব্যক্তিগত লাইন' বীমায় একজন ব্যক্তি দ্বারা হতে হবে
II. বীমাকারী অভিযোগ প্রত্যাখ্যাত হওয়ার ১ বছরের মধ্যে অভিযোগ আরম্ভ করতে হবে
III. অভিযোগকারী ন্যায়পালের পূর্বে একটি ক্রেতা ফোরামের দ্বারস্থ হতে হবে

IV. চাওয়া মোট ত্রাণ ২০ লাখ টাকার পরিমাণ মধ্যে হতে হবে।

**প্রশ্ন 9**

ন্যায়পালের কাছে অভিযোগ দ্বারস্থ করার জন্য কোনো ফি/ চার্জ আছে কি?

I. ১০০ টাকা ফি পরিশোধ করতে হবে
II. কোনো ফি বা চার্জ দিতে হবে না
III. ত্রাণের ২০% ফি হিসেবে পরিশোধ করতে হবে
IV. ত্রাণের ১০% ফি হিসেবে পরিশোধ করতে হবে

**প্রশ্ন 10**

ব্যক্তিগত বীমাকারীর বিরুদ্ধে অভিযোগ আরম্ভ করা যাবে কি?

I. অভিযোগ শুধুমাত্র সরকারী বীমাকারীর বিরুদ্ধে আরম্ভ করা যাবে
II. হ্যাঁ, অভিযোগ বেসরকারী বীমাকারীর বিরুদ্ধে আরম্ভ করা যাবে
III. জীবনবীমা সেক্টরের বেসরকারী বীমাকারীর বিরুদ্ধে অভিযোগ আরম্ভ করা যাবে
IV. শুধুমাত্র জীবনবীমা সেক্টর ছাড়া বেসরকারী বীমাকারীর বিরুদ্ধে অভিযোগ আরম্ভ করা যাবে

---

**আত্ম-পরীক্ষণ প্রশ্নের উত্তর**

**উত্তর 1**

সঠিক বিকল্পটি হল গ।

আইজিএমএস বলতে বোঝায় ইন্টিগ্রেটেড গ্রিভেন্স ম্যানেজমেন্ট সিস্টেম।

**উত্তর 2**

সঠিক বিকল্পটি হল খ।

রাজ্য কমিশন ক্রেতা বিরোধ প্রতিবিধান সংস্থা ২০ লাখ এবং ১০০ লাখ টাকার মধ্যে ক্রেতা প্রতিরোধ পরিচালনা করতে পারে।

**উত্তর 3**

সঠিক বিকল্পটি হল খ।

দোকনদাররা ক্রেতাদের একটি শ্রেণীর শ্রেষ্ঠ পণ্যের পরামর্শ দেয় না এটি বৈধ ক্রেতা অভিযোগের ভিত্তি তৈরী করতে পারে না।

**উত্তর 4**

সঠিক বিকল্পটি হল গ।

অভিযোগ আরম্ভ করতে হবে বীমা ন্যায়পালের সঙ্গে যার আঞ্চলিক বিচারাঞ্চলের অধিনে বীমাকারীর অন্তর্গত।

**উত্তর 5**

সঠিক বিকল্পটি হল ঘ।

বীমা ন্যায়পাল শুধুমাত্র নির্দিষ্ট আঞ্চলিক সীমায় পরিচালিত হয়।

**উত্তর 6**

সঠিক বিকল্পটি হল ক।

ন্যায়পালের কাছে অভিযোগ লিখিত হতে হবে।

**উত্তর 7**

সঠিক বিকল্পটি হল গ।

বীমাকারী দ্বারা অভিযোগ প্রত্যাখ্যাত হওয়ার এক বছরের মধ্যে বীমা ন্যায়পালের দারস্থ হতে হবে।

**উত্তর 8**

সঠিক বিকল্পটি হল গ।

অভিযোগকারী ন্যায়পালের পূর্বে একটি ক্রেতা ফোরামের দ্বারস্থ হওয়ার প্রয়োজন নেই।

**উত্তর 9**

সঠিক বিকল্পটি হল খ।

ন্যায়পালের কাছে অভিযোগ দ্বারস্থ করার জন্য কোনো ফি / চার্জ দিতে হবে না

**উত্তর 10**

সঠিক বিকল্পটি হল খ।

হ্যাঁ, বেসরকারী বীমাকারীর বিরুদ্ধে অভিযোগ আরম্ভ করা যাবে।

# অধ্যায় 4
# বীমা এজেন্ট রেগুলেশন

## বীমা এজেন্ট

বীমা এজেন্ট নিয়োগ বিধি চালু হয়েছে ২০১৬সালের ১লা এপ্রিল থেকে।

এই বিষয়ে নিম্নলিখিত সংজ্ঞাগুলি প্রাসঙ্গিক।

**1. সংজ্ঞা:**

1) ''আইন'' অর্থে বীমা আইন, ১৯৩৮ (১৯৩৮-এর ৪) সময়ে সময়ে যেমন সংশোধম হয়েছে
2) ''নিয়োগ পত্র'' মানে হলো বীমা এজেন্ট হিসেবে কাজ করতে কোনো ব্যক্তিকে বীমাকারীর দেওয়া নিয়োগের একটি চিঠি।
3) ''আপিল অফিসার'' মানে হলো বীমাকারীর অনুমোদিত একজন আধিকারিক যাঁর কাজ হলো একজন বীমা এজেন্টের থেকে প্রাপ্ত প্রতিনিধিত্ব ও আবেদন সম্পর্কে বিবেচনা ও তার নিষ্পত্তি করা।
4) ''বীমা এজেন্ট'' মানে হলো বীমার পলিসি চালিয়ে যাওয়া, তার পুনর্নবীকরণ বা নতুন করে তা চালু করা সম্পর্কিত কাজ সহ বীমা ব্যবসার জন্য অনুরোধ ও তা সংগ্রহ করতে বীমাকারীর নিযুক্ত এক ব্যক্তি।
5) ''কর্তৃপক্ষ'' মানে হলো ইনসুরেন্স রেগুলেটারি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি অ্যাক্ট, ১৯৯০ (১৯৯৯-র ৪১)-এর ৩নং ধারায় শর্ত দ্বারা প্রতিষ্ঠিত ইনসুরেন্স রেগুলেটারি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি অব ইন্ডিয়া।
6) ''কম্পোজিট ইনসুরেন্স এজেন্ট'' মানে হলো একজন বীমা এজেন্ট হিসেবে নিযুক্ত একজন ব্যক্তি যাকে দুই বা তার বেশি বীমাকারী নিয়েগ করেছে এই শর্তে যে তিনি একটির বেশি জীবন বীমাকারী, সাধারণ বীমাকারী, স্বাস্থ্য বীমাকারী এবং মোনো-লাইন বীমাকারীর একটির বেশি বীমাকারীর হয়ে কাজ করবেন না।
7) ''এজেন্টদের কেন্দ্রীয় তালিকা'' বলতে বোঝায় কর্তৃপক্ষের রক্ষিত এজেন্টদের একটি তালিকা যার মধ্যে সমস্ত বীমাকারীর নিযুক্ত এজেন্টদের যাবতীয় বিবরণ থাকে।
8) ''কালো তালিকাভুক্ত এজেন্টদের কেন্দ্রীয় তালিকা'' মানে হলো কর্তৃপক্ষের রক্ষিত এজেন্টদের সেই তালিকা যার মধ্যে আচরণবিধি লঙ্ঘন এবং / অথবা জালিয়াতির জন্য বীমাকারীর মনোনীত আধিকারিক দ্বারা যাঁদের নিয়োগ স্থগিত/বাতিল করা হয়েছে।
9) ''মনোনীত আধিকারিক'' বলতে বোঝায় একজন বীমা এজেন্ট হিসেবে কাউকে নিয়োগ করতে বীমাকারীর মনোনীত একজন অফিসার।
10) ''পরীক্ষা সংস্থা'' হলো সেই প্রতিষ্ঠান, যারা বীমা এজেন্টদের জন্য প্রাক-নিয়োগ পরীক্ষা পরিচালনা করে এবং যারা কর্তৃপক্ষ দ্বারা এর জন্য স্বীকৃত।

11) এই বিধিগুলির উদ্দেশ্যের জন্য ‘‘মোনো-লাইন বীমাকারী’’ বলতে সেই বীমাকারীকে বোঝায় যারা বীমা আইন, ১৯৩৮-এর ২(৯) ধারার অধীনে সংজ্ঞায়িত এবং ব্যবসায় কোনো নির্দিষ্ট বিশেষ ক্ষেত্র পরিচালনা করো থাকে যেমন কৃষি বীমা, এক্সপোর্ট ক্রেডিট গ্যারান্টি বিজনেস।

12) ‘‘বহুস্তরীয় বিপণন প্রকল্প’’ মানে হলো এমন কোনো প্রকল্প যা বীমা আইনের ৪২এ ধারায় ব্যাখ্যা অনুযায়ী সংজ্ঞায়িত।

## 2. বীমাকারী দ্বারা বীমা এজেন্টের নিয়োগ:

1) একটি বীমাকারীর একজন বীমা এজেন্ট হিসেবে নিয়োগ প্রত্যাশী আবেদনকারীকে বীমাকারীর মনোনীত অফিসারের কাছে ফর্ম I-A-তে আবেদন জানাতে হবে।

2) আবেদন পাওয়ার পর বীমাকারীর মনোনীত আধিকারিক নিজে সংশয়মুক্ত হবেন যে আবেদনকারী:-

   a) ফর্ম I-A-র এজেন্সির আবেদন সর্ব অর্থে সরবরাহ করেছেন;
   b) এজেন্সির আবেদন পত্রের সঙ্গে প্যান-এর বিস্তারিত বিবরণ পেশ করেছেন;
   c) বিধি ৬-এর অধীনে নির্ধারিত বীমা পরীক্ষা পাশ করেছেন;
   d) বিধি ৭-এ উল্লেখিত অযোগ্যতার কোনো একটি দ্বারা দুষ্ট নন;
   e) বীমা ব্যবসার জন্য প্রচার করা ও তা সংগ্রহ করার বিষয়ে প্রয়োজনীয় জ্ঞান রয়েছে; এবং পলিসি হোল্ডারকে প্রয়োজনীয় পরিষেবা প্রদান করতে সক্ষম;

3) মনোনীত আধিকারিক এজেন্সির আবেদনপত্রটি অধ্যাবসায়ের সাথে যাচাই করবেন এবং নিশ্চিত হবেন যে আবেদনকারীর একের বেশি জীবন বীমাকারী, সাধারণ বীমাকারী, স্বাস্থ্য বীমাকারী এবং মোনো-লাইন বীমাকারীর একটির বেশি বীমাকারীর হয়ে নিযুক্ত এজেন্সি নেই এবং কালো তালিকাভুক্ত এজেন্টের কেন্দ্রীয় তালিকায় তাঁর নাম নেই।

### 4) মনোনীত আধিকারিক এছাড়াও যাচাই করবেন

   a) উপরে বর্ণিত তথ্য সম্পর্কে নিশ্চিত হতে আবেদনকারীর প্যান নম্বর দিয়ে কর্তৃপক্ষের রক্ষিত এজেন্টদের কেন্দ্রীয় তালিকা যাচাই করবেন।
   b) আবেদনকারী কালো তালিকাভুক্ত তা নিশ্চিত হতে কর্তৃপক্ষের রক্ষিত কালো তালিকাভুক্ত এজেন্টদের কেন্দ্রীয় তালিকা যাচাই করবেন।

5) উপরের বিধিতে উল্লেখিত সমস্ত শর্ত আবেদনকারী পূরণ করেছে এবং বীমা আইনের ৪২ধারার উপ-ধারা (৩)-এ উল্লেখিত অযোগ্যতার কোনো একটি দ্বারা দুষ্ট নন, এমনটা নিজে নিশ্চিত হওয়ার পরই মনোনীত আধিকারিক এজেন্সির আবেদনের প্রক্রিয়া শুরু এবং একজন বীমা এজেন্ট হিসেবে আবেদনকারীর নিয়োগ মঞ্জুর করতে পারেন, এর জন্য আবেদনকারীর থেকে সমস্ত নথিপত্র পাওয়ার ১৫দিনের মধ্যে তাঁকে এক নিয়োগপত্র দেবেন। নিযুক্ত এজেন্টকে মনোনীত আধিকারিক একটি এজেন্সি কোড নম্বর দেবেন এবং সেই এজেন্সি নম্বরের আগে বীমাকারীর নামের সংক্ষিপ্ত আকার যুক্ত থাকবে।

6) উপরে উল্লেখ অনুযায়ী এজেন্সি নিয়োগপত্রে নিয়োগের শর্তাবলীগুলি উপস্থাপিত হবে, যার মধ্যে থাকবে বীমা এজেন্ট হিসেবে আবেদনকারীর নিয়োগ ও কার্যকলাপের সমস্ত শর্তগুলি এবং নিচে বর্ণিত আচরণবিধি। উপরে উল্লেখ অনুযায়ী নিয়োগপত্র পাঠানো হবে তবে তা কোনোভাবেই নিয়োগের পর ৭দিনের পর নয়।

7) একজন বীমা এজেন্ট হিসেবে নিযুক্ত আবেদনকারীকে বীমাকারী একটা পরিচিতি পত্র দেবে যা বীমাকারীর সাথে এজেন্টকে পরিচিত করাবে যার এজেন্ট হিসেবে তিনি প্রতিনিধিত্ব করছেন।

৪) আবেদনকারী যদি এই বিধিগুলিতে উল্লেখিত শর্তগুলির কোনো একটি পূরণ না করেন তাহলে মনোনীত আধিকারিক এজেন্সির নিয়োগ মঞ্জুর করতে অস্বীকার করতে পারেন। তাহলে মনোনীত আধিকারিক আবেদন পাওয়ার 21দিনের মধ্যে এজেন্ট নিয়োগ না করার কারণ লিখিতভাবে আবেদনকারীকে জানিয়ে দেবেন।

9) এজেন্সির নিয়োগ নামঞ্জুর করার মনোনীত আধিকারিকের সিদ্ধান্তে ক্ষুব্ধ আবেদনকারী সিদ্ধান্ত পুনর্বিবেচনার জন্য বীমাকারীর মনোনীত আপিল অফিসারের কাছে রিভিউ আবেদন পেশ করতে পারেন। আবেদনকারীর রিভিউ আবেদন বিবেচনার জন্য বীমাকারী একজন আপিল অফিসার মনোনীত করবে। আপিল অফিসার আবেদনটি বিবেচনা করা রিভিউ আবেদন প্রাপ্তির ১৫দিনের মধ্যে চূড়ান্ত সিদ্ধান্ত লিখিত আকারে জানিয়ে দেবেন।

**3. বীমাকারীর কম্পোজিট বীমা এজেন্ট নিয়োগ:**

1) 'কম্পোজিট বীমা এজেন্টে'র জন্য নিয়োগ প্রত্যাশী একজন আবেদনকারীকে অবশ্যই সংশ্লিষ্ট লাইফ, সাধারণ, স্বাস্থ্য বীমা বা মনো-লাইন বীমাকারীর মনোনীত আধিকারিকের কাছে আবেদন জানাতে হবে কম্পোজিট এজেন্সি অ্যাপ্লিকেশন ফর্ম I-B-এ। সংশ্লিষ্ট বীমাকারীর মনোনীত আধিকারিক উপরে উল্লেখিত উপায় ও পদ্ধতি অনুযায়ী আবেদনপত্রটি যাচাই করবেন।

**4. বীমা এজেন্সির পরীক্ষা:-**

1) একজন আবেদনকারীকে পরীক্ষা সংস্থার পরিচালিত বীমা এজেন্সি পরীক্ষায় পাস করতে হবে, জীবন বীমা, সাধারণ বীমা বা স্বাস্থ্য বীমা বিষয়ে, বিষয়টি নির্ভর করবে কেসটি যে বীমা সংক্রান্ত তার উপর, এবং একজন বীমা এজেন্ট নিয়োগের জন্য যোগ্য হতে গেলে কর্তৃপক্ষের নির্ধারিত সিলেবাস অনুযায়ী। এজেন্সি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য বীমা সংক্রান্ত প্রয়োজনীয় পর্যাপ্ত জ্ঞান যুগিয়ে প্রার্থীকে তৈরি হতে প্রয়োজনীয় সহায়তা ও নির্দেশ বীমাকারীই যোগান দেবেন।

2) উপরে উল্লেখিত বীমা এজেন্সি পরীক্ষায় যে আবেদনকারীরা সাফল্যের সঙ্গে উত্তীর্ণ হবেন পরীক্ষা সংস্থা তাঁদের একটা পাস সার্টিফিকেট প্রদান করবে। পরীক্ষা সংস্থার দেওয়া পাস সার্টিফিকেট প্রথম বার কোনো বীমাকারীর হয়ে এজেন্ট হিসেবে নিয়োগের জন্য বারো মাসের জন্য কার্যকরী থাকবে।

3) উপরে উল্লেখিত বীমা এজেন্সির পরীক্ষায় যাঁরা উত্তীর্ণ হবেন কেবলমাত্র তাঁরাই এবং যাঁদের কাছে পরীক্ষা সংস্থার ইস্যুর করা বৈধ পাস সার্টিফিকেট থাকবে তাঁরাই এজেন্ট হিসেবে নিয়োগে যোগ্য হিসেবে বিবেচিত হবেন।

5. **একজন বীমা এজেন্ট হিসেবে কাজ করতে অযোগ্যতার কারণ:** অযোগ্যতার শর্তগুলি হবে আইনের ৪২(৩) ধারার অধীনে শর্ত অনুযায়ী।

6. **আচরণ বিধি**

**1) প্রত্যেক বীমা এজেন্টকে নিচে নির্ধারিত আচরণবিধিগুলি মেনে চলতে হবে:-**

a) প্রত্যেক বীমা এজেন্ট, ---

i. নিজেকে এবং বীমা কোম্পানির পরিচয় দেবেন যার হয়ে তিনি একজন বীমা এজেন্ট;

ii. প্রত্যাশীকে এজেন্সির পরিচিতি পত্র দেখাবেন এবং দাবি করা হলে প্রত্যাশীকে তাঁর এজেন্সির নিয়োগপত্র দেখাবেন;

iii. তাঁর বিমাকারীর দ্বারা বিক্রয়ের জন্য প্রস্তাবিত বীমা পণ্য সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য প্রচার এবং একটি নির্দিষ্ট বীমা পরিকল্পনা সুপারিশ করার সময় প্রত্যাশীর চাহিদা মাথায় রাখবেন;

iv. বীমা এজেন্ট যেখানে একাধিক বীমাকারীর প্রতিনিধিত্ব করেন একই ধরনের পণ্যের, তাঁর উচিত যে বীমাকারীদের তিনি প্রতিনিধিত্ব করছেন তাঁদের পণ্যগুলি সম্পর্কে পক্ষপাতহীনভাবে এবং প্রত্যাশীর নির্দিষ্ট চাহিদার সঙ্গে মানানসই পণ্য সম্পর্কে পলিসিহোল্ডারকে পরামর্শ দেওয়া;

v. প্রত্যাশী জানতে চাইলে বীমা পণ্য বিক্রির জন্য কমিশনের মাত্রা তাঁর কাছে প্রকাশ করবেন;

vi. প্রস্তাবিত বীমা পণ্যের জন্য বীমাকারী যে প্রিমিয়াম চার্জ করবেন তার ইঙ্গিত দেবেন;

vii. প্রোপোজাল ফর্মে বীমাকারীর চাওয়া তথ্যের প্রকৃতি সম্পর্কে বীমাপ্রত্যাশীকে ব্যাখ্যা করবেন এবং একটা বীমা চুক্তি কেনার জন্য এই তথ্য প্রকাশের গুরুত্বও তাঁকে বুঝিয়ে দেবেন;

viii. বীমা আন্ডাররাইটিংয়ের সঙ্গে সম্পর্কিত বীমা প্রত্যাশীর প্রতিটি বিষয় বীমাকারীর নজরে আনবেন, যার মধ্যে প্রত্যাশীর খারাপ অভ্যাস বা আয়ের অস্থিরতাও অন্তর্ভুক্ত যা এজেন্টের জানার মধ্যে থাকবে, এবং বীমাকারীর কাছে পেশ করা প্রত্যেকটি

প্রস্তাবের সঙ্গে এগুলি একটা রিপোর্ট আকারে দিতে হবে, যাকে বলা হয় ‘‘বীমা এজেন্টের গোপন রিপোর্ট’’, তাতে থাকবে বীমা প্রত্যাশীর ব্যাপারে যাবতীয় যুক্তিগ্রাহ্য অনুসন্ধানের মাধ্যমে পাওয়া সমস্ত প্রযোজ্য ও এমন কোনো বিষয় যা বীমার প্রস্তাব গ্রহনে বীমাকারীর আন্ডারাইটিং প্রক্রিয়াকে প্রভাবিত করতে পারে।

ix. বীমাকারীর কাছে প্রোপোজাল ফর্ম পূরণের সময় প্রয়োজনীয় সমস্ত নথিপত্র এবং প্রস্তাব সম্পূর্ণ করার জন্য বীমাকারী গরে চাইতে পারে এমন অন্য সমস্ত কাগজপত্র চেয়ে নেওয়া;

x. পলিসির অধীনে মনোনয়ন প্রভাবিত হতে পারে এমন প্রত্যেকটি সম্ভাবনা নিয়ে পরামর্শ দেবেন

xi. বীমাকারী প্রস্তাব গ্রহণ করলে বা খারিজ করে দেওয়া মাত্র তা সঙ্গে সঙ্গেই বীমাপ্রত্যাশীকে জানাবেন;

xii. তাঁর মাধ্যমে পরিচিত প্রত্যেক পলিসিহোল্ডারকে পলিসির পরিষেবা সংক্রান্ত সমস্ত বিষয়ে প্রয়োজনীয় সহাবতা ও পরামর্শ দেবেন, যার মধ্যে পলিসি বরাদ্দ, ঠিানার পরিবর্তন বা পলিসির অধীনে কোনো সুবিধা প্রয়োগ বা অন্যান্য পলিসি পরিষেবা যেখানে যা প্রয়োজন সবকিছুই অন্তর্ভুক্ত রয়েছে;

xiii. বীমাকারীর কাছ থেকে ক্লেইমের নিষ্পত্তির জন্য পলিসিহোল্ডার বা ক্লেইমকারী বা উপভোক্তাকে প্রয়োজনীয় সাহায্য করবেন;

**2) কোনো বীমা এজেন্ট করবেন না, ----**

a. একটা বৈধ লাইসেন্স ছাড়া বীমা ব্যবসায় রাজি করাতে অনুরোধ বা ব্যবসা সংগ্রহ;

b. প্রোপোজাল ফর্মে কোনো বস্তুগত তথ্য বর্জন করতে প্রত্যাশীকে উৎসাহিত করা;
c. প্রস্তাব গ্রহণের জন্য বীমাকরীর কাছে পেশ করা প্রোপোজাল ফর্ম বা নথিতে ভুল তথ্য পেশ করতে প্রত্যাশীকে উৎসাহিত করা;
d. বীমা ব্যবসার জন্য সওয়াল বা তা সংগ্রহের জন্য কোনো ধরনের বহু-স্তরীয় বিপণন ব্যবস্থার অবলম্বন এবং/অথবা কোনো প্রত্যাশী/পলিসিহোল্ডারকে বহু-স্তরীয় বিপণন ব্যবস্থায় উৎসাহিত করা;
e. প্রত্যাশীর সঙ্গে অভদ্র আচরণ;
f. অন্য কোনো বীমা এজেন্টের পেশ করা প্রস্তাবে হস্তক্ষেপ;
g. বীমাকারীর প্রস্তাবিত হার, সুবিধা, শর্তাবলীর বাইরে আলাদা কিছুর প্রস্তাব দেওয়া;
h. বীমা চুক্তির আওতায় উপভোক্তার থেকে আয়ের ভাগ দাবি করা বা নেওয়া;
i. বর্তমান পলিসিকে বন্ধ করে দিয়ে সেই বন্ধ করার তিন বছরের মধ্যে তাঁর থেকেই একটা নতুন প্রস্তাব কার্যকরী করার জন্য একজন পলিসিহোল্ডারকে চাপ দেওয়া;

j. মনোনীত ব্যক্তি যদি তার লাইসেন্স আগেই বাতিল করে থাকেন এবং সেই বাতিলের পর পাঁচ বছর সময় কাল না পার হওয়া পর্যন্ত একজন বীমা এজেন্ট হিসেবে কাজ করার জন্য নতুন লাইসেন্সের জন্য আবেদন;

k. কোনো বীমা কোম্পানির একজন ডিরেক্টর হওয়া বা থাকা;

3) ইতিমধ্যেই তাঁর মাধ্যমে সংগৃহীত বীমা ব্যবসা ধরে রাখার লক্ষ্যে প্রত্যেক বীমা এজেন্টই নির্ধারিত সময়ের মধ্যে পলিসিহোল্ডারের প্রিমিয়াম জমা নিশ্চিত করতে সবরকম চেষ্টা চালাবেন, পলিসি হোল্ডারকে মৌখিক এবং লিখিতভাবে নজর করিয়ে;

4) বীমা এজেন্ট হিসেবে কর্মরত কোনো ব্যক্তি বীমা আইন, ১৯৩৮—এর ধারা এবং ওই আইনের অধীনে কোনো বিধি ভঙ্গ করলে তিনি দশ হাজার টাকা পর্যন্ত জরিমানা দিতে বাধ্য থাকবেন এবং কোনো বীমাকারী বা বীমাকারীর তরফে কাজ করছেন এমন কোনো ব্যক্তি যদি এমন কোনো লোককে বীমা এজেন্ট হিসেবে নিয়োগ করেন যার এই ধরনের কাজ করার এক্তিয়ার নেই অথবা এই ধরনের কোনো ব্যক্তির মাধ্যমে ভারতের বীমা ব্যবসায় লেনদেন করে থাকেন তাহলে সেই বীমাকারী বা তার হয়ে কর্মরত ব্যক্তি জরিমানা দিতে দায়বদ্ধ থাকবেন যার পরিমাণ এক কোটি টাকা পর্যন্ত হতে পারে।

5) এই সমস্ত বিধির অধীনে নির্ধারিত আচরণ বিধি লঙ্ঘন সহ তার এজেন্টের তরফে যাবতীয় কাজ ও ভ্রান্তির জন্য বীমাকারীই দায়ী থাকবেন, এবং তার তজন্য জরিমানা দিতে দায়বদ্ধ থাকবেন যার পরিমাণ এক কোটি টাকা পর্যন্ত হতে পারে।

## 7. একজন এজেন্টর নিয়োগ স্থগিত:

1) একজন এজেন্টের নিয়োগ বাতিল বা স্থগিত করা হতে পারে তাঁকে তা জানানোর পর এবং তাঁকে তাঁর আত্মপক্ষ সমর্থনের জন্য যথাযথ সময় দেওয়ার পরই, যদি নিম্নলিখিত দোষে তিনি দুষ্ট হন:-

a. বীমা আইন ১৯৩৮ (১৯৩৮-এর ৪), ইনসুরেন্স রেগুলেটারি অ্যান্ড ডেভেলপমেন্ট অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি অ্যাক্ট, 1999 (১৯৯৯-র ৪১) বা বিভিন্ন সময়ান্তরে সংশোধন অনুযায়ী নিয়ম বা বিধির ধারা লঙ্ঘন করেন;

b. উপরে বর্ণিত অযোগ্যতার কোনো একটা লক্ষ্য করা যায়।

c. উপরের বিধিবদ্ধ আচরণ বিধি ও সময়ে সময়ে কর্তৃপক্ষের জারি করা নির্দেশ মানতে ব্যর্থ হন।

d. নিয়োগের শর্ত লঙ্ঘন করেন।

e. বীমাকারী বা কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী একজন এজেন্ট হিসেবে তাঁর কার্যকলাপ সংক্রান্ত তথ্য সরবরাহ করতে ব্যর্থ হলে;

f. কর্তৃপক্ষের জারি করা নির্দেশ পালনে ব্যর্থ হলে;

g. ভুল বা মিথ্যা তথ্য সরবরাহ করলে; অথবা এজেন্ট হিসেবে নিয়োগ বা তার বৈধতার পর্যায়ের জন্য পেশ করা আবেদনপত্রে কোনো বস্তুগত বিষয় প্রকাশ করতে ব্যর্থ হলে।

h. বীমাকারী/কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী পর্যায়ক্রমিক রিটার্ন দাখিল না করলে;

i. কর্তৃপক্ষ পরিচালিত কোনো অনুসন্ধান বা তদন্তে সহযোগিতা না করলে;

j. পলিসিহোল্ডারের অভিযোগের প্রতিবিধান করতে ব্যর্থ হলে বা এর জন্য কর্তৃপক্ষকে সন্তোষজনক জবাব না দিতে পারলে।

k. বীমাকারীর তরফে পলিসিহোল্ডার/বীমাপ্রত্যাশীর থেকে সংগৃহীত প্রিমিয়ম/নগদ টাকা আত্মসাতের সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যদি জড়িত থাকেন। যদিও এই ধারা বীমাকারীর নির্দিষ্ট অনুমোদন ছাড়া নগদ টাকা/প্রিমিয়াম সংগ্রহ করার কোনো অধিকারই দেয় না বীমা এজেন্টকে।

**8. এজেন্সি বাতিল করার পদ্ধতি:**

বীমা এজেন্টের এজেন্সি বাতিলের চূড়ান্ত নির্দেশ জারি হওয়ার সাথে সাথেই চূড়ান্ত নির্দেশের তারিখ থেকেই এজেন্ট বীমা এজেন্ট হিসেবে কাজ করা বন্ধ করে দেবেন।

**9. এজেন্সি নিয়োগ স্থগিত/বাতিল করার প্রভাব: –**

1) এজেন্সি নিয়োগ স্থগিত বা বাতিলের তারিখ থেকেই সেই বীমা এজেন্ট একজন বীমা এজেন্ট হিসেবে কাজ করা বন্ধ করে দেবেন।

   **a.** এই নির্দেশিকার অধীনে যে এজেন্টের নিয়োগ বাতিল হয়েছে সেই নিয়োগ বাতিল কার্যকরী হওয়ার চূড়ান্ত নির্দেশ জারি হওয়ার ৭ দিনের মধ্যে বীমাকারী সেই এজেন্টের থেকে নিয়োগপত্র ও আইডেন্টিটি কার্ডটি ফিরিয়ে নেবেন।

   **b.** বীমাকারী এজেন্টটিকে কালো তালিকাভুক্ত করবেন এবং কর্তৃপক্ষের রক্ষণাবেক্ষণে থাকা কালো তালিকাভুক্ত এজেন্টের ডেটাবেসে এবং কর্তৃপক্ষের তত্ত্বাবধানে থাকা এজেন্টদের কেন্দ্রীয় তালিকায় বরখাস্ত/বাতিল হওয়া এজেন্টের বিস্তারিত বিবরণ ঢুকিয়ে দেবেন। এজেন্সি বরখাস্ত/বাতিল হওয়ার নির্দেশ জারির সঙ্গে সঙ্গেই অনলাইন মোডে এটা করা হবে।

c. মৌখিক আধিকারিকের মৌখিক নির্দেশের মাধ্যমে শাস্তিমূলক ব্যবস্থার সমাপ্তির ফলে কোনো এজেন্টের সাসপেনশন উঠে গেলে তাঁর সাসপেনশন ওঠার মৌখিক নির্দেশ আসার সঙ্গে সঙ্গেই কালো তালিকাভুক্ত এজেন্টদের তালিকা থেকে ওই এজেন্টের নাম সরিয়ে ফেলতে হবে।

d. যাদের সঙ্গে তিনি এজেন্ট হিসেবে কাজ করছেন অন্যান্য সেই বীমাকারী, জীবন বা সাধারন বা স্বাস্থ্য বীমাকারী বা মোনো-লাইন বীমাকারীদেরও ওই এজেন্টের বিরুদ্ধে নেওয়া ব্যবস্থা সম্পর্কে বীমাকারী জানিয়ে দেবেন যাতে তারা সেই বিষয়গুলি রেকর্ডে রাখতে পারে এ প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারে।

## 10. একজন বীমা এজেন্টের ইস্তফা/ নিয়োগ সমর্পণ করার ক্ষেত্রে অনুসৃত পদ্ধতি:

1) একজন বীমাকারীর নিযুক্ত কোনো বীমা এজেন্ট বীমাকারীর কাছে তাঁর এজেন্সি সারেন্ডার করতে চাইলে তিনি তাঁর নিয়োগ পত্র ও পরিচিতি পত্র ফিরিয়ে দেবেন বর্তমানে যার এজেন্সি তাঁর কাছে রয়েছে সেই বীমাকারীর মনোনীত আধিকারিকের কাছে।
2) ইস্তফা বা নিয়োগ সারেন্ডার করার ১৫দিনে মধ্যে ফর্ম 1-C-তে উল্লেখ অনুযায়ী একটা বিরতি শংসাপত্র ইস্যু করবে বীমাকারী।
3) নিয়োগ সারেন্ডার করেছেন এমন একজন এজেন্ট অন্য বীমাকারীর কাছে নতুন করে নিয়োগ চাইতে পারেন। এই ধরনের ক্ষেত্রে এজেন্টকে নতুন বীমাকারীর কাছে তাঁ আগের এজেন্সি সম্পর্কিত যাবতীয় বিবরণ পেশ করতে হবে এবং তাঁর এজেন্সি অ্যাপ্লিকেশন ফর্ম সহ ফর্ম I-C-তে ইস্যু করা আগের বীমাকারীর বিরতি শংসাপত্রও পেশ করতে হবে।
4) পূর্বতন বীমাকারীর বিরতি শংসাপত্র ইস্যুর তারিখ থেকে নব্বই দিন পর বীমাকারী প্রয়োজনীয় শর্ত অনুযায়ী এজেন্সির আবেদন বিবেচনা করবে।

## 11. বীমাকারীর দ্বারা এজেন্ট নিয়োগের জন্য সাধারণ শর্তাবলী:

1) কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী এজেন্সি বিষয়গুলিকে কভার করে বীমাকারী একটা 'বোর্ড অনুমোদিত নীতি' প্রণয়ন করবে এবং প্রতি বছর ৩১শে মার্চের আগে কর্তৃপক্ষের কাছে সেটা দাখিল করবে।
2) কোনো ব্যক্তিই একের অধিক জীবন বীমাকারী, সাধারণ বীমাকারী, স্বাস্থ্য বীমাকারী ও অন্যান্য মোনো-লাইন বীমাকারীর প্রত্যেকের একটির বেশি সংস্থার বীমা এজেন্ট হিসেবে কাজ করবেন না।
3) বীমা এজেন্ট হিসেবে কর্মরত কোনো ব্যক্তি এই আইন লঙ্ঘিত হয় এমন কোনো কাজ করলে তিনি একটা জরিমানা দিতে বাধ্য থাকবেন যার পরিমাণ দশ হাজার টাকা পর্যন্ত হতে পারে।
4) কোনো বীমাকারী বা বীমাকারীর তরফে কর্মরত তার কোনো প্রতিনিধি যিনি এমন কোনো একজন ব্যক্তিকে বীমা এজেন্ট হিসেবে নিয়োগ করেন যার ভারতে বীমা ব্যবসায় লেনদেন করার অনুমতি নেই তাহলে তা জরিমানাযোগ্য হবে যার পরিমাণ এক কোটি টাকা পর্যন্ত হতে পারে।

5) বীমা আইন (সংশোধিত) অধ্যাদেশ ২০১৫ কার্যকরী হওয়া বা তার পর কোনো বীমাকারীই কোনো প্রিন্সিপাল এজেন্ট, চিফ এজেন্ট, ও বিশেষ এজেন্ট নিয়োগ করতে পারবেন না এবং তাঁদের মাধ্যমে ভারতে বীমা ব্যবসায় কোনো লেনদেনও করতে পারবেন না।

6) একটা বীমা পলিসি ছেড়ে দিতে বা রিনিউ করতে বা চালু রাখতে বহুস্তরীয় বিপণন প্রকল্পের মাধ্যমে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বা কোনো ব্যক্তিকে উৎসাহিত করার বিষয়টি কোনো ব্যক্তিই বরদাস্ত করবেন না বা এব্যাপারে অনুমোদনের প্রস্তাব স্বীকার করবেন না।

7) একজন অনুমোদিত অফিসারের মাধ্যমে এব্যাপারে কর্তৃপক্ষ যথাযথ পুলিশ প্রশাসনের কাছে বহুস্তরীয় বিপণন প্রকল্পের সঙ্গে জড়িত সত্বা বা ব্যক্তিদের সম্পর্কে অভিযগ দায়ের করবে।

৪) বীমা এজেন্ট নিয়োগের ক্ষেত্রে প্রত্যেক বীমাকারী এবং বীমাকারীর তরফে এই ব্যাপারে কর্মরত প্রত্যেক মনোনীত আধিকারিকই তাঁর মাধ্যমে নিযুক্ত প্রত্যেক বীমা এজেন্টেরই নাম ঠিকানা সহ একটা রেজিস্টার রাখবেন এবং তাতে এজেন্টের নিয়োগ শুরুর তারিখ ও তাঁর নিয়োগে কোনো বিরতি থাকলে সেই তারিখও উল্লেখ করতে হবে রেজিস্টারে।

9) উপরে উল্লেখিত রেকর্ডগুলি বীমাকারী ততদিন পর্যন্ত রক্ষণাবেক্ষণ করবে যতদিন ওই বীমা এজেন্ট কাজে যূক্ত থাকবেন এবং তাঁর নিয়োগের বিরতি থেকে পাঁচ বছর মেয়াদকাল পর্যন্ত।

# অধ্যায় 5

# জীবন বীমা আইন সম্পর্কিত নীতি

**অধ্যায় ভূমিকা**

এই অধ্যায়ে, আমরা একটি জীবন বীমা চুক্তির জন্য প্রয়োজনীয় উপাদানগুলো নিয়ে আলোচনা করব। অধ্যায়টি একটি জীবন বীমা চুক্তির বিশেষ বৈশিষ্ট্য সঙ্গেও সম্পর্কিত।

**শিক্ষণের ফলাফল**

| |
|---|
| A. বীমা চুক্তি - আইনগত দিক এবং বিশেষ বৈশিষ্ট্য |

## A. বীমা চুক্তি - আইনগত দিক এবং বিশেষ বৈশিষ্ট্য

### 1. বীমা চুক্তি – আইনি দিক

#### a) বীমা চুক্তি

বীমা একটি চুক্তিমূলক চুক্তিতে জড়িত যেখানে বিমাকারীরা কিছু বিশেষ ঝুঁকির বিরুদ্ধে আর্থিক সুরক্ষা প্রদান করে একটি মূল্য বা প্রমিয়াম হিসেবে যা পরিচিত। চুক্তিমূলক চুক্তি একটি বিমা পলিসির আকার ধার করে।

#### b) বীমা চুক্তির আইনগত দিক

আমরা এখন একটি বীমা চুক্তি কিছু বৈশিষ্ট্য দেখব এবং তারপর সাধারণভাবে বীমা চুক্তিকে যে আইন সম্পর্কিত নীতিকে যা নিয়ন্ত্রণ করে সেগুলো বিবেচনা করব।

**গুরুত্বপূর্ণ**

একটি চুক্তি হল আইন সম্মত ভাবে দুই পক্ষের সম্মতি। বীমা চুক্তি সহ ভারতের সমস্থ চুক্তি ভারতীয় চুক্তি আইন, ১৮৭২ দ্বারা নিয়ন্ত্রিত।

একটি বীমা পলিসি দুই পক্ষের মধ্যে একটি চুক্তি, যেমন কোম্পানিকে, বিমাকারক , এবং পলিসিধারকদের বীমাকৃত বলা হয় এবং ভারতীয় চুক্তি আইন, ১৮৭২ সংরক্ষিক প্রয়োজনীয়তা পূর্ণ করে।

**রেখাচিত্র 1 :** বীমাচুক্তি



### c) বৈধ চুক্তির উপাদান

**রেখাচিত্র 2 :** বৈধ চুক্তির উপাদান




বৈধ চুক্তির উপাদান:

**i. প্রস্তাব এবং স্বীকৃতি**

একজন ব্যক্তি যখন অন্য আরেকজনের সঙ্গে কিছু কাজ করতে সম্মতি অথবা এই ধরনের, অন্যান্য সম্মতি পাওয়া থেকে বিরত থাকেন তখন তিনি একটি প্রস্তাব তৈরী করেন বলে উল্লেখ করা হয় হয়।সাধারণত, উপস্থাপক দ্বারা প্রস্তাব তৈরী হয়, এবং বীমাকারীর স্বীকৃতি দ্বারা গঠিত হয়।

একজন ব্যক্তি যাকে প্রস্তাব দেওয়া হয়, অধিকন্তু তার সম্মতি প্রকাশ করে, এটি একটি স্বীকৃতি বলে গণ্য করা হয়। অতঃপর যখন একটি প্রস্তাব গ্রহণ করা হয় তখন সেটি একটি প্রতিশ্রুতি হয়ে যায়।

একটি চুক্তি গঠনের জন্য উপস্থাপক দ্বারা স্বীকৃতি প্রয়োজন।

যখন একজন উপস্থাপক বীমা পরিকল্পনা স্বীকার করেন এবং আমানতের পরিমাণ পরিশোধে সম্মতি প্রদান করেন, যেটি, প্রস্তাব পদ গ্রহণের পর প্রথম প্রিমিয়াম রূপান্তরিত হয় প্রস্তাব তখন পলিসির আকার ধারণ করে।

যদি কোনো শর্ত দেওয়া হয় তখন এটি একটি পাল্টা প্রস্তাব হয়ে যায়.

পলিসি বন্ড চুক্তির প্রমাণ হয়ে যায়।

**ii. বিবেচনা**

এর অর্থ হল যে চুক্তিতে পক্ষগুলোর জন্য কিছু পারস্পরিক সুবিধার থাকতে হবে। প্রিমিয়াম বীমাকৃত দ্বারা বিবেচনা করা হয়, এবং বিমাকারী বিবেচনা করে ক্ষতিপূরণের প্রতিশ্রুতি দিয়ে।

**iii. পক্ষদের মধ্যে সম্মতি**

উভয় পক্ষ একই অর্থে একই জিনিস করতে সম্মত হওয়া উচিত। অন্যভাবে, উভয় পক্ষের মধ্যে "**অভিন্ন ঐক্যমত্য**" থাকা উচিত। বীমা কোম্পানী এবং পলিসিধারক উভয়কে একই অর্থে একই জিনিসে সম্মত হতে হবে।

**iv. অবাধ সম্মতি**

একটি চুক্তির মধ্যে প্রবেশ করার সময় অবাধ সম্মতি থাকা উচিত।

সম্মতিকে অবাধ বলা হয় যখন এটি প্রভাবিত হয না নিম্নলিখিত কারণ থেকে:

- ✓ দমন
- ✓ অনুচিত প্রভাব
- ✓ প্রতারণা
- ✓ মিথ্যা বিবরণ
- ✓ ভুল

চুক্তি বাতিলযোগ্য হয় যখন চুক্তিটি দমন, প্রতারণা বা মিথ্যা বিবরণ দ্বারা সৃষ্ট হয়।

**v. পক্ষের ক্ষমতা**

চুক্তির উভয় পক্ষে চুক্তিতে প্রবেশ করার জন্য আইনতভাবে উপযুক্ত হতে হবে। পলিসিধারীকে অবশ্যই প্রস্তাব সই করার সময় প্রাপ্তবয়স্ক হতে হবে এবং সুস্থ মস্তিস্ক এবং আইন অনুযায়ী যোগ্য হতে হবে। উদাহরণস্বরূপ, নাবালকরা বীমা চুক্তি প্রবেশ করতে পারে না।

**vi. বৈধতা**

চুক্তির বিষয়বস্তুর বৈধতা আবশ্যক, উদাহরণস্বরূপ, কোনো বীমা অবৈধ কাজ করতে পারে না। প্রতিটি চুক্তি যার বিষয়বস্তু বা বিবেচনা বেআইনী তা অকার্যকর হয়। একটি বীমা চুক্তির বিষয়বস্তু বৈধ বিষয়বস্তু।

**গুরুত্বপূর্ণ**

i. **দমন** - অপরাধমূলক উপায় প্রয়োগে চাপ জড়িত।

ii. **অনুচিত প্রভাব**- যখন একজন ব্যক্তি যিনি অন্য আরেকজনের ইচ্ছা নিয়ন্ত্রণ করতে সক্ষম হয় সে অযৌক্তিক সুবিধা প্রাপ্তের জন্য তাঁর অবস্থান ব্যবহার করে।

iii. **প্রতারণা**- একজন ব্যক্তি যখন অন্য কাউকে মিথ্যা বিশ্বাস, যা সে সত্য বলে বিশ্বাস করে না তা উপস্থাপনা করে কাজ করাতে সক্রিয় করে। এটা ইচ্ছাকৃত সংবরণ থেকে বা মিথ্যাবর্ণন করে হতে পারে।

iv. **ভুল** – একজনের জ্ঞান বা বিশ্বাস বা একটি জিনিস অথবা ঘটনা ব্যাখ্যা করার ত্রুটি। এটি চুক্তির বিষয়বস্তু বোঝার ক্ষেত্রে এবং চুক্তিবদ্ধের জন্য ভুল দিকে নিয়ে যেতে পারে।

## 2. বীমা চুক্তি– বিশেষ বৈশিষ্ট্য

### a) ইউবরিম ফাইডিজ বা যথাসাধ্য ভাল প্রতিশ্রুতি

এটি বীমা চুক্তির একটি মৌলিক নীতি। ইউবরিম ফাইডিজ বলা হয়, এর মানে হল চুক্তির প্রত্যেক পক্ষ অবশ্যই বীমা বিষয় সংক্রান্ত সব অত্যাবশ্যক তথ্যের প্রকাশ করবে।

যথাসাধ্য ভাল প্রতিশ্রুতি এবং ভাল প্রতিশ্রুতির মধ্যে একটি পার্থক্য তৈরী করা যায়। সব বাণিজ্যিক চুক্তির সাধারণত প্রয়োজন তাদের লেনদেনের সময় ভাল প্রতিশ্রুতি যেখানে কোনো তথ্য প্রদানের প্রতারণা বা প্রবঞ্চনা থাকবে না। ভাল প্রতিশ্রুতি নীরিক্ষণে এই আইনি দায়িত্ব ছাড়া বিক্রেতা ক্রেতা চুক্তি বিষয় সম্পর্কে কোনো তথ্য প্রকাশ করতে বাধ্য নয়।

এখানে পরিলক্ষিত নিয়মটি হল যে **"ক্রেতা সাবধান নীতি"** যার মানে ক্রেতা সাবধান। প্রত্যাশিত চুক্তির পক্ষরা চুক্তির বিষয়বস্তু পরীক্ষা করবেন এবং যেখানে বিশ্বস্তভাবে উত্তর দেওয়া হয়েছে সেখানে অন্য পক্ষের চুক্তি এড়ানোর কোনো প্রশ্নই নেই।

**যথাসাধ্য ভাল প্রতিশ্রুতি:** বীমা চুক্তি ভিন্ন পথ চলে। প্রথমত, চুক্তির বিষয় দুরধিগম্য এবং বিমাকারীর সরাসরি পর্যবেক্ষণ বা সহজ অভিজ্ঞতা মাধ্যমে পরিচিত নয়। আবার অনেক ঘটনা আছে, যা প্রকৃতি হিসেবে শুধুমাত্র উপস্থাপক জানতে পারেন। বিমাকারীকে প্রায়ই তথ্যের জন্য উপস্থাপকের তথ্যের উপর নির্ভর করতে হয়।

অতঃএব উপস্থাপকের আইনগত দায়িত্ব হল যাদের কাছে এই তথ্য নেই সেই সব বীমাকারীকে বীমা বিষয়ক সমস্ত তথ্য প্রকাশ করা।

### উদাহরণ

ডেভিড একটি জীবন বীমা পলিসির জন্য একটি প্রস্তাব তৈরি করে। পলিসির জন্য আবেদনের সময় ডেভিড ডায়াবেটিসে ভুগছিল এবং চিকিৎসা অধিন ছিল কিন্তু ডেভিড বীমা কোম্পানীর কাছে এই সত্যটির প্রকাশ করে নি। ডেভিড ত্রিশের কোঠায় ছিল তাই জীবন বীমা কোম্পানী ডেভিডকে কোনো স্বাস্থ্য পরীক্ষার জন্য না বলেই পলিসি প্রেরণ করে কিছু বছর পরে ডেভিডের স্বাস্থ্য খারাপ হয় এবং তাকে হাসপাতালে ভর্তি করতে ডেভিড আরোগ্যলাভ করে না এবং কিছু দিনের মধ্যে মারা যায়। জীবন বীমা কোম্পানীতে দাবি উপস্থাপিত হয়েছিল।

ডেভিডের মনোনীত ব্যক্তি অপ্রত্যাশিত হয় যখন জীবন বীমা কোম্পানী দাবি প্রত্যাখ্যান করে। তদন্তে, বীমা কোম্পানী জানতে পারে যে পলিসির জন্য আবেদন করার সময় ডেভিড ইতিমধ্যে ডায়াবেটিস ভুগছিল এবং এই সত্যটি ডেভিড ইচ্ছাকৃতভাবে গোপন করে ছিল। অতঃপর বীমা চুক্তিটি নাকচ এবং বাতিল করা হয় এবং দাবী প্রত্যাখান করা হয়।

উপাদান তথ্য হল সেই তথ্য যা বীমাকারীকে সিদ্ধান্ত নিতে সক্ষম করে যে:

- ✓ তারা ঝুঁকিটি গ্রহণ করবেন কিনা?

✓ যদি গ্রহণ করে তাহলে কত প্রমিয়াম হার এবং কোন শর্তাবলী ধর্তব্যে নেবেন?

যথাসাধ্য ভাল প্রতিশ্রুতির এই আইনি দায়িত্ব সাধারণ আইনের অধীনে আসে। এই দায়িত্ব উপস্থাপকের জানা অত্যাবশ্যক তথ্যে শুধুমাত্র প্রযোজ্য নয়, যা তাঁর জানা কর্তব্য সেখানেও প্রযোজ্য।

**উদাহরণ**

এগুলি অত্যাবশ্যক তথ্যের কিছু উদাহরণ যেগুলো প্রস্তাব তৈরীর সময় প্রস্তাবকের প্রকাশ করা উচিত:

i. **জীবন বীমা:** নিজস্ব চিকিৎসাবিষয়ক ইতিহাস, বংশগত অসুস্থতার পারিবারিক ইতিহাস, ধূমপান এবং মদ্যপানের মত অভ্যাস, কাজ থেকে অনুপস্থিতি, বয়স, শখ, আর্থিক তথ্য যেমন প্রস্তাবকের আয় সংক্রান্ত বিবরণ, পূর্বে বিদ্যমান জীবন বীমা পলিসি, পেশা ইত্যাদি।
ii. **অগ্নি বীমা:** নির্মাণ এবং বিল্ডিং-এর ব্যবহার, বিল্ডিং-এর বয়স, সীমানায় পণ্যের প্রকৃতি ইত্যাদি।
iii. **নৌ বীমা:** পণ্যের বিবরণ, প্যাকিং পদ্ধতি ইত্যাদি।
iv. **মোটরগাড়ী বীমা**: গাড়ির বিবরণ, ক্রয় তারিখ, ড্রাইভারের বিবরণ ইত্যাদি।
v. স্বাস্থ্য বীমা

এইভাবে বীমা চুক্তি একটি উচ্চ বাধ্যবাধকতার বিষয়। যখন এটি বীমার ক্ষেত্রে আসে, তখন ভাল প্রতিশ্রুতি চুক্তি যথাসাধ্য ভাল প্রতিশ্রুতি চুক্তি হয়ে যায়।

**সংজ্ঞা**

"স্বেচ্ছায় প্রকাশ করার একটি ইতিবাচক দায়িত্ব, সঠিকভাবে এবং সম্পূর্ণরূপে ঝুঁকির সব ঘটনা উপাদান অনুরোধ বা প্রস্তাব করা হচ্ছে কিনা, এর সঙ্গে জড়িত হিসাবে "ইউবরিম ফাইডিজ " ধারণাটিকে এইভাবে সংজ্ঞায়িত করা হয়।

**যদি যথাসাধ্য ভাল প্রতিশ্রুতি উভয় পক্ষের দ্বারা পালন করা না হয়, চুক্তিটি অপরের দ্বারা এড়ানো যেতে পারে**।মূলত কেউ তার নিজের ভুলের সুবিধা গ্রহণ করতে পারবে না, বিশেষত একটি বীমা্ কন্ট্র্যাক্টে প্রবেশের সময়।

এ বীমাকৃত বীমা চুক্তি সংক্রান্ত যে কোনো সত্য উপাদানকে মিথ্যা বর্ণনা করবেন না বলে আশা করা যায়। বীমাকৃতকে সমস্ত প্রাসঙ্গিক তথ্য প্রকাশ করতে হবে।যদি এই আইনগত বাধ্যবাধকতা অস্তিত্ব না থাকে, একজন ব্যক্তি যিনি বীমা গ্রহণ করছেন তিনি হয়তো বিষয়বস্তুতে ঝুঁকি প্রভাবিত নির্দিষ্ট ঘটনা গোপন করে অনুচিত সুবিধা পেতে পারেন।

আশা করা যায় কেনো সত্য গোপন না করে পলিসিধারী তার স্বাস্থ্যের অবস্থা, পারিবারিক ইতিহাস, আয়, পেশা ইত্যাদি প্রকাশ করবেন যাতে বীমাচুক্তির দায় গ্রহণকারী ঝুঁকির যথার্থভাবে মূল্যায়ন করতে সক্ষম হবে। প্রস্তাব ফর্মে অপ্রকাশ বা মিথ্যা বর্ণনা বীমাচুক্তির দায় গ্রহণকারীর অলিখিত সিদ্ধান্তে প্রভাব ফেললে বীমাকৃতের কন্ট্র্যাক্ট বাতিল করার অধিকার আছে।

সব অত্যাবশ্যক তথ্য প্রকাশ করা আইনগত বাধ্যবাধকতা।

**উদাহরণ**

একজন কার্যনির্বাহী উচ্চ রক্তচাপ থেকে ভুগছেন এবং সম্প্রতি তার একটি মৃদু হার্ট অ্যাটাক হয়েছ যার জন্য তিনি নিম্নলিখিত মেডিকেল নীতি গ্রহণ করার সিদ্ধান্ত নেন কিন্তু সম্পূর্ণ তথ্যের প্রকাশ করেন না। বিমাকারীর ঘটনার মিথ্যা বর্ণনের জন্য বীমাকৃত বীমা প্রস্তাব গ্রহণে প্রতারিত হন।

***একজন ব্যক্তির হৃদয়ে একটি জন্মগত ছিদ্র আছে এবং প্রস্তাব ফর্মে এটি প্রকাশ করেন। এটি বিমাকৃতের দ্বারা গৃহিত হয় এবং প্রস্তাবকারীকে অবগত করা হয়না যে পূর্ব বিদ্যমান রোগ অন্তত কমপক্ষে আগামী 4 বছর পূরণ করা হয় না। এটি বীমাকৃতের দ্বারা একটি মিথ্যা বর্ণন।***

**b) অত্যাবশ্যক তথ্য**

**সংজ্ঞা**

**অত্যাবশ্যক তথ্য** বলতে বোঝায় একটি সত্য যা বীমাচুক্তির দায়গ্রহণ কারীর সিদ্ধান্তকে প্রভাবিত করতে পারেন যে তিনি ঝুঁকি গ্রহণ করবেন কিনা এবং সেটি হলেও প্রমিয়ামের হার এবং শর্তাবলী কি হবে।

---

একটি অপ্রকাশিত সত্য অত্যাবশ্যক কিনা তা নির্ভর করবে পৃথক ক্ষেত্রের পরিস্থিতির উপর এবং শুধুমাত্র আদালতের আইন শেষ সিদ্ধান্ত নিতে পারে। ঝুঁকিকে প্রভাবিত করবে এমন ঘটনার প্রকাশ বীমায়িতকে করতে হবে।

বীমা সংক্রান্ত কিছু ধরনের অত্যাবশ্যক তথ্য যা একজনের প্রকাশ করা উচিত সেগুলো দেখা যাক এবার:

i. তথ্য, স্বাভাবিকের চেয়ে অধিক উদ্ঘাটর ব্যাখ্যা করে যে ঝুঁকি তা নির্দেশ করে।

**উদাহরণ**

***সমুদ্র বাহিত পণ্যসম্ভারের বিপজ্জনক প্রকৃতি, অসুস্থতার পূর্ব ইতিহাস***

ii. অন্যান্য বীমাকৃত থেকে নেওয়া পুরোনো সব পলিসির অস্তিত্ব এবং তাদের বর্তমান অবস্থা

iii. প্রস্তাব ফর্মের সব প্রশ্ন বা বীমার জন্য আবেদনের উপাদান হিসেবে বিবেচনা করা হয়, কারণ এটি বীমার বিষয়বস্তুর বিভিন্ন অংশের এবং ঝুঁকির সঙ্গে জড়িত এবং সবদিক থেকে বিবেচিত। প্রশ্নের উত্তর সঠিক এবং সম্পূর্ণভাবে দিতে হবে।

নিম্নলিখিত কিছু পরিস্থিতিতে যেখানে অত্যাবশ্যক তথ্য প্রকাশ করার দরকার নেই

**তথ্য**

**অত্যাবশ্যক তথ্য যা প্রকাশ করার দরকার নেই**

এটিও ধরে নেওয়া যায় বীমাচুক্তির দায়গ্রহণকারী দ্বারা যদি নির্দিষ্ট তদন্ত না হয় তাহলে প্রস্তাবকের নিম্নলিখিত তথ্য প্রকাশ করার কোন বাধ্যবাধকতা নেই:

**i. ঝুঁকি কমাতে সমুচিত ব্যবস্থার প্রয়োগ।**

**উদাহরণ:** অগ্নি নির্বাপক যন্ত্রের উপস্থিতি

**ii. বীমাকৃতের অজানা বা অজ্ঞাত তথ্য**

**উদাহরণ:** একজন ব্যক্তি, যিনি উচ্চ রক্ত চাপ ভুগছেন কিন্তু পলিসি গ্রহণ করার সময় এই বিষয়ে অজ্ঞাত ছিলেন, এটিকে সত্য অপ্রকাশ সঙ্গে অভিযুক্ত করা যাবে না।

**iii. কোনটি যুক্তিসঙ্গত অধ্যবসায় দ্বারা আবিষ্কৃত হতে পারে?**

প্রত্যেকটি পুঙ্খানুপুঙ্খ অত্যাবশ্যক তথ্য প্রকাশ করার প্রয়োজন নেই। বীমাচুক্তি গ্রহণকারীর আরও তথ্য প্রয়োজন হলে তা জিজ্ঞাসা করার জন্য যথেষ্ট সচেতন হতে হবে।

**iv. আইনি বিষয়**

সবাই প্রচলিত আইন জানবে এটিই অনুমান করা যায়।

**উদাহরণ:** বিস্ফোরক মজুত সম্পর্কে পৌর আইন

**v. যা সম্পর্কে বিমাকৃত উদাসীন (অথবা আরও তথ্যের জন্য প্রয়োজন পরিহার করে)**

***বিমাকৃত পরে অসম্পূর্ণ উত্তরের অজুহাতে দায়িত্ব অস্বীকার করতে পারেন না।***

কখন প্রকাশ করার দায়িত্ব আছে?

জীবন বীমা চুক্তির ক্ষেত্রে, প্রস্তাব গ্রহণ না করা এবং একটি নীতি জারি আলোচনার পুরো সময়ের মধ্যে প্রকাশের দায়িত্ব থাকে। একবার নীতি গৃহীত হলে, পলিসির মেয়াদে ঘটতে পারে এমন যে কোনো অত্যাবশ্যক তথ্য প্রকাশ করার আর প্রয়োজন নেই।

**উদাহরণ**

***শ্রী রাজন পনেরো বছরের জন্য একটি জীবন বীমা পলিসি নিয়েছেন। পলিসি গ্রহণের ছয় বছর পর শ্রী রাজনের হৃদযন্ত্রে কিছু সমস্যা হয় এবং তাকে কিছু অস্ত্রপচারের মধ্যে দিয়ে যেতে হয়।শ্রী রাজনের এই সত্যটি বীমাকৃতের কাছে প্রকাশের দরকার নেই।***

অবশ্য যদি পাওনা প্রিমিয়াম না দেওয়ার কারণে পলিসি ব্যর্থ হয় এবং পলিসিধারীর চুক্তি সক্রিয় করার দরকার হয় এবং এটি চালু করতে চাইছে, এরকম সক্রিয়তার সময়, তার কর্তব্য হল সব সত্য যা অত্যাবশ্যক এবং প্রাসঙ্গিক তা প্রকাশ করা। যেন এটি একটি নতুন পলিসি।

**যথাসাধ্য ভাল বিশ্বাস ভঙ্গ**

আমদের এখন পরিস্থিতির বিবেচনা করবে যা যথাসাধ্য ভাল বিশ্বাস ভঙ্গের সঙ্গে জড়িত। এমন লঙ্ঘন অপ্রকাশ বা মিথ্যা বর্ণনার মাধ্যমে উদ্ভূত হয়।

**অপ্রকাশ:** উদ্ভূত হতে পারে যখন বিমাকৃত অত্যাবশ্যক তথ্য সম্পর্কে সাধারণত নীরব থাকেন কারণ বীমাকারী কোনো নির্দিষ্ট তদন্ত উত্থাপিত করেননি। এটি বিমাকৃত দ্বারা উত্থাপিত প্রশ্নের অসরল উত্তরের মাধ্যমে উদ্ভূত হতে পারে। প্রায়ই প্রকাশ হয়ত অবহেলিত হতে পারে (মানে এটা হয়তো কারো জ্ঞান বা উদ্দেশ্য ছাড়াই তৈরি করা হতে পারে) অথবা প্রস্তাবক ভেবেছেন সত্যটি অত্যাবশ্য নয়।

এই ক্ষেত্রে এটি নির্দোষ। একটি সত্য যখন ইচ্ছাকৃতভাবে চাপা হয় তখন তা সংবরণ হিসাবে গণ্য করা হয়। পরেরটির ক্ষেত্রে ছলনার অভিপ্রায় আছে।

**মিথ্যা বর্ণনা:** বীমা কন্ট্র্যাক্টের আপসের সময় কোন বিবৃতিকে উপস্থাপনা বলা হয়। একটি উপস্থাপনা আসলে একটি ঘটনার নির্দিষ্ট বিবৃতি বা বিবৃতির বিশ্বাস, উদ্দেশ্য বা প্রত্যাশা হতে পারে। এই প্রসঙ্গে আশা করা যায় যে ঘটনার যে বিবৃতিটি তা যথেষ্ট সঠিক হবে। যখন উপস্থাপনা আসে যেটি বিশ্বাসের বিষয় বা প্রত্যাশা, যে উদ্বেগ উপস্থাপনা বিষয়ে আসে, এটা ধরে নেওয়া যেতে পারে যে এটি সরল বিশ্বাসে তৈরী করা হয়েছে।

দু'ধরনের মিথ্যা বর্ণনা হতে পারে:

i. **সরল মিথ্যা বর্ণনা** ভুল বিবৃতি, যেগুলো কোনো প্রতারণাপূর্ণ উদ্দেশ্য ছাড়াই তৈরী হয় তার সঙ্গে সম্পর্কিত।
ii. অন্যদিকে **প্রতারণাপূর্ণ মিথ্যা বর্ণনা** বলতে বোঝায় মিথ্যা বিবৃতি যেগুলো বীমাকৃতকে প্রতারণা জন্য ইচ্ছাকৃত অভিপ্রায় করা হয় বা সত্যের যথোচিত প্রসঙ্গ ছাড়াই বেপরোয়াভাবে তৈরি করা হয়।

সাধারণত একটি বীমা কন্ট্র্যাক্ট অকার্যকর হয়ে যায় যখন এখানে প্রতারণা জন্য ইচ্ছাকৃত অভিপ্রায়ের স্পষ্ট ব্যপার থাকে বা যখন এখানে প্রতারণাপূর্ণ মিথ্যা বর্ণন থাকে।

সাম্প্রতিক সংশোধন (মার্চ, ২০১৫) বীমা অধিনিয়ম, ১৯৩৮ এই সব শর্ত সম্বন্ধে কিছু গাইডলাইন আছে যার অধীনে কোনো পলিসির প্রতি জালিয়াতির প্রশ্ন তোলা যেতে পারে। নতুন বিধানগুলি হল এই রকম

<u>জালিয়াতি</u>

জীবন বীমার পলিসির পলিসি শুরু হওয়ার তারিখ বা ঝুঁকি শুরু হওয়ার তারিখ বা পলিসির পুনঃপ্রবর্তনের তারিখ বা পলিসি রাইডারের তারিখ, যা পরে আসে, তার থেকে তিন বছরের মধ্যে যে কোনো সময়ে জালিয়াতির ভিত্তিতে প্রশ্ন তোলা যেতে পারে:

বীমা কোম্পানীর তেমন সিদ্ধান্তের ভিত্তিতে বীমাকারীর উপকরণ ও ভিত্তিতে বীমাকর্তা বা আইনত প্রতিনিধি বা মনোনীত বা অধিকারপ্রাপ্ত প্রতিনিধির সঙ্গে লিখিতভাবে যোগাযোগ করতে হবে।

"জালিয়াতি" শব্দটি নিম্নরূপে সংজ্ঞায়িত ও নির্দিষ্ট করা হয়েছে:

"জালিয়াতি"-র মানে হল বীমাকর্তাকে বঞ্চিত করার উদ্দেশ্যে বা বীমাকর্তাকে প্ররোচিত করে বীমা পলিসি প্রদান করতে বীমাকারী বা তার এজেন্ট দ্বারা কৃত নিম্নলিখিত কার্যকলাপের যে কোনো একটি

(ক) পরামর্শ যা সত্য নয় বা বীমাকৃত সত্য বলিয়া বিশ্বাস করে না
(খ) বীমাকর্তার তথ্য জ্ঞান বা বিশ্বাস দ্বারা সক্রিয়ভাবে তথ্য গোপন করা
(গ) প্রতারণা করতে অন্য যে কোন উপযুক্ত কার্য এবং
(ঘ) যে কোনো তেমন কার্য বা ভ্রান্তি যা আইন বিশেষভাবে প্রতারণাপূর্ণ হিসেবে ঘোষণা করে।

বীমা কোম্পানী দ্বারা ঝুঁকি মূল্যায়নের সম্ভাবিতভাবে প্রভাবিত হওয়ার ঘটনা সম্বন্ধে নিছক নীরবতা জালিয়াতি নয় যদি না মামলার পরিস্থিতি এরকমের না হয় যেমন তাঁর সন্মান করা হয়েছে, কথা বলার মামলাতে নীরবতা পালন বীমাকর্তা বা তাঁর এজেন্টের কর্তব্য অথবা তাঁর নীরবতা, নিজের সঙ্গে কথা বলার সমতুল্য হয়।

কোন বীমাকারী জালিয়াতির ভিত্তিতে বীমা পলিসি অস্বীকার করতে পারে না যদি বীমাকর্তা প্রমাণ করতে পারেন যে বাস্তবিক তথ্যের দমন বা ভুল-বিবৃতি তার জ্ঞান ও বিশ্বাসে সত্য ছিল অথবা সত্য লুকানোর কোন ইচ্ছাকৃত উদ্দেশ্য ছিল না বা এইধরনের বাস্তবিক তথ্যের দমন বা ভুল-বিবৃতি বীমাকারীর অবগতির মধ্যে আছে:

এটি এমনও প্রদান করা যে জালিয়াতির মামলায়, পলিসিধারক জীবিত না থাকলে মিথ্যা প্রমাণ করার দায়িত্ব সুবিধাভোগীর উপর থাকে।

কোনো ব্যক্তি যিনি বীমার চুক্তি আবেদন এবং দর কষাকষি করেন তাঁকে চুক্তি গঠনের উদ্দেশ্যে বলিয়া গণ্য করা যাবে, বীমাকারী এজেন্ট হতে পারে।

## c) বীমাযোগ্য স্বার্থ

'বীমাযোগ্য স্বার্থ' অস্তিত্ব প্রত্যেক বীমা চুক্তির অপরিহার্য উপাদান এবং বীমা জন্য আইনি পূর্বশর্ত হিসেবে বিবেচিত হয়। দেখা যাক বীমা একটি জুয়া বা বাজি চুক্তি থেকে কিভাবে পৃথক।

### i. জুয়া এবং বীমা

তাস খেলা বিবেচনা করা যাক, যেখানে কেউ একজন জিতবেন বা হারবেন। একজন ব্যক্তির শুধুমাত্র বাজি ধরার কারণে লাভ বা ক্ষতি হয়। একজন ব্যক্তি যিনি কোনো স্বার্থ ছাড়াই খেলাটি খেলেন তিনি খেলা জিততে পারেন এইভাবেই খেলার সঙ্গে তিনি সম্পর্কিত। বাজি আইনত বৈধ নয় এবং এই অনুসারে করা কোনো চুক্তি অবৈধ।কেউ যদি তাস খেলার সময় তার বাড়ি বন্ধক রাখে, অন্য পক্ষ তার কার্যোদ্ধারের জন্য আদালতে সরণাপন্ন হতে পারেন না।

এখন একটি বাড়ি এবং তা পুড়ে যাওয়াকে বিবেচনা করা যাক।একজন ব্যক্তি যিনি বাড়ি বীমা করছেন তাঁর  বীমার বিষয়বস্তুর সঙ্গে একটা আইনি সম্পর্ক আছে। তিনি এটির মালিক এবং এটি ধ্বংস বা ক্ষতিগ্রস্ত হলে তার আর্থিকভাবে ভোগান্তি হবে। এই মালিকানা সম্পর্ক অগ্নিকাণ্ড ঘটলে বা না ঘটলেও স্বাধীনভাবে বিদ্যমান, এবং এটি সেই সম্পর্ক যেটি ক্ষতির দিকে নিয়ে যায়।একটি ঘটনা (অগ্নি বা চুরি) নির্বিশেষে ক্ষতিকারক বীমা থাকুক বা না থাকুক।

তাসের মত নয়, যেখানে একজন হয় জিতবে বা হারবে, আগুন বাড়ির মালিকের একটিই পরিণতি ক্ষতি।

মালিক বীমা করেন এটি নিশ্চিত করার জন্য যে ক্ষতিটির কিছু উপায়ে ক্ষতিপূরণ হবে।

বীমাকারীর যে স্বার্থ আছে তাঁর বাড়ির বা তার অর্থের প্রতি তাকে বীমাযোগ্য সুদ বলা হয়।বীমাযোগ্য স্বার্থের উপস্থিতি আইন অনুযায়ী একটি বীমা কন্ট্র্যাক্টকে কার্যকর এবং প্রয়োগযোগ্য করে তোলে।

**উদাহরণ**

শ্রী চন্দ্রশেখর একটি বাড়ির মালিক যার জন্য তিনি ব্যাঙ্ক থেকে 15 লাখ টাকা বাড়ি বন্ধকী ঋণ গ্রহণ করেছেন। নিচের প্রশ্নগুলো বিবেচনা করুন:

- ✓ বাড়ির জন্য তার কি কোনো বীমাযোগ্য স্বার্থ আছে?
- ✓ বাড়ির জন্য কি ব্যাঙ্কের কোনো বীমা স্বার্থ আছে?
- ✓ তার প্রতিবেশীদের কি খবর ?

শ্রী শ্রীনিবাসনের স্ত্রী, দুই বাচ্চাদের এবং বয়স্ক বাবা নিয়ে একটি পরিবার। নিচের প্রশ্নগুলো বিবেচনা করুন:

- ✓ তাদের কল্যানের জন্য তার কি কোনো বীমাযোগ্য স্বার্থ আছে?
- ✓ তাদের কেউ হাসপাতালে গেলে সে আর্থিক ক্ষতিগ্রস্থ হবে?
- ✓ প্রতিবেশীর বাচ্চাদের জন্য কি তার বীমাযোগ্য স্বার্থ আছে?

বীমার বিষয় এবং একটি বীমা চুক্তি বিষয়ের মধ্যে পার্থক্য করা এখানে প্রাসঙ্গিক।

**বীমা বিষয়** সম্পত্তি যাকে বীমা করা হচ্ছে তার সাথে সম্পর্কিত, যার একটি নিজস্ব স্বকীয় মান আছে।

অন্যদিকে একটি বীমা চুক্তির বিষয়বস্তু হল সেই সম্পত্তিতে বীমাকৃতের যেখানে আর্থিক সুদ আছে। এটা শুধুমাত্র হয় যখন বীমাকৃতর সম্পত্তির সুদ যেখানে তার বীমা করার আইনি অধিকার আছে। সঠিক অর্থে বীমা পলিসি শুধুমাত্র সম্পত্তি পূরণ করেনা, কিন্তু বীমাকৃতের সম্পত্তির ওপর আর্থিকসুদও পূরণ করে। সম্পত্তি বীমাযোগ্য স্বার্থ নিজে বাচ্চারা স্ত্রী।

**রেখাচিত্র 3 :** সাধারণ আইন অনুসারে বীমাযোগ্য স্বার্থ



### ii. সময় যখন বীমাযোগ্য স্বার্থ থাকবে

জীবন বীমাতে বীমাযোগ্য স্বার্থ পলিসি গ্রহণ করার সময় উপস্থিত থাকতে হবে। সাধারণ বীমাতে, বীমাযোগ্য স্বার্থ, পলিসি গ্রহণ করার সময় এবং ব্যতিক্রম যেমন নৌবাহিনী সম্পর্কিত পলিসি সময় দাবির, উপস্থিত থাকবে।

## d) সম্ভাব্য কারণ

আইনি নীতির শেষ কারণটি হল সম্ভাব্য কারণ।

সম্ভাব্য কারণ বীমার মূল নীতি এবং আসলে ক্ষয়-ক্ষতি কিভাবে ঘটেছে এবং আদৌ এটি বীমাকৃত বিপদের ফল কিনা তার সাথে সম্পর্কিত। ক্ষতিটি বীমাকৃত বিপদের দ্বারা সৃষ্ট হয় তবে বিমাকৃত দায়ী। অবিলম্ব কারণটি একটি বীমাকৃত বিপদ হলে বিমাকৃত ক্ষতি পূরণ করতে বাধ্য, অন্যথায় নয়।

এই নিয়ম অনুযায়ী, বিমাকৃত উদীয়মান ক্রমাগত ক্ষতি উৎপাদন ঘটনার কারণ অনুসন্ধান করেন। এই যে এটি জরুরী নয় ক্ষতি পূর্বে যে শেষ ঘটনা নাও হতে পারে অর্থাৎ এটি জরুরী নয় যে একটি ঘটনা যেটি নিকটস্থ বা ক্ষতির কারণের জন্য তৎক্ষণাত দায়ী।

অন্যান্য কারণ, যেগুলো সম্ভাব্য কারণ থেকে পৃথক, সেগুলো পরোক্ষ কারণ হিসাবে শ্রেণীবদ্ধ করা যেতে পারে। পরোক্ষ কারণ হয়তো উপস্থিত কিন্তু ঘটনা ঘটানোর জন্য প্রভাবশীল নাও হতে পারে।

**সংজ্ঞা**

***সম্ভাব্য কারণ সংজ্ঞায়িত করা হয় এইভাবে যে এটি সক্রিয় এবং কার্যকর কারণ যা ক্রমাগত ঘটনা তৈরী করে, কোন কোন শক্তির হস্তক্ষেপ ছাড়াই শুরু করে এবং একটি নতুন এবং স্বতন্ত্র উৎস থেকে সক্রিয়ভাবে কাজ করে।***

কিভাবে সম্ভাব্য কারণ নীতির জীবন বীমা চুক্তি ক্ষেত্রে প্রযোজ্য? সাধারণভাবে, যেহেতু জীবন বীমা মৃত্যুর সুবিধা প্রদান করে, মৃত্যুর কারণ সম্পর্কে বিবেচনা না করে, সম্ভাব্য কারণ নীতি প্রযোজ্য হবে না। অবশ্য অনেক জীবন বীমা চুক্তিতে একটি দুর্ঘটনা সুযোগ-সুবিধা আছে যেখানে আকস্মিক মৃত্যুর ঘটনায় আশ্বস্ত অতিরিক্ত মূল্য প্রদান করা হবে। এই পরিস্থিতিতে, কারণ নিরুপণ করা প্রয়োজন - মৃত্যু দুর্ঘটনা ফলে ঘটেছে কিনা। এক্ষেত্রে সম্ভাব্য কারণ নীতি প্রযোজ্য হবে।

## আনুগত্য চুক্তি

আনুগত্য চুক্তি হল সেগুলো যেগুলো যে পক্ষের বৃহত্তর কারবারী সুবিধা আছে সেই পক্ষ খসড়া তৈরী করে এবং অন্য পক্ষকে দেয়, যার শুধুমাত্র চুক্তি গ্রহণ বা প্রত্যাখ্যান করার জন্য সুযোগ থাকে। এখানে বীমা কোম্পানীর চুক্তির শর্তাবলী সংক্রান্ত সব কারবারী ক্ষমতা আছে।

এটি প্রতিরোধ করতে, একটি স্বাধীন-দৃষ্টি মেয়াদ চালু করা হয়েছে, যেখানে পলিসি গ্রহনের ১৫ দিনের মধ্যে পলিসিধারী পলিসি নেওয়ার পর মতভেদের কারণে সেটিকে বাতিল করতে পারেন। কোম্পানিকে লিখিত এবং প্রিমিয়াম কম খরচ এবং মাসুল ফেরত সম্পকে অবগত করতে হবে।

**e. ক্ষতিপূরণ**

ক্ষতিপূরণের নীতিটি সাধারণ বীমার ক্ষেত্রে প্রযোজ্য। **এটির অর্থ হল, পলিসিধারক, যিনি একটি ক্ষতির সম্মুখীন হয়েছেন, তাঁকে এই প্রকারে ক্ষতিপূরণ প্রদান করা যা তাঁকে এই ক্ষতির ঘটনাটির পূর্বের আর্থিক অবস্থানে পুনর্সংস্থাপন করে।** বীমার চুক্তিটি (বীমা পলিসির মাধ্যমে প্রমাণিত) অঙ্গীকার প্রদান করে যে বীমাকৃত ক্ষতির অংকটি পর্যন্ত এবং সেটির অপেক্ষা অনধিক রাশি দ্বারা ক্ষতিপূরণ প্রাপ্ত হবেন।

বীমার মূল সত্যটি হল যে কোন ব্যক্তি তাঁর সম্পদের বীমাকরণের মাধ্যমে লাভবান হতে পারবেন না এবং তাঁর ক্ষতির অপেক্ষা অধিক উদ্ধার করতে পারবেন না। বীমাকারী ক্ষতিটির অর্থনৈতিক মূল্যায়ন করবেন এবং সেই অনুযায়ী ক্ষতিপূরণ প্রদান করবেন।

**উদাহরণ**

রাম তাঁর ১০ লক্ষ টাকা মূল্যের বাড়িটি পূর্ণ অংকের জন্য বীমা করান। অগ্নিকান্ডের জন্য তিনি ৭০০০০ টাকা অংকের ক্ষতির সম্মুখীন হন। বীমা সংস্থা তাঁকে ৭০০০০ টাকার একটি রাশি প্রদান করবে। বীমাকৃত কোন প্রকার অধিকঅর্থের  জন্য দাবি করতে পারবেন না।

এখন এমন একটি পরিস্থিতি বিবেচনা করুন যেখানে সম্পদটি পূর্ণ মূল্যের জন্য বীমাকৃত নয়। সেক্ষেত্রে একজন শুধুমাত্র তাঁর বীমার আনুপাতিক হারেই ক্ষতিপূরণের জন্য অধিকারী হবেন।

ধরে নেওয়া যাক, ১০ লক্ষ টাকা মূল্যের বাড়িটি শুধুমাত্র ৫ লক্ষ টাকা মূল্যের জন্য বীমাকৃত। যদি অগ্নিকান্ডের জন্য ক্ষতিটি ৬০০০০ টাকা হয়, তিনি এই সম্পূর্ণ টাকাটি দাবি করতে পারবেন না। এটি ধরে নেওয়া হবে যে বাড়িটির মালিক শুধুমাত্র অর্ধেক মূল্যের জন্য বীমা গ্রহণ করেছেন এবং তার ফলে তিনি তাঁর ক্ষতির ৫০% (৩০০০০ টাকা)-র দাবির অধিকারী হবেন। এটিকে আন্ডারইনস্যুরেন্স বলা হয়।

***একজন ব্যক্তি কি প্রকারের বীমা গ্রহণ করছেন তার উপর প্রদত্ত ক্ষতিপূরণের পরিমাণটি নির্ভরশীল হয়।***

বেশীরভাগ সাধারণ বীমা পলিসির প্রকারের ক্ষেত্রেই, যেগুলি সম্পত্তি এবং দায় সম্পর্কিত হয়, বীমাকৃতকে ক্ষতির প্রকৃত পরিমাণ, অর্থাৎ, ব্যবহারজনিত ক্ষয়ের মূল্যটি বাদে বর্তমান বাজার দরে বিনষ্ট হওয়া অথবা ক্ষতি হওয়া সম্পদটির পরিপূরণের জন্য প্রয়োজনীয়  অর্থ  পর্যন্তই ক্ষতিপূরণ প্রদান করা হয়।

ক্ষতিপূরণ নিষ্পত্তির জন্য নিম্নলিখিত এক বা অধিক পন্থার অবলম্বন করা হতে পারে :

- ✓ নগদ অর্থ প্রদানকরা
- ✓ একটি ক্ষতিগ্রস্ত উপাদানের সারাই করা
- ✓ বিনষ্ট অথবা ক্ষতিগ্রস্ত হওয়া উপাদানের পরিপূরণ করা
- ✓ পুনঃসংস্থাপন, (পুনর্বহাল) উদাহরণস্বরূপ, অগ্নিকান্ডে ধ্বংসপ্রাপ্ত একটি বাড়ির পুনর্গঠন।

**চিত্র 1 : ক্ষতিপূরণ**




কিন্তু, যখন এমন কিছু বিষয়বস্তু থাকে যেগুলির মূল্য ক্ষতিটি ঘটার সময়ে নির্ধারণ অথবা গণনা করা সম্ভব হয় না। যেমন, একটি সংরক্ষিত পারিবারিক সম্পদ অথবা দূর্লভ শিল্পসামগ্রী যার মূল্য নির্ধারণ করা কঠিন হতে পারে। একই ভাবে, সমুদ্রবীমা পলিসিগুলির ক্ষেত্রে পৃথিবীর অপর প্রান্তে ঘটা একটি জাহাজডুবির দরুণ সম্মুখীন হওয়া ক্ষতির পরিমাণ নির্ধারণ করা কঠিন হয়।

এই প্রকার ঘটনাগুলিতে, স্বীকৃত মূল্য নামে পরিচিত একটি নীতি গ্রহণ করা হয়। বীমা চুক্তির প্রারম্ভে বীমাকারী এবং বীমাকৃত বীমাকরণের জন্য সম্পত্তিটির একটি স্বীকৃত মূল্য স্বীকৃত হন। সম্পূর্ণ ক্ষতির ক্ষেত্রে, বীমাকারী পলিসির স্বীকৃত মূল্যটি প্রদানে অঙ্গীকারবদ্ধ থাকেন। এই প্রকারের পলিসিগুলিকে "স্বীকৃত মূল্য পলিসি" বলা হয়।

f) **সাব্রোগেশন**

ক্ষতিপূরণ প্রদানের নীতিটি থেকে সাব্রোগেশনের উদ্ভব হয়।

সাব্রোগেশনের অর্থ হল, কোন একটি বীমার সঙ্গে সম্পর্কযুক্ত বিষয়ের সকল প্রকার অধিকার এবং প্রতিকারসমূহের বীমাকৃতের থেকে বীমাকারীর প্রতি স্থানান্তকরণ।

অর্থাৎ, যদি কোনা বীমাকৃত ব্যক্তি কোন একজন তৃতীয় পক্ষের অবহেলার কারণে কোন সম্পদের ক্ষতির সম্মুখীন হন এবং সেই ক্ষতিটির জন্য বীমাকারী দ্বারা ক্ষতিপূরণ প্রাপ্ত হয়েছেন, সেক্ষেত্রে অবহেলাকারী পক্ষের নিকট হতে ক্ষতিপূরণ আদায়ের অধিকারটি বীমাকারীর উপর বর্তায়। মনে রাখবেন যে বীমা সংস্থা দ্বারা প্রদত্ত ক্ষতিপূরণের অংকের সমান অংকই শুধুমাত্র ক্ষতিপূরণ হিসাবে আদায় করা যাবে।

**গুরুত্বপূর্ণ**

**সাব্রোগেশন** : এটি হল, বীমা সংস্থা দ্বারা কোন বীমা পলিসির জন্য একটি অবহেলাকারী পক্ষের নিকট হতে ক্ষতিপূরণ আদায় করার একটি প্রক্রিয়া বিশেষ।

***সাব্রোগেশনকে, বীমাকৃতের দ্বারা তার অধিকারসমূহ একটি বীমা সংস্থার, যেটি কোন তৃতীয় পক্ষের বিরুদ্ধে তার দাবির নিষ্পত্তি করেছে, প্রতি ন্যস্ত করা।***

**উদাহরণ**

শ্রী কিশোরের গৃহে ব্যবহার্য সামগ্রীসমূহ সিলভেইন ট্রান্সপোর্ট সার্ভিস দ্বারা পরিবহন করা হচ্ছিল। চালকের অবহেলার কারণে সেগুলি ৪৫০০০ টাকা মূল্যের ক্ষতিগ্রস্ত হয় এবং বীমাকারী শ্রী কিশোরকে ৩০০০০ টাকার একটি রাশি প্রদান করে। এই বীমাটি বীমাকারীর প্রতি সাব্রোগেট হবে শুধুমাত্র ৩০০০০ টাকা পর্যন্ত এবং সেটি সিলভেইন ট্রান্সপোর্টের থেকে আদায়যোগ্য।

***ধরা যাক, দাবির অংকটি ৪৫,০০০ টাকা, বীমাকারী দ্বারা বীমাকৃত ৪০,০০০ টাকা ক্ষতিপূরণ প্রদত্ত হয়েছেন, এবং বীমাসংস্থা সিলভেইন ট্রান্সপোর্টের নিকট হতে ৪৫,০০০ টাকা আদায় করতে পারলেন, তাহলে বীমাকারীকে অবশিষ্ট ৫০০০ টাকা প্রদান করতে হবে।***

এটি বীমাকৃতের দুই বার অর্থ সংগ্রহ প্রতিরোধ করে – একবার বীমাকারী সংস্থাটি থেকে এবং তারপর আবার তৃতীয় পক্ষটি থেকে। শুধুমাত্র ক্ষতিপূরণের চুক্তির ক্ষেত্রেই সাব্রোগেশনের উল্লেখ হতে পারে।

**উদাহরণ**

***একটি বিমান দুর্ঘটনায় শ্রী সুরেশের মৃত্যু হয়। তাঁর পরিবার জীবন বীমা সংস্থার থেকে ৫০ লক্ষ টাকার সম্পূর্ণ বীমার টাকাটি এবং বিমান সংস্থা দ্বারা প্রদত্ত ধরে নেওয়া যাক, ১৫ লক্ষ টাকার ক্ষতিপূরণটি সংগ্রহ করতে পারেন।***

**আত্ম পরীক্ষা 1**

নিম্নলিখিতের মধ্যে কোনটি বলপ্রয়োগ একটি উদাহরণ?

I. রমেশ সূক্ষ্ম মুদ্রণ জ্ঞান ছাড়াই একটি চুক্তি স্বাক্ষর করে
II. মহেশ চুক্তি স্বাক্ষর না করলে রমেশ তাকে মেরে ফেলবে এমন হুমকি দেয়
III. মহেশের কাছ থেকে চুক্তিতে স্বাক্ষর পেতে রমেশ তার পেশাদারী ক্ষমতার ব্যবহার করে
IV. চুক্তিতে মহেশের সাক্ষর পাওয়ার জন্য রমেশ ভুল তথ্য প্রদান করে

*আত্ম পরীক্ষা* **2**

নিম্নলিখিত বিকল্পগুলির মধ্যে কোন বীমাটি রমেশ করতে পারবে না?

I. রমেশের বাড়ি
II. রমেশের স্ত্রী
III. রমেশের বন্ধু
IV. রমেশের মাতা-পিতা

---

**সারাংশ**

- বীমা একটি চুক্তিমূলক সমঝোতা যেখানে বিমাকৃত প্রিমিয়াম হিসাবে পরিচিত একটি মূল্য বা বিবেচনার জন্য নির্দিষ্ট ঝুঁকি বিরুদ্ধে আর্থিক সুরক্ষা প্রদান করতে সম্মত হয়।
- একটি কন্ট্র্যাক্ট পক্ষের মধ্যে আইনে প্রয়োগযোগ্য একটি চুক্তি।
- বৈধ কন্ট্র্যাক্টের অন্তর্ভুক্ত উপাদান:

  i. প্রস্তাব এবং স্বীকৃতি
  ii. বিবেচনা
  iii. অনুরূপ ঐক্যমত,
  iv. অবাধ সম্মতি
  v. পক্ষের ক্ষমতা
  vi. বিষয়বস্তুর বৈধতা

- বীমা কন্ট্র্যক্টের অন্তর্গত বিশেষ বৈশিষ্ট্য হল:

  i. ইউবরিম ফাইডিজ,
  ii. বীমাযোগ্য স্বার্থ,
  iii. সম্ভাব্য কারণ

---

**প্রধান বিষয়সমূহ**

1. প্রস্তাব এবং স্বীকৃতি
2. আইনি বিবেচনা
3. অনুরূপ ঐক্যমত
4. ইউবরিম ফাইডিজ
5. অত্যাবশ্যক তথ্য
6. বীমাযোগ্য স্বার্থ
7. সম্ভাব্য কারণ

---

## আত্ম পরীক্ষার উত্তর

**উত্তর 1**

সঠিক বিকল্পটি হল II

বলপ্রয়োগের উদাহরণ হল মহেশ চুক্তি স্বাক্ষর না করলে রমেশ তাকে মেরে ফেলবে এমন হুমকি দেওয়া।

**উত্তর 2**

সঠিক বিকল্পটি হল **III**

***রমেশের তার বন্ধুর জীবনের উপর কোনো বীমাযোগ্য স্বার্থ নেই তাই বীমা করতে পারবে না।***

## আত্ম-পরীক্ষণ প্রশ্নাবলী

**প্রশ্ন 1**

একটি বৈধ কন্ট্র্যাক্টের কোন উপাদানটি প্রিমিয়ামের সঙ্গে জড়িত?

I. প্রস্তাব এবং স্বীকৃতি
II. বিবেচনা
III. অবাধ সম্মতি
IV. কন্ট্যাক্টের জন্য পক্ষের ক্ষমতা

**প্রশ্ন 2**

_______________ ভুল বিবৃতি সঙ্গে সম্পর্কিত যেটি কোনো প্রতারণার উদ্দেশ্য ছাড়াই তৈরি করা হয়।

I. মিথ্যা বর্ণনা
II. অবদান
III. প্রস্তাব
IV. উপস্থাপনা

**প্রশ্ন 3**

__________________ -এ অপরাধমূলক উপায়ে বল প্রয়োগ জড়িত থাকে।

I. প্রতারণা
II. অনুচিত প্রভাব
III. দমন
IV. ভুল

**প্রশ্ন 4**

নিম্নলিখিতের মধ্যে কোনটি জীবন বীমা চুক্তি ক্ষেত্রে সত্য?

I. সেগুলো মৌখিক চুক্তি, বৈধভাবে প্রয়োগযোগ্য নয়
II. সেগুলো মৌখিক চুক্তি যেগুলো বৈধভাবে প্রয়োগযোগ্য
III. সেগুলো ভারতীয় চুক্তি আইন, ১৮৭২-এর প্রয়োজন অনুযায়ী দুই পক্ষের (বিমাকারী এবং বীমাকৃত) মধ্যে চুক্তি
IV. সেগুলো বাজি চুক্তির অনুরূপ

**প্রশ্ন 5**

নীচের কোন একটি কন্ট্র্যাক্টের জন্য একটি যুক্তিপূর্ণ বিবেচনা নয়?

I. টাকা
II. সম্পত্তি
III. ঘুষ
IV. অলঙ্কার

**প্রশ্ন 6**

নীচের কোন পক্ষটি জীবন বীমা চুক্তিতে প্রবেশ যোগ্য নয়?

I. ব্যবসার মালিক
II. নাবালক
III. গৃহবধূ
IV. সরকারী কর্মচারী

**প্রশ্ন 7**

নীচের কোন কাজটি “ইউবরিম ফাইডিজ” তত্ব প্রদর্শন করে**?**

I. বীমা প্রস্তাব ফর্মে স্বাস্থ্য সংক্রান্ত অবস্থা সম্পর্কে মিথ্যা বলা
II. একটি বীমা প্রস্তাব ফর্মে পরিচিত গুরুত্বপূর্ণ ঘটনা প্রকাশ না করা
III. একটি বীমা প্রস্তাব ফর্মে পরিচিত গুরুত্বপূর্ণ ঘটনা প্রকাশ করা
IV. সময়ে প্রিমিয়াম পরিশোধ করা

**প্রশ্ন 8**

বীমাযোগ্য স্বার্থের ক্ষেত্রে নিচের কোনটি সঠিক নয়?

I. পিতা তার পুত্রের বীমা নীতি গ্রহণ
II. স্বামী-স্ত্রীর এক অপরের বীমা গ্রহণ
III. বন্ধুদের এক অপরের বীমা গ্রহণ
IV. মালিকতার কর্মীদের উপর বীমা গ্রহণ

**প্রশ্ন 9**

কখন জীবন বীমার ক্ষেত্রে বীমাযোগ্য স্বার্থ উপস্থিত থাকা অপরিহার্য?

I. বীমা গ্রহণের সময়
II. দাবী করার সময়

III. জীবন বীমার ক্ষেত্রে বীমাযোগ্য স্বার্থ অপ্রয়োজনীয়
IV. হয় পলিসি কেনার সময় অথবা দাবী করার সময়

**প্রশ্ন 10**

নিম্নলিখিত দৃশ্যে মৃত্যুর জন্য সম্ভাব্য খুঁজে বার করুন?

অজয় ঘোড়া থেকে পড়ে যায় এবং তাঁর মেরুদণ্ড ভেঙ্গে যায়। সে পুলের জলে পড়ে থাকে এবং নিউমোনিয়া হয়ে যায়। তাকে হাসপাতালে ভর্তি করা হয় এবং নিউমোনিয়ার কারণে তার মৃত্যু হয়।

I. নিউমোনিয়া
II. ভাঙ্গা মেরুদণ্ড
III. ঘোড়া থেকে পড়ে যাওয়া
IV. অস্ত্রোপচার

---

**আত্ম-পরীক্ষণ প্রশ্নের উত্তর**

**উত্তর 1**

সঠিক বিকল্পটি হল **II.**

প্রিমিয়ামের সঙ্গে জড়িত, একটি বৈধ কন্ট্র্যাক্টের উপাদানটি হল বিবেচনা।

**উত্তর 2**

সঠিক বিকল্পটি হল I.

মিথ্যা বর্ণন ভুল বিবৃতি সঙ্গে সম্পর্কিত যেটি কোনো প্রতারণার উদ্দেশ্য ছাড়াই তৈরি করা হয়।

**উত্তর 3**

সঠিক বিকল্পটি হল III.

দমনে অপরাধমূলক উপায়ে বল প্রয়োগ জড়িত থাকে।

**উত্তর 4**

সঠিক বিকল্পটি হল III

জীবন বীমা চুক্তি হল ভারতীয় চুক্তি আইন, ১৮৭২-এর প্রয়োজন অনুযায়ী দুই পক্ষের (বিমাকারী এবং বীমাকৃত) মধ্যে চুক্তি।

**উত্তর 5**

সঠিক বিকল্পটি হল III.

ঘুষ একটি কন্ট্র্যাক্টের জন্য একটি যুক্তিপূর্ণ বিবেচনা নয়।

**উত্তর 6**

সঠিক বিকল্পটি হল II.

নাবালকরা জীবন বীমা চুক্তিতে প্রবেশ যোগ্য নয়।

**উত্তর 7**

সঠিক বিকল্পটি হল III.

বীমা প্রস্তাব ফর্মে পরিচিত গুরুত্বপূর্ণ ঘটনা প্রকাশ করা “ইউবরিম ফাইডিজ” তত্ব প্রদর্শন করে।

**উত্তর 8**

সঠিক বিকল্পটি হল III.

বন্ধুরা কোন বীমাযোগ্য স্বার্থ উপস্থিত না থাকার জন্য অন্য কারো বীমা গ্রহণ করতে পারে না।

**উত্তর 9**

সঠিক বিকল্পটি হল I.

জীবন বীমার ক্ষেত্রে বীমা গ্রহণ সময় বীমাযোগ্য কোনো স্বার্থ থাকতে হবে।

**উত্তর 10**

সঠিক বিকল্পটি হল III.

***ঘোড়া থেকে পড়ে যাওয়াই অজয়ের মৃত্যুর জন্য সম্ভাব্য কারণ।***

# অধ্যায় 2
# স্বাস্থ্য বীমা

# অধ্যায় 6

# স্বাস্থ্য বীমার ভূমিকা

অধ্যায়ের ভূমিকা

যত সময় যাচ্ছে বীমার কীভাবে বিবর্তন হচ্ছে সেই সম্পর্কে এই অধ্যায়ে আপনাকে বলা হবে। স্বাস্থ্য পরিষেবা কী, স্বাস্থ্য পরিষেবার স্তর ও স্বাস্থ্য পরিষেবার ধরন সম্পর্কেও আপনাকে বুঝিয়ে দেওয়া হবে। ভারতের স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থা ও কোন কোন বিষয়গুলি তাকে প্রভাবিত করে সে সম্পর্কে আপনি জানতে পারবেন। পরিশেষে, এই অধ্যায়ে আপনাকে ব্যাখ্যা করে বুঝিয়ে দেবে ভারতে কীভাবে স্বাস্থ্য বীমা বিকশিত হচ্ছে এবং ভারতে স্বাস্থ্য বীমা বাজারের বিভিন্ন কোম্পানি সম্পর্কেও আপনাকে জানানো হবে।

**শিক্ষার ফলাফল**

A. স্বাস্থ্য পরিষেবা কী
B. স্বাস্থ্য পরিষেবার স্তর
C. স্বাস্থ্য পরিষেবার ধরন
D. ভারতের স্বাস্থ্য ব্যবস্থায় প্রভাবকারী বিষয়গুলি
E. স্বাস্থ্য পরিষেবা-স্বাধীনতার সময় থেকে অগ্রগতি
F. স্বাস্থ্য বীমার বাজার

এই অধ্যায় পড়ার পর, আপনি সক্ষম হবে:

1. বীমার কীভাবে বিকাশ হচ্ছে, তা বুঝতে।
2. স্বাস্থ্য পরিষেবার ধারণা এবং স্বাস্থ্য পরিষেবার ধরন ও স্তর ব্যাখ্যা করতে।
3. ভারতে স্বাস্থ্য পরিষেবায় প্রভাবকারী বিষয়গুলি ও স্বাধীনতার পর যা অগ্রগতি হয়েছে তা উপলব্ধি করতে।
4. ভারতে স্বাস্থ্য বীমার বিবর্তন নিয়ে আলোচনা করতে।
5. ভারতের স্বাস্থ্য বীমার বাজার জানতে।

## A. স্বাস্থ্য পরিষেবা কী

''স্বাস্থ্যই সম্পদ'', এই কথা আপনারা শুনেছেন। কিন্তু কখনও কি জানার চেষ্টা করেছেন স্বাস্থ্য বলতে বাস্তবে কী বোঝায়? 'স্বাস্থ্য' বা 'হেল্থ' শব্দটি এসেছে 'হোয়েল্থ' শব্দ থেকে, যার মানে হলো 'শরীরের সুস্থতা'।

প্রাচীন কালে স্বাস্থ্যকে 'স্বর্গীয় উপহার' বলে বিবেচনা করা হতো এবং বিশ্বাস করা হতো, অসুস্থতা হলো সংশ্লিষ্ট ব্যক্তির কৃত পাপের ফল। হিপোক্র্যাটস (460 থেকে 370 খ্রীষ্ট-পূর্বাব্দ)-ই প্রথম অসুস্থতার পেছনের কারণগুলি সামনে নিয়ে আসেন। তাঁর কথা অনুযায়ী, অসুখ নানা কারণে হতে পারে, তারসঙ্গে পরিবেশ, নিকাশী, ব্যক্তিগত পরিষ্কার-পরিচ্ছন্নতা ও খাদ্যাভ্যাসের সম্পর্ক থাকতে পারে।

হিপোক্র্যাটসের আগে বহু শতাব্দী ধরেই চালু ছিল ভারতীয় আয়ুর্বেদ ব্যবস্থা, আয়ুর্বেদে স্বাস্থ্যকে চারটি তরল: রক্ত, হলুদ পিত্ত, কালো পিত্ত ও শ্লেষ্মার একটা সূক্ষ্ম ভারসাম্য হিসেবে বিবেচনা করা হয় এবং মনে করা হয় এই তরল পদার্থগুলির মধ্যে ভারসাম্যহীনতার কারণেই অসুখ হয়। ভারতীয় চিকিৎসার জনক সুশ্রুতের জটিল অস্ত্রোপচারের কৃতিত্ব রয়েছে, সেইসময়ে পাশ্চাত্যে এই অস্ত্রোপচারের ধারণা একেবারেই অজানা ছিল।

সময়ের সাথে সাথে আধুনিক চিকিৎসাবিজ্ঞান এক জটিল বিজ্ঞানে বিবর্তিত হয়েছে এবং আধুনিক চিকিৎসা কেবলমাত্র আর অসুস্থতার চিকিৎসাতেই থেমে না থেকে বরং তার মধ্যে অন্তর্ভুক্ত হয়েছে রোগ প্রতিরোধ ও জীবনের মানোন্নয়নও। **1948** সালে বিশ্ব স্বাস্থ্য সংস্থা স্বাস্থ্যের যে সংজ্ঞা দিয়েছে সেটাই একটি সর্বজনগ্রাহ্য সংজ্ঞা; এতে বলা হয়েছে, ''স্বাস্থ্য হলো পূর্ণাঙ্গ শারীরিক, মানসিক, ও সামাজিক কল্যাণের একটি পরিস্থিতি এবং তা নিছকই রোগের অনুপস্থিতি নয়।'' এটাই লক্ষ্য করার যে আয়ুর্বেদের মতো ভারতীয় চিকিৎসা ব্যবস্থা প্রাচীন কাল থেকেই স্বাস্থ্যের এই পূর্ণাঙ্গ রূপকেই একত্রীভূত করেছে।

সংজ্ঞা

বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হু): স্বাস্থ্য হলো পূর্ণাঙ্গ শারীরিক, মানসিক, ও সামাজিক কল্যাণের একটি পরিস্থিতি এবং তা নিছকই রোগের অনুপস্থিতি নয়।

---

### স্বাস্থ্যের নির্ধারক

সাধারণভাবে মনে করা হয়ে থাকে নিম্নলিখিত বিষয়গুলিই কোনো স্বতন্ত্র ব্যক্তির স্বাস্থ্য নির্ধারণ করে:

#### a) লাইফস্টাইল সংক্রান্ত বিষয়

লাইফস্টাইল সংক্রান্ত বিষয়গুলির মধ্যে সেগুলিই পড়ে যার বেশিরভাগেরই নিয়ন্ত্রণ থাকে সংশ্লিষ্ট ব্যক্তির হাতে যেমন সীমার মধ্যে ব্যায়াম করা ও খাওয়াদাওয়া, দুশ্চিন্তা দূর করা ও সুস্বাস্থ্যকর বিষয় পছন্দ করা; এবং ধূমপান, মাদক সেবন, অসুরক্ষিত যৌন সম্পর্ক ও শুধু বসে থাকার মতো লাইফস্টাইল (ব্যায়াম ছাড়া)-এর মতো কু-অভ্যাস ও খারাপ লাইফস্টাইল থেকে ক্যান্সার, এইডস, হাইপারটেনশন ও ডায়াবেটিসের মতো রোগের ঝুঁকি থাকে।

এই ধরনের আচরণ নিয়ন্ত্রণ করতে (যেমন মাদক সেবনের জন্য জামিন-অযোগ্য কারাবাসের দণ্ড দিয়ে, তামাকজাত পণ্যে চড়া হারে কর চাপিয়ে) সরকার যদিও গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়, কিন্তু লাইফস্টাইল সংক্রান্ত বিষয় থেকে আসা রোগগুলি নিয়ন্ত্রণ করে সিদ্ধান্তকারী ভূমিকা পালন করা একজন ব্যক্তিগত দায়িত্বই।

**b) পরিবেশগত বিষয়**

স্বাস্থ্যের জন্য নিরাপদ পানীয় জল, নিকাশী ও পুষ্টি হলো অত্যন্ত গুরুত্বপূর্ণ, এগুলির অভাবে বিশ্বজুড়েই, বিশেষ করে উন্নয়নশীল দেশগুলিতেই স্বাস্থ্য সংক্রান্ত গুরুতর সমস্যা তৈরি হচ্ছে। ইনফ্লুয়েঞ্জা, চিকেন পক্স প্রভৃতির মতো সংক্রামক ব্যাধি ছড়িয়ে পড়ে অপরিষ্কার ও অপরিচ্ছন্নতার কারণে, ম্যালেরিয়া ও ডেঙ্গুর মতো রোগ ছড়ায় খারাপ নিকাশী পরিবেশের জন্য, কিছু রোগের কারণ আবার একেবারের পরিবেশগত বিষয় যেমন, কারখানায় কাজ করেন যে শ্রমিকরা তাঁদের পেশাগত ঝুঁকির কারণে রোগের সম্ভাবনা বেশি থাকে, যেমন অ্যাসবেস্টস তৈরির কারখানায় কর্মরত শ্রমিক। আবারকয়লা খনির শ্রমিকদের থাকে ফুসফুসের রোগ হওয়ার সম্ভাবনা।

**c) জিনগত বিষয়**

জিনের মাধ্যমে বাবা-মা'র থেকে সন্তানদের মধ্যে রোগ চলে যেতে পারে। এই ধরনের জিনগত কারণ থেকে দুনিয়াজুড়ে মানুষের মধ্যে জাতি, ভৌগোলিক অবস্থান ও এমনকি সম্প্রদায়ের ভিত্তিতেও ভিন্ন ভিন্ন রোগের প্রবনতা দেখা যায়।

স্পষ্টতই একটা দেশের সামাজিক ও অর্থনৈতিক সেই দেশের মানুষের স্বাস্থ্যের উপর নির্ভর করে। একটা সুস্থ জনগণ শুধুমাত্র অর্থনৈতিক কার্যকলাপে উৎপাদনশীল শ্রমশক্তিরই যোগান দেয়, তাই নয়, তাছাড়াও ভারতের মতো উন্নয়নশীল দেশের পক্ষে যে সব অতি গুরুত্বপূর্ণ তেমন মূল্যবান সম্পদ বাঁচায়। একটা ব্যক্তিগত স্তরে, অসুস্থ শরীরের কারণ্ রুটিরুজির লোকসান হতে পারে, দৈনন্দিন আবশ্যিক কাজগুলি করতে অসুবিধা হতে পারে এবং মানুষকে দারিদ্র্যের দিকে ঠেলে দেয়, এমনকি আত্মহত্যার দিকেও ঠেলে দেয়।

তাই বিশ্বজুড়েই সরকার তার দেশের মানুষের সুস্থতা ও স্বাস্থ্য পরিষেবায় বেশ কিছু পদক্ষেপ নেয় এবং এটাই নিশ্চিত করে যাতে সমস্ত নাগরিকের কাছে স্বাস্থ্য পরিবারের সুযোগ পৌঁছাতে পারে ও তা নাগালের মধ্যে থাকে।

এতে একটাই প্রশ্ন উঠে আসে যে বিভিন্ন পরিস্থিতির জন্য কি ভিন্ন ভিন্ন ধরনের স্বাস্থ্য পরিষেবার প্রয়োজন।

## B. স্বাস্থ্য পরিষেবার স্তর

স্বাস্থ্য পরিষেবা আর কিছুই নয়, এটা হলো মানুষের স্বাস্থের উন্নতি, তা বজায় রাখা, তাতে নজর দেওয়া বা সেই স্বাস্থ্যের পুনরুদ্ধার করতে সরকার সহ বিভিন্ন এজেন্সি ও প্রদানকারীর দেওয়া একগুচ্ছ পরিষেবা। স্বাস্থ্য পরিষেবাকে কার্যকরী হতে হলে অবশ্যই তা হতে হবে

- মানুষের চাহিদার উপযুক্ত
- সমন্বিত
- পর্যাপ্ত
- সহজলভ্য
- সামর্থ্যের মধ্যে

মানুষের স্বাস্থ্য জনে জনে আলাদা হয়। সব ধরনের স্বাস্থ্য সমস্যার জন্য একই ধরনের পরিকাঠামো বানানো সম্ভবও নয় আবার তার প্রয়োজনও নেই। স্বাস্থ্য পরিচর্যার সুবিধা হওয়া উচিত জনসংখ্যা যে যে রোগগুলি বেশি ঘটছে বা যার সম্ভাবনা বেশি সেই অনুযায়ী। যেমন, এক বছরে একজন মানুষের অনেকবার জ্বর হতে পারে, ঠাণ্ডা লাগতে পারে, সর্দি হতে পারে, ত্বকে অ্যালার্জি হতে পারে, তবে ঠাণ্ডা লাগা বা সর্দি কাশি হওয়ার তুলনায় তাঁর হেপাটাইটিস বি–তে ভোগার সম্ভবান কম।

একইভাবে, ওই একই ব্যক্তির হেপাটাইটিস বি–এর তুলনায় ক্যানসার বা হৃদরোগের মতো জটিল অসুখে ভোগার সম্ভাবনাও কম। তাই যে কোনো জায়গায় তা সে গ্রাম হোক, বা জেলা কিংবা একটা রাজ্য, সেখানে স্বাস্থ্য পরিষেবার সুবিধাগুলি সেই এলাকার বিভিন্ন স্বাস্থ্য পরিষেবা বিষয় যাকে সূচক বলা হয় তার ভিত্তিতে হওয়া উচিত, যেমন:

- ✓ জনসংখ্যার পরিমাণ
- ✓ মৃত্যু হার
- ✓ অসুস্থতার হার
- ✓ অক্ষমতার হার
- ✓ মানুষের সামাজিক ও মানসিক স্বাস্থ্য
- ✓ পরিবেশগত বিষয় যেমন যদি সেই জায়গাটা একটা খনি এলাকা হয় অথবা এক শিল্পাঞ্চল
- ✓ সম্ভাব্য স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারী ব্যবস্থা যেমন হার্টের ডাক্তার হয়তো একটা গ্রামে পাওয়া যাবে না কিন্তু জেলা সদরে থাকতে পারে
- ✓ কতটা স্বাস্থ্য পরিচর্যা ব্যবস্থা ব্যবহৃত হতে পারে
- ✓ আর্থ–সামাজিক বিষয় যেমন সামর্থ্য

উপরের বিষয়গুলির ভিত্তিতে সরকার প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্তরের স্বাস্থ্য পরিচার্যা কেন্দ্র বানানো ও অন্যান্য পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত নেয় যাতে জনগণের কাছে উপযুক্ত স্বাস্থ্য পরিষেবা উপলব্ধ হয় এবং তা সামর্থ্যের মধ্যে থাকে।

## C. *স্বাস্থ্য পরিষেবার ধরন*

স্বাস্থ্য পরিষেবাকে বিস্তৃতভাবে নিম্নরূপে ভাগ করা যায়:

### 1. প্রথম স্বাস্থ্য পরিষেবা

প্রাথমিক স্বাস্থ্য পরিষেবা বলতে সেই পরিষেবাগুলিকে বোঝায় যা ডাক্তার, নার্স ও অন্যান্য ছোট ক্লিনিক দিয়ে থাকে, অসুখ করলে রোগীরা প্রথমে এখানেই যোগাযোগ করেন। এই কারণেই এটাকে প্রথম স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী বলা হয় কারণ একটা স্বাস্থ্য ব্যবস্থার মধ্যে সমস্ত রোগীর প্রথম যোগাযোগ কেন্দ্র এটাই।

উন্নত দেশে, এই প্রথম স্বাস্থ্য পরিষেবাতেই আরো নজর দেওয়া হয় যাতে স্বাস্থ্য সমস্যাটা আরো ছড়িয়ে পড়া, জটিল হওয়া ও দীর্ঘস্থায়ী বা তীব্র হওয়ার আগেই তা সামাল দেওয়া যায়। প্রথম স্বাস্থ্য পরিচর্যা প্রতিষ্ঠান সুরক্ষামূলক স্বাস্থ্য পরিষেবা, টীকাকরণ, সচেতনতা, মেডিক্যাল পরামর্শ প্রভৃতির উপরও নজর দেয় এবং যখন দরকার পড়ে তখন পরবর্তী পর্যায়ের বিশেষজ্ঞের কাছে রোগীকে পাঠায়।

উদাহরণস্বরূপ, যদি একজন জ্বরের জন্য একজন ডাক্তারের কাছে যান এবং প্রথম রোগনির্ণয়েই ডেঙ্গু জ্বরের ইঙ্গিত থাকে, সেই প্রথম স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী তাঁকে কিছু ওষুধ প্রেসক্রাইব করবেন তবে বিশেষ চিকিৎসার জন্য সেই রোগীকে একটা হাসপাতালে ভর্তির জন্য পাঠাতেও পারেন। বেশিরভাগ প্রথম পরিচর্যার ক্ষেত্রে চিকিৎসক একজন 'পারিবারিক চিকিৎসকের' মতো কাজ করেন, যাঁর কাছে ছোটখাটো যে কোনো অসুখবিসুখের জন্য পরিবারের সকলেই গিয়ে থাকেন।

এই পদ্ধতিটি চিকিৎসককে জিনগত বিষয়ের ভিত্তিতে উপসর্গের জন্য পরামর্শ দিতেও সাহায্য করে এবং তাঁকে উপযুক্ত মেডিক্যাল পরামর্শ দিতে সুবিধা করে দেয়। উদাহরণস্বরূপ, বাবা-মা'র ডায়াবেটিস থাকলে চিকিৎসক একজন রোগীকে অল্প বয়স থেকেই যতটা সম্ভব ডায়াবেটিস এড়ানোর মত লাইফস্টাইলের প্রতি নজর দিতে বলবেন।

একটা দেশের স্তরে, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্র সরকারী ও বেসরকারী কেউ বানিয়ে থাকে। সরকারী প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্র তৈরি হয় জনসংখ্যার ভিত্তিতে এবং কোনো না কোনো আকারে তা গ্রাম স্তর পর্জন্ত থাকে।

### 2. দ্বিতীয় স্বাস্থ্য পরিষেবা

দ্বিতীয় স্বাস্থ্য পরিষেবা বলতে বোঝায় কোনো মেডিক্যাল বিশেষজ্ঞ বা অন্য কোনো স্বাস্থ্য পেশাজীবীর দেওয়া স্বাস্থ্য পরিষেবা যাঁর সাধারণত রোগীর সঙ্গে প্রথম সাক্ষাৎ নয়। এর মধ্যে একটা গুরুতর অসুখের জন্য একটা স্বল্প সময়ের জন্য তীক্ষ্ণ চিকিৎসার প্রয়োজনীয়তাও রয়েছে, প্রায়শই (তবে অপরিহার্য নয়) ইন-পেশেন্ট হিসেবে থাকতে হয়, এর মধ্যে ইন্টেন্সিভ কেয়ার সার্ভিস, অ্যাম্বুলেন্সের সুবিধা, প্যাথলজি, ডায়াগনোসিস ও অন্যান্য মেডিক্যাল পরিষেবা অন্তর্ভুক্ত।

বেশিরভাগ সময়েই প্রথম স্বাস্থ্য পরিষেবা প্রদানকারী / প্রাথমিক চিকিৎসকই দ্বিতীয় পরিচার্যাকারীর কাছে রোগীকে পাঠান। কিছু ক্ষেত্রে এই দ্বিতীয় পরিচার্যাকারী সমন্বিত পরিষেবা দেওয়ার জন্য একটা 'ইন-হাউস' প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্র চালিয়ে থাকেন।

বেশিরভাগ ক্ষেত্রেই, জনসংখ্যার মাপ অনুসারে দ্বিতীয় পরিচার্যাকারী তালুক / ব্লক স্তরে হাজির থাকে।

### ৩. তৃতীয় স্বাস্থ্য পরিষেবা

তৃতীয় স্বাস্থ্য পরিষেবা হলো বিশেষ পরামর্শমূলক স্বাস্থ্য পরিষেবা, সাধারণত এটা হলো ইনপেশেন্টদের জন্য এবং প্রথম বা দ্বিতীয় পরিচর্যাকারীদের পাঠানো রোগীদের জন্য। তৃতীয় স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীরা থাকে মূলত রাজ্য রাজধানী ও কিছু জেলা সদরে।

তৃতীয় স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীর উদাহরণ হলো যাঁদের কাছে দ্বিতীয় স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীর সুযোগের থেকেও উন্নত মেডিক্যাল সুবিধা ও মেডিক্যাল পেশাজীবী রয়েছে। যেমন অঙ্কোলজি (ক্যানসারের চিকিৎসা), অঙ্গ প্রতিস্থাপনের সুবিধা, অতি ঝুঁকির প্রসবের জন্য বিশেষজ্ঞ প্রভৃতি।

এটা লক্ষ্য করতে হবে যে পরিচর্যার স্তর বেড়ে যাওয়ার ফলে পরিচর্যার সঙ্গে জড়িত খরচও বেড়ে যায়। মানুষ যেখানে প্রথম পরিচর্যার জন্য আপেক্ষিকভাবে সহজেই খরচ বহন করতে পারেন, দ্বিতীয় পর্যায়ে গেলে সেই খরচ বহন তাঁদের পক্ষে কষ্টের হয় এবং যখন সেটা তৃতীয় পর্যায়ে আসে সেই খরচ বহন আরও বেশি কঠিন হয়ে পড়ে। এক দেশ থেকে আরেক দেশ, গ্রাম থেকে শহরে পরিচর্যার বিভিন্ন স্তরের জন্য পরিকাঠামোও ভিন্ন ভিন্ন হয়, সেখানে এর উপর আর্থ-সামাজিক প্রভাবও কাজ করে।

## D. *ভারতের স্বাস্থ্য ব্যবস্থায় প্রভাবকারী বিষয়গুলি*

ভারতীয় স্বাস্থ্য ব্যবস্থা বহু সমস্যা ও চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে এবং লাগাতার সেই সমস্যা চলেছে। এগুলি স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থার চৌহদ্দি ও প্রকৃতিতে প্রভাবিত করেছে এবং ব্যক্তিগত স্তর ও কাঠামোগত স্তরে স্বাস্থ্য পরিষেবা সংস্থার চাহিদাতেও প্রভাব ফেলেছে। নিচে এগুলি নিয়েই আলোচনা করা হলো:

**1. ডেমোগ্রাফিক বা জনসংখ্যা সম্পর্কিত প্রবনতা**

a) বিশ্বে দ্বিতীয় বৃহত্তম জনসংখ্যার দেশ হলো ভারত।

b) এটা আমাদের জনসংখ্যার বৃদ্ধির সঙ্গে সম্পর্কিত সমস্যার মুখোমুখি দাঁড় করিয়েছে।

c) দারিদ্র্যের স্তরও চিকিৎসার জন্য মানুষের খরচ করার ক্ষমতায় প্রভাব ফেলেছে।

**2. সামাজিক প্রবনতা**

a) নগরায়ন বৃদ্ধি বা গ্রাম থেকে মানুষ শহর এলাকায় চলে আসায় স্বাস্থ্য পরিষেবা দেওয়ার ক্ষেত্রে চ্যালেঞ্জ হিসেবে দেখা দিয়েছে।

b) মূলত চিকিৎসার সুবিধার অভাবের পাশপাশি তার জন্য সাধ্যের অভাবের কারণে গ্রামীণ এলাকায় স্বাস্থ্য একটা সমস্যা।

c) আরো বসে থাকার মতো লাইফস্টাইলের দিকে চলে যাওয়ায় নিজেদের ব্যায়ামের চাহিদা কমে গিয়ে ডায়াবেটিস ও উচ্চ রক্ত চাপের মতো নতুন ধরনের রোগের প্রবনতা বেড়ে চলেছে।

**3. আয়ু**

a) আয়ু বলতে বোঝায় আজকে যে শিশু জন্মাচ্ছে তার কত বছর বেঁচে থাকার আশা রয়েছে, সেটাই।

b) স্বাধীনতার সময় এই আয়ু ছিল 30বছর, এখন সেটাই বেড়ে হয়েছে 60বছর, তবে দীর্ঘ আয়ুর গুণমান সম্পর্কিত বিষয়গুলিতে নজর দেওয়া হয়নি।

c) এটাই 'সুস্থ আয়ু'র একটা নতুন ধারণ নিয়ে এসেছে।

d) এর জন্য প্রয়োজন 'বয়স্ক' (বৃদ্ধ বয়স সম্পর্কিত) অসুখের জন্য পরিকাঠামো তৈরি।

## E. স্বাস্থ্য পরিষেবা-স্বাধীনতার সময় থেকে অগ্রগতি

স্বাস্থ্য পরিষেবার নীতি সংক্রান্ত সিদ্ধান্ত নেওয়ার ব্যস্ততার মধ্যেও সরকার স্বাস্থ্য বীমা প্রকল্প নিয়ে এসেছে। কেবলমাত্র তারপরই বীমা কোম্পানিগুলি তাদের নিজস্ব স্বাস্থ্য বীমা পলিসি নিয়ে এসেছে। এখানে ব্যাখ্যা করা হলো ভারতে কীভাবে স্বাস্থ্য বীমার বিকাশ ঘটেছে:

### a) এমপ্লয়িজ স্টেট ইনসুরেন্স স্কিম

অন্যদিকে, **যে শব্দগুলির একটা সাধারণ ব্যাবসায়িক বা বাণিজ্যিক অর্থ থাকে এখানেও সেই অর্থই ফুটে উঠবে যদি না বাক্যের বিষয়বস্তু অন্য কিছু ইঙ্গিত করে।** আইন দ্বারা সংজ্ঞায়িত শব্দগুলির সংজ্ঞাও আইন অনুযায়ী সংজ্ঞার অর্থই হবে।

বীমা পলিসিগুলিতে ব্যবহৃত বহু শব্দই পূর্ববর্তী আইনী রায় থেকে নেওয়া যা সাধারণভাবে প্রযোজ্য হবে। আবার, একটা উচ্চতর আদালতের রায়ও নিম্ন আদালতের রায়ের উপর সীমাবদ্ধ থাকবে। টেকনিকাল শব্দগুলিই অবশ্যই তাদের টেকনিকাল অর্থই দেবে, যদি না চুক্তিতে অন্য কোনো ইঙ্গিত থাকে।

---

## I. *রিনিউয়াল নোটিস*

**বেশিরভাগ নন-লাইফ বীমা পলিসিগুলিই বার্ষিক ভিত্তিতে ইস্যু করা হয়।**

একটা বিশেষ দিনে তাঁর পলিসির মেয়াদ শেষ হয়ে যাচ্ছে একথা বীমাকৃতকে জানানোর বিষয়ে বীমাকারীর তরফে কোনো আইনী বাধ্যবাধকতা নেই। যদিও, সৌজন্য ও সুস্থ ব্যবসায়িক রীতি হিসেবে বীমাকারী পলিসির রিনিউয়াল আহ্বান করে মেয়াদ শেষ হওয়ার আগে আগাম একটা রিনিউয়াল নোটিস ইস্যু করে। সেই নোটিসে পলিসির যাবতীয় প্রাসঙ্গিক বিবরণ দেওয়া থাকে যেমন বীমাকৃত রাশি, বার্ষিক প্রিমিয়াম প্রভৃতি। এর সঙ্গে একটা নোট অন্তর্ভুক্ত করাও রীতি যেখানে বীমাকৃতকে পরামর্শ দেওয়া হয় যে ঝুঁকির কোনো রকম বস্তুগত পরিবর্তন হলে তা তাঁর জানানো উচিত।

বীমাকৃতের মনোযোগ সেই বিধিবদ্ধ শর্তের দিকেও আকর্ষণ করা হয় যে প্রিমিয়াম আগাম জমা না পড়লে কোনো ঝুঁকির দায়িত্বই নেওয়া যায় না।

**নিজেকে যাচাই 7**

রিনিউয়াল নোটিস সম্পর্কে নিচের বিবৃতিগুলির মধ্যে কোনটি সঠিক?

I. বিধি অনুযায়ী, পলিসির মেয়াদ শেষ হওয়ার 30দিন আগে বীমাকৃতকে একটা রিনিউয়াল নোটিস পাঠানোর আইনী বাধ্যবাধকতা থাকে বীমাকারীর

II. বিধি অনুযায়ী, পলিসির মেয়াদ শেষ হওয়ার 15দিন আগে বীমাকৃতকে একটা রিনিউয়াল নোটিস পাঠানোর আইনী বাধ্যবাধকতা থাকে বীমাকারীর

III. বিধি অনুযায়ী, পলিসির মেয়াদ শেষ হওয়ার 7দিন আগে বীমাকৃতকে একটা রিনিউয়াল নোটিস পাঠানোর আইনী বাধ্যবাধকতা থাকে বীমাকারীর

IV. বিধি অনুযায়ী, পলিসির মেয়াদ শেষ হওয়ার আগে বীমাকৃতকে একটা রিনিউয়াল নোটিস পাঠানোর কোনো আইনী বাধ্যবাধকতা নেই বীমাকারীর

## J. ***মানি লন্ডারিং বিরোধী এবং 'নো ইওর কাস্টোমার' বা 'আপনার গ্রাহককে জানুন' নির্দেশিকা***

অপরাধীরা বেআইনী কার্যকলাপের মাধ্যমে পাওয়া অর্থ যে প্রক্রিয়ার মাধ্যমে আইনী অর্থে পরিণত করতে চায় তাকে বলা হয় মানি লন্ডারিং।

মানি লন্ডারিং হলো সেই প্রক্রিয়া যার মাধ্যমে অপরাধীরা প্রকৃত উৎস ও অপরাধমূলক কার্যকলাপ প্রক্রিয়ার মালিকানা গোপন রেখে তহবিল হস্তান্তর করে। এই প্রক্রিয়ার মাধ্যমে, অর্থ তার অপরাধ সত্বা খুইয়ে বৈধ হিসেবে দৃশ্যমান হয়।

অপরাধীরা তাদের টাকা লন্ডার করতে অর্থাৎ অবৈধভাবে পাওয়া টাকাকে বৈধ করতে ব্যাঙ্ক ও বীমা সহ আর্থিক পরিষেবাগুলিকে ব্যবহার করার চেষ্টা করে। ভুয়ো পরিচয় দিয়ে তাঁরা লেনদেন করে, যেমন, বীমার আকারে কিছু কিনে এবং তারপর সেই টাকা তুলে নেয় এবং তাদের উদ্দেশ্য পূরণ হয়ে গেলে দৃষ্টির বাইরে চলে যায়।

ভারত সহ বিশ্বজুড়েই সরকারী স্তরে এই ধরনের মানি লন্ডারিংয়ের প্রচেষ্টা পদক্ষেপ নেওয়ার চেষ্টা চলছে।

2002 সালে সরকার মানি লন্ডারিং প্রতিরোধ আইন প্রণয়ন করেছে। তারপরই আইআরডিএআই মানি-লন্ডারিং বিরোধী নির্দেশিকা জারি করেছে, সেখানে বীমা পরিষেবার অনুরোধকারী ক্রেতার সত্য পরিচয় নির্ধারণ করতে উপযুক্ত পদক্ষেপ সূচিত হয়েছে, সন্দেহজনক কোনো লেনদেন হলে তা রিপোর্ট করা এবং কেস সম্পর্কিত অথবা মানি লন্ডারিংয়ের সন্দেহ সম্পর্কিত যথাযথ রেকর্ড রাখার বিধানও রয়েছে।

নো ইওর কাস্টোমার নির্দেশিকা অনুযায়ী, নিম্নলিখিত নথিগুলি সংগ্রহ করে প্রত্যেক ক্রেতাকে যথাযথভাবে চিহ্নিত করা জরুরী:

1. ঠিকানা যাচাই
2. সাম্প্রতিক ফোটোগ্রাফ
3. আর্থিক অবস্থা
4. বীমা চুক্তির উদ্দেশ্য

তাই ব্যবসা আনার সময় ক্রেতার পরিচয় প্রতিষ্ঠিত করতে এজেন্টকে নথিগুলি সংগ্রহ করা জরুরী:

1. ব্যক্তির ক্ষেত্রে – আইডি ও ঠিকানার প্রমাণপত্র, প্যান নম্বর ও এনইএফটি উদ্দেশ্যে ব্যাঙ্কের পূর্ণাঙ্গ বিবরণ দিয়ে পুরো নাম, ঠিকানা ও যোগাযোগের নম্বর সংগ্রহ করা
2. কর্পোরেটের ক্ষেত্রে – সার্টিফিকেট অব ইনকর্পোরেশন, মেমোরেন্ডাম ও আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন, ব্যবসার লেনদেন করতে পাওয়ার অব অ্যাটর্নি, প্যান কার্ডের কপি সংগ্রহ করা
3. পার্টনারশিপ ফার্মের ক্ষেত্রে –রেজিস্ট্রেশন সার্টিফিকেট (রেজিস্ট্রিকৃত হলে), পার্টনারশিপ ডিড, ফার্মের তরফে ব্যবসায়িক লেনদেন চালানোর জন্য একজন পার্টনার বা ফার্মের একজন কর্মচারীকে মঞ্জুর করা পাওয়ার অব অ্যাটর্নি, এই ধরনের ব্যক্তির পরিচিতির প্রমাণপত্র সংগ্রহ করা
4. ট্রাস্ট ও ফাউন্ডেশনের ক্ষেত্রে- পার্টনারশিপের মতো একইরকম

এখানে নোট রাখা গুরুত্বপূর্ণ যে এই ধরনের তথ্য পণ্যের ক্রস-সেলিংয়েও সাহায্য করবে এবং এটা একা সহায়ক বিপণন সরঞ্জামও।

---

**সারাংশ**

a) দলিল রচনার প্রথম পর্যায় হলো প্রোপোজাল ফর্ম যার মাধ্যমে বীমাকৃত নিজের সম্পর্কে ও তাঁর কী বীমা করার প্রয়োজন তা জানায়

b) পলিসি শুরুর আগে থেকেই বস্তুগত তথ্য প্রকাশের কর্তব্য দেখা দেয়, এবং পলিসির গোটা মেয়াদজুড়েই তা বহাল থাকে

c) প্রোপোজাল ফর্মের শেষে বীমা কোম্পানিগুলি সাধারণত একটি ঘোষণা বা প্রজ্ঞাপন জুড়ে দেয়, যা প্রস্তাবককে স্বাক্ষর করতে হয়।

d) একটা প্রোপোজাল ফর্মের উপাদানগুলির মধ্য সাধারণত অন্তর্ভুক্ত থাকে:

i. প্রস্তাবকের পুরো নাম
ii. প্রস্তাবকের ঠিকানা ও যোগাযোগের বিবরণ
iii. স্বাস্থ্য বীমার ক্ষেত্রে ব্যাঙ্কের বিস্তারিত বিবরণ
iv. প্রস্তাবকের পেশা, বৃত্তি ও ব্যবসা
v. বীমার বস্তুগত বিষয়ের বিবরণ ও পরিচিতি
vi. বীমাকৃত রাশি
vii. পূর্ববর্তী ও বর্তমান বীমা
viii. লোকসানের অভিজ্ঞতা
ix. বীমাকৃত দ্বারা ঘোষণা বা প্রজ্ঞাপন

e) মধ্যস্থতাকারী হিসেবে কাজ করেন এমন একজন এজেন্টের দায়িত্ব থাকে ঝুঁকি সম্পর্কে বীমাকৃতের দেওয়া যাবতীয় বস্তুগত তথ্য বীমাকারীকে জানানো নিশ্চিত করতে।

f) প্রস্তাবনা খুঁটিয়ে পরীক্ষা করা ও তা গ্রহণ সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার প্রক্রিয়া আন্ডাররাইটিং নামে পরিচিত।

g) স্বাস্থ্য পলিসিতে বীমাকৃতকে একটা প্রস্পেক্টাসও দেওয়া হয় এবং প্রস্তাবে তাঁকে ঘোষণা করতে হয় যে তিনি এটা পড়েছেন এবং বুঝেছেন

h) প্রিমিয়াম হলো পারিশ্রমিক বা অর্থ যা একটা বীমা চুক্তির অধীনে বীমাকৃত বীমাকারীকে দেন বীমার বস্তুগত বিষয় বীমা করার জন্য।

i) নগদ, কোনো স্বীকৃত ব্যাঙ্কিং বিনিময় দলিল, পোস্টাল মানি অর্ডার, ক্রেডিট বা ডেবিট কার্ড, ইন্টারনেট, ই-ট্রান্সফার, ডাইরেক্ট ক্রেডিট বা অন্যান্য পদ্ধতিতে প্রিমিয়াম দেওয়া যায় যা কর্তৃপক্ষ সময়ে সময়ে অনুমোদন করে থাকে।

j) বীমার সারাংশপত্র বীমার একটা প্রমাণ যেখানে এটা লাগতে পারে

k) পলিসি হলো একটা আনুষ্ঠানিক নথি যা বীমার চুক্তির একটা প্রমাণপত্র।

l) ওয়ারান্টি হলো পলিসিতে স্পষ্টভাবে উল্লেখিত একটা শর্ত যা চুক্তির বৈধতার জন্য আক্ষরিকভাবে মেনে চলতে হয়।

m) পলিসির নির্দিষ্ট কোনো শর্তাবলী যদি ইস্যু করার সময় সংশোধন করার দরকার পড়ে, একটা নথির মাধ্যমে সেই সংশোধন / পরিবর্তনগুলি করতে হয় যাকে বলা হয় এন্ডোর্সমেন্ট বা সত্যায়ন।

n) গঠনের সবচেয়ে গুরুত্বপূর্ণ নিয়ম হলো পক্ষগুলির উদ্দেশ্য অবশ্যই বিরাজ করবে এবং এই উদ্দেশ্য পলিসিতেও দেখা যাবে।

o) মানি লন্ডারিং মানে হলো অপরাধমূলক উপায়ে পাওয়া টাকাকে আইনী টাকায় রুপান্তর এবং বিশ্বজুড়ে ও ভারতে এর বিরুদ্ধে মোকাবিলার আইন চালু হয়েছে।

p) একজন এজেন্টকে নো ইওর কাস্টোমার নির্দেশিকা মেনে চলার দায়িত্ব পালন করতে হয় এবং এই নির্দেশিকা অনুযায়ী জরুরী কাগজপত্রগুলি নেওয়ার দায়িত্ব পালন করতে হবে।

**মূল পরিভাষা**

a) পলিসি ফর্ম
b) অগ্রিম প্রিমিয়াম প্রদান
c) বীমার শংসাপত্র
d) রিনিউয়াল নোটিস
e) ওয়ারান্টি
f) শর্ত
g) এন্ডোর্সমেন্ট বা সত্যায়ন
h) মানি লন্ডারিং
i) নো ইওর কাস্টোমার

# অধ্যায় 4

# স্বাস্থ্য বীমা পণ্য

**অধ্যায়ের ভূমিকা**

ভারতের বীমা কোম্পানিগুলি যে বিভিন্ন ধরণের স্বাস্থ্য বীমার প্রস্তাব দেয়, এই অধ্যায় সেসম্পর্কে আপনাকে একটি পূর্ণাঙ্গ ধারণা দেবে। শুধুমাত্র একটি পণ্য-মেডিক্লেম থেকে শুরু করে শতাধিক ভিন্ন ধরণের পণ্য, উপযুক্ত কভার খুঁজে নেওয়ার জন্য জন্য ক্রেতার কাছে রয়েছে বিরাট বিস্তৃত পছন্দ। এই অধ্যায়ে ব্যক্তি, পারিবারিক এবং গোষ্ঠীর জন্য রয়েছে এমন বিভিন্ন স্বাস্থ্য পণ্যের বৈশিষ্ট্যগুলি ব্যাখ্যা করা হয়েছে।

**শিক্ষার ফলাফল**

A. স্বাস্থ্য বীমা পণ্যের শ্রেণীবিভাগ
B. স্বাস্থ্য বীমার মান নির্ধারণে আইআরডিএ-র নির্দেশিকা
C. হাসপাতালে ভর্তির ক্ষতিপূরণ বীমা
D. টপ-আপ কভার বা হাই ডিডাক্টেবল বীমা প্ল্যান
E. বরিষ্ঠ নাগরিক পলিসি
F. স্থায়ী বেনিফিট কভার – হসপিটাল ক্যাশ, জটিল অসুখ
G. দীর্ঘ মেয়াদী পরিচর্যা পণ্য
H. কম্বি-প্রোডাক্ট
I. প্যাকেজ পলিসি
J. গরিব অংশের জন্য মাইক্রো বীমা ও স্বাস্থ্য বীমা
K. রাষ্ট্রীয় স্বাস্থ্য বীমা যোজনা
L. প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনা
M. প্রধানমন্ত্রী জনধন যোজনা
N. ব্যক্তিগত দুর্ঘটনা ও বিকলাঙ্গতা কভার
O. বৈদেশিক ভ্রমণ বীমা
P. গ্রুপ স্বাস্থ্য কভার
Q. স্বাস্থ্য সেভিংস অ্যাকাউন্ট
R. স্বাস্থ্য বীমা পলিসির মূল ধারাগুলি
S. ফাইল করা ও নির্দেশিকা ব্যবহার করা

এই অধ্যায়টি পড়ার পর, আপনি সক্ষম হবেন:

a) স্বাস্থ্য বীমার বিভিন্ন শ্রেণীগুলি ব্যাখ্যা করতে
b) স্বাস্থ্য বীমার মান নির্ধারণে আইআরডিএ-এর নির্দেশিকা ব্যাখ্যা করতে
c) আজকের ভারতীয় বাজারে যতো ধরণের স্বাস্থ্য বীমা পাওয়া যায় সে বিষয়ে আলোচনা করতে
d) ব্যক্তিগত দুর্ঘটনা বীমা ব্যাখ্যা করতে

e) সমুদ্রপাড়ের ভ্রমণ বীমা আলোচনা করতে
f) স্বাস্থ্য নীতিতে মূল শর্তাবলী এবং ধারাগুলি বুঝতে
g) আইআরডিএ দ্বারা ইস্যু করা ফাইল এবং নির্দেশিকা সম্পর্কে জানতে।

## A. *স্বাস্থ্য বীমা পণ্যের শ্রেণীবিভাগ*

### 1. স্বাস্থ্য বীমা পণ্যের ভূমিকা

আইআরডিএ-এর স্বাস্থ্য বীমা নিয়ন্ত্রণের সংজ্ঞায় স্বাস্থ্য কভার হলো নিম্নরূপ

**সংজ্ঞা**

''স্বাস্থ্য বীমা ব্যবসা'' অথবা ''স্বাস্থ্য কভার''-এর অর্থ হলো বীমা চুক্তির কার্যকারিতা যা অসুস্থতার সময় সুবিধা অথবা মেডিক্যাল, অস্ত্রোপচার অথবা হাসপাতালের খরচের সুবিধা, যার অন্তর্গত হলো আশ্বাসিত সুবিধা এবং দীর্ঘমেয়াদী যত্ন, ভ্রমণ বীমা এবং ব্যাক্তিগত দুর্ঘটনার সময়ের কভার।

---

ভারতীয় বাজারে যে ধরণের স্বাস্থ্য বীমা পণ্যগুলি পাওয়া যায় প্রকৃতিগতভাবে তার বেশির ভাগ হলো **হাসপাতালে ভর্তি করার পণ্য**। এই পণ্যগুলি হাসপাতালে ভর্তি থাকার সময় একজন ব্যক্তির যে খরচগুলি হয় তাকে কভার করে। আবার, এই ধরণের খরচগুলি খুবই বেশি এবং অধিকাংশ সময়ই তা সাধারণ মানুষের নাগালের বাইরে হয়। তার কারণ হলো স্বাস্থ্যসেবার খরচ বেড়ে যাওয়া, অস্ত্রোপচারের প্রক্রিয়া, নতুন এবং আরো বেশি খরচসাপেক্ষ প্রযুক্তির বাজারে আসা এবং নতুন প্রজন্মের ওষুধের ধরণ। সত্যি বলতে, একজন ব্যক্তি আর্থিকভাবে সক্ষম হলেও সেই ব্যক্তির পক্ষেও স্বাস্থ্য বীমা ছাড়া এতো উচ্চ হারের খরচ সামলানো কঠিন হয়ে যাচ্ছে।

সেই কারণে, স্বাস্থ্য বীমা খুব গুরুত্বপূর্ণ মূলত দুটি কারণের জন্য:

- ✓ কোনো অসুস্থতার ক্ষেত্রে **মেডিক্যালের সুযোগ সুবিধা পেতে আর্থিক সহায়তা দেওয়া**।
- ✓ **একজন ব্যক্তির সঞ্চয়কে বাঁচিয়ে রাখা** যা হয়তো অসুস্থতার জন্য অন্যভাবে খরচ হয়ে যেতে পারে।

হাসপাতালে ভর্তি থাকার খরচের কভার দেওয়া প্রথম খুচরো স্বাস্থ্য বীমা পণ্য হলো-মেডিক্লেম- ১৯৮৬সালে ৪টি রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রের বীমাকারীরা এর প্রবর্তন করেছিল। এই কোম্পানিগুলি আরো কয়েকটি কভারের প্রবর্তন করেছিল যেমন প্রস্তাবকের অল্প বয়সে তাঁদের অবসর-পরবর্তী মেডিক্যাল খরচের জন্য ভবিষ্য আরোগ্য পলিসি, ভ্রমণ বীমার প্রস্তাবসহ ওভারসীজ মেডিক্লেম পলিসি এবং দরিদ্র মানুষের জন্য জন আরোগ্য বীমা পলিসি।

পরবর্তী সময়ে বেসরকারী ক্ষেত্রের বীমা কোম্পানির জন্য বীমা ক্ষেত্র উন্মুক্ত করা হয়, যার ফলে স্বাস্থ্য বীমা ক্ষেত্র সহ আরো বহু কোম্পানি এ ক্ষেত্রে প্রবেশ করে। তারফলে এই ব্যবসা আরো প্রসারিত হয়, এই কভারগুলিতে এলো আরো বহু সংখ্যক প্রকার এবং এলো আরো কয়েকটি নতুন কভারও।

বর্তমানে, স্বাস্থ্য বীমা ক্ষেত্রটি ব্যাপক পরিমাণে উন্নতি করেছে, স্বাস্থ্য বীমাকারীরা এবং জীবন বীমাকারীরা ছাড়াও প্রায় সব কটি সাধারণ বীমা কোম্পানি শতাধিক পণ্যের প্রস্তাব নিয়ে উপস্থিত

হয়েছে। যদিও, মেডিক্লেম পলিসির প্রাথমিক সুবিধার কাঠামো, যেমন, হাসপাতালে ভর্তি হওয়ার খরচ, এখনো সর্বাধিক জনপ্রিয় ধরণের বীমা রয়ে গেছে।

ইনসুরেন্স রেগুলেটারি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (হেল্থ ইনসুরেন্স) রেগুলেশন, 2013 অনুযায়ী

1. জীবন বীমা কোম্পানিগুলি দীর্ঘ মেয়াদী স্বাস্থ্য বীমা পণ্যের প্রস্তাব দিতে পারে তবে তিন বছরের প্রত্যেক ব্লকের একটা ন্যুনতম মেয়াদের জন্য এই ধরনের পণ্যগুলির প্রিমিয়াম অপরিবর্তিত থাকবে, তারপর প্রিমিয়াম পুনর্বিবেচিত হতে পারে এবং প্রয়োজনমতো সংশোধিত হতে পারে।

2. নন-লাইফ এবং স্বতন্ত্র স্বাস্থ্য বীমা কোম্পানিগুলিও ন্যুনতম এক বছর ও সর্বোচ্চ তিন বছরের মেয়াদে ব্যক্তিগত স্বাস্থ্য বীমার প্রস্তাব দিতে পারে, তবে এক্ষেত্রে পুরো মেয়াদের জন্যই প্রিমিয়াম অপরিবর্তিত থাকবে।

## 2. স্বাস্থ্য নীতির বৈশিষ্ট্য

স্বাস্থ্য বীমা সাধারণত অসুস্থতা সংক্রান্ত লেনদেন করে এবং তারফলে অসুস্থতার জন্য যে খরচপাতি হয়েছে। মাঝে মাঝে, হয়তো ব্যক্তি এমন অসুখে আক্রান্ত হন যা ক্রনিক অথবা দীর্ঘকাল স্থায়ী, আজীবনের অথবা প্রতিদিনের জীবনধারণের কাজকর্মে প্রভাব ফেলতে পারে এবং কঠিন অসুখে। দুর্ঘটনাজনিত আঘাতের কারণেও অথবা দুর্ঘটনার কারণে যদি কোনোরকম বিকলাঙ্গতা দেখা দেয় তারজন্যও খরচাপাতি হতে পারে।

বিভিন্ন ধরণের ক্রেতার বিভিন্ন ধরণের জীবনশৈলী, খরচের ক্ষমতা এবং স্বাস্থ্যের অবস্থার কারণে তাঁদের চাহিদাও ভিন্ন রকমের হবে। প্রত্যেক ক্রেতা ক্ষেত্রের জন্য তাঁদের উপযুক্ত কেমন ধরণের পন্যের প্রস্তাব দেওয়া হবে তার নকশা করার সময় এই বিষয়গুলিও মনে রাখা প্রয়োজন। ক্রেতারা স্বাস্থ্যবীমা কেনার সময় চান তা যেন সুসংহত হয় যেটি তাঁদের সবরকম চাহিদাকে কভার করবে। একইসময়ে, বৃহত্তর গ্রহণযোগ্যতা এবং বৃহত্তর পরিমাণ অর্জন করার জন্য, স্বাস্থ্য বীমা পণ্যকে সাশ্রয়ী মূল্যের রাখা প্রয়োজন, ক্রেতাদের এবং যে দলটি এই পণ্যগুলিকে বাজারজাত করবে তাঁদের বোঝার জন্য যেন সেটি সহজ থাকে।

স্বাস্থ্য বীমা পণ্যের এই কয়েকটি কাম্য বৈশিষ্ট্য যা বীমা কোম্পানিগুলি ক্রেতাদের জন্য বিভিন্ন আকারে অর্জন করার চেষ্টা করে।

## 3. স্বাস্থ্য বীমা পণ্যের বিস্তৃত শ্রেণীকরণ

পণ্যের নকশা যেমনই হোক না কেন, স্বাস্থ্য বীমা পণ্যকে বিস্তৃতভাবে 3টিবিভাগে শ্রেণীকরণ করা যায়:

### a) ক্ষতিপুরণের কভার

এই পণ্যগুলি স্বাস্থ্য বীমা বাজারের বৃহৎ অংশ গঠন করে এবং হাসপাতালে ভর্তি থাকার সময় যে মেডিক্যাল খরচপাতি হয়েছে সেই সঠিক খরচটি বহন করে

### b) স্থায়ী সুবিধা কভার

'হাসপাতালের ক্যাশ' হিসেবেও পরিচিত, এই পণ্যগুলি হাসপাতালে থাকার সময় প্রতিদিন একটি নির্দিষ্ট অঙ্কের টাকা দেয়। কিছু পণ্যের সঙ্গে অন্তর্গত করা থাকে নির্ধারিত মাত্রার অস্ত্রোপচারের সুবিধার মতো পণ্যও।

**c) গুরুতর অসুস্থ্যার কভার**

পূর্ব-বর্ণিত গুরুতর অসুস্থতা যেমন হৃদরোগ, স্ট্রোক, ক্যানসার ইত্যাদির মতো ঘটনার ক্ষেত্রে এটি হোলো পরিশোধের জন্য স্থায়ী সুবিধা পরিকল্পনা।

বিশ্ব জুড়ে স্বাস্থ্য এবং বিকলাঙ্গতার বীমা একসঙ্গেই করা হয় কিন্তু ভারতে, ব্যক্তিগত দুর্ঘটনা কভারকে সাধারণত স্বাস্থ্য বীমা থেকে স্বাধীনভাবে বিক্রি করা হয়।

এমনকী দেশের বাইরে থাকাকলীন খরচাপাতিও স্বাস্থ্য বীমার মধ্যে সাধারণত অন্তর্ভুক্ত করা হয় না। এই উদ্দেশ্যে, অপর একটি পণ্য-ওভারসিজ স্বাস্থ্য বীমা ওরট্রাভেল-কেনার প্রয়োজনীয়তা আছে। শুধুমাত্র সাম্প্রতিক সময়ে, বেসরকারী বীমাকারীদের কিছু দামী স্বাস্থ্য বীমা পণ্যের মধ্যে নিয়মিত স্বাস্থ্য বীমা কভারের সঙ্গে অন্তর্ভুক্ত করা আছে ওভারসিজ বীমা কভার। এরজন্য অবশ্য কিছু নির্দিষ্ট শর্ত এবং শর্তাবলী প্রযোজ্য।

**4. ক্রেতার ক্ষেত্র অনুযায়ী শ্রেণীকরণ**

নির্দিষ্ট লক্ষ্যের ক্রেতা ক্ষেত্রকে মাথায় রেখেও পণ্যের পরিকল্পনা করা হয়। প্রতি ক্ষেত্রের জন্য সুবিধার কাঠামো, মূল্য নির্ধারণ, আন্ডাররাইটিং এবং মার্কেটিং যথেষ্ট ভিন্ন ধরণের। ক্রেতার ক্ষেত্রের ভিত্তিতে পণ্যের শ্রেণীকরণ হলো:

a) **ব্যক্তিগত কভার**-এর প্রস্তাব দেওয়া হয় খুচরো ক্রেতাদের এবং তাদের পরিবারের সদস্যদের

b) **গোষ্ঠী কভার**-এর প্রস্তাব দেওয়া হয় কর্পোরেট ক্লায়েন্টদের। যার অন্তর্গত হলেন কর্মচারী এবং গোষ্ঠী, কভার পেয়ে থাকেন তাদের সদস্যরাও

c) **সরকারী প্রকল্প** যেমন আরএসবিওয়াই-এর মতো মাস পলিসি যেখানে জনসংখ্যার অত্যন্ত দরিদ্র অংশ কভার পান।

## B. স্বাস্থ্য বীমার মান নির্ধারণে আইআরডিএ-র নির্দেশিকা

এখন বীমাকারীর সংখ্যা অনেক বেড়ে গেছে। তারা বিভিন্ন ধরণের পণ্যের প্রস্তাব নিয়ে আসছে। সেই পণ্যগুলির বিভিন্ন বর্ণনা এবং তাদের নানা ধরণের শর্ত এবং বর্জনের ফলে, বাজারে বিভ্রান্তি তৈরি হয়েছিল। ক্রেতাদের পক্ষে পণ্যগুলির তুলনা করা এবং থার্ড পার্টি প্রশাসকের পক্ষে একেকটি কোম্পানির পণ্যের প্রেক্ষিতে ক্লেইম দেওয়ার বিষয়টি অত্যন্ত জটিল হয়ে গিয়েছিল। তার উপর, জটিল অসুস্থতার নীতিতে, কোনো স্পষ্ট নীতি ছিল না যে কোনটি জটিল অসুখ বা কোনটি নয়। স্বাস্থ্য বীমা শিল্পের জন্য বৈদ্যুতিন ডেটা রক্ষণাবেক্ষণ করাও খুব কঠিন হয়ে যাচ্ছিল।

বীমাকারী, পরিষেবা প্রদানকারী, টিপিএ–রা এবং হাসপাতালগুলি এবং বীমাকারী জনগনের অভিযোগ সংক্রান্ত বিভ্রান্তি কাটানোর জন্য, আইআরডিএ, পরিষেবা প্রদানকারীরা, হাসপাতালগুলি, ফেডারেশন অব চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র স্বাস্থ্য পরামর্শ কমিটি একসঙ্গে বৈঠকে বসে স্বাস্থ্য বীমায় কোনো এক ধরণের মান নির্ধারণ করে দেওয়ার জন্য। একটি সাধারণ বোঝাপড়ার ভিত্তিতে, আইআরডিএ ২০১৩সালে স্বাসথ্য বীমায় নির্দিষ্ট মান নির্ধারণের জন্য নির্দেশিকা জারি করে।

মান নির্ধারণের জন্য এখন জারি করা নির্দেশিকায়:

1. বীমার পরিভাষায় সাধারণভাবে ব্যবহৃত সংজ্ঞা
2. জটিল অসুখের সংজ্ঞা
3. হাসপাতালে ভর্তি থাকার সময় ক্ষতিপূরণ নীতির আওতা থেকে যে বস্তুগুলি বাদ তার তালিকা
4. ক্লেইম ফর্ম এবং প্রাক–অনুমোদিত ফর্ম
5. বিল করার পদ্ধতি
6. হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার সময়ের সংক্ষিপ্তসার
7. টিপিএগুলি, বীমাকারী এবং হাসপাতালের মধ্যে পাকা চুক্তি
8. নতুন পলিসির জন্য আইআরডিএ পাওয়ার জন্য মাপকাঠিকৃত ফাইল এবং ব্যবহাররের পদ্ধতি

স্বাস্থ্য প্রদানকারী এবং বীমা শিল্পের পরিষেবার মানোন্নয়নের দিকে এটি একটি বিরাট বড় পদক্ষেপ এবং এটি স্বাস্থ্য ও স্বাস্থ্য বীমার ডেটা সংগ্রহে অর্থপূর্ণ সাহায্য করবে।

## C. হাসপাতালে ভর্তির ক্ষতিপূরণ পণ্য

একটি ক্ষতিপুরণ ভিত্তিক স্বাস্থ্য বীমা পলিসি হলো ভারতের মধ্যে সবচেয়ে প্রচলিত এবং সর্বাধিক বিক্রিত স্বাস্থ্য বীমা পণ্য। পিএসইউ-র বীমাকারীদের দ্বারা আশিতে যে **মেডিক্লেইম পলিসি** নিয়ে আসা হয়েছিল, সেটিই একদম গোড়ার দিকের মন সম্পন্ন স্বাস্থ্য পণ্য এবং দীর্ঘ সময় বাজারে উপলব্ধ একমাত্র পণ্য ছিল। যদিও এই পণ্য, অল্প কিছু পরিবর্তন করে, বিভিন্ন বীমাকারীরা ভিন্ন ব্র্যান্ড নামের অধীনে বাজারে প্রচলন করছে। তবুও দেশের মধ্যে এখনও মেডিক্লেইমই সর্বাধিক বিক্রিত স্বাস্থ্য বীমা।

হাসপাতালে ভর্তি থাকার সময় ক্ষতিপূরণের পণ্যগুলি হাসপাতালে ভর্তি থাকার সময়ে যে খরচপাতি করার প্রয়োজন হয় তার থেকে ব্যক্তিকে সুরক্ষা দেয়। অধিকাংশ ঘটনার ক্ষেত্রে, তারা হাসপাতালে ভর্তি থাকার সময়ের নির্দিষ্ট কিছু দিন আগে এবং পরের কভারও দিয়ে থাকে, কিন্তু হাসপাতালে ভর্তি থাকার সঙ্গে যুক্ত নয় এমন সব খরচ এর থেকে বাদ থাকে।

এমন কভার দেওয়া হয়ে থাকে 'ক্ষতিপুরণ'-এর ভিত্তিতে, যা, ভালো অংশ কভার করে অথবা যাবতীয় খরচপাতি যা ঘটেছে অথবা হাসপাতালে ভর্তি থাকার সময় যে পরিমাণ অর্থ খরচ করা হয়েছে। এটি হয়তো 'সুবিধা'র ভিত্তিতে বীমা কভারেজের বিপরীত হতে পারে, যেখানে নির্দিষ্ট ঘটনা (যেমন হাসপাতালে ভর্তি থাকা, জটিল অসুস্থতার রোগ নির্ণয় অথবা ভর্তি থাকার প্রতিদিন) ঘটার সময় যে পরিমাণটি দেওয়া হবে, সেটি বীমা পলিসিতে যেমন উল্লেখ করা আছে সেরকম এবং তার সঙ্গে আসলে যে খরচ হয়েছে সেটির কোনো সম্পর্ক নেই।

**উদাহরণ**

স্ত্রী এবং ১৪বছরের পুত্র সন্তানকে নিয়ে রঘুর ছোটো সংসার। একটি স্বাস্থ্য বীমা কোম্পানির কাছ থেকে তিনি একটি মেডিক্লেইম পলিসি গ্রহণ করেছেন, তাঁর পরিবারের সব সদস্যই যার অধীনে কভার পাবে। প্রত্যকের জন্য ১লক্ষ টাকার ব্যক্তিগত কভারসহ এই বীমা তিনি করেছেন। হাসপাতালে ভর্তি থাকার সময় তাঁদের প্রত্যেকে মেডিক্যাল খরচপাতির জন্য ১লক্ষ টাকা পর্যন্ত পাবেন।

হৃদরোগে আক্রান্ত হওয়ার কারণে রঘু হাসপাতালে ভর্তি হলেন এবং তাঁর অস্ত্রোপচারের প্রয়োজন। মেডিক্যাল বিল হলো ১.২৫লক্ষ টাকা পর্যন্ত। বীমা কোম্পানি পরিকল্পনার কভারেজ অনুযায়ী দিল ১লক্ষ টাকা এবং রঘু তাঁর নিজের পকেট থেকে বাকি ২৫,হাজার টাকা দিতে বাধ্য হলেন।

---

ক্ষতিপুরণ ভিত্তিক মেডিক্লেইম পলিসির প্রধান বৈশিষ্ট্য বিস্তারিতভাবে নিচে দেওয়া হলো, **যদিও কভারের বিভিন্ন সীমা, অতিরিক্ত বর্জন অথবা সুবিধা অথবা কিছু সংযোজন পণ্যের ক্ষেত্রে যা বীমাকারীরা বাজারে নিয়ে আসছে প্রয়োগ করা হতে পারে**। ছাত্রকে পরামর্শ দেওয়া হচ্ছে যে নিম্নলিখিত পণ্য সম্পর্কে শুধুমাত্র একটি বৃহৎ ভাবনা এবং তিনি নির্দিষ্ট যে বীমাকারীর পণ্য সম্পর্কে আরো বেশি জানতে ইচ্ছুক সেক্ষেত্রে তাঁকে অবশ্যই নিজেকে সেবিষয়ে পরিচিত করিয়ে নিতে হবে। তাঁর আরো **প্রয়োজন হলো কিছু মেডিক্যাল পরিভাষা যা ব্যবহার করা হতে পারে, সেই সম্পর্কে নিজের জ্ঞান অর্জন করে নেওয়া।**

### 1. ইনপেশেন্ট হাসপাতালে ভর্তি থাকার সময়ের খরচ

অসুস্থতা/দুর্ঘটনার ফলে হাসপাতালে ভর্তি থাকার সময়ে যে ব্যয় হয়েছে একটি ক্ষতিপুরণ পলিসিতে বীমাকৃতকে সেই খরচ দেওয়া হয়।

সব ব্যয় হয়তো বহনযোগ্য নয় এবং অধিকাংশ পণ্য যে খরচগুলি কভার করে তা নির্ধারণ করে সাধারণভাবে যার অন্তর্ভুক্ত হলো:

i. হাসপাতাল/নার্সিং হোম যেমন ঘর, থাকা এবং নার্সিংয়ের খরচ দিয়েছে। এর অন্তর্ভুক্ত হলো নার্সিংয়ের যন্ত্র, আরএমও-র চার্জ, আইভি ফ্লুইড/রক্ত বহন/ইঞ্জেকশন দেওয়ার চার্জ এবং একইরকম খরচ।

ii. ইনটেনসিভ কেয়ার ইউনিট (আইসিইউ)-এর খরচ

iii. শল্য চিকিৎসক, অ্যানাস্থেসিস্ট, চিকিৎসক, পরামর্শকারী, বিশেষজ্ঞের ফি

iv. অ্যানাস্থেটিক, রক্ত, অক্সিজেন, অপারেশন থিয়েটারের চার্জ, শল্য চিকিৎসার প্রয়োজনীয় যন্ত্রপাতি

v. মেডিসিন এবং ড্রাগস

vi. ডায়ালিসিস, কেমোথেরাপি, রেডিওথেরাপি

vii. পেসমেকার, অস্থি স্থাপন, ইনফ্রা কার্ডিয়াক ভালভের প্রতিস্থাপন, ভাসকুলার স্টেনটসের মতো শল্য চিকিৎসার প্রক্রিয়ায় যে কৃত্রিম যন্ত্র প্রতিস্থাপন করা হয় তার খরচ

viii. চিকিৎসার সঙ্গে যুক্ত প্রাসঙ্গিক ল্যাবরেটরি/ডায়াগনস্টিক পরীক্ষা এবং অন্যান্য মেডিক্যাল খরচপাতি

ix. বীমাকৃতের যদি কোনো অঙ্গ প্রতিস্থাপন করা হয় তবে দাতার হাসপাতালে ভর্তি থাকার জন্য (অঙ্গটির খরচ বাদে) যে খরচ হবে

একটি নিয়মিত হাসপাতালে ভর্তি থাকার সময়ের ক্ষতিপুরণ পলিসি শুধুমাত্র তখনই কভার দেয় যদি বীমাকৃত ২৪ঘন্টা বা তার বেশি সময় হাসপাতালে ভর্তি থাকেন। যদিও, অনেক অস্ত্রোপচারের ক্ষেত্রে চিকিৎসা প্রযুক্তি, চিকিৎসার প্রক্রিয়ার এতোটাই উন্নতি হয়েছে যে তারজন্য হাসপাতালে ভর্তি থাকার প্রয়োজন হয় না। বর্তমানে যেমন ডে-কেয়ার প্রক্রিয়াগুলি, পৃথক পৃথক ঘটনা অনুযায়ী সেগুলি বিশেষ ডে-কেয়ার সেন্টার বা হাসপাতালেই পরিচালনা করা যেতে পারে। চোখের অস্ত্রোপচার, কেমোথেরাপি; ডায়ালিসিস, ইত্যাদির মতো চিকিৎসাকে ড-কেয়ার অস্ত্রোপচারের তালিকার অধীনে শ্রেনীকরণ করা যায় এবং এই তালিকা ক্রমান্বয়ে বেড়েই চলেছে। এইগুলিও পলিসির অধীনে কভার করা হয়।

বহির্বিভাগে দেখানে রোগীদের খরচের কভারের বিষয়টি এখনো ভারতে খুবই সীমাবদ্ধ, খুব কম সংখ্যক পণ্যই রয়েছে যা ওপিডি-র জন্যও কভার দিয়ে থাকে। যদিও, কিছু পরিকল্পনা রয়েছে যেখানে বহির্বিভাগে চিকিৎসার কভার দেওয়া হয় এবং তারসঙ্গে যুক্ত চিকিৎসকের ভিজিট, নিয়মিত মেডিক্যাল পরীক্ষা, দাঁত এবং ফার্মেসির খরচও এই কভারের আওতায় পড়ে।

## 2. হাসপাতালে ভর্তি থাকার সময়ের প্রাক এবং পরবর্তী খরচ

### i. হাসপাতালে ভর্তির প্রাক খরচ

হাসপাতালে ভর্তি হয় আপৎকালীন অথবা পরিকল্পিত হয়। যদি রোগী পরিকল্পিত অস্ত্রোপচারের জন্য যায়, তাহলে তাঁর হাসপাতালে ভর্তির আগে কিছু খরচ হয়ে থাকে।

**সংজ্ঞা**

আইআরডিএ স্বাস্থ্য বীমা মান নির্ধারণকারী নির্দেশিকায় প্রাক-হাসপাতালের খরচকে বর্ণনা করা আছে এমনভাবে:

বীমাকৃত ব্যক্তির হাসপাতালে ভর্তির ঠিক আগে যে চিকিৎসাগত খরচ হয়ে থাকে, যদি সেটি :

a) এই চিকিৎসাগত খরচগুলি করা হয়েছে ঠিক যে কারণে বীমাকৃত ব্যক্তিকে হাসপাতালে ভর্তি করা হচ্ছে সেই একই কারণে, এবং

b) এমন হাসপাতালে ভর্তি থাকার ক্ষেত্রে ইন-পেশেন্ট হাসপাতালে ভর্তি থাকা বীমা কোম্পানি অনুমোদন করে।

---

প্রাক হাসপাতালে ভর্তি থাকার খরচের অন্তর্ভুক্ত হতে পারে পরীক্ষা, ওষুধ, চিকিৎসকের ফি ইত্যাদি। এই ধরণের প্রাসঙ্গিক খরচ এবং হাসপাতালে ভর্তি থাকার সঙ্গে যুক্ত বিষয়গুলি স্বাস্থ্য নীতির অধীনে কভার পাওয়া যায়।

### ii. হাসপাতালে ভর্তি থাকার পরবর্তী খরচ

হাসপাতালে ভর্তি থাকার সময়, অধিকাংশ ঘটনার ক্ষেত্রে পুনরুদ্ধার এবং ফলো আপ সংক্রান্ত খরচ হতে পারে।

**সংজ্ঞা**

হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পরই বীমাকৃত ব্যক্তির চিকিৎসাগত খরচপাতি হয়ে থাকে, যদি সেটি:

a) বীমাকৃত ব্যক্তির ঠিক যে কারণে হাসপাতালে ভর্তি হওয়ার প্রয়োজন হয়েছিল ঠিক সেরকম কারণেই এমন চিকিৎসাগত খরচ হলে, এবং

b) এরকম হাসপাতালে ভর্তি থাকার ক্লেইমে ইন-পেশেন্টের হাসপাতালে ভর্তি থাকার খরচ বীমা কোম্পানি অনুমোদন দিয়ে থাকে।

হাসপাতালে ভর্তি থাকার পরে একটি নির্দিষ্ট সময়সীমা পর্যন্ত চিকিৎসাগত যে প্রাসঙ্গিক খরচ হয় সেটাই হাসপাতালে ভর্তি থাকার পরবর্তী খরচ এবং তাকেই ক্লেইমের অংশ হিসেবে বিবেচনা করা হতে পারে।

---

ওষুধ, ড্রাগ, চিকিৎসকের পর্যালোচনা ইত্যাদির আকারে যে হাসপাতালে ভর্তি থাকার পরবর্তী খরচ হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পর হতে পারে।এই খরচের সঙ্গে অবশ্যই সঙ্গতি থাকতে হবে হাসপাতালে থাকার সময়ের চিকিৎসার সঙ্গে এবং সেটিকে স্বাস্থ্য পলিসির অধীনে কভার হতে হবে।

যদিও হাসপাতালে ভর্তি থাকার সময়ের প্রাক এবং পরবর্তী খরচ কভার করার সময়সীমার মধ্যে বীমাকারী থেকে বীমাকারী পার্থক্য হতে পারে, কিন্তু সবচেয়ে প্রচলিত হলো **হাসপাতালে ভর্তি থাকার প্রাক তিরিশ দিন এবং পরবর্তী ষাট দিন** পর্যন্ত কভার পাওয়া যায়।

পলিসির অধীনে যে কভার দেওয়ার অনুমোদন রয়েছে সেই সার্বিক বীমাকৃত রাশির অংশ হিসেবেই হাসপাতালে ভর্তি থাকার প্রাক এবং পরবর্তী খরচ দেওয়া হয়।

### a) ডমিসিলিয়ারি হসপিটালাইজেশন

পলিসিধারকরা যদিও সাধারণত এই সুবিধাটি ব্যবহার করেন না, একটি ব্যক্তিগত স্বাস্থ্য পলিসিতে এমনও ব্যবস্থা করা আছে যে হাসপাতালে ভর্তি না করেও বাড়িতে থেকেই যে চিকিৎসা করা হবে তার খরচ বহন করা হবে। যদিও, এর শর্ত হলো অসুস্থতাটির জন্য হাসপাতালে ভর্তি থাকারই প্রয়োজন আছে, কিন্তু রোগীর অবস্থাটি এমন যে তাঁকে হাসপাতালে স্থানান্তর করা সম্ভব হচ্ছে না অথবা হাসপাতালে স্থানসঙ্কুলানের জন্য তাঁকে ভর্তি করা সম্ভব হচ্ছে না।

এই কভারে **সাধারণত তিন থেকে পাঁচ দিনের** বাড়তি দফা থাকে যার অর্থ হলো প্রথম তিন থেকে পাঁচদিনের চিকিৎসার খরচ বীমাকৃতকেই বহন করতে হবে। নির্দিষ্ট কয়েকটি ক্রনিক অথবা প্রচলিত অসুস্থতা যেমন হাঁপানি, ব্রঙ্কাইটিস, ক্রনিক নেফ্রাইটিস এবং নেফ্রাইটিক সিন্ড্রোম, ডায়েরিয়া এবং গ্যাসট্রোএনটেরাইটিস সহ সব ধরণের ডিসেন্ট্রি, ডায়াবেটিস মেলিটাস এপিলেপসি, হাইপারটেনশন, ইনফ্লুয়েঞ্জা, কাশি এবং সর্দি, জ্বরের মতো অসুখের চিকিৎসা ডমিসিলিয়ারি ট্রিটমেন্টের আওতা থেকে বাদ রাখা হয়েছে।

### b) প্রচলিত বর্জন

হাসপাতালে ভর্তি থাকাকালীন ক্ষতিপুরণ পলিসির অদীনে কিছু প্রচলিত বর্জনগুলি নিচে দেওয়া হলো : স্বাস্থ্য বীমার মান নির্ধারণে আইআরডিএ-র নির্দেশিকা, বিশেষ করে পরিশিষ্ট IV-এ বিস্তারিতভাবে প্রস্তাবিত ব্যতিক্রমের ভিত্তিতেই এগুলি হয়। আইআরডিএআই ওয়েবসাইটে প্রাপ্ত নির্দেশিকার সঙ্গে নিজেকে ভালো ভাবে পরিচিত করাতে পরামর্শ দেওয়া হচ্ছে ছাত্রদের।

অবশ্যই একথা উল্লেখ করতে হবে যে ফাইল অ্যান্ড ইউজ অনুমোদিত শর্তাবলী অনুযায়ী যদি কোনো বর্জনকে ছাড় দেওয়া হয় এবং কোনো অতিরিক্ত বর্জন চাপানো নয়, তাহলে কাস্টোমার ইনফর্মেশন শিট ও পলিসিতে আলাদাভাবে সেকথা উল্লেখ করতেই হবে।

## 1. পূর্ব-উপস্থিত অসুখ

ব্যক্তিগত স্বাস্থ্য পরিকল্পনার অধীনে এটি প্রায় সুনিশ্চিতভাবেই বাদ থাকে নতুবা যেহেতু এর অর্থ হলো নিশ্চিত অসুস্থতাকে কভার দেওয়া যা বীমাকারীর পক্ষে অত্যন্ত ঝুঁকির বিষয় হিসেবে প্রতিপন্ন হতো। স্বাস্থ্য পলিসি গ্রহণ করার সময় কভারের আওতায় আসা প্রত্যেক বীমাকৃত ব্যক্তিকেই অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় যা প্রকাশ্যে জানাতে হবে তা হলো তাঁর কোনো পূর্ব অসুস্থতা/আঘাতের ইতিহাস রয়েছে কী না। এটিই বীমাকারীকে সাহায্য করবে বীমার প্রস্তাবটি গ্রহণ করা হবে কী না তা স্থির করতে।

### সংজ্ঞা

পূর্ব-উপস্থিত সম্পর্কে আইআরডিএ-এর মান নির্ধারণকারী বর্ণনা হলো এমন

''এমন যে কোনো অবস্থা, অসুস্থতা অথবা আঘাত অথবা তারসঙ্গে সম্পর্কিত অবস্থা(গুলি) যারজন্য বীমাকারীর দ্বারা প্রথম পলিসির অনুমোদন করার ৪৮মাস আগে যার লক্ষণ বা চিহ্ন ছিল এবং/অথবা সেটি নির্নয় করা হয়েছে, এবং/অথবা তারজন্য চিকিৎসাগত পরামর্শ/চিকিৎসা লাভ করেছেন।''

বহিষ্কৃতটি হলো: কোম্পানির সঙ্গে সেই মহিলা/পুরুষের প্রথম পলিসি হওয়ার সময় থেকে, পলিসিতে বর্ণনা করা এমন যে কোনো ধরণের পূর্ব-উপস্থিত অবস্থা যা ৪৮মাস পর্যন্ত লাগাতার বীমাকৃত ব্যক্তি

---

1. ওজন নিয়ন্ত্রণ কর্মসূচী/সরবরাহ/পরিষেবা
2. চশমা/কন্টাক্ট লেন্স/হিয়ারিং এইড বা শ্রবণ সহায়িকা প্রভৃতির খরচ
3. দাঁতের চিকিৎসার খরচ যার জন্য হাসপাতালে ভর্তি হতে হয় না
4. হর্মোন প্রতিস্থাপন
5. হোম ভিজিট চার্জ
6. বন্ধ্যাত্ব/সাবফার্টিলিটি/সহায়তায় গর্ভধারণ পদ্ধতি
7. অতিস্থূলতা (মরবিড অবেসিটি সহ)-র চিকিৎসা
8. সাইকিয়াট্রিক ও সাইকোসোম্যাটিক সমস্যা
9. প্রতিসরণজনিত ত্রুটির সংশোধনী অস্ত্রোপচার
10. যৌন রোগের চিকিৎসা
11. দাতা বাছাইয়ের চার্জ
12. অ্যাডমিশন/রেজিস্ট্রেশন চার্জ
13. মূল্যায়ন/রোগ নির্ণয়ের উদ্দেশ্যে হাসপাতালে ভর্তি
14. যে রোগের জন্য ভর্তি হয়েছে বা যে রোগ নির্ণয় হয়েছে তার সঙ্গে প্রাসঙ্গিক নয় এমন ইনভেস্টিগেশন/চিকিৎসার খরচ
15. রোগী যখন রেটেরো ভাইরাস নির্ণয় হয় এবং/অথবা এইচআইভি/এইডস প্রভৃতিতে ভোগেন, তার সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সনাক্ত যে কোনো খরচ
16. স্টেম সেল প্রতিস্থাপন / অস্ত্রোপচার এবং মজুত করা
17. যুদ্ধ ও পারমাণবিক সংক্রান্ত কারণগুলি
18. রেজিস্ট্রেশন চার্জ, অ্যাডমিশন ফি, টেলিফোন, টেলিভিশনের খরচ, প্রসাধন প্রভৃতির মতো সমস্ত নন-মেডিক্যাল আইটেম
19. কোনো ক্লেইম করার জন্য বেশিরভাগ পলিসিতেই সাধারণভাবে পলিসি শুরুর থেকে 30দিনের একটা অপেক্ষমান পর্ব প্রযোজ্য হয়। এটা অবশ্য একটা দুর্ঘটনার কারণে হাসপাতালে ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

**উদাহরণ**

হাসপাতালে ভর্তি থাকার সময়ের খরচপাতির কভারের জন্য মীরা একটি স্বাস্থ্য বীমা পলিসি করিয়েছিলেন। পলিসিতে একটি শর্ত ছিল ৩০দিনের প্রাথমিক অপেক্ষার সময়পর্বের।

দুর্ভাগ্যজনকভাবে, তিনি পলিসিটি গ্রহণ করার ২০দিন পর, মীরার ম্যালেরিয়া হলো এবং ৫দিনের জন্য তাঁকে হাসপাতালে ভর্তি থাকতে হলো। তাঁকে বিরাট পরিমাণে হাসপাতালের বিল মেটাতে হলো।

যখন তিনি বীমা কোম্পানির কাছে তাঁর ব্যয় সম্পর্কে পরিশোধের জন্য বললেন, তাঁরা ক্লেইমটির পেমেন্ট দিতে অস্বীকার করলো। কারণ হাসপাতালে ভর্তি হওয়ার ঘটনাটি ঘটেছিল পলিসি গ্রহণ করার দিন থেকে ৩০দিনের অপেক্ষার সময়পর্বের মধ্যেই।

i. **অপেক্ষার সময় :** এটি এমন রোগের ক্ষেত্রে প্রযোজ্য যার জন্য সাধারণ চিকিৎসা পিছিয়ে দেওয়া এবং পরিকল্পনা করা যেতে পারে। পণ্যের উপর নির্ভর করে, অপেক্ষার সময়

এক/দুই/তিন বছর পর্যন্ত প্রযোজ্য হতে পারে। সেই রোগগুলি হলো ছানি, বিনাইন প্রস্ট্যাটিক হাইপারট্রফি, মেনোরোজিয়া অথবা ফাইব্রোমায়োমার কারণে হিস্টেরেকটমি, হার্নিয়া, হাইড্রোসিল, কনজেনিটাল ইন্টারনাল রোগ, মলদ্বারে ফিসচুলা, অর্শ, সাইনাইটিস এবং তারসঙ্গে সম্পর্কিত রোগ, গলব্লাডার থেকে পাথর সরানো, গাউট এবং বাত, ক্যালকুলাস রোগ, গাউট এবং বাত, বয়সজনিত কারণে অস্টিওআর্থারাইটিস, অস্টিওপোরোসিস।

**c) উপলব্ধ কভারেজের বাছাই**

**i.** ব্যক্তিগত কভারেজ

বীমাকৃত একজন ব্যক্তি নিজেকে এবং তারসঙ্গে তাঁর পরিবারের সদস্য যেমন স্ত্রী, নির্ভরশীল সন্তান, নির্ভরশীল মা-বাবা, নির্ভরশীল শ্বশুর বা শাশুড়ি, নির্ভরশীল ভাই বা বোন ইত্যাদির জন্যও কভার পেতে পারেন। কিছু বীমাকারী আছেন যাঁদের কোনো বাধ্যবাধকতা নেই যে কোন নির্ভরশীলরা কভার পেতে পারেন। এমন নির্ভরশীল প্রত্যেকের জন্য একটি মাত্র পলিসির অধীনে কভার করা সম্ভব। শুধুমাত্র প্রতি বীমাকৃত ব্যক্তির জন্য পৃথক বীমাকৃত রাশি নির্দিষ্ট করতে হবে। এই ধরণের কভারে, পলিসিটি চলাকালীন প্রতি বীমাকৃত ব্যক্তি তাঁর জন্য নির্ধারিত বীমাকৃত রাশির সর্বাধিক পর্যন্ত ক্লেইম করতে পারেন। প্রতি বীমাকৃত ব্যক্তির জন্য তাঁর বয়স এবং যে পরিমাণ বীমাকৃত রাশি নির্বাচন করা হয়েছে এবং অন্যান্য রেটিং ফ্যাক্টর অনুযায়ী প্রিমিয়াম ধার্য করা হবে।

**ii. পারিবারিক ফ্লোটার**

পারিবারিক ফ্লোটার পলিসি হিসেবে পরিচিত বিকল্পে, স্ত্রী, নির্ভরশীল সন্তানরা এবং নির্ভরশীল মা-বাবাকে একটি একক বীমাকৃত রাশির প্রস্তাব দেওয়া হয় যা গোটা পরিবারের মধ্যেই ফ্লোট করবে।

**উদাহরণ**

একটি চারজনের পরিবার যদি ৫লক্ষ টাকার একটি ফ্লোটার পলিসি নেয়, এর অর্থ হলো পলিসিটি চলাকালীন সময়ে, পরিবারের একজনের বেশি সদস্যের ক্লেইম সংক্রান্ত দাবি মেটাবে অথবা একটি পরিবারের একজন সদস্যের বহু দাবি সংক্রান্ত ক্লেইম মেটাবে। এই সবকিছু মিলিয়ে কোনোভাবেই তা ৫লক্ষ টাকার বেশি কভারেজ হবে না। বীমার জন্য প্রস্তাবিত পরিবারের সবচেয়ে বেশি বয়সের ব্যক্তির বয়সের ভিত্তিতেই সাধারণত প্রিমিয়াম ধার্য করা হবে।

---

এই পলিসিগুলির অধীনে কভার এবং বাদ দেওয়ার বিষয়গুলি একইরকম হবে। বাজারে পারিবারিক ফ্লোটার পলিসিগুলি জনপ্রিয় হয়ে উঠছে। কারণ একটি সার্বিক বীমাকৃত রাশির অধীনে গোটা পরিবার কভার পেয়ে যায়। যুক্তিসঙ্গত প্রিমিয়ামে উচ্চতর স্তরে যা বাছাই করা যেতে পারে।

**d) বিশেষ বৈশিষ্ট্য**

আগের যে মেডিক্লেইম পণ্যগুলি ছিল তার অধীনে প্রাথমিক ক্ষতিপূরণের যে প্রস্তাবের সঙ্গে চলতি কভারেজে বেশ কিছু পরিবর্তন এবং নতুন মূল্য যুক্ত বৈশিষ্ট্য যোগ করা হয়েছে। আমাদের অবশ্যই এরকম কিছু পরিবর্তন নিয়ে আলোচনা করতে হবে। এটি মনে রাখা দরকার যে সব

কটি পণ্য নিম্নে উল্লিখিত সব কটি বৈশিষ্ট্য বহন করবে না, এবং এটি বীমাকারী থেকে বীমাকারী এবং পণ্য থেকে পণ্যের মধ্যে পার্থক্য থাকতে পারে।

**i. উপ সীমা এবং রোগ নির্ধারিত সীমা**

কিছু পণ্যের ক্ষেত্রে রোগ নির্ধারিত সীমা আছে, যেমন, ক্যাটার্যাক্ট বা ছানি। কয়েকটির ক্ষেত্রে আবার বীমাকৃত রাশির সঙ্গে ঘরের ভাড়াকে সংযুক্ত করে উপ সীমা করা আছে, যেমন, প্রতিদিন ঘরের ভাড়া বীমাকৃত রাশির ১শতাংশ বা আইসিইউ-র ক্ষেত্রে বীমাকৃত রাশির ২শতাংশতে সীমাবদ্ধ করা আছে। অন্যান্য বিভাগের অধীনে খরচ যেমন আইসিইউ-র চার্জ, ওটি-র চার্জ এবং এমনকী শল্য চিকিৎসকের ফি-ও কী ধরণের ঘর নেওয়া হচ্ছে তারসঙ্গে যুক্ত থাকে। ঘরের ভাড়ার ক্ষেত্রে উর্ধ্ব সীমা থাকলে সেটি অন্যান্য বিভাগের ক্ষেত্রেও খরচও সীমাবদ্ধ করে দেয় এবং তারফলে হাসপাতালে ভর্তি থাকার সার্বিক খরচই কমে যায়।

**ii. কো-পেমেন্ট (লোকমুখে কো-পে বলে)**

কো-পেমেন্ট হলো একটা স্বাস্থ্য বীমা পলিসির অধীনে খরচ ভাগাভাগির চাহিদা যাতে বলা হয় পলিসিহোল্ডার/বীমাকৃত গ্রহনীয় ক্লেইমের পরিমাণের একটা নির্দিষ্ট অংশ বহন করবেন। কো-পেমেন্ট বীমাকৃত রাশিকে কমিয়ে দেয় না।

বীমাকৃত যাতে তাঁর পছন্দ বাছাইয়ের ক্ষেত্রে সতর্ক থাকতে পারেন এবং স্বেচ্ছায় তাঁর সামগ্রিক হাসপাতাল খরচ কমাতে পারে তা এটা নিশ্চিত করে।

**iii. ডিডাক্টিবল বা বিয়োজ্য**

ডিডাক্টিবল বা বিয়োজ্য হলো একটা স্বাস্থ্য বীমা পলিসির অধীনে খরচ ভাগাভাগির চাহিদা যাতে বলা হয় ক্ষতিপূরণ পলিসির ক্ষেত্রে কোনো নির্দিষ্ট পরিমাণ টাকার জন্য এবং হসপিটাল ক্যাশ পলিসির ক্ষেত্রে একটা নির্ধারিত দিন/ঘন্টার সুবিধা দেওয়ার জন্য দায়বদ্ধ থাকবে না বীমাকারী যা বীমা প্রযোজ্য হবে বীমাকারীর প্রদেয় সুবিধার আগে। ডিডাক্টিবল বা বিয়োজ্য বীমাকৃত রাশিকে কমিয়ে দেয় না।

বীমাকারীদের এটা নির্দিষ্ট করতে হয় যে বছর পিছু, জীবন পিছু বা ঘটনা পিছু বিয়োজ্য প্রযোজ্য হবে কিনা এবং প্রযোজ্য নির্ধারিত বিয়োজ্যের পরিমাণ।

**iv.** আইআরডিএআই দ্বারা নতুন বর্জন (এক্সক্লুশন) চালু হয়েছে এবং পরে তার মান নির্ধারিত হয়েছে :

- ✓ জেনেটিক রোগ এবং স্টেম সেল প্রতিস্থাপন/অস্ত্রোপচার।
- ✓ বাহ্যিক এবং বা দীর্ঘস্থায়ী চিকিৎসাগত/অ-চিকিৎসাগত যে কোনো ধরণের যন্ত্রপাতি যা ব্যবহার করা হয়েছে রোগ নির্ণয় এবং অথবা চিকিৎসার জন্য। এর অন্তর্ভুক্ত হলো সিপিএপি, সিএপিডি, ইনফিউশন পাম্প ইত্যাদি, চলার যন্ত্রপাতি যেমন যে কোনো ধরণের ওয়াকার, ক্রাচ, বেল্ট, কলার, ক্যাপ, স্প্লিন্টস, স্লিঙ্গস, ব্রেস, স্টকিং ইত্যাদি, ডায়াবেটিক ফুট ওয়্যার, গ্লুকোমিটার/থার্মোমিটার এবং একইরকম সম্পর্কিত

জিনিসপত্র ইত্যাদি এবং যেকোনো ধরণের চিকিৎসাগত যন্ত্রপাতি যা পরবর্তীকালে বাড়ি ইত্যাদিতে ব্যবহৃত হবে

- ✓ হাসপাতালের ধার্য করা যে কোনো ধরণের পরিষেবা চার্জ, সারচার্জ, অ্যাডমিশন ফি/রেজিস্ট্রেশনের চার্জ ইত্যাদি
- ✓ হাসপাতালে ভর্তির প্রাক অথবা পরবর্তী সময়কালে চিকিৎসকের বাড়িতে ভিজিটের চার্জ, অ্যাটেনড্যান্ট/ নার্সিংয়ের চার্জ

সাধারণ বর্জনীয় বিষয়গুলির মাননির্ধারণ করে দিয়েছে আইআরডিএআই। দয়া করে শেষে অতিরিক্ত সংযোজনটি দেখুন।

### v. জোন ভিত্তিক প্রিমিয়াম

সাধারণত, প্রিমিয়ামটি নির্ভর করে বীমাকৃত ব্যক্তির বয়স এবং বীমাকৃত রাশি যা নির্ধারিত করা হয়েছে তার উপর। ক্লেইমের উচ্চতর খরচের জন্য নির্দিষ্ট কিছু জোনে প্রিমিয়ামের পার্থক্য চালু করা হয়েছে, যেমন দিল্লি এবং মুম্বাইকে কয়েকটি বীমাকারী কিছু নির্দিষ্ট পণ্যের ক্ষেত্রে সবচেয়ে বেশি প্রিমিয়াম জোনের অন্তর্গত করেছে।

### vi. পূর্ব উপস্থিত রোগের কভারেজ

নিয়ন্ত্রণের প্রয়োজনের দৃষ্টিভঙ্গিতে, পূর্ব-উপস্থিত রোগ যা আগে বাদ দেওয়া হয়েছিল তা নির্দিষ্ট করে চার বছরের অপেক্ষার সময়ের জন্য উল্লেখ করা আছে। কিছু বীমা কোম্পানি তাদের বেশি প্রিমিয়ামের কিছু পণ্যের ক্ষেত্রে এই সময়কালটি কমিয়ে 2 এবং 3 বছর করেছে।

### vii. পুনর্নবীকরণ

কয়েকটি বীমাকারী আজীবনের পুনর্নবীকরণ চালু করেছে। এখন, আইআরডিএআই সব পলিসির জন্য এটিকে বাধ্যতামূলক করে দিয়েছে।

### viii. . ডে-কেয়ার প্রক্রিয়ার জন্য কভারেজ

চিকিৎসা বিজ্ঞানের উন্নতির ফলে বিরাট সংখ্যক প্রক্রিয়াই এখন ডে-কেয়ার বিভাগের অধীনে চলে এসেছে। আগে শুধুমাত্র সাতটি প্রক্রিয়া বিশেষভাবে ডে-কেয়ারের অধীনে উল্লেখিত ছিল- ছানি, ডি এবং সি, ডায়ালিসিস, কেমোথেরাপি, রেডিওথেরাপি, লিথোট্রিপসি এবং টনসিলেকটমি। এখন, ১৫০টিরও বেশি প্রক্রিয়া কভার করা হয় এবং তালিকাটি বেড়েই চলেছে।

### ix. প্রাক পলিসি চেক আপের খরচ

চিকিৎসাগত পরীক্ষার খরচ আগে সম্ভাব্য ক্রেতাই বহন করতেন। এখন বীমাকারী সেই খরচ পরিশোধ করে দেয়। তবে অবশ্যই যদি প্রস্তাবটি দায়গ্রহণের জন্য গৃহীত হয়। ৫০% থেকে ১০০শতাংশ পর্যন্ত এই পরিশোধের পার্থক্য হয়। এখন আইআরডিএআই বাধ্যতামূলক করে দিয়েছে যে স্বাস্থ্য পরীক্ষার খরচের অন্তত ৫০শতাংশ বীমাকারীকে বহন করতেই হবে।

### x. প্রাক এবং পরবর্তী হাসপাতাল কভারের সময়পর্ব

অধিকাংশ বীমাকারী বিশেষত তাঁদের বেশি প্রিমিয়ামের পণ্যগুলির ক্ষেত্রে হাসপাতালে ভর্তির কভারের প্রাক এবং পরবর্তী সময় বাড়িয়ে ৬০দিন এবং ৯০দিনের সময়পর্ব করেছে। কয়েকটি

বীমাকারী এই খরচগুলির পরিমাণ একটি নির্দিষ্ট শতাংশ পর্যন্ত ক্লেইমের পরিমাণের সঙ্গে যুক্ত করে দিয়েছে, যা সর্বোচ্চসীমার বিষয়াধীন।

### xi. অ্যাড অন কভার

বিভিন্ন নতুন অতিরিক্ত কভারকেই অ্যাড-অন কভার বলা হয়। কয়েকটি বীমাকারী এটি চালু করেছে। তারমধ্যে কয়েকটি হলো :

- ✓ **মাতৃত্বকালীন কভার :** ব্যক্তিগত পলিসির অধীনে আগে মাতৃত্ব কে কভার করা হোতো না। কিন্তু এখন বিভিন্ন ধরণের অপেক্ষমান সময়পর্ব সহ অধিকাংশ বীমাকারীই এর প্রস্তাব দিয়ে থাকেন।
- ✓ **গুরুতর অসুস্থতার কভার :** নির্দিষ্ট কিছু অসুস্থতা যেগুলি জীবন সংশয়মূলক এবং ব্যয়সাপেক্ষ চিকিৎসার যোগ্য, তারজন্য কিছু বেশি দামের পণ্যের অধীনে এই বিকল্পটি পাওয়া যায়।
- ✓ **বীমাকৃত রাশির পুনর্বহাল :** ক্লেইমের পেমেন্ট করার পর, বীমাকৃত রাশিটি (যা ক্লেইমটি দেওয়ার পর কমে যায়) বাড়তি প্রিমিয়াম দিয়ে পুনরায় তার মূল আকারে পুনর্বহাল করা যায়।
- ✓ **এওয়াইইউএসএইচ-এর জন্য কভারেজ-আয়ুর্বেদিক-ইউনানি-সিদ্ধা- হোমিওপ্যাথ :** কিছু পলিসি এওয়াইইউএসএইচ-এর চিকিৎসার খরচ বহন করে। একটি নির্দিষ্ট শতাংশ পর্যন্ত হাসপাতালে ভর্তি থাকার খরচ বহন করা হয়।

### xii. মূল্যযুক্ত কভার

মূল্য যুক্ত কভার কয়েকটি ক্ষতিপূরণ পণ্যের অন্তর্ভুক্ত আছে যার তালিকা নিচে দেওয়া হলো। এর সুবিধা বীমাকৃত রাশির সীমা পর্যন্ত পাওয়া যাবে। যা পলিসির প্রতিটি কভারের তালিকায় নির্দিষ্ট করা আছে। তবে এটি কোনোভাবেই সার্বিক বীমাকৃত রাশির থেকে বেশি হবে না।

- ✓ **বহির্বিভাগের রোগীর কভার:** যেমন আমরা জানি যে ভারতে স্বাস্থ্যবীমা পণ্যগুলি অধিকাংশ শুধুমাত্র হাসপাতালে ভর্তি থাকার সময়ের খরচই কভার করে। কিছু কোম্পানি এখন কয়েকটি বেশি প্রিমিয়ামের পরিকল্পনার অধীনে সীমাবদ্ধ কিছু কভার বহির্বিভাগের রোগীদের খরচের ক্ষেত্রে দিয়ে থাকে।
- ✓ **হাসপাতালের ক্যাশ:** নির্দিষ্ট কিছু সময়ের জন্য হাসপাতালে ভর্তি থাকার সময়ের প্রতিদিনের খরচের একটি নির্দিষ্ট বৃহৎ অংশ দেওয়া হয়ে থাকে। সাধারণত এই সময়পর্বটি হলো ৭দিনের যার থেকে বাদ থাকে পলিসির বাদ দেওয়ার যোগ্য ২/৩দিন। সুতরাং, এই সুবিধা শুধুমাত্র তখনই পাওয়া যাবে যদি হাসপাতালে ভর্তি থাকার এই সময়পর্বটি বাদ দেওয়ার যোগ্য এই সময়পর্বের পরে হয়। এটি হাসপাতালে ভর্তি থাকার সময়ের ক্লেইমের অতিরিক্ত কিন্তু পলিসির সার্বিক বীমাকৃত রাশির মধ্যে অথবা একটি পৃথক উপ-সীমার মধ্যে।
- ✓ **রিকভারির সুবিধা:** বৃহৎ অংশের সুবিধা দেওয়া হয় যদি অসুস্থতা এবং/অথবা দুর্ঘটনার জন্য হাসপাতালে থাকার পুরো সময়পর্বটি ১০দিনের কম না হয়।

- ✓ **দাতার খরচ:** পলিসিতে যে শর্ত এবং শর্তাবলী বর্ণনা করা আছে সেই অনুযায়ী বড় কোনো অঙ্গ প্রতিস্থাপনের ঘটনায় পলিসিটি দাতার জন্য যা খরচ হয় তা পরিশোধ করে থাকে।
- ✓ **অ্যাম্বুলেন্সের পরিশোধ:** পলিসির তালিকাভুক্ত নির্দিষ্ট করা একটি সীমা পর্যন্ত বীমাকৃত/বীমাকৃত ব্যক্তি অ্যাম্বুলেন্সের জন্য যে খরচ করবেন তার খরচ বহন করা হবে।
- ✓ **সঙ্গে থাকা ব্যক্তির জন্য খরচ:** এটির লক্ষ্য হলো বীমাকৃত ব্যক্তির হাসপাতালে ভর্তি থাকার সময় যে সঙ্গী তাঁর সঙ্গে থাকবেন তাঁর খাবার, পরিবহনের খরচ কভার করা। বৃহৎ অংশের পেমেন্ট অথবা পরিশোধমূলক পেমেন্ট পলিসির শর্ত অনুযায়ী দেওয়া হয়ে থাকে, যা পলিসির তালিকা অনুযায়ী সীমা নির্ধারণ করা আছে।
- ✓ **পারিবারিক বর্ণনা:** কয়েকটি স্বাস্থ্য পণ্যে পরিবারের বর্ণনা একটি পরিবর্তনের মধ্যে দিয়ে গেছে। আগে, প্রাথমিক বীমাকৃত, স্ত্রী, নির্ভরশীল সন্তানকে কভার দেওয়ার অনুমতি ছিল। এখন অনেক পলিসি আছে যেখানে মা-বাবা এবং শ্বশুর-শাশুড়িও একই পলিসির অধীনে কভার পেতে পারেন।

---

## D. *টপ-আ  কভার বা হাই ডিডাক্টেবল বীমা প্ল্যান*

টপ-আপ কভার বা হাই ডিডাক্টেবল পলিসি নামেও পরিচিত। আন্তর্জাতিক বাজারে অধিকাংশ মানুষ উচ্চ কো-পে পলিসি অথবা কভার বিহীন রোগ অথবা চিকিৎসার জন্য অতিরিক্ত হিসেবে টপ-আপ কভার কেনেন। যদিও ভারতে, টপ আপ কভার প্রথমে চালু করার ক্ষেত্রে উচ্চ বীমাকৃত রাশির অভাব থাকাকেই মনে করা হয়, কিন্তু এখন আর ঘটনাটি তা নয়। দীর্ঘ সময় ধরে একটি স্বাস্থ্য পলিসির অধীনে ৫,০০,০০০টাকাই সর্বাধিক কভার পাওয়া যেতো। কেউ যদি বেশি মূল্যের কভার চাইতেন তবে তিনি বাধ্য হতেন দ্বিগুণ প্রিমিয়াম দিয়ে দুটি পলিসি কিনতে। এইকারণেই বীমাকারীদের দ্বারা টপ-আপ পলিসিগুলি জনপ্রিয় হয়েছিল, অধিকন্তু যা নির্দিষ্ট একটি পরিমাণের (যাকে বলা হয় সীমা) উচ্চ বীমাকৃত রাশি উপর কভার দিত।

এই পলিসিটি বরাবর কাজ করে একটি কম বীমাকৃত রাশির প্রাথমিক স্বাস্থ্য কভারের সঙ্গে এবং সেটি পাওয়া যায় তুলনামূলকভাবে যুক্তিসঙ্গত প্রিমিয়ামে। যেমন উদাহরণস্বরূপ, যে ব্যক্তিরা তাঁদের নিয়োগকর্তার দ্বারা কভারের সুবিধা পাচ্ছেন তাঁরাও অতিরিক্ত সুরক্ষার জন্য টপ-আপ কভারও বেছে নিতে পারেন (প্রথম পলিসির বীমাকৃত রাশিকে সীমা হিসেবে রেখে)। এটি নিজের জন্য এবং পরিবারের জন্য হতে পারে, যা দুর্ভাগ্যজনকভাবে বিপুল খরচের চিকিৎসার সময় কাজে লেগে যেতে পারে।

টপ-আপ পলিসির অধীনে ক্লেইম পাওয়ার জন্য যোগ্য বিবেচিত হতে হলে, চিকিৎসাগত খরচকে (অথবা সীমাকে) পরিকল্পনার অধীনে যে ডিডাক্টিবল স্তর বাছা হয়েছে তার বেশি হতে হবে এবং বেশি ডিডাক্টিবল পরিকল্পনার অধীনে পরিশোধটি হবে যে পরিমাণ খরচ হয়েছে সেটিই, যেমন, তা ডিডাক্টিবলের বেশি হবে

**উদাহরণ**

একজন ব্যক্তিকে তাঁর নিয়োগকর্তা ৩লক্ষ টাকার বীমাকৃত রাশির কভার করে দিয়েছেন। তিনি ঐ 3লক্ষের অতিরিক্ত পলিসি হিসেবে একটি ১০লক্ষ টাকার টপ-আপ নিতে পারেন।

যদি একবার হাসপাতালে ভর্তি হওয়ার খরচ 5লক্ষ টাকা হয়, প্রাথমিক যে পলিসিটি রয়েছে সেটি তিন লক্ষ টাকা পর্যন্ত কভার দেবে, কিন্তু বাকি দু লক্ষ টাকার ব্যালেন্স দেবে এই টপ-আপ পলিসি।

টপ-আপ পলিসি বেশ সস্তা এবং একক ১০লক্ষ টাকার একটি পলিসিতে খরচ একটি ১০লক্ষ টাকার টপ-আপ পলিসি (৩ লক্ষের অতিরিক্ত) তুলনায় অনেক বেশি হবে।

---

এই কভারগুলি ব্যক্তির ভিত্তিতে এবং পারিবারিক ভিত্তিতে পাওয়া যায়। এখন বাজারে পরিবারের প্রত্যেক সদস্যকে কভার করার জন্য ব্যক্তিগত বীমাকৃত রাশি বা পরিবারের সদস্যদের মধ্যে ফ্লোট করবে এমন একক বীমাকৃত রাশির প্রস্তাব পাওয়া যায়।

যদি টপ-আপ পরিকল্পনার ক্ষেত্রে এমন প্রয়োজন থাকে যে হাসপাতালে ভর্তির প্রতিটি ঘটনার সময় ডিডাক্টিবল পরিমাণটিকে বেশি হতে হবে, তাহলে সেই পরিকল্পনাকে বলা হয় **ক্যাটাস্ট্রোফ ভিত্তিক** উচ্চ ডিডাক্টিবল পরিকল্পনা। এর অর্থ হলো, উপরের উদাহরণে যেমন বলা হয়েছে, প্রত্যেকটি ক্লেইমকে অবশ্যই ৩লক্ষ টাকার বেশি হতে হবে।

যদিও যে টপ-আপ পরিকল্পনায় পলিসির সময়পর্বের মধ্যে পর পর হাসপাতালে ভর্তি হওয়ার পরও ডিডাক্টিবলের বেশি খরচের অনুমতি দেওয়া হয় তাকে বলা হয় অ্যাগ্রিগেট ভিত্তিক উচ্চ ডিডাক্টিবল পরিকল্পনা অথবা ভারতীয় বাজারে যার পরিচিতি হলো সুপার টপ-আপ। এর অর্থ হলো যে, উপরে যে উদাহরণ দেওয়া হয়েছে, প্রতিটি ক্লেইম যুক্ত করা হয় এবং যখন তা ৩লক্ষের বেশি হয়ে যায়, তখন টপ-আপ কভার ক্লেইমের টাকা দেওয়া শুরু করে।

হাসপাতালের ক্ষতিপূরণ পলিসিতে অধিকাংশ মান নির্ধারণকারী শর্তাবলীতে, শর্তে এবং বাদ দেওয়ার ব্যাপার এই পণ্যগুলিতে প্রযোজ্য হয়। কিছু বাজারে, যেখানে প্রাথমিক স্বাস্থ্য কভার সরকার দিয়ে থাকে, সেখানে সাধারণত বেশিরভাগ ক্ষেত্রে বীমাকারীরা শুধুমাত্র টপ-আপ কভার দেওয়ার ব্যাপারেই অনুমতি দেয়।

---

## E. *বরিষ্ঠ নাগরিক পলিসি*

নির্দিষ্ট বয়স (যেমন, ৬০বছরের বেশি বয়সী মানুষ) পেরোনোর পর বরিষ্ঠ মানুষদের অনেক সময়ই কভারেজের আওতা থেকে বাদ দেওয়া হয়। এই পরিকল্পনাটি তাঁদের জন্যই নকশা করা। কভারেজের কাঠামো এবং বাদ দেওয়ার বিষয়গুলি অনেকটাই হাসপাতালে ভর্তি থাকার সময়ের পলিসির মতো।

কভারেজটি নির্ধারণ করা এবং অপেক্ষার সময়পর্বটি নিয়ে বয়স্ক মানুষদের অসুখের বিষয়টিতে বিশেষ নজর দেওয়া হয়েছে। বীমায় প্রবেশের বয়স অধিকাংশ হলো ৬০বছরের পরে এবং আজীবন তা পুনর্নবীকরণ করা যাবে। বীমাকৃত রাশির ব্যাপ্তি হলো ৫০,০০০ থেকে ৫,০০,০০০টাকা পর্যন্ত। নির্দিষ্ট কিছু অসুস্থতার ক্ষেত্রে অপেক্ষার সময়পর্বটি বিভিন্নভাবে প্রযোজ্য। উদাহরণ: একজন বীমাকারী ছানির জন্য হয়তো ১বছরের অপেক্ষার সময়পর্ব রেখেছে এবং অন্য কোনো বীমাকারীরা হয়তো অপেক্ষার সময়পর্বটিকে ২বছরের জন্য রেখেছে।

আবার হয়তো নির্দিষ্ট কোনো বীমাকারী নির্দিষ্ট কোনো অসুস্থতার ক্ষেত্রে অপেক্ষার সময়পর্ব রাখে না কিন্তু হয়তো অপর কোনো বীমাকারীর জন্য আছে, উদাহরণ: কিছু বীমাকারীর জন্য সাইনাসাইটিস হয়তো অপেক্ষার সময়পর্বের আওতায় পড়ে না কিন্তু আবার কয়েকটি বীমাকারী হয়তো এটিকে তাদের অপেক্ষার সময়পর্বের ধারার মধ্যে অন্তর্ভুক্ত করে রেখেছে।

কিছু পলিসিতে পূর্ব-উপস্থিত অসুখের জন্য হয়তো একটি অপেক্ষার সময়পর্ব অথবা সীমা নির্ধারণ করা আছে। হাসপাতালে ভর্তি থাকার সময়ের প্রাক-পরবর্তী খরচের ক্ষেত্রে হয় হাসপাতালের ক্লেইমের একটি শতাংশ দেওয়া হয় অথবা একটি উপ-সীমা দেওয়া হয়। এক্ষেত্রে যেটি বেশি হবে সেটিই দেওয়া হয়। কিছু পলিসিতে যেখানে খরচগুলি ৩০/৬০দিন বা ৬০/৯০দিনের নির্ধারিত সময়পর্বের মধ্যে হয় সেখানে তারা সাধারণ ক্ষতিপুরণ পরিকল্পনা অনুসরণ করে।

বরিষ্ঠ নাগরিক এমন বীমাকৃত ব্যক্তির জন্য আইআরডিএআই বিশেষ বিধান বাধ্যতামূলক করেছে:

1. বরিষ্ট নাগরিকদের অফার করা স্বাস্থ্য বীমা পণ্যের জন্য ধার্য প্রিমিয়াম হবে ন্যায্য, সমর্থনযোগ্য, স্বচ্ছ ও যথাযথভাবে প্রকাশিত।
2. প্রিমিয়ামের উপর কোনো আন্ডাররাইটিং লোডিং ফার্য করা হলে বীমাকৃতকে লিখিতভাবে তা জানানো হবে এবং পলিসি শুরুর আগেই এই ধরনের লোডিংয়ের জন্য পলিসিহোল্ডারের থেকে নির্দিষ্ট সম্মতি নিয়ে নেওয়া হবে।
3. সমস্ত স্বাস্থ্য বীমাকারী এবং টিপিএ-কে বয়স্ক নাগরিকদের ক্লেইম ও অভিযোগ সংক্রান্ত সমস্ত ঘটনাকে সমাধানের জন্য আলাদা ব্যবস্থা রাখার প্রয়োজন।

## F. স্থায়ী বেনিফিট কভার – হসপিটাল ক্যাশ, জটিল অসুখ

স্বাস্থ্য বীমা পলিসিতে একজন বীমাকারীর সবচেয়ে বড়ো ঝুঁকি হলো পলিসির সুবিধাগুলির অপ্রয়োজনীয় এবং অযৌক্তিক ব্যবহার। যখন জানা যায় যে রোগী একটি স্বাস্থ্য পলিসির কভারের অধীনে আছে, তখন চিকিৎসক, শল্য চিকিৎসকরা এবং হাসপাতালগুলি সেই রোগীদের অতিরিক্ত চিকিৎসা করার চেষ্টা করে। তারা হাসপাতালে থাকার সময়পর্বটিকে দীর্ঘায়িত করে, অপ্রয়োজনীয় রোগ নির্ণয়কারী পরীক্ষা এবং ল্যাবোরেটরির পরীক্ষা চালিয়ে যায় এবং তারফলে চিকিৎসার খরচ প্রয়োজনীয় পরিমাণের থেকেও বাড়িয়ে দেয়। বীমাকারীর খরচের উপর আরো একটি বিষয় প্রভাব ফেলে তা হলো ক্রমাগত চিকিৎসাগত খরচ বেড়ে যাওয়া, সাধারণত প্রিমিয়ামের হার বাড়ানোর তুলনায়ও বেশি।

এর উত্তর হলো সুবিধার নির্দিষ্ট কভার। বীমাকৃত ব্যক্তিকে পর্যাপ্ত সুরক্ষা দেওয়ার পাশাপাশি, সুবিধার নির্দিষ্ট কভার বীমাকারীকেও যুক্তিসঙ্গত সময়ের জন্য কার্যকরীভাবে তাঁর পলিসির দাম ঠিক করতে সাহায্য করে। এই পণ্যে, প্রতিটি ব্যবস্থার অধীনে সাধারণভাবে হওয়া চিকিৎসাগুলি যেমন,

ইএনটি, অপথ্যালমোলজি, ওবসটেট্রিকস এবং গায়নোকলজি, ইত্যাদির মতো চিকিৎসাগুলি তালিকাবদ্ধ করা আছে এবং পলিসি এই প্রত্যেকটির জন্য সর্বোচ্চ কতো টাকা দেওয়া হবে সেটিও বলা আছে।

উল্লিখিত চিকিৎসার জন্য যে পরিমাণ টাকাই বীমাকৃত খরচ করে থাকুন না কেন তিনিও ক্লেইমের পরিমাণ হিসেবে নির্দিষ্ট ঐ পরিমাণ টাকাই পাবেন। এই সমস্ত প্রতিটি চিকিৎসার জন্য যে প্যাকেজ চার্জ প্রদেয় রয়েছে সাধারণত তার ভিত্তি হলো এই ধরণের চিকিৎসার জন্য যুক্তিসঙ্গত কী পরিমাণ করচ হতে পারে তার একটি সমীক্ষা।

খরচের সবকটি উপাদান প্যাকেজ চার্জের মধ্যে অন্তর্ভুক্ত থাকে যেমন:

a) ঘর ভাড়া,
b) পেশাদারের ফি,
c) রোগ নির্ণয়কারী পরীক্ষা,
d) ওষুধ,
e) হাসপাতালে ভর্তি থাকার প্রাক-পরবর্তী খচর ইত্যাদি।

পণ্যের উপর নির্ভর করে প্যাকেজ চার্জের মধ্যে এমনকী খাবার, পরিবহন, অ্যাম্বুলেন্সের ভাড়া ইত্যাদিও অন্তর্ভুক্ত থাকতে পারে।

এই পলিসিগুলি পরিচালনা করা খুব সহজ কারণ ক্লেইম করার জন্য প্রমাণ হিসেবে হাসপাতালে ভর্তি থাকা এবং পলিসির অধীনে যে অসুস্থতাটি কভারের যোগ্য সেইগুলি জমা দিলেই যথেষ্ট।

কিছু পণ্যের প্যাকেজে নির্দিষ্ট সুবিধার কভারের সঙ্গে প্রতিদিনের টাকার সুবিধা পাওয়া যায়। কভারের আওতাভুক্ত এমন চিকিৎসার তালিকা ৭৫ থেকে ২০০টি পর্যন্ত বিস্তৃত হতে পারে। এই বিস্তৃত হওয়াটি নির্ভর করবে পণ্যটির মধ্যে এই চিকিৎসাগুলির সংজ্ঞার উপর।

পলিসিতে লেখা তালিকার মধ্যে যে অস্ত্রোপচার/চিকিৎসার উল্লেখ করা নেই তারজন্য নির্দিষ্ট একটি রাশি দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। পলিসির সময়কালের মধ্যে বিভিন্ন চিকিৎসার জন্য বহু ক্লেইম করা যাবে। যদিও শেষ পর্যন্ত পলিসির অধীনে যে বীমাকৃত রাশি বাছাই করা হয়েছে তারমধ্যেই সীমাবদ্ধ থাকবে।

কয়েকটি নির্দিষ্ট সুবিধার বীমা পরিকল্পনা হলো:

- ✓ হাসপাতালের দৈনন্দিন নগদ বীমা পরিকল্পনা
- ✓ জটিল অসুস্থতা বীমা পরিকল্পনা

## 1. হাসপাতালের দৈনন্দিন নগদ বীমা পরিকল্পনা

### a) প্রতিদিনের পরিমাণের সীমা

হাসপাতালে ভর্তি থাকার সময়ে প্রতিদিন বীমাকৃত ব্যক্তিকে হাসপাতালের নগদ কভারেজে একটি নির্দিষ্ট রাশি দেওয়া হয়। দৈনন্দিনের নগদ কভারেজ ভিন্ন হতে পারে (উদাহরণ হিসেবে) প্রতিদিন ১৫০০ থেকে ৫০০০টাকা অথবা তার বেশিও হতে পারে। দৈনন্দিন নগদ টাকা দেওয়ার ক্ষেত্রে একটি উচ্চ সীমা দেওয়া হয় প্রতি অসুস্থতা এবং একইসঙ্গে পলিসির সময়সীমার জন্য, সাদারণত যা একটি বার্ষিক পলিসি হয়।

### b) টাকা দেওয়ার দিনের সংখ্যা

এই পলিসির কিছু আকারের মধ্যে, দৈনন্দিন নগদ দেওয়ার দিনের সংখ্যার সঙ্গে যুক্ত করা আছে যে অসুখটির জন্য চিকিৎসা করা হচ্ছে তার। চিকিৎসা এবং প্রতিটির ক্ষেত্রে কতো দিন থাকা হচ্ছে তার সময় বিস্তারিত তালিকা চুক্তির শর্তে দেওয়া আছে। এটি প্রত্যেক ধরণের প্রক্রিয়া/অসুস্থতার জন্য যে দৈনন্দিন নগদের সুবিধার অনুমতি দেওয়া আছে তাকে সীমাবদ্ধ করা।

**c) পৃথক কভার বা অ্যাড-অন কভার**

কিছু বীমাকারী যেমন প্রস্তাবেই হাসপাতালের দৈনন্দিন নগদের পলিসি একটি পৃথক পলিসি হিসেবে পাওয়া যায়, যখন, অন্য কিছু ক্ষেত্রে, এটি প্রচলিত ক্ষতিপুরণ পলিসিতে একটি অ্যাড-অন কভার। এই পলিসিগুলি বীমাকৃতকে আনুষঙ্গিক খরচের কভারে সাহায্য করে কারণ যেহেতু একটি নির্দিষ্ট রাশি দেওয়া হয় এবং এরসঙ্গে চিকিৎসার আসল খরচ সম্পর্কিত থাকে না। একটি ক্ষতিপুরণ ভিত্তিক স্বাস্থ্য বীমা পরিকল্পনার অধীনে পাওয়া অতিরিক্ত যে কোনো যে কভার পলিসির অধীনে দেওয়া হয় সেখানে এই নগদ দেওয়ারও অনুমতি আছে।

**d) সাপ্লিমেন্টারি কভার**

এই পলিসি প্রচলিত হাসপাতালের খরচের পলিসিকে সাপ্লিমেন্ট করতে পারে কারণ যেহেতু এটি সাশ্রয়কারী এবং আনুষঙ্গিক খরচের জন্য এবং ক্ষতিপুরণ পলিসির অধীনে যেমন বাদ দেওয়া, কো-পে ইত্যাদির ক্ষেত্রে যে খরচ দেওয়া হয় না তারও ক্ষতিপুরণ দেয়।

**e) কভারের অন্যান্য সুবিধা**

বীমাকৃতের দৃষ্টিভঙ্গী থেকে, এই পরিকল্পনাটির বেশ কয়েকটি সুবিধা আছে কারণ যেহেতু এটি একজন ক্রেতার কাছে ব্যাখ্যা করা সহজ এবং সেইকারণে এটি আরো সহজে বিক্রি করা যায়। হাসপাতালে ভর্তি থাকার সময়পর্বোর মধ্যে আসল খরচ যাই হোক না কেন, এই পলিসিটি চিকিৎসাগত মুদ্রাস্ফীতিকে জয় করে কারণ যেহেতু প্রতিদিন একটি নির্দিষ্ট রাশি দেওয়া হয়। একইসঙ্গে, এমন বীমার কভার গ্রহণ করা এবং ক্লেইমের মীমাংসা করা সত্যিই সহজ করে দেওয়া হয়েছে।

2. **জটিল অসুস্থতা পলিসি**

এই পণ্যটি **ভয়াবহ রোগের কভার** অথবা **ট্রমা কেয়ার কভার** হিসেবে পরিচিত।

চিকিৎসা বিজ্ঞানের উন্নতির সঙ্গে সঙ্গে, মানুষ এখন বেশ কিছু বড় ধরণের অসুখ যেমন ক্যান্সার, স্ট্রোক, হৃদরোগ ইত্যাদি থেকেও বেঁচে যাচ্ছেন। আগে এমন রোগ হলে তার ফলাফল হতো মৃত্যু। আবার, এমন বড় ধরণের অসুস্থতা থেকে বেঁচে ফিরলে মানুষের আয়ুও যথেষ্ট পরিমাণে বেড়ে যায়। যদিও, একটি বড় ধরণের অসুস্থতা থেকে বেঁচে ফেরার পর চিকিৎসার জন্য বিপুল খরচ হয় যেমন তখন হয় আবার তেমনি চিকিৎসার পরবর্তী জীবনধারণের খরচও অনেক বেড়ে যায়। সেইকারণে জটিল অসুস্থতার শুরু হওয়ার অর্থ হলো একজন ব্যক্তির অর্থনৈতিক নিরাপত্তারও ঝুঁকিও বেড়ে যাওয়া।

a) জটিল অসুস্থতা পলিসি হলো এমন একটি সুবিধার পলিসি যেখানে নির্দিষ্টভাবে উল্লিখিত জটিল অসুস্থতা রোগ নির্ণয়ের পর একটি বড় রাশির অঙ্ক পাওয়ার সুবিধা থাকে।

b) এটি বিক্রি করা হয়

✓ একটি পৃথক পলিসি হিসেবে অথবা

✓ কয়েকটি স্বাস্থ্য পলিসিতে অ্যাড-অন হিসেবে অথবা

✓ কিছু জীবন বীমা পলিসিতে অ্যাড-অন কভার হিসেবে

ভারতে, জীবনের পলিসিগুলির উপর ভর করে বীমাকারীরা জটিল অসুস্থতার সুবিধাগুলি সবচেয়ে প্রচলিতভাবে বিক্রি করে এবং তারা দুটি ধরণের আকারে তা বিক্রি করে-দ্রুততর সিআই সুবিধা পরিকল্পনা এবং পৃথক সিআই সুবিধা পরিকল্পনা। যখন এই সুবিধাগুলি বিক্রি করা হয় সেসময় যে অসুখগুলি কভার করা হবে তার সুনির্দিষ্ট বর্ণনা এবং ভালো দায়গ্রহণ খুবই গুরুত্বপূর্ণ। বিভ্রান্তি দূর করার জন্য, ২০টি খুব প্রচলিত জটিল অসুস্থতার সংজ্ঞা আইআরডিএ স্বাস্থ্য বীমা মাননির্ধারণকারী নির্দেশিকার অধীনে দেওয়া আছে। (দয়া করে শেষে দেওয়া সংযোজনী দেখুন)।

যদিও, প্রতিকূল বাছাইয়ের সম্ভাবনা (অধিকাংশ যে মানুষদের এর মাধ্যমে প্রভাবিত হওয়ার সম্ভাবনা বেশি তারা এই বীমাটি নেয়) ইস্যু করার স্তরেই খুব বেশি এবং এটি গুরুত্বপূর্ণ হলো প্রস্তাবকের স্বাস্থ্যের অবস্থাটি নিশ্চিত করে নেওয়া। যথেষ্ট তথ্য না থাকার দরুণ, বর্তমানে জটিল অসুস্থতার পরিকল্পনার মূল্য নির্ধারণ করতে সাহায্য নেওয়া হচ্ছে রিইন্সুরার্সের তথ্যের মাধ্যমে।

c) জটিল অসুস্থতা হলো বড় ধরণের অসুস্থতা যারফলে শুধুমাত্র যে হাসপাতালে ভর্তি থাকার খরচ বেড়ে যাবে তা নয়, এরফলে বিকলাঙ্গতা, অঙ্গহানি, আয়েরও ক্ষতি ইত্যাদিও হতে পারে এবং হাসপাতালে ভর্তি হওয়ার পরেও দীর্ঘ পরিচর্যার প্রয়োজন হতে পারে।

d) জটিল অসুস্থতার এই পলিসিগুলি অনেক সময়ই হাসপাতালের ক্ষতিপূরণ পলিসির সঙ্গে অতিরিক্ত হিসেবে নেওয়ার জন্য সুপারিশ করা হয়, যাতে যে পরিবারের সদস্য এমন অসুখে আক্রান্ত হয়েছে সেই পরিবারটি পলিসির অধীনে যে ক্ষতিপূরণ দেওয়া হয় তা তাদের আর্থিক বোঝা কমিয়ে আনতে সাহায্য করতে পারে।

e) বীমাকারী এবং পণ্যের মধ্যে জটিল অসুস্থতার ক্ষেত্রে যে কভার দেওয়া হয় তার তারতম্য হতে পারে, কিন্তু সাদারণ যেগুলি অন্তর্ভুক্ত:

✓ নির্দিষ্ট তীব্রতার ক্যান্সার
✓ গভীর মায়োকারডিয়াল ইনফারকশন
✓ করোনারি আর্টারির অস্ত্রোপচার
✓ হৃদয়ের ভালভের প্রতিস্থাপন
✓ নির্দিষ্ট তীক্ষ্ণতার কোমা
✓ রেনাল ফেইলিওর
✓ স্ট্রোকের ফলে স্থায়ী লক্ষণ
✓ বড় অঙ্গ/বোন ম্যারো প্রতিস্থাপন
✓ মাল্টিপল স্ক্লেরোসিস
✓ মোটর নিউরন রোগ
✓ অঙ্গের স্থায়ী পক্ষাঘাত
✓ বড় দুর্ঘটনার কারণে স্থায়ী বিকলাঙ্গতা

জটিল অসুস্থতার তালিকাটি স্থির নয় এবং তা বিবর্ধিত হতেই থাকে। কয়েকটি আন্তর্জাতিক বাজারে বীমাকারীরা শর্তকে শ্রেণীবদ্ধ করে 'প্রধান' এবং 'অতিরিক্ত' হিসেবে, এমনকী

অ্যালঝেইমার রোগের মতো পরিস্থিতিতেও তারা কভার দিয়ে থাকে। কখনো 'মরণাপন্ন অসুস্থতা'ও এই কভারেজের আওতায় থাকে তবে অবশ্যই তারজন্য অনেক বেশি হারে প্রিমিয়াম দিতে হয়।

f) অধিকাংশ জটিল অসুস্থতার পলিসি যখন অসুখটির রোগনির্ণয়ের জন্য একটি বড় পরিমাণ টাকা দেয়, সেখানে এমন কয়েকটি পলিসি আছে যেগুলি খরচের পরিশোধের আকারে হাসপাতালে ভর্তি থাকার খরচ দেয়। কয়েকটি পণ্য উভয় কভারই যৌথভাবে প্রস্তাব দিয়ে থাকে, যেমন, ইন পেশেন্টের হাসপাতালে ভর্তি থাকার সময়ের খরচের ক্ষতিপুরণ এবং পলিসিতে উল্লিখিত বড় কোনো রোগ নির্ণয় করা হলে থোক টাকা দেওয়া হয়।

g) জটিল অসুস্থতার পলিসি সাধারণত ২১ থেকে ৬৫বছর বয়সী ব্যক্তিদের জন্য উপলব্ধ।

h) এই পলিসির অধীনে যে বীমাকৃত রাশির প্রস্তাব দেওয়া হয় তা যথেষ্ট বেশি। কারণ এমন অসুখের সঙ্গে যে দীর্ঘ মেয়াদী পরিচর্যার জন্য যে আর্থিক বোঝার বিষয়টি জড়িয়ে আছে, সেটিই হলো এই পলিসিগুলির প্রাথমিক কারণ।

i) এই পলিসিগুলির অধীনে সাধারণত বীমাকৃত রাশির ১০০% জটিল অসুখটি নির্ণিত হওয়ার পর দিয়ে দেওয়া হয়। কিছু ক্ষেত্রে ক্ষতিপুরণের তারতম্য বীমাকৃত রাশির ২৫% থেকে ১০০% পর্যন্ত হতে পারে। সেটি নির্ভর করে পলিসির শর্ত এবং শর্তাবলী ও অসুস্থতার তীব্রতার উপর।

✓ রক্ত পরীক্ষা, এক্স-রে, স্ক্যান প্রভৃতি সহ ইনভেস্টিগেশন চার্জ
✓ মেডিসিন ও ড্রাগ

ক্রেতার পেশ করা নথিপত্রগুলি পরীক্ষা করা হয় সেখান থেকে এই খাতের আওতায় তথ্যগুলি বের করার জন্য যাতে ক্লেইমের মীমাংসাটা নিখুঁতভাবে করা যায়।

হাসপাতালগুলির বিলিং প্যাটার্নটার স্ট্যান্ডার্ডাইজ করার চেষ্টা যদিও চলছে তবে প্রত্যেক হাসপাতালের ক্ষেত্রে বিলিংয়ের পদ্ধতিটা আলাদা হওয়া খুব স্বাভাবিক এবং এতে যে চ্যালেঞ্জগুলির মুখে পড়তে হয় সেগুলি হলো:

✓ রুম চার্জের মধ্যে কিছু অ-প্রদেয় আইটেম থাকতে পারে যেমন সার্ভিস চার্জ বা ডায়েট
✓ সিঙ্গল বিলে বিভিন্ন খাত অন্তর্ভুক্ত হতে পারে অথবা সমস্ত ইনভেস্টিগেশন বা সমস্ত ওষুধের জন্য একটা এককালীন বিল
✓ নন-স্ট্যান্ডার্ড নাম ব্যবহৃত হয় যেমন নার্সিং চার্জকে সার্ভিস চার্জ বলা হয়ে থাকে

- ✓ বিলের মধ্যে ''সিমিলার চার্জ'', ''প্রভৃতি'', ''অ্যালায়েড এক্সপেন্স''-এর মতো শব্দের ব্যবহার

বিলিং যেখানে স্পষ্ট নয়, প্রসেসর সেক্ষেত্রে ব্রেক আপ বা অতিরিক্ত তথ্য চাইতে পারেন, যাতে শ্রেণীবিভাগ ও গ্রাহ্যতার ব্যাপারে সন্দেহ কাটানো যায়।

এই বিষয়টার মোকাবিলায় আইআরডিএআই হেল্থ ইনসুরেন্স স্ট্যান্ডার্ডাইজেশন গাইডলাইন ইস্যু করেছে যেখানে এই ধরনের বিলগুলি ও অ-প্রদেয় আইটেমগুলির তালিকা স্ট্যান্ডার্ডাইজ করা হয়েছে।

**প্যাকেজ রেট**

নির্দিষ্ট রোগের চিকিৎসার জন্য বহু হাসপাতালেরই সম্মত প্যাকেজ রেট থাকে। এটা প্রসিডিওর চিকিৎসার স্ট্যান্ডার্ডাইজ করতে ও সম্পদ ব্যবহার করতে হাসপাতালের সামর্থ্যের ভিত্তিতে হয়। সাম্প্রতিক কালে পছন্দের প্রোভাইডার নেটওয়ার্কে চিকিৎসা করাতে এবং আরএসবিওয়াই-এর ক্ষেত্রে বহু প্রক্রিয়ারই প্যাকেজ খরচ পূর্ব-নির্ধারিত।

**উদাহরণ**

a) কারডিয়াক প্যাকেজ : অ্যাঞ্জিওগ্রাম, অ্যাঞ্জিওপ্লাস্টি, সিএবিজি অথবা ওপেন হার্ট সার্জারি প্রভৃতি
b) গায়নোকোলজিকাল প্যাকেজ: স্বাভাবিক প্রসব, সিজারিয়ান প্রসব, হিস্টেরেক্টমি প্রভৃতি
c) অর্থোপেডিক প্যাকেজ
d) অপথ্যালমোলজিকাল প্যাকেজ

---

অস্ত্রোপচারের পর জটিলতার কারণে অতিরিক্ত খরচ আলাদাভাবে প্রকৃত খরচের সাপেক্ষে চার্জ করা হয় যদি তা প্যাকেজের মধ্যেই থাকে বা তার বেশি হয়ে যায়।

প্যাকেজে খরচের নিশ্চয়তার সুবিধা রয়েছে এবং প্রক্রিয়াগুলির স্ট্যান্ডার্ডাইজেশনের সুবিধা থাকে ফলে এই ধরনের ক্লেইম সামলানো সহজতর হয়।

e) **ক্লেইমের কোডিং**

সবচেয়ে বেশি ব্যবহৃত গুরুত্বপূর্ণ কোড সেটটি হলো ওয়ার্ল্ড হেল্থ অর্গানাইজেশন (হু)-র তৈরি **ইন্টারন্যাশনাল ক্লাসিফিকেশন অব ডিজিজি (আইসিডি) কোড।**

আইসিডি যেখানে ব্যবহৃত হয় একটা স্ট্যান্ডার্ডাইজড ফরম্যাট, প্রসিডিওর কোডে রোগকে ক্যাপচার করতে, যেমন **কারেন্ট প্রসিডিওর টার্মিনোলজি (সিপিটি) কোডগুলি** রোগের চিকিৎসায় যে প্রক্রিয়াগুলি করা হয় সেগুলিকে ক্যাপচার করে।

বীমাকারীদের ক্রমশই নির্ভরতা বাড়ছে কোডিং ও ইনসুরেন্স ইনফরমেশন বুরো (আইআইবি)-র উপর, যা হলো ইনসুরেন্স রেগুলেটারি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (আইআরডিএআই)-র অংশ। আইআইবি একটা তথ্য ব্যাঙ্ক শুরু করেছে যেখানে এই ধরনের তথ্য বিশ্লেষণ করা যেতে পারে।

f) **ক্লেইমের প্রসেসিং**

স্বাস্থ্য বীমা পলিসিটি একবার পড়লেই দেখা যায় যে এটা হলো একটা বাণিজ্যিক চুক্তি, এর সঙ্গে বেশ কিছু মেডিক্যাল পরিভাষা জড়িত যা নির্ধারণ করে ক্লেইমটা প্রদেয় হবে কি হবে না এবং কতটা হবে। যে কোনো বীমা পলিসির ক্লেইম প্রসেসিংয়ের অন্তরটি থাকে দুটি মূল প্রশ্নের জবাবের মধ্যে:

- ✓ পলিসির আওতায় ক্লেইমটা কি প্রদেয়?
- ✓ যদি হয়, তাহলে মোট প্রদেয়র পরিমাণ কী?

এই প্রশ্নগুলির প্রত্যেকটার জন্য ইস্যু করা পলিসির এক গুচ্ছ শর্তাবলী বোঝা দরকার পাশপাশি একটা নেটওয়ার্ক হাসপাতালে চিকিৎসা হয়ে থাকলে হাসপাতালের সঙ্গে সম্মত হার অনুযায়ী কিনা।

**একটা ক্লেইমের গ্রাহ্যতা**

একটা স্বাস্থ্য ক্লেইমকে গ্রাহ্য হতে হলে নিম্নলিখিত শর্তগুলি অবস্যই পূরণ করতে হবে।

**i. হাসপাতালে ভর্তি হয়েছেন যে সদস্য তাঁকে অবশ্যই বীমা পলিসির অধীনে কভারকৃত হতে হবে**

এটা দেখে খুব সরল মনে হলেও, আমরা এমন অনেক পরিস্থিতি দেখেছি যেখানে কভারকৃত ব্যক্তির নাম (এবং বহু ক্ষেত্রেই বয়স) এবং হাসপাতালে ভর্তি হওয়া ব্যক্তির সঙ্গে মিলছে না। এমনটা হতে পারে কারণ:

এটা খুবই গুরুত্বপূর্ণ যে পলিসির আওতায় কভারকৃত ব্যক্তি ও হাসপাতালে ভর্তি হওয়া ব্যক্তি যেন একই হন। স্বাস্থ্য বীমায় এই ধরনের জালিয়াতি খুবই সাধারণ।

**ii. বীমার মেয়াদের মধ্যে রোগীর ভর্তি**

**iii. হাসপাতাল সংজ্ঞা**

হাসপাতাল যেখানে মানুষকে ভর্তি করা হয়েছে সেটা যেন পলিসির অধীনে ''হসপিটাল বা নার্সিং হোম''-এর সংজ্ঞা অনুযায়ী হয়, অন্যথায় ক্লেইম প্রদেয় হয় না।

**iv. ডোমিসিলিয়ারি হসপিটালাইজেশন**

কিছু পলিসিতে ডোমিসিলিয়ারি হসপিটালাইজেশনকে কভার দেয় অর্থাৎ ভারতে বাড়িতে থেকে চিকিৎসা নেওয়া, তবে 3 দিনের বেশি মেয়াদের জন্য এমন একটা রোগের কারণে সাধারণত যার জন্য হাসপাতাল/নার্সিং হোমে চিকিৎসা করাতে হয়।

একটা পলিসিতে কভার করা থাকলে ডোমিসিলিয়ারি হসপিটালাইজাইশেন কেবলমাত্র প্রদেয় হয় যদি:

- ✓ রোগীর অবস্থা এমন হয় যে তাঁকে হাসপাতাল বা নার্সিংহোমে সরানো যাচ্ছে না
- ✓ হাসপাতাল বা নার্সিংহোমে জায়গা না থাকায় রোগীকে সেখানে নিয়ে যাওয়া যায়নি

**v. হাসপাতালে থাকার মেয়াদ**

স্বাস্থ্য বীমা পলিসিগুলি সাধারণত ইন-পেশেন্ট হিসেবে 24 ঘন্টার বেশি হাসপাতালে থাকাকে কভার করে। তাই ডিসচার্জের পাশাপাশি হাসপাতলে ভর্তির তারিখ ও সময় গুরুত্বপূর্ণ হয়ে গেছে কারণ এই শর্ত পূরণ হয়েছে কিনা তা দেখার জন্য।

### ডে-কেয়ার ট্রিটমেন্ট

স্বাস্থ্য পরিষেবা শিল্পে প্রযুক্তির বিকাশের সাথে সাথে অনেক জটিল প্রক্রিয়ায় এখন সরল হয়ে গেছে, আগে হয়তো যার জন্য দীর্ঘদিন ধরে হাসপাতলে ভর্তি থাকতে হতো ও জটিল প্রক্রিয়ার দরকার পড়তো। আজকাল ডে কেয়ার ভিত্তিতেই অনেক প্রক্রিয়া করে ফেলা যাচ্ছে, 24 ঘন্টার বেশি হাসপাতালে না রেখেই।

বেশিরভাগ ডে কেবার প্রক্রিয়া হয় পূর্ব-সম্মত প্যাকেজ রেটের ভিত্তিতে, ফলত খরচের বাঁধা-ধরা ব্যাপার থাকে।

### vi. ওপিডি

কিছুতে পলিসিতে আউট-পেশেন্ট হিসেবে নেওয়া চিকিৎসা/কনসাল্টেশানকে কভার করে, তবে একটা নির্দিষ্ট বীমাকৃত রাশি পর্যন্তই যা সাধারণত হাসপাতালে ভর্তির বীমাকৃত রাশির থেকে কম হয়।

ওপিডি-র অধীনে কভারেজ একেক পলিসিতে একেক রকম হয়। এই ধরনের পরিশোধের ক্ষেত্রে 24 ঘন্টার জন্য হাসপাতালে ভর্তির শর্ত প্রযোজ্য নয়।

### vii. চিকিৎসার প্রক্রিয়া/চিকিৎসার গতিপ্রকৃতি

হাসপাতালে ভর্তির বিষয়টি সাধারণত অ্যালপ্যাথিক চিকিৎসার সঙ্গে জড়িত। রোগী যদিও অন্যান্য ধরনের চিকিৎসাও করাতে পারেন যেমন:

- ✓ ইউনানি
- ✓ সিদ্ধ
- ✓ হোমিওপ্যাথি
- ✓ আয়ুর্বেদ
- ✓ ন্যাচারোপ্যাথি প্রভৃতি

বেশিরভাগ পলিসিতেই এই চিকিৎসাগুলিতে বর্জন করা হয়, আবার কিছু পলিসিতে এই চিকিৎসাগুলিরই এক বা একাধিককে কভার দেয় সাব-লিমিট সহ।

### viii. পূর্বেই বিদ্যমান অসুস্থতা

**সংজ্ঞা**

পূর্বে বিদ্যমান অসুস্থতা বলতে বোঝায় ''কোনো পরিস্থিতি, অসুস্থতা বা চোট বা সে সম্পর্কিত অবস্থান যার লক্ষণ বা উপসর্গে বীমাকৃত ব্যক্তির মধ্যে আগেই ছিল এবং / অথবা রোগ নির্ণয় হয়েছিল এবং / অথবা তাঁর জানা থাক বা না থাক কোম্পানির সঙ্গে তাঁর স্বাস্থ্য পলিসি করার 48মাস আগে এর জন্য তিনি মেডিক্যাল পরমর্শ বা চিকিৎসা নিয়েছেন।''

পূর্ব-উপস্থিত অসুস্থতাকে বাদ দেওয়ার কারণ হলো বীমার মৌলিক নীতি। যেখানে বলা হয়েছে বীমার অধীনে একটি নিশ্চিত বিষয়কে কভার করা যায় না।

যদিও, এই নীতির প্রয়োগ বেশ কঠিন এবং সেই ব্যক্তি বীমা করানোর সময় রোগে আক্রান্ত ছিলেন কী না তা খুঁজে দেখার জন্য উপসর্গগুলির একটি নিয়মমাফিক পরীক্ষা এবং চিকিৎসা যুক্ত থাকে। যেহেতু চিকিৎসার পেশাদাররা অসুস্থতাটির সময় নিয়ে ভিন্ন মত জানাতে পারেন, এই অসুখটি কখন প্রথম শুরু হয়েছিল সেই শর্তে ক্লেইমটি খারিজ করার আগে, সেটি খুব যত্ন সহকারে বিচার করা হয়।

স্বাস্থ্য বীমার বিবর্তনে, এই বাদ দেওয়ার ক্ষেত্রে আমরা দুটি পরিমার্জনের মুখোমুখী হয়েছি।

- ✓ প্রথমটির ক্ষেত্র হলো গোষ্ঠী বীমা। যেখানে গোষ্ঠীর সব মানুষই বীমাকৃত, বীমাকারীর বিরুদ্ধে কোনো বাছাই থাকে না। গ্রুপ পলিসিতে কভারিং, যেমন ধরুণ সব সরকারী কর্মচারী, দারিদ্র্য সীমার নিচে বসবাসকারী সব পরিবার, বড় কোনো কর্পোরেট গোষ্ঠীর কর্মচারীদের সব পরিবার, ইত্যাদিকে একটি একক পরিবারের প্রথমবার কভার বেছে নেওয়ার তুলনায় সুবিধাজনকভাবে চিকিৎসা পেয়ে থাকে। এই পলিসিগুলি অনেক সময় বাদ দেওয়াকে বাতিল করে, যেখানে বাদ দেওয়ার যথাযথ মূল্য ধরাই থাকে।
- ✓ দ্বিতীয় পরিমার্জনটি হলো একটি নির্দিষ্ট সময় ধরে লাগাতার কভারের পর পূর্ব-উপস্থিত অসুস্থতাকে কভার করা হয়। এটি এই নীতিকে অনুসরণ করে হয় যেখানে একজন ব্যক্তির মধ্যে যদি একটি অবস্থা থাকেও, একটি নির্দিষ্ট সময়পর্ব ধরে যদি সেই অসুস্থতাটি আর দেখা না যায়, তবে তাকে নিশ্চয়তা বলে ধরে নেওয়া যাবে না।

**ix. অপেক্ষার প্রাথমিক সময়পর্ব**

একটি প্রাথমিক ৩০দিনের পরই (দুর্ঘটনাজনিত কারণে হাসপাতালে ভর্তি থাকা ছাড়া) কোনো প্রচলিত স্বাস্থ্য বীমা পলিসি অসুস্থতার জন্য কভার দেয়।

একইভাবে, সেখানে অসুস্থতার তালিকা আছে:

| | |
|---|---|
| ✓ ছানি,<br>✓ বিনাইন প্রোস্টেটিক হাইপারট্রফি,<br>✓ হিস্টেরেক্টমি,<br>✓ ফিশচুলা<br>✓ পাইলস | ✓ হার্নিয়া,<br>✓ হাইড্রোসিল<br>✓ সাইনাসাইটিস<br>✓ হাঁটু/হিপ জয়েন্ট প্রতিস্থাপন ইত্যাদি। |

এগুলি একটি প্রাথমিক সময়পর্ব যা, এক বছর বা দুই বছর বা তার বেশিও হতে পারে, সেই সময়ে কভারের আওতায় থাকে না। এটি আরো বেশি করে নির্ভর করে নির্দিষ্ট বীমা কোম্পানির পণ্যের উপর।

যদি এরমধ্যে কোনো একটি কারণে অসুস্থতা হয় তবে ক্লেইমের প্রক্রিয়াকারী বিষয়টিকে চিহ্নিত করেন এবং সেটি গ্রহণযোগ্যতার অবস্থায় পড়ছে কী না

**x.** বাদ দেওয়া

এক গুচ্ছ বাদ দেওয়ার বিষয়গুলি পলিসির তালিকায় থাকে যাকে সাধারণভাবে শ্রেণীবদ্ধ করা যায় যেমন:

✓ যেমন মাতৃত্বকালীন সুবিধা (যদিও কিছু পলিসিতে এটি কভার করা হয়)।

✓ বহির্বিভাগের রোগী এবং দাঁতের চিকিৎসা

✓ এমন অসুস্থতা যেগুলি কভার করা লক্ষ্য নয় যেমন এইচআইভি, হরমোন চিকিৎসা, স্থূলতার চিকিৎসা, ফার্টিলিটির চিকিৎসা, কসমেটিক অস্ত্রোপচার ইত্যাদি।

✓ মদ্যপান/ড্রাগ নেওয়ার কারণে যে অসুখগুলি হয়েছে।

✓ ভারতের বাইরে মেডিক্যাল চিকিৎসা।

✓ উচ্চ ঝুঁকির কাজকর্ম, আত্মহত্যার চেষ্টা, তেজস্ক্রিয়তার জন্য দূষণ।

✓ শুধুমাত্র পরীক্ষা/অনুসন্ধানের জন্য ভর্তি হলে।

এরকম ঘটনার ক্ষেত্রে ক্লেইম যাঁরা সামলাচ্ছেন তাঁদের কাছে পরিস্থিতিটি সুনির্দিষ্ট করে ব্যাখ্যা করা খুবই গুরুত্বপূর্ণ যাতে বিশেষজ্ঞও তাঁর মতামত একদম সঠিকভাবে দিতে পারেন। কারণ যদি আদালতে চ্যালেঞ্জ হয়, তাহলে আইনের আদালতে সেই পুঙ্খানুপুঙ্খ তদন্ত যেন গ্রহণযোগ্য হতে পারে।

**xi.** ক্লেইমের পরিপ্রেক্ষিতে অবস্থার সঙ্গে সম্মতি

ক্লেইমের ক্ষেত্রে বীমাকৃতকে নির্দিষ্ট যে কার্যকলাপ করতে হয় তাও বীমা পলিসি নির্দিষ্ট করে বলা রয়েছে, যার কয়েকটি ক্লেইম গ্রাহ্যতার পক্ষে গুরুত্বপূর্ণ।

সাধারণভাবে এগুলির সঙ্গে সম্পর্ক রয়েছে:

✓ নির্দিষ্ট সময়ের মধ্যে ক্লেইমের ইন্টিমেশন বা অনুবেদন – আগেই আমরা ইন্টিমেশন বা জ্ঞাতকরণের গুরুত্বের বিষয়টা দেখেছি।

✓ নির্দিষ্ট সময়ের মধ্যে ক্লেইমের নথিপত্র পেশ।

✓ মিথ্যা বর্ণনা, ভুল বিবরণ বা বস্তুগত ঘটনা চেপে যাওয়ায় জড়িয়ে না পড়া।

g) **চূড়ান্ত প্রদেয় ক্লেইম-এ পৌঁছে যাওয়া**

ক্লেইম একবার গ্রাহ্য হয়ে গেলে পরবর্তী ধাপটা হলো কী পরিমাণ ক্লেইম প্রদান করা হবে তার সিদ্ধান্ত নেওয়া। এটা গণনা করতে আমাদের সেই বিষয়গুলি বুঝতে হবে যা প্রদেয় ক্লেইমের পরিমাণ ঠিক করবে। এই বিষয়গুলি হলো:

**i. পলিসির আওতায় সদস্যদের জন্য উপলভ্য বীমাকৃত রাশি**

বেশ কিছু পলিসি ইস্যু করা হয় ব্যক্তিগত বীমাকৃত রাশি হিসেবে, কিছু আবার ইস্যু করা হয় ফ্লোটার ভিত্তিতে যেখানে বীমাকৃত রাশি গোটা পরিবারের কাছেই উপলভ্য হয় অথবা এমন পলিসিও রয়েছে যেগুলি হলো ফ্লোটার ভিত্তিতে তবে সদস্য পিছু একটা সীমা নির্ধারণ করা থাকে।

**ii. কোনো সদস্যের জন্য পলিসির আওতায় বাকি বীমাকৃত রাশি উপলভ্য হবে ইতিমধ্যেই কোনো ক্লেইম করা হয়েছে কিনা তা খতিয়ে দেখার পরই:**

ইতিমধ্যেই যে ক্লেইম দেওয়া হয়ে গেছে তা বাদ দেওয়ার পর বীমাকৃত রাশি কতটা বাকি পড়ে রইলো তার হিসেব করে হাসপাতালগুলিকে পরবর্তী ক্যাশলেস অনুমোদন দেওয়ার কথাও নোট করাতে হবে।

### iii. সাব-লিমিট

বেশিরভাগ পলিসিতে রুম রেন্ট সীমাবদ্ধতা, নার্সিং চার্জ প্রভৃতি নির্দিষ্ট করা আছে, হয় বীমাকৃত রাশির শতাংশ হিসেবে অথবা একটা দৈনিক সীমা হিসেবে। কনসাল্টেশন ফি, অথবা অ্যাম্বুলেন্স চার্জ প্রভৃতির ক্ষেত্রেও একইরকম সীমাবদ্ধতা বহাল হতে পারে।

### iv. অসুস্থতার কোনো নির্ধারিত সীমা খতিয়ে দেখা

পলিসিটা একটা নির্দিষ্ট পরিমাণ পর্যন্ত বেঁধে দিতে পারে অথবা মাতৃত্ব বা হৃদরোগের মতো অন্য কোন রোগের কভারের জন্য উর্ধ্বসীমা বেঁধে দিতে।

### v. ক্রমসঞ্চিত বোনাস পাওয়ার অধিকার আছে কি নেই তা খতিয়ে দেখা

বীমাকৃত আদৌ কোনো নো-ক্লেইম বোনাস (আগের বছর/গুলিতে তাঁর পলিসি থেকে বীমাকৃত কোনো ক্লেইম না করে থাকলে) পাওয়ার অধিকারী কিনা খতিয়ে দেখা। নো-ক্লেইম বোনাস বেশিরভাগ সময় আসে অতিরিক্ত বীমাকৃত রাশির আকারে, যা বাস্তবে রোগী/বীমাকৃতের বীমাকৃত রাশিকে বাড়িয়ে দেয়। কখনও কখনও ক্রমসঞ্চিত বোনাসকে ভুলভাবে বর্ণনা করা হয় যেন গতবছরের একেবারে শেষ দিকে অবহিত করা ক্লেইমগুলি হিসেবে নাও ধরা হতে পারে।

### vi. সীমাবদ্ধতা সহ কভারকৃত অন্যান্য খরচ:

অন্যান্য সীমাও থাকতে পারে যেমন আয়ুর্বেদ চিকিৎসা করালে সাধারণত অনেকটা কম সীমা থাকতে পারে। কেবলমাত্র একটা নির্দিষ্ট পরিমাণ পর্যন্ত হেল্থ চেক-আপের খরচ আওতায় থাকতে পারে পলিসির চার বছর পর থেকে। হসপিটাল ক্যাশ পেমেন্টও একটা দিন পিছু সীমা থাকে।

### vii. কো-পেমেন্ট

এটি সাধারণত পেমেন্ট করার আগে মূল্যায়ন করা ক্লেইমের সোজা শতকরা হিসাব। এই কো-পে'র বিষয়টি বাছাই করা পরিস্থিতিতেও ঘটতে পারে-শুধু মা-বাবার ক্লেইমে, শুধু মাতৃত্বকালীন ক্লেইমে, শুধুমাত্র দ্বিতীয় ক্লেইম পরবর্তী ক্ষেত্রে বা শুধুমাত্র যে ক্লেইমগুলি নির্ধারিত মাত্রা পেরিয়ে যায় সেক্ষেত্রেও।

প্রদানযোগ্য পরিমাণটি এই সীমার সঙ্গে সমন্বয় করার আগে, প্রদেয় ক্লেইমের পরিমাণটি হবে অ-প্রদানযোগ্য

### স্বাস্থ্য ক্লেইমে অ-প্রদানযোগ্য বিষয়

কটি অসুস্থতার চিকিৎসায় হওয়া খরচকে শ্রেণীবদ্ধ করা যায়:

- ✓ সেরে ওঠার জন্য খরচ এবং
- ✓ পরিচর্যার জন্য যন্ত্র।

একটা অসুস্থতা সারানোর খরচের মধ্যে সমস্ত মেডিক্যাল খরচ ও সম্পর্কিত স্বাভাবিক সুবিধাগুলি থাকে। এর সঙ্গে হাসপাতালে আরো আরামে ও এমনকি বিলাসবহুলভাবে থাকার জন্য খরচও জুড়তে পারে।

একটা সাধারণ স্বাস্থ্য বীমা পলিসি একটা অসুখ সারানোর জন্য খরচ সামলায় এবং বিশেভাবে বলা না থাকে বিলাসিতার জন্য কোনো অতিরিক্ত খরচ প্রদেয় হয় না।

এই খরচগুলিকে শ্রেনীবদ্ধ করা যায় নন-ট্রিটমেন্ট চার্জ হিসেবে যেমন রেজিস্ট্রেশন চার্জ, ডকুমেন্টেশন চার্জ প্রভেতি এবং সেই আইটেম যেগুলি আরোগ্যের সঙ্গে সরাসরি সম্পর্কিত বলে বিবেচিত হতে পারে (যেমন ইনপেশেন্ট থাকাকালীন বিশেষভাবে প্রেসক্রাইব করা প্রোটিন সাপ্লিমেন্ট)।

আগে প্রত্যেক টিপিএ/বীমাকারীর কাছে অ-প্রদেয় আইটেমের তার নিজস্ব তালিকা থাকতে, এখন সেইটাই আইআরডিএ হেল্থ ইনসুরেন্স স্ট্যান্ডার্ডাইজেশন গাইডলাইনের অধীনে স্ট্যান্ডার্ডাইজ করা হয়েছে।

চূড়ান্ত প্রদেয় ক্লেইমে পৌঁছাতে পরপর যে ধাপগুলি পেরোতে হয় তা নিম্নরূপ:

**টেবিল 2.1**

| | |
|---|---|
| **ধাপ I** | সমস্ত বিল ও রিসিপ্টের তালিকা করা বিভিন্ন খাতের আওতায় যেমন রুম রেন্ট, কনসাল্টেন্ট ফি প্রভৃতি |
| **ধাপ II** | প্রত্যেকটা খাতের অধীনে ক্লেইম করা অর্থ থেকে অ-প্রদেয় আইটেম বাদ দেওয়া |
| **ধাপ III** | খরচের প্রত্যেকটা খাতের জন্য যদি কোনো সীমারেখা থাকে তা প্রয়োগ করা |
| **ধাপ IV** | মোট প্রদেয় অর্থে পৌঁছানো এবং এটা সামগ্রিকভাবে বীমাকৃত রাশির মধ্যেই রয়েছে কিনা তা খতিয়ে দেখা |
| **ধাপ V** | নীট প্রদেয় ক্লেইমে পৌঁছাতে যদি কোনো কো-পে থাকে তাহলে তা বাদ দেওয়া |

h) **ক্লেইম প্রদান**

প্রদেয় ক্লেইম অর্থ পৌঁছে গেলেই ক্রেতাকে অথবা হাসপাতালকে পেমেন্ট দিয়ে দেওয়া হয়। অনুমোদিত ক্লেইম অর্থ ফিনান্স/অ্যাকাউন্টস বিভাগে পাঠানো হয় এবং পেমেন্ট হয় চেকে দেওয়া হয় নয়তো ক্রেতার ব্যাঙ্ক অ্যাকাউন্টে ট্রান্সফার করে দেওয়া হয়।

হাসপাতালকে যখন পেমেন্ট দেওয়া হয়, যদি কোনো কর বাদ দেওয়ার প্রয়োজন থাকে তাহলে তা পেমেন্ট থেকে বাদ দিয়ে দেওয়া হয়।

যেখানে থার্ড পার্টি অ্যাডমিনিস্ট্রেশন পেমেন্ট সামলায়, পেমেন্ট প্রক্রিয়াটা আলাদা আলাদা বীমাকারীর ক্ষেত্রে আলাদা আলাদা রকমের হয়। এব্যাপারে আরো বিস্তারিত জানানো হয়েছেপরে টিপিএ-র কাজের জায়গায়।

ক্রেতার জিজ্ঞাস্য সামলানোর জন্য সিস্টেমে পেমেন্টের আপডেট থাকা গুরুত্বপূর্ণ। সাধারণত এই সমস্ত বিস্তারিত বিবরণগুলি সিস্টেমের মাধ্যমে কল সেন্টার বা ক্রেতা পরিষেবা টিমের সঙ্গে শেয়ার করা হয়।

একবার পেমেন্ট দেওয়া হয়ে গেলে ক্লেইমটাকে মীমাংসিত বলে বিবেচনা করা হয়। কোম্পানির ম্যানেজমেন্ট, মধ্যস্থতাকারী, ক্রেতা ও আইআরডিএআই-কে মীমাংসিত ক্লেইমের নম্বর ও মোট অর্থ সহ পর্যায়ক্রমে রিপোর্ট পাঠানো হয়। মীমাংসিত ক্লেইমের বিশ্লেষণের মধ্যে থাকে কত শতাংশের মীমাংসা হয়েছে, অ-প্রদেয় অর্থের অনুপাত কত, ক্লেইমের মীমাংসা করতে গড়ে কত সময় নেওয়া হয়েছে প্রভৃতি।

i) **নথিপত্রের ঘাটতির ব্যবস্থাপনা / প্রয়োজনীয় অতিরিক্ত তথ্য**

ক্লেইমের প্রসেসিংয়ের জন্য মূল নথিপত্রগুলির তালিকার যাচাই দরকার। এগুলি হলো:

- ✓ অ্যাডমিশন নোট সহ ডিসচার্জ সামারি
- ✓ সহযোগী ইনভেস্টিগেশান রিপোর্ট
- ✓ বিভিন্ন অংশে ব্রেক আপ সহ চূড়ান্ত একত্রিত বিল
- ✓ প্রেসক্রিপশন ও ওষুধের বিল
- ✓ প্রাপ্ত পেমেন্ট
- ✓ ক্লেইম ফর্ম এবং
- ✓ ক্রেতার পরিচিতি

অভিজ্ঞতা থেকেই দেখা গেছে যে সাবমিট হওয়া চারটি ক্লেইমের মধ্যে একটিতে মৌলিক নথিপত্রের নিরিখে অসম্পূর্ণতা থাকে। তাই এটা জরুরী নির্দিষ্ট সময়ের মধ্যে সাবমিট না হওয়া নথিপত্রগুলি ক্রেতা যাতে পেশ করে ক্লেইমের সঙ্গে জুড়ে দিতে পগারেন তার পরামর্শ দেওয়া।

একইভাবে, ক্লেইমটি প্রক্রিয়াকরণ করার সময় এমনও হতে পারে, অতিরিক্ত তথ্যের প্রয়োজন হতে পারে কারণ:

i. ডিসচার্জের সময় যে সামারি দেওয়া হয়েছে তা সঠিক রীতিতে নেই বা হয়তো সেখানে রোগ নির্ণয়ের বিস্তারিত সেখানে উল্লেখ নেই অথবা অসুস্থতার ইতিহাস উল্লেখ করা নেই।

ii. যে চিকিৎসা করা হয়েছে যথেষ্ট বিস্তারিতভাবে হয়তো সেটি বর্ণণা করা নেই বা তারজন্য ব্যাখ্যার প্রয়োজন আছে।

iii. ডিসচার্জের সামারি অনুযায়ী যে রোগ নির্ণয় করা হয়েছে সেই অনুযায়ী চিকিৎসা হয়নি অথবা যারজন্য চিকিৎসা হয়েছে তারজন্য যে ওষুধ দেওয়া হয়েছে তা অসুস্থতার সঙ্গে সম্পর্কিত নয়।

iv. যে বিল জমা দেওয়া হয়েছে সেখানে প্রয়োজনীয় ব্রেক-আপ দেওয়া নেই।

v. দুটি ডকুমেন্টের মধ্যে বয়স না মেলা।

vi. ডিসচার্জ সামারি এবং বিলের মধ্যে উল্লেখিত ভর্তি হওয়ার দিন/ডিসচার্জের দিনের মধ্যে মিল না থাকা।

vii. হাসপাতালে ভর্তি থাকার সময় নিয়ে ক্লেইমটির আরো বিস্তারিত তদন্তের প্রয়োজন এবং তার জন্য, হাসপাতালের ইনডোর কেসের কাগজপত্রের প্রয়োজন।

দুটি ঘটনার ক্ষেত্রেই, অতিরিক্ত তথ্যের প্রয়োজনীয়তা জানিয়ে ক্রেতাকে লিখিতভাবে অথবা ইমেলের মাধ্যমে জানানো হয়। অধিকাংশ ক্ষেত্রে, ক্রেতা যে তথ্য চাওয়া হয়েছে তা দিতে সক্ষম থাকেন। যদিও, অনেক সময় এমনও ঘটেছে যে তথ্যটি প্রয়োজন সেটি এতোটাই গুরুত্বপূর্ণ যে তাকে নজর এড়ানো যাচ্ছে না, কিন্তু ক্রেতা সেক্ষেত্রে কোনো সাড়া দিচ্ছেন না। এমন ঘটনার ক্ষেত্রে, ক্লেইমটি প্রক্রিয়াকরণ করার জন্য যে তথ্যগুলি প্রয়োজন সে কথা ক্রেতাকে মনে করিয়ে দেওয়া হয় এবং এরকমভাবে তিনবার মনে করিয়ে দেওয়ার পর, ক্লেইমটি বন্ধ করে দেওয়ার একটি নোটিস পাঠিয়ে দেওয়া হয়।

একটি ক্লেইম প্রক্রিয়াধীন থাকাকালীন সময়ে যা কিছু আদানপ্রদান হয়, সেসময় আপনি নজর করবেন যে চিঠির উপরের দিকে ''কোনোরকম কুসংস্কার ছাড়া' কথাগুলি লেখা আছে। এটি একটি আইনী প্রয়োজনীয়তা যেখানে এই পত্রবিনিময়গুলি অটুট থাকার পর যাতে ক্লেইমগুলি খারিজ করার অধিকার বীমাকারীর থাকে।

**উদাহরণ**

বীমাকারী বিষয়টি আরো বিস্তারিতভাবে পড়ে দেখার জন্য ইনডোর কেসের কাগজপত্রগুলি চাইতে পারেন। সেটি দেখার সময় তিনি সিদ্ধান্ত নিতে পারেন যে প্রক্রিয়া/চিকিৎসা পলিসির শর্ত অনুযায়ী হয়নি। আরো তথ্যের জন্য জিজ্ঞাসা করার কাজটিকে এমন মনে করার কারণ নেই যে এর থেকে বোঝা যাচ্ছে বীমাকারী ক্লেইমটি গ্রহণ করেছেন।

---

ক্লেইমগুলি সামলানোর প্রশ্নে প্রয়োজনীয় ডকুমেন্ট তৈরি এবং ব্যাখ্যা করা এবং অতিরিক্ত তথ্য কম থাকার বিষয়টি সামলানোই হলো প্রধান চ্যালেঞ্জ। যদিও প্রয়োজনীয় তথ্য ছাড়া ক্লেইমগুলি প্রক্রিয়াকরণ করা সম্ভব নয়, ক্রেতাকে আরো এবং আরো তথ্যের জন্য বার বার অনুরোধ করে অসুবিধার মধ্যে ফেলাও সম্ভব নয়।

একটি ভালো পদ্ধতির প্রয়োজন হলো একবারই মাত্র যা কিছু তথ্যের প্রয়োজন তার একটি সুসংহত তালিকা তৈরি করে তার ভিত্তিতে অনুরোধ পাঠানো এবং এরপর নতুন কোনো প্রয়োজনীয়তার তালিকা তৈরি না করা।

j) **দাবি অস্বীকার**

স্বাস্থ্য সংক্রান্ত ক্লেইমের অভিজ্ঞতায় দেখা গেছে যে জমা দেওয়া হয়েছে এমন ১০% থেকে ১৫%ক্লেইম পলিসির শর্তের অধীনে পড়ে না। বিভিন্ন কারণে এমন হতে পারে যারমধ্যে কয়েকটি হলো:

i. ভর্তি হওয়ার দিনটি বীমার সময়পর্বের মধ্যে নয়।

ii. যে সদস্যের জন্য ক্লেইম করা হয়েছে তিনি কভারের আওতাধীন নন।

iii. পূর্ব-উপস্থিত অসুস্থতার জন্য (যেখানে পলিসি এমন অবস্থা বাদ দেওয়া আছে)।

iv. যুক্তি গ্রাহ্য কারণ ছাড়াই জমা দিতে অহেতুক দেরি।

v. কোনো কার্যকরী চিকিৎসা নয়; শুধুমাত্র তদন্ত করার লক্ষ্যেই ভর্তি করা।

vi. যে অসুস্থতার চিকিৎসা করা হয়েছে সেটি পলিসির অধীনে বাদ দেওয়া আছে।

vii. মদ্যপান এবং ড্রাগসের কারণে অসুস্থতা

viii.হাসপাতালে ভর্তি করার সময়পর্ব হলো ২৪ঘন্টার কম সময়।

একটি ক্লেইমের অস্বীকার বা প্রত্যাখ্যান (সেটি যে কোনো কারণেই হোক) লিখিতভাবে ক্রেতাকে জানাতে হবে। পলিসির যে শর্ত/শর্তাবলীর ভিত্তিতে ক্লেইমটি অস্বীকার করা হয়েছে তা জানিয়ে, সাধারণত,  এইসব অস্বীকারের চিঠিতে স্পষ্ট করে সেই কারণ জানানো থাকে।

অধিকাংশ বীমাকারীর একটি প্রক্রিয়া থাকে যার দ্বারা সেই অস্বীকারটি অনুমোদিত হয়। এটি করেন ক্লেইমটি অনুমোদন দেওয়ার কর্তৃপক্ষের থেকেও পদস্থ একজন ম্যানেজার। এটি করা হয় প্রত্যাখ্যানটি যে সম্পূর্ণ যুক্তিসঙ্গত তা সুনিশ্চিত করার জন্য এবং যদি কোনো কারণে বীমাকৃত এর বিরুদ্ধে কোনো আইনী প্রতিকার খোঁজেন তাহলে যাতে সেসময় বিষয়টি ব্যাখ্যা করা যায়।

বীমাকারীর কাছে প্রতিনিধিত্ব করা ছাড়াও, ক্লেইমটি যদি অস্বীকার করা হয় তবে ক্রেতার কাছে বিকল্প আছে নিম্নলিখিতদের কাছে আবেদন করার:

- ✓ বীমা ওমবাডসম্যান অথবা
- ✓ ক্রেতা ফোরাম অথাব
- ✓ আইআরডিএআই অথবা
- ✓ আইনী আদালত।

কোনো ক্লেইম অস্বীকার করার ঘটনা ঘটলে সেরকম প্রতিটি ফাইল পরীক্ষা করে দেখা হয় যে স্বাভাবিক প্রক্রিয়ায় এই অস্বীকারটি কোনো আইনী পরীক্ষার অধীনে পড়তে পারে কী না এবং ডকুমেন্টগুলি নিরাপদ স্থানে সংরক্ষণ করে রাখা হয়। যাতে যদি কখনো এই সিদ্ধান্তকে রক্ষা করার প্রয়োজন হয় সেসময় তথ্যগুলি হাজির করা যেতে পারে।

### k) **আরো বিস্তারিত তদন্তের জন্য সন্দেহের ক্লেইম**

ব্যবসার সবদিকে জালিয়াতির সমস্যাকে সামলানোর চেষ্টা করছেন বীমাকারীরা। যতো সংখ্যক মিথ্যা ক্লেইম সামলাতে হয়েছে শুধু তার সংখ্যার দিক বিবেচনা করলেও, বীমাকারীর কাছে স্বাস্থ্য বীমা একটি বড় চ্যালেঞ্জ।

স্বাস্থ্য বীমায় যে জালিয়াতি করা হয় তার কয়েকটি উদাহরণ হলো:

i. **অন্যের রূপ নেওয়া**, বীমাকৃত ব্যক্তি এবং যে ব্যক্তির চিকিৎসা করা হয়েছে দুজনে পৃথক।

ii. হাসপাতালে ভর্তি না হলেও ক্লেইম করার জন্য **তথ্যের (ডকুমেন্টের) জালিয়াতি** করা হয়।

iii. **খরচ বাড়িয়ে দেখানো**, হয় হাসপাতালের সহযোগিতায় অথবা জালিয়াতি করে তৈরি করা অতিরিক্ত বাইরের বিলের সহযোগিতায়।

iv. রোগ নির্ণয়ের খরচকে, কভার করার জন্য বহির্বিভাগে চিকিৎসা হওয়াকে ইন-পেশেন্ট/হাসপাতালে ভর্তি হওয়াতে পরিণত করা, কিছু ক্ষেত্রে যা অনেক বেশি হতে পারে।

প্রতিদিনের ভিত্তিতে যেভাবে জালিয়াতির নতুন পদ্ধতি উঠে আসছে, তাতে বীমাকারীকে এবং টিপিএদের ক্রমাগত বাস্তব পরিস্থিতির দিকে নজর রাখতে হবে এবং এমন জালিয়াতি নিয়ন্ত্রণ করার জন্য পদক্ষেপও নিতে হবে।

দুটি পদ্ধতির উপর নির্ভর করে ক্লেইমগুলি তদন্তের জন্য বাছাই করা হয়:

✓ নিয়মিত ক্লেইম এবং
✓ উৎপন্ন হওয়া ক্লেইম

একজন টিপিএ বা বীমাকারী একটি আভ্যন্তরীণ মাপকাঠি স্থির করে রাখতে পারেন যে একটি নির্দিষ্ট শতাংশের ক্লেইম বাস্তবিকভাবে পরীক্ষা করে দেখা হবে; এই শতাংশ ক্যাশলেস এবং পরিশোধের ক্লেইমগুলির ক্ষেত্রে ভিন্ন হতে পারে।

এই প্রক্রিয়ার অধীনে, এলোপাতাড়ি নমুনা প্রক্রিয়ার মাধ্যমে ক্লেইমগুলি বাছাই করা হয়। কিছু বীমাকারী স্থির করে দেয় যে একটি নির্দিষ্ট মূল্যের উপরে হলে সব ক্লেইমই তদন্ত করে দেখতে হবে এবং সেই সীমার নিচে থাকা কিছু নমুনা ক্লেইম তদন্তের জন্য গ্রহণ করা হয়।

দ্বিতীয় পদ্ধতিতে, প্রত্যেক ক্লেইম একগুচ্ছ চেকপয়েন্টের মধ্যে দিয়ে যায় যদি সেটি একই লাইনে না থাকে, তাহলে সেগুলি তদন্তের উদ্রেক করবে যেমন

i. ক্লেইমের একটি বড় অংশ রয়েছে চিকিৎসাগত পরীক্ষা অথবা ওষুধের জন্য
ii. ক্লেইমটির মীমাংসার জন্য ক্রেতা যদি অতিরিক্ত আগ্রহী হন
iii. অতিরিক্ত-লেখনী সহ বিল, ইত্যাদি।

যদি সন্দেহ করা হয় যে ক্লেইমটি আসল নয়, তাহলে, সেটি যতো ছোটোই হোক না কেন, ক্লেইমটি তদন্ত করে দেখা হয়।

1) **টিপিএ-র ক্যাশলেস নিষ্পত্তি প্রক্রিয়া**

ক্যাশলেস ফেসিলিটি কীভাবে কাজ করে? এর অন্তরে থাকে একটা চুক্তি যা হাসপাতালের সঙ্গে টিপিএ বীমাকারী করে থাকে। পাশাপাশি অন্যান্য মেডিক্যাল পরিষেবা প্রদানকারীর সঙ্গেও চুক্তি করা সম্ভব। এই বিভাগে ক্যাশলেস ফেসিলিটি দেওয়ার জন্য যে প্রক্রিয়া ব্যবহৃত হয় আমার তাই দেখবো:

**টেবিল 3.1**

| | |
|---|---|
| **ধাপ 1** | স্বাস্থ্য বীমার আওতায় কভারকৃত একজন ক্রেতা একটা অসুস্থতায় ভুগছেন অথবা কোনো চোট পেয়েছেন এবং তাই তাঁকে হাসপাতালে ভর্তির পরামর্শ দেওয়া হয়েছে। তিনি (বা তাঁর হয়ে অন্য কেউ) হাসপাতালের বীমা ডেস্কে যোগাযোগ করেন, সঙ্গে বীমার বিস্তারিত বিবরণ নিয়ে আসেন যেমন<br>i. টিপিএ-র নাম<br>ii. তাঁর সদস্যপদ নম্বর<br>iii. বীমাকারীর নাম, প্রভৃতি |

| | |
|---|---|
| **ধাপ 2** | হাসপাতাল প্রয়োজনীয় তথ্যগুলি সঙ্কলন করে যেমন:<br>i. রোগ নির্ণয়<br>ii. চিকিৎসা<br>iii. চিকিৎসারত ডাক্তারের নাম<br>iv. হাসপাতালে থাকার প্রস্তাবিত দিন সংখ্যা<br>v. আনুমানিক খরচ<br>এটা একটা ফরম্যাটে উপস্থাপন করে, যাকে বলা হয় **ক্যাশলেস অথরাইজেশন ফর্ম** |
| **ধাপ 3** | *ক্যাশলেস অথরাইজেশন ফর্ম* দেওয়া তথ্যগুলি খতিয়ে দেখে টিপিএ। পলিসির শর্তাবলী ও হাসপাতালের সঙ্গে যদি কোনো সম্মত মূল্য তালিকা থাকে সেগুলর পরীক্ষা করে টিপিএ সিদ্ধান্তে পৌঁছায় যে আদৌ ক্যাশলেস অনুমোদন করা হবে কিনা এবং যদি হয় তাহলে কত পরিমাণ অর্থ অনুমোদন করা হবে।<br>সিদ্ধান্তে পৌঁছানোর জন্য টিপিএ আরো তথ্য চাইতে পারে। সিদ্ধান্ত নেওয়া হয়ে গেলে কালবিলম্ব না করে তা হাসপাতালকে জানিয়ে দেওয়া হয়।<br>আইআরডিএ হেল্থ ইনসুরেন্স স্ট্যান্ডার্ডাইজেশন গাইডলাইনের আওতায় দুটো ফর্মই এখন সঙ্গতিপূর্ণ করা হয়েছে; শেষের পরিশিষ্ট দেখুন।) |
| **ধাপ 4** | রোগীর হাসপাতালে চিকিৎসা হলে, টিপিএ-র অনুমোদিত পরিমাণ অর্থ রোগীর অ্যাকাউন্টে ক্রেডিট হিসেবে জমা হয়। নন-ট্রিটমেন্ট খরচ ও পলিসির অধীনে জরুরী কোনো কো-পে কভার করতে সদস্যকে ডিপোজিট জমা করতে বলা হতে পারে। |
| **ধাপ 5** | রোগীকে যখন হাসপাতাল থেকে ছাড়ার সময় আসবে, হাসপাতাল রোগীর অ্যাকাউন্টে টিপিএ-র অনুমোদন করা ক্রেডিটের পরিমাণ খতিয়ে দেখবেন বীমায় কভার করা চিকিৎসার প্রকৃত মাসুল।<br>ক্রেডিট যদি কম হয়, ক্যাশলেস চিকিৎসার জন্য হাসপাতাল অতিরিক্ত ক্রেডিটের অনুমোদন চায়।<br>টিপিএ সেটা বিচার বিশ্লেষণ করে অতিরিক্ত পরিমাণ অর্থ অনুমোদন করে। |
| **ধাপ 6** | রোগী অ-গ্রাহ্য চার্জ বহন করে হাসপাতাল থেকে ছাড়া পায়। ডকুমেন্টেশন সম্পূর্ণ করতে তাকে ক্লেইম ফর্ম ও বিলে সই করতে বলা হয়। |

| | |
|---|---|
| **ধাপ 7** | হাসপাতাল সমস্ত কাগজপত্র একত্রিত করে এবং বিল প্রক্রিয়াকরণের জন্য নিম্নলিখিত নথিপত্র টিপিএ-র কাছে পেশ করে:<br>i. ক্লেইম ফর্ম<br>ii. ডিসচার্জ সামারি / অ্যাডমিশন নোটস<br>iii. টিপিএ-র ইস্যু করা রোগী / প্রস্তাবকের আইডেন্টিফিকেশন কার্ড এবং সচিত্র পরিচিতি পত্র<br>iv. চূড়ান্ত একত্রীকৃত বিল<br>v. বিস্তারিত বিল<br>vi. ইনভেস্টিগেশন রিপোর্ট<br>vii. প্রেসক্রিপশন ও ওষুধের বিল<br>viii. টিপিএ-র পাঠানো অনুমোদন পত্র |
| **ধাপ 8** | টিপিএ ক্লেইমের প্রসেস করবে এবং নিম্নলিখিতগুলির মতো বিস্তারিত বিষয় যাচাই করে হাসপাতালকে পেমেন্ট দেওয়ার জন্য সুপারিশ করবে:<br>i. যে রোগীর চিকিৎসা হয়েছে তিনি সেই ব্যক্তিই যার জন্য অণুমোদন দেওয়া হয়েছে।<br>ii. যার জন্য অনুমোদন চাওয়া হয়েছিল সেই পরিস্থিতির জন্যই রোগীর চিকিৎসা করা হয়েছে।<br>iii. চিকিৎসার জন্য বহির্ভূত অসুখ যদি কিছু থাকে, তার চিকিৎসার খরচ বিলে নেই।<br>iv. হাসপাতালকে যে সমস্ত সীমা বেঁধে দেওয়া হয়েছিল, তার সবই মানা হয়েছিল।<br>v. নীট প্রদেয় অর্থের পরিমাণ গণনা করতে হাসপাতালের সঙ্গে সম্মত টারিফ রেট মানা হয়েছে। |

ক্যাশলেস ফেসিলিটির পরিমাণ নিয়ে কোনো সন্দেহ নেই। ফেসিলিটির সর্বোত্তম ব্যবহার জানাটাও ক্রেতার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ। নোট করার মতো পয়েন্টগুলি হলো:

i. ক্রেতাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে তাঁর বীমার বিস্তারিত বিবরণ তাঁর কাছে আছে। এর মধ্যে রয়েছে তাঁর:

✓ টিপিএ কার্ড
✓ পলিসি কপি
✓ কভারের শর্তাবলী প্রভৃতি

যখন এটা পাওয়া যাবে নাম, তিনি টিপিএ-র সঙ্গে যোগাযোগ করতে পারেন (একটা 24ঘন্টার হেল্পলাইনের মাধ্যমে) এবং বিস্তারিত জানতে চাইতে পারেন।

ii. ক্রেতাকে অবশ্যই দেখে নিতে হবে যে তাঁর চিকিৎসক তাঁকে যে হাসাপাতালে যাওয়ার পরামর্শ দিয়েছেন সেটা টিপিএ-র নেটওয়ার্কের মধ্যে রয়েছে কিনা। যদি না হয়, তাহলে

টিপিএ-র থেকে তাঁকে জানা জরুরী যে এই ধরনের চিকিৎসার জন্য সেখানে তিনি ক্যাশলেস সুবিধার সুযোগ পাবেন কিনা।

iii. তাঁকে নিশ্চিত করতে হবে যে প্রাক-অনুমোদন ফর্মে দেওয়া তথ্যগুলি সঠিক। কেসটা যদি স্পষ্ট না হয় তবে টিপিএ ক্যাশলেস সুবিধা অস্বীকার করতে পারেন অথবা প্রশ্ন তুলতে পারেন।

iv. তাঁকেই নিশ্চিত করতে হবে যে হাসপাতালের চার্জগুলি সীমার সঙ্গে সঙ্গতিপূর্ণ যেমন রুম রেন্ট বা ক্যাটারাক্টের মতো বিশেষ চিকিৎসার ক্যাপগুলি।

পলিসিতে যা অনুমোদিত, তিনি তার চেয়ে আরো বেশি খরচ করতে চাইলে, আগে থেকে এটা জেনে নেওয়াই ভালো যে তাঁকে খরচের ভাগ দিতে হবে।

v. হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার কথা ক্রেতাকে আগে থেকে টিপিএ-কে জানাতে হবে এবং হাসপাতালকে অনুরোধ করতে হবে ছাড়ার আগে যদি কোনো অতিরিক্ত অনুমোদন লাগে তারজন্য তারা যেন টিপিএ-র কাছে অনুমোদন চেয়ে নেয়। তাতে রোগীকে অকারণে হাসপাতালে থেকে অপেক্ষা করতে হবে না।

এও সম্ভব যে ক্রেতা একটা হাসপাতালে ক্যাশলেস চিকিৎসার জন্য আরজি জানালেন এবং একটা অনুমোদনও নিলেন কিন্তু অন্য কোথাও রোগীকে ভর্তির সিদ্ধান্ত নেওয়া হলো। এই ধরনের ক্ষেত্রে, ক্রেতাকে অবশ্যই জানাতে হবে এবং হাসপালকে বলতে হবে যাতে তারা টিপিএ-কে জানিয়ে দেয় যে ক্যাশলেসের অনুমোদন ব্যবহৃত হচ্ছে না।

যদি এমনটাই করা হয় যে পরিমাণ অর্থ অনুমোদিত হয়েছে ক্রেতার পলিসিতে তা ব্লক হয়ে যেতে পারে এবং পরবর্তী আরজির অনুরোধ আটকে যেতে পারে।

---

## C. *স্বাস্থ্য বীমা ক্লেইমের ডকুমেন্টেশন বা দলিল রচনা*

স্বাস্থ্য বীমা ক্লেইমের প্রসেসসিংয়ের জন্য প্রচুর কাগজপত্র দরকার, আগেই যেমনটা ব্যাখ্যা করা হয়েছে। প্রতিটি নথিই দুটি মূল প্রশ্নের উত্তর দিয়ে সহায়তা করবে বলে মনে হয় - গ্রাহ্যতা (এটা কি প্রদেয়?) এবং ক্লেইমের পরিমাণ (কত?)।

এই বিভাগটি পরিষ্কার করে ব্যাখ্যা করবে ক্রেতাকে যে নথিপত্রগুলি জমা দিতে হবে তার প্রত্যেকটির চাহিদা ও বিষয়বস্তু:

### 1. ডিসচার্জ সামারি

ডিসচার্জ সামারিকে বলা যেতে পারে সবচেয়ে গুরুত্বপূর্ণ ডকুমেন্ট যা একটা স্বাস্থ্য বীমা ক্লেইমের প্রক্রিয়ায় জরুরী। এর মধ্যে রোগীর অবস্থা ও চিকিৎসার গতিপ্রকৃতি সম্পর্কে সম্পূর্ণ তথ্যের বিস্তারিত বিবরণ থাকে।

ডিসচার্জ সার্টিফিকেটে অবস্যই থাকতে হবে:

1. রোগীর নাম
2. টেলিফোন নম্বর / মোবাইল নম্বর

3. আইপিডি নম্বর
4. অ্যাডমিশন নম্বর
5. চিকিৎসারত কনসাল্টেন্টের নাম, যোগাযোগের নম্বর ও ডিপার্টমেন্ট / স্পেশালিটি
6. সময় সহ অ্যাডমিশনের তারিখ
7. সময় সহ ডিসচার্জের তারিখ
8. এমএলসি নম্বর / এফআইআর নম্বর
9. ভর্তির সময় প্রভিশনাল বা শর্তাধীন রোগনির্ণয়
10. ডিসচার্জের সময় চূড়ান্ত রোগনির্ণয়
11. চূড়ান্ত রোগনির্ণয়ের জন্য কর্তৃপক্ষের সুপারিশ মতো আইসিডি-10 কোড(সমূহ) বা অন্যান্য কোডগুলি
12. ভর্তির মেয়াদ ও কারণ সহ অভিযোগ উপস্থাপনা
13. উপস্থাপিত অসুস্থতার সংক্ষিপ্ত বিবরণ
14. ভর্তির সময় শারীরিক পরীক্ষায় মেলা মূল ফলাফল
15. মাদকাসক্তি, তামাক সেবন বা মাদকের অপব্যবহারের যদি কোনো ইতিহাস থাকে
16. যদি উল্লেখযোগ্য কোনো অতীত মেডিক্যাল বা অস্ত্রোপচারের ইতিহাস থাকে
17. রোগনির্ণয় বা চিকিৎসার সঙ্গে প্রাসঙ্গিক বা উল্লেখযোগ্য পারিবারিক ইতিহাস
18. হাসপাতালে থাকার সময় মূল ইনভেস্টিগেশনগুলির সংক্ষিপ্ত বিবরণ
19. হাসাপাতালের কোর্স, জটিলতাসহ, যদি তেমন কিছু থাকে
20. ডিসচার্জের সময় পরামর্শ
21. চিকিৎসারত কনসাল্টেন্ট / অনুমোদিত টিম ডক্টরের নাম ও স্বাক্ষর
22. রোগী / অ্যাটেন্ডেন্টের নাম ও স্বাক্ষর

ভালোভাবে লেখা একটা ডিসচার্জ সামারি ক্লেইম প্রসেসিং কর্মীদের অসুস্থতা / আঘাত ও চিকিৎসার গতিপ্রকৃতি বুঝতে ব্যাপকভাবে সাহায্য করে, এভাবেই মীমাংসার প্রক্রিয়াও দ্রুত হয়। আইআরডিএ স্ট্যান্ডার্ডাইজেশ গাইডলাইনসের মধ্যে থাকে ক্লেইমের কার্যকরী প্রসেসিংয়ের জন্য ডিসচার্জ সামারির জন্য প্রস্তাবিত বিষয়বস্তু।

ডিসচার্জ সামারি সবসময়েই অরিজিনাল চাওয়া হয়।

## 2. ইনভেস্টিগেশন রিপোর্ট

ইনভেস্টিগেশন রিপোর্টগুলি রোগ নির্ণয় ও চিকিৎসার তুলনায় সহায়তা করে, এভাবেই বাস্তব অবস্থাটা বুঝতে প্রয়োজনীয় তথ্য যোগায় যা চিকিৎসাকে সম্পাদন করেছে এবং হাসপাতালে ভর্তি থাকাকালীন যে অগ্রগতি হয়েছে।

ইনভেস্টিগেশন রিপোর্টে সাধারণত থাকে:

a) রক্ত পরীক্ষার রিপোর্টগুলি;

b) এক্সরে রিপোর্টগুলি;

c) স্ক্যান রিপোর্টগুলি ও

d) বায়োপসি রিপোর্টগুলি

সমস্ত ইনভেস্টিগেশন রিপোর্টে থাকে নাম, বয়স, লিঙ্গ, টেস্টের তারিখ প্রভৃতি এবং সাধারণত এগুলিরও অরিজিনাল দিতে হয়। নির্দিষ্ট অনুরোধের ভিত্তিতে বীমাকারী এক্স-রে ও অন্যান্য ফিল্ম ক্রেতাকে ফেরত দিতে পারেন।

**3. একত্রিত ও বিস্তারিত বিল:**

এই নথিটাই সিদ্ধান্ত করে বীমা পলিসির আওতায় কী দেওয়া প্রয়োজন। আগে বিলের কোনো স্ট্যান্ডার্ড ফরম্যাট ছিল না, তবে আইআরডিএআই মান নির্ধারণ নির্দেশকা একত্রীভূত ও বিস্তারিত বিলের ফরম্যাট প্রদান করেছে। ছাত্রছাত্রীদের পরামর্শ দেওয়া হচ্ছে তাঁরা যেন আইআরডিএআই ওয়েবসাইটে উপলব্ধ বিবরণ বুঝে নেন।

একত্রীভূত বিল যেমন সামগ্রিক ছবিটা তুলে ধরে, বিস্তারিত বিল দেবে ব্রেক আপ অনুসারে, রেফারেন্স কোড সহ।

বিস্তারিত বিল কাজে লাগিয়ে অ-প্রদেয় খরচগুলির যাচাই করা হয়, যেখানে অ-গ্রাহ্য খরচগুলি মিলিয়ে খরচ খাত থেকে বাদ দেয়া হয়।

বিলগুলি অবশ্যই আসল পেতে হবে।

**4. পেমেন্ট প্রাপ্তি :**

ক্ষতিপূরণের চুক্তি হিসেবে একটা স্বাস্থ্য বীমা ক্লেইম পরিশোধের জন্য হাসপাতালে যে টাকা দেওয়া হয়েছে, হাসপাতাল থেকে তার একটা আনুষ্ঠানিক প্রাপ্তি  দরকার হবে।

যে অর্থ দেওয়া হবে বিলের মোট অঙ্কের সঙ্গে তা মেলা দরকার, অনেক হাসপাতালই প্রদেয় অর্থের উপর ছাড় দিয়ে থাকে। এই ধরনের ক্ষেত্রে বীমাকারীকে দিতে বলা হবে রোগীর তরফে দেওয়া সেই প্রকৃত পরিমাণ অর্থই।

রিসিপ্টে নাম্বার ও অথবা স্ট্যাম্প থাকা উচিত এবং এটা অরিজিনালই পেশ করতে হয়।

**5. ক্লেইম ফর্ম**

ক্লেইম ফর্ম হলো ক্লেইম প্রক্রিয়ার জন্য আনুষ্ঠানিক ও আইনী আরজি এবং ক্রেতার স্বাক্ষর সহ এটা আসলটাই পেশ করতে হয়। এখন ক্লেইম ফর্মে মাপকাঠি ঠিক করে দিয়েছে আইআরডিএআই এবং বিস্তৃতভাবে তার মধ্যে থাকে:

a) প্রাথমিক বীমাকৃতের বিবরণ ও পলিসি নম্বর যার অধীনে ক্লেইম করা হয়েছে।

b) বীমা ইতিহাসের বিবরণ

c) হাসপাতালে ভর্তি হওয়া বীমাকৃত ব্যক্তির বিবরণ।

d) হাসপাতালে থাকার বিবরণ যেমন হাসপাতাল, রুমের ক্যাটাগোরি, ভর্তি ও ডিসচার্জের তারিখ ও সময়, দুর্ঘটনার ক্ষেত্রে পুলিসকে জানানো হয়েছে কিনা, মেডিসিনের ধরন প্রভৃতি।

e) ক্লেইমের বিবরণ যার জন্য হাসপাতালে থাকতে হয়েছে, খরচের ব্রেক আপ, হাসপাতালে থাকার পূর্ব ও পরবর্তী পর্ব, ক্লেইম করা বড় অঙ্কের বিবরণ সহ।

f) জুড়ে দেওয়া বিলগুলির বিবরণ

g) অনুমোদিত ক্লেইমের টাকা পাঠানোর জন্য প্রাথমিক বীমাকৃতের ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিবরণ

h) বীমাকৃতের থেকে প্রজ্ঞাপণ।

রোগ, চিকিৎসা প্রভৃতির তথ্য ছাড়াও বীমাকৃত ব্যক্তির থেকে ঘোষণা বা প্রজ্ঞাপণ আইনী অর্থে ক্লেইম ফর্মের সবচেয়ে গুরুত্বপূর্ণ নথি।

এটাই হলো সেই প্রজ্ঞাপণ যা ক্লেইমে "**পরম সরল বিশ্বাসে মতবাদ**" প্রয়োগ করে, যা লঙ্ঘিত হলে পলিসির আওতায় মিথ্যা বর্ণনার ধারা প্রয়োগ হবে।

## 6. পরিচিতি প্রমাণপত্র

আমাদের জীবনের বিভিন্ন কাজে পরিচিতি প্রমাণপত্রের ব্যবহার বেড়ে যাওয়ায়, পরিচিতির সাধারণ প্রমাণপত্র একটা গুরুত্বপূর্ণ উদ্দেশ্য পালন করে – তার যাচাই করা যে আদৌ সেই ব্যক্তি কভারকৃত কিনা ও তাঁর চিকিৎসা হয়েছে কিনা এবং তিনিই সেই ব্যক্তি কিনা যাঁর চিকিৎসা হয়েছে।

সাধারণত যে পরিচিতি পত্র চাওয়া হতে পারে :

a) ভোটার আইডেন্টিটি কার্ড

b) ড্রাইভিং লাইসেন্স

c) প্যান কার্ড

d) আধার কার্ড প্রভৃতি

পরিচয় প্রমাণপত্রের জন্য কড়াকড়ির ফলে ক্যাসলেস ক্লেইমের ক্ষেত্রে ছদ্মবেশী জালিয়াতির সম্ভাবনা উল্লেখযোগ্যভাবে কমিয়ে দিয়েছে কারণ হাসপাতালে ভর্তি আগে পরিচিতি প্রমাণপত্র চাওয়া হয়, হাসপাতালেরই এটা যাচাই করা কর্তব্য এবং সেটা বীমাকারী বা টিপিএ–র কাছে পেশ করা।

পরিশোধ ক্লেইমে, পরিচিতি প্রমাণপত্রের দরকার খানিকটা কম।

## 7. নির্দিষ্ট ক্লেইমের সাপেক্ষ নথিপত্র

কিছু নির্দিষ্ট ধরনের ক্লেইম রয়েছে, উপরে যা বর্ণিত রয়েছে তার বাইরেও অতিরিক্ত নথিপত্র দরকার পড়ে। সেগুলি হলো :

a) দুর্ঘটনা ক্লেইম, যেখানে এফআইআর বা নিবন্ধিত থানায় হাসপাতালের ইস্যু করা মেডিকো–লিগাল সার্টিফিকেট দরকার পড়তে পারে। এতে দুর্ঘটনার কারণ বলা থাকে এবং ট্রাফিক দুর্ঘটনার ক্ষেত্রে সেই ব্যক্তি মদ খেয়ে ছিলেন কিনা জানা যায়।

b) জটিল বা চড়া মূল্যের ক্লেইমের ক্ষেত্রে কেস ইন্ডোর পেপার। ইন্ডোর কেস পেপার বা কেস শীট হলো একটা ডকুমেন্ট যা হাসপাতালের দিকে রক্ষণাবেক্ষণ করা হয়, যেখানে হাসপাতালে ভর্তি থাকাকালীন গোটা পর্বে রোগীকে যে সমস্ত চিকিৎসা দেওয়া হয়েছে তার প্রতিদিনের বিস্তারিত বিবরণ থাকে।

c) যেখানে প্রযোজ্য সেখানে ডায়ালিসিস / কেমোথেরাপি / ফিসিওথেরাপির চার্ট।

d) হসপিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট, যেখানে হসপিটালের সংজ্ঞার সঙ্গে মিলিয়ে দেখা জরুরী।

ক্লেইম টিম একটা ক্লেইম প্রসেস করার জন্য নির্দিষ্ট ইন্টার্নাল ডকুমেন্ট ফরম্যাট ব্যবহার করে থাকে। এগুলি হলো:

i. নথিপত্র যাচাইয়ের চেকলিস্ট,

ii. স্ক্রুটিনি / সেটেলমেন্ট শীট,

iii. কোয়ালিটি চেকস / কন্ট্রোল ফরম্যাট

এই ফরম্যাটগুলি যদিও সমস্ত বীমাকারীর কাছে একই ধরনের হয় না, আসুন সাধারণ বিষয়বস্তুর একটা নমুনা দিয়ে নথিপত্রগুলির উদ্দেশ্য দেখে নেওয়া যাক।

**টেবিল 2 . 2**

| | | |
|---|---|---|
| 1. | **ডকুমেন্ট ভেরিফিকেশন শীট** | সবগুলির মধ্যে এটাই হলো সরলতম, প্রাপ্ত নথিপত্রের তালিকায় একটা চেক মার্ক থাকে যাতে নোট রাখা যায় যে এই এইগুলি ক্রেতা পেশ করেছেন। কিছু বীমাকারী প্রাপ্তি স্বীকার হিসেবে ক্রেতাকে একটা প্রতিলিপি দিতে পারে। |
| 2. | **সিকিউরিটি/প্রসেস শীট** | সাধারণত এটা একটা সিঙ্গল শীট যেখানে গোটা প্রসেসিং নোটগুলি ধরে রাখা থাকে।<br>a) ক্রেতার নাম ও আইডি নম্বর<br>b) ক্লেইম নম্বর, ক্লেইমের কাগজপত্র প্রাপ্তির তারিখ<br>c) পলিসি সংক্রান্ত সংক্ষিপ্ত বিবরণী, অনুচ্ছেদ 64VB-এ সম্মতি<br>d) বীমাকৃত রাশি এবং বীমাকৃত রাশির সদ্ব্যবহার<br>e) হাসপাতালে ভর্তি ও সেখান থেকে ছাড়া পাওয়ার তারিখ<br>f) রোগ নির্ণয় ও চিকিৎসা<br>g) তার থেকে ক্লেইম গ্রাহ্যতা / কারণ সহ প্রসেসিং মন্তব্য<br>h) ক্লেইমের পরিমাণ গণনা<br>i) তারিখ সহ ক্লেইম চলাচল ও যারা প্রক্রিয়া করেছেন তাদের নাম |
| 3. | **গুণমাণ পরীক্ষা/ নিয়ন্ত্রণ ফরম্যাট** | ক্লেইম হ্যান্ডলার ছাড়া যারা ক্লেইমের চেকিংয়ের জন্য ফাইনাল চেক বা কোয়ালটিটি কন্ট্রোল ফরম্যাট<br>চেকলিস্ট ও ক্লেইম স্ক্রুটিনি কোশ্চেনিয়ার ছাড়া, কোয়ালিটি কন্ট্রোল/ অডিট ফরম্যাট অন্তর্ভুক্ত হবে যে সংক্রান্ত তথ্যের সঙ্গে তা হলো:<br>a) ক্লেইমের মীমাংসা<br>b) ক্লেইম প্রত্যাখ্যান বা<br>c) অতিরিক্ত তথ্যের জন্য অনুরোধ |

**নিজেকে যাচাই 2**

নিম্নলিখিতগুলির মধ্যে ইন-পেশেন্টের সমস্ত চিকিৎসার বিবরণ সংক্রান্ত কোন নথিপত্রটি হাসপাতালে রেখে দেওয়া হয় ?

I. অনুসন্ধান রিপোর্ট

II. সেটলমেন্ট শীট বা মীমাংসা পত্র

III. কেস পেপার

IV. হসপিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট

---

## D. *ক্লেইম ভাণ্ডার*

### 1. জমিয়ে রাখা

এর মানে সমস্ত ক্লেইমের জন্য ক্লেইমের স্ট্যাটাসের ভিত্তিতে বীমাকারীর বইতে অর্থের সংস্থান ধরে রাখা। এটা খুব সহজ মনে হলেও এই মজুত রাখার ব্যাপারে যথেষ্টই সতর্কতা দরকার – অর্থ জমার রাখার কাজে যে কোনো ভুল বীমাকারীর লাভ ও সচ্ছলতা মার্জিন হিসেবে প্রভাব ফেলে।

আজকের প্রসেসিং সিস্টেম যে কোনো সময়ে মজুত ভাণ্ডারের পরিমাণ হিসেব করার সামর্থ্য তৈরি করেছে।

**নিজেকে যাচাই 3**

সমস্ত ক্লেইমের জন্য ক্লেইমের স্ট্যাটাসের ভিত্তিতে বীমাকারীর বইতে অর্থের সংস্থান ধরে রাখা __________ বলে পরিচিত।

I. পুলিং

II. প্রভিশনিং

III. রিজার্ভিং বা মজুত রাখা

IV. বিনিয়োগ করা

---

## E. থার্ড পার্টি অ্যাডমিনিস্ট্রেটর (টিপিএ)-র ভূমিকা

### 1. ভারতের টিপিএ প্রচলন

বেসরকারী ক্ষেত্রের জন্য বীমা ক্ষেত্রকে খুলে দেওয়া হয় 2000সালে। এরইমধ্যে নতুন নতুন পণ্য চালু হওয়ায় স্বাস্থ্যপরিষেবা পণ্যের জন্য চাহিদাও বেড়ে গেছে। তাই স্বাস্থ্য বীমায় বিক্রয়-পরবর্তী পরিষেবার জন্য একটা চ্যানেল চালুর জন্য প্রয়োজনও অনুভব হতে থাকে। এতেই পেশাদার থার্ড পার্টি অ্যাডমিনিস্ট্রেটরের সুযোগও তৈরি হয়।

এটা দেখেই বীমা নিয়ন্ত্রক ও ডেভেলপমেন্ট অথরিটি বাজারে আইআরডিএআই-এর লাইসেন্সের অধীনে টিপিএ অনুমোদন করা চালু করে, শর্ত অনুযায়ী 2001-এর 17ই সেপ্টেম্বরের বিজ্ঞপ্তি অনুযায়ী এদের আইআরডিএআই (থার্ড পার্টি অ্যাডমিনিস্ট্রেটর - স্বাস্থ্য বীমা) বিধি, 2001 মেনে চলতে হয়।

**সংজ্ঞা**

বিধি অনুযায়ী,

''থার্ড পার্টি অ্যাডমিনিস্ট্রেটর বা টিপিএ মানে হলো আইআরডিএআই (থার্ড পার্টি অ্যাডমিনিস্ট্রেটর – স্বাস্থ্য বীমা) বিধি, 2001-র অধীনে কর্তৃপক্ষের লাইসেন্সপ্রাপ্ত যে কোনো ব্যক্তি এবং যিনি বীমা কোম্পানির দেওয়া ফি বা পারিশ্রমিকের বিনিময়ে স্বাস্থ্য পরিষেবা যোগানোর কাজে যুক্ত থাকেন।

''টিপিএ-র মাধ্যমে স্বাস্থ্য পরিষেবা'' বলতে বোঝায় একজন টিপিএ স্বাস্থ্য বীমা সংক্রান্ত চুক্তির আওতায় একজন বীমাকারীকে যে পরিষেবা দিয়ে থাকে কিন্তু একটা বীমা কোম্পানির ব্যবসায় অন্তর্ভুক্ত হয় না বা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে স্বাস্থ্য বীমা ব্যবসার সওয়াল করে না অথবা ক্লেইম স্বীকার বা প্রত্যাখ্যানের বিষয়েও সিদ্ধান্ত নেয় না।

এই ভাবেই বীমা পলিসি বিক্রি ও ইস্যুর পরই টিপিএ পরিষেবার সুযোগ তৈরি হয়। বীমাকারী যদি টিপিএ-দের ব্যনহার না করে তাহলে এই পরিষেবাগুলি ইন-হাউস টিমই সম্পন্ন করে।

### 2. স্বাস্থ্য বীমার বিক্রি পরবর্তী পরিষেবা

a) প্রোপোজাল (এবং প্রিমিয়াম) একবার নেওয়া হয়ে গেলেই কভারেজ শুরু হয়ে যায়।

b) পলিসির পরিষেবার জন্য একজন টিপিএ ব্যবহৃত হলে বীমাকারী ক্রেতা ও পলিসি সম্পর্কে তথ্য টিপিএ-কে দেয়।

c) টিপিএ সদস্যদের (যেখানে প্রস্তাবক ব্যক্তি পলিসি নিচ্ছেন ও সেই পলিসির অধীনে যে সদস্যদের কভার করা হচ্ছে) তালিকাবদ্ধ করে এবং ফিজিকাল বা ইলেক্ট্রনিক ভাবে সদস্যদের চিহ্নিতকরনের জন্য একটা কার্ড ইস্যু করতে পারে।

d) টিপিএ-র সদস্যপদ ব্যবহৃত ক্যাশলেস সুবিধা নেওয়ার জন্য, পাশাপাশি যখন কোনো সদস্যের হাসপাতালে ভর্তি হতে হয় বা কভারকৃত চিকিৎসা নিতে হয় তখন ক্লেইম প্রক্রিয়াকরনের জন্যও এটা কাজে লাগে।

e) টিপিএ ক্লেইম বা ক্যাশলেজের অনুরোধ প্রক্রিয়া করে এবং বীমাকারী সঙ্গে চুক্তি মতো সময়সীমার মধ্যে পরিষেবা দিয়ে থাকে।

যে কাট-অফ পয়েন্ট থেকে টিপিএ-র ভূমিকা শুরু হয় তা হলো পরিষেবাদাতা সত্বা হিসেবে টিপিএ-র নামে পলিসি বন্টনের মুহূর্তটি। গোটা পলিসি মেয়াদ জুড়েই পরিষেবা দান প্রয়োজন এবং আরো কিছুটা সময়সীমা যা একটা ক্লেইম রিপোর্ট করার জন্য পলিসির আওতায় অনুমোদন করা হয়।

যখন হাজার হাজার পলিসির পরিষেবা দেওয়া হয়, এই কাজটা হলো ধারাবাহিক, বিশেষত যখন একই পলিসির পুনর্নবীকরণ হয় ও একই টিপিএ পলিসির পরিষেবা দেয়।

### 3.থার্ড পার্টি অ্যাডমিনিস্ট্রেশন (টিপিএ)-র উদ্দেশ্য

স্বাস্থ্য বীমায় থার্ড পার্টি অ্যাডমিনিস্ট্রেটরের ধারণাটি বলা যেতে পারে নিম্নলিখিত উদ্দেশ্যগুলি সৃষ্টি করেছে:

a) প্রয়োজনের সময় সম্ভাব্য সবরকমভাবে স্বাস্থ্য বীমার একজন ক্রেতাকে পরিষেবা দেওয়া সহজতর করতে।

b) নেটওয়ার্কে থাকা হাসপাতালে বীমাকৃত রোগীর জন্য ক্যাশলেস চিকিৎসার আয়োজন করতে।

c) পেশ করা নথিপত্র ও বীমা কোম্পানির পদ্ধতি ও নির্দেশিকা অনুসারে ক্রেতার ক্লেইম ন্যায্য ও দ্রুত নিষ্পত্তি করতে।

d) স্বাস্থ্য বীমা ক্লেইম ও সংশ্লিষ্ট পরিষেবা সামলাতে কার্যকরী বিশেষজ্ঞ তৈরি করতে।

e) সময়মতো ও সঠিক উপায়ে ক্রেতাকে সাড়া দিতে।

f) এমন একটা পরিবেশ তৈরি করতে যেখানে একজন বীমাকৃত ব্যক্তির যার লক্ষ্য একটা যুক্তিসঙ্গত খরচে ভালো মানের স্বাস্থ্য পরিষেবা পেতে সক্ষম হয় এবং

g) রোগহার, খরচ, প্রক্রিয়া, থাকার মেয়াদ প্রভৃতি প্রাসঙ্গিক তথ্য তৈরি/ক্রমানুসারে সাজাতে সাহায্য করতে

### 4. বীমাকারী ও টিপিএ-র মধ্যে সম্পর্ক

বহু বীমাকারী টিপিএ-র পরিষেবা কাজে লাগায় স্বাস্থ্য বীমা পলিসির বিক্রিয়-পরবর্তী পরিষেবার জন্য, আবার কিছু বীমাকারী, বিশেষ করে জীবন বীমা সেক্টর থেকে আসা বীমাকারীরাও একজন টিপিএ-র সহায়তা নেয়, তারা এটা কাজে লাগায় প্রাক-পলিসি মেডিক্যাল চেক-আপ পরিষেবার জন্য।

একজন বীমাকারী ও টিপিএ-র মধ্যে সম্পর্কটা হলো চুক্তির অধীন যেখানে চাহিদা ও প্রক্রিয়ার ধাপগুলি দিয়ে চুক্তিটা তৈরি হয়। আইআরডিএআই হেল্থ ইনসুরেন্স স্ট্যান্ডার্ডাইজেশন গাইডলাইন এখন টিপিএ এবং বীমা কোম্পানির মধ্যে চুক্তির জন্য পরামর্শ মত স্ট্যান্ডার্ড ধারার একটা সেটের যোগান দেয় ও নির্দেশিকা দেয়।

টিপিএ-র থেকে একজন বীমাকারী যে পরিষেবাগুলি আশা করে থাকে, সেগুলি হলো নিম্নরূপ:

### A. নেটওয়ার্কিং পরিষেবার যোগানদার

দেশজুড়ে হাসপাতালগুলির একটা নেটওয়ার্কের সঙ্গে টিপিএ সম্পর্ক স্থাপন করবে বলে আশা করা হয়, যার লক্ষ্য হবে বীমাকৃত ব্যক্তিকে স্বাস্থ্য ক্লেইমের জন্য ক্যাশলেস ক্লেইম পেমেন্টের সুবিধা যোগানো।

আইআরডিএআই-র সাম্প্রতিক নির্দেশিকায় সম্পর্কটা শুধুমাত্র টিপিএ এবং পরিষেবার যোগানদারের মধ্যে না থেকে বীমাকারী সহ ত্রিপাক্ষিক হওয়া জরুরী।

বিভিন্ন হসপিটালাইজেশন প্রক্রিয়ার জন্য তারা ভালো নির্ধারিত হার নিয়েও দর কষাকষি করে এবং এই ধরনের নেটওয়ার্কের হাসপাতাল থেকে পাওয়া প্যাকেজগুলি বীমাকৃত ও বীমাকারীরও খরচ কমায়।

### B. কল সেন্টার সার্ভিস

টিপিএ সাধারণত একটা কলসেন্টার চালায় যেখানে টোল-ফ্রি নম্বরগুলি দিয়ে রাত, সপ্তাহান্ত ও ছুটির দিন সহ সবসময় অর্থাৎ 24*7*365 যোগাযোগ করা যায়। টিপিএ-র লক সেন্টার যে সম্পর্কিত তথ্যগুলি জানায়:

a) পলিসির অধীনে কভারেজ ও বেনিফিট বা সুবিধা।

b) স্বাস্থ্য ক্লেইম সম্পর্কিত পদ্ধতি ও প্রক্রিয়া।

c) পরিষেবা ও ক্যাশলেস হসপিটালাইজেশন সম্পর্কিত নির্দেশিকা।

d) নেটওয়ার্ক হাসপাতালগুলি সম্পর্কে তথ্য।

e) পলিসির আওতায় উপলব্ধ বাকি থাকা বীমাকৃত রাশি সম্পর্কিত তথ্য।

f) ক্লেইম স্ট্যাটাসের তথ্য।

g) ক্লেইমের ক্ষেত্রে না পাওয়া নথিপত্রের বিষয়ে পরামর্শ।

একটা জাতীয় টোল ফ্রি নম্বর দিয়ে কল সেন্টার উপলভ্য হওয়া উচিত এবং ক্রেতা সাধারনত যে প্রধান প্রধান ভাষায় কথা বলেন সেই ভাষায় ক্রেতা পরিষেবা কর্মীর কথা বলতে পারা উচিত। অবশ্যই এই বিস্তারিত বিষয়গুলি বীমাকারক ও তাদের টিপিএ-র মধ্যে চুক্তির মাধ্যমে পরিচালিত হওয়া উচিত।

### C. ক্যাশলেস অ্যাক্সেস পরিষেবা

**সংজ্ঞা**

''ক্যাশলেস ফেসিলিটি'' মানে হলো এমন একটা সুবিধা যা বীমাকারী বীমাকৃতকে দিয়ে থাকে যেখানে পলিসির শর্তাবলীর অনুযায়ী পেমেন্ট, বীমাকৃতর চিকিৎসা খরচ বীমাকারী প্রাক-স্বীকৃত মতো সরাসরি নেটওয়ার্ক যোগানদারকে দিয়ে দেয়।

এই পরিষেবা যোগাতে চুক্তির অধীনে বীমাকারীরা প্রয়োজনীয়তাগুলি হলো:

a) পলিসি সংক্রান্ত সমস্ত তথ্য, টিপিএ-র কাছে পাওয়া যেতেই হবে। টিপিএ-কে এটা দেওয়া বীমাকারীর কর্তব্য।

b) পলিসিতে অন্তর্ভুক্ত সদস্যদের বিষয়ে তথ্য কোনো ভুল বা ঘাটতি ছাড়াই উপলব্ধ ও সুলভ হওয়া উচিত।

c) বীমাকৃত ব্যক্তিদের অবশ্যই একটা আইডেন্টিটি কার্ড বা পরিচয় পত্র সঙ্গে রাখতে হবে যা তাঁদের পলিসি ও টিপিএ-র সঙ্গে সম্বন্ধ স্থাপন করবে। আইডেন্টিটি কার্ডটা টিপিএ-কেই ইস্যু

করতে হবে একটা সম্মত ফরম্যাটে, একটা যুক্তিসঙ্গত সময়ের মধ্যে সদস্যের কাছে সেটা পৌঁছতে হবে এবং পলিসির গোটা মেয়াদেই সেটা বৈধ থাকা উচিত।

d) টিপিএ-কে অবশ্যই হাসপাতালকে একটা প্রি-অথরাইজেশন বা একটি লেটার অব গ্যারান্টি ইস্যু করতে হবে, এটা হবে ক্যাশলেস সুবিধার জন্য আরিজেতে যোগানো তথ্যের ভিত্তিতে। অসুস্থতার প্রকৃতি, প্রস্তাবিত চিকিৎসা ও জড়িত খরচ বুঝে নিতে এটা আরো তথ্য চাইতে পারে।

e) তথ্য যেখানে স্পষ্ট নয় বা উপলব্ধ নয়, টিপিএ সেখানে ক্যাশলেসের আরজি খারিজ করে দিতে পারে, স্পষ্ট করে দেয় যে ক্যাশলেস সুবিধার প্রত্যাখ্যানকে চিকিৎসার প্রত্যাখ্যান বলে ধরা উচিত নয়। সদস্য অর্থ প্রদান করেও পরে একটা ক্লেইম ফাইল করতে পারেন, যা পরে তার যোগ্যতার ভিত্তিতে বিবেচিত হবে।।

f) আপতকালীন ক্ষেত্রে ভর্তি হওয়ার 24ঘন্টার মধ্যে জানানো উচিত এবং ক্যাশলেস সংক্রান্ত সিদ্ধান্ত জানিয়ে দেওয়া দরকার।

**D. ক্রেতা সম্পর্ক ও যোগাযোগ ব্যবস্থাপনা**

টিপিএ-কে একটা বিশেষ ব্যবস্থার যোগান দিতে হয়, যার মাধ্যমে ক্রেতা তাঁর অভিযোগ জানাতে পারেন। স্বাস্থ্য বীমার ক্লেইম খতিয়ে দেখা ও তা যাচাই করা খুবই দরকারী। এও লক্ষ্য করা যায় যে স্বাস্থ্য বীমা ক্লেইমের কিছু শতাংশ প্রত্যাখ্যাত হয় যেগুলি পলিসির শর্তের মধ্যে পড়ে না।

এরই সঙ্গে প্রায় সমস্ত স্বাস্থ্য বীমা ক্লেইমে ক্লেইমের খানিকটা অর্থ ছাঁটাই হয়। এই ছাঁটাইটা ক্রেতার অসন্তোষের কারণ হয়, বিশেষ করে যেখানে ছাঁটাই বা প্রত্যাখ্যানের কারণ যথাযথভাবে ক্রেতাকে ব্যাখ্যা করা হয় না।

যত দ্রুত সম্ভব এই ধরনের অভিযোগের সমাধান নিশ্চিত করতো বীমাকারীর টিপিএ=কে দরকার পরে যাদের একটা কার্যকরী অভিযোগ মেটানর ব্যবস্থাপনা রয়েছে।

**E. বিলিং পরিষেবা**

বিলিং পরিষেবার অধীনে বীমাকারী টিপিএ-র থেকে তিনটি কাজ আশা করে থাকে:

a) স্ট্যান্ডার্ডাইজড বিলিং প্যাটার্ন যা বীমাকারীকে মূল্য নির্ধারণের পাশাপাশি বিভিন্ন খাতের আওতায় কভারেজ ব্যবহারের বিশ্লেষণ করতেও সাহায্য করে।

b) যে অর্থ ধার্য করা হয়েছে তা রোগের জন্য জরুরী চিকিৎসার সঙ্গে প্রাসঙ্গিক, তা নিশ্চিতকরণ।

c) ডায়গনসিস ও প্রসিডিওর কোড আয়ত্ব করা হয় যাতে জাতীয় বা আন্তর্জাতিক মানের সঙ্গে খাপ খাইয়ে সমস্ত টিপিএ কাছে ডেটার স্ট্যান্ডার্ডাইজেশন সম্ভব হয়।

এর জন্য টিপিএ-তে প্রশিক্ষিত ও দক্ষ লোকবল লাগে যারা কোডিং করতে সক্ষম, মূল্য সারণী যাচাই করতে পারেন এবং বিলিংয়ের তথ্য আয়ত্বকে স্ট্যান্ডার্ডাইজ করতে পারে।

**F. ক্লেইম প্রসেসিং ও পেমেন্ট পরিষেবা**

এটাই হলো টিপিএ-র দেওয়া সবচেয়ে গুরুত্বপূর্ণ পরিষেবা। বীমাকারীকে টিপিএ-র দেওয়া ক্লেইম প্রসেসিং পরিষেবা সাধারণত জানানো বা অনুবেদন থেকে অনুমোদন ও পেমেন্টের সুপারিশ পর্যন্ত প্রসেসিং এই এন্ড-টু-এন্ড পরিষেবাকে বোঝায়।

ক্লেইমের পেমেন্ট করা হয় বীমাকারীর থেকে পাওয়া তহবিলের মাধ্যমে। অগ্রিম অর্থ হিসেবে এই তহবিল টিপিএ-কে দেওয়া হতে পারে অথবা বীমাকারী সরাসরি তার ব্যাঙ্কের মাধ্যমে ক্রেতা বা হাসপাতালের সঙ্গে বিষয়টার বন্দোবস্ত করে দিতে পারে।

আশা করা যায়, টিপিএ এর জন্য অর্থের একটা অ্যাকাউন্ট ধরে রাখবে এবং বীমা কোম্পানির থেকে পাওয়া অর্থ দিয়ে পর্যায়ক্রমে মিটমাট করে।

**G. ম্যানেজমেন্ট ইনফর্মেশন পরিষেবা**

টিপিএ যেহেতু ক্লেইম প্রসেসিং করে থাকে, তাই ব্যক্তিগত বা সমষ্টিগতভাবে ক্লেইম সম্পর্কিত যাবতীয় তথ্য টিপিএ-র কাছে উপলব্ধ হয়। বীমাকারীর বিভিন্ন উদ্দেশ্যে তথ্য প্রয়ীজন হয় এবং টিপিএ-কেই এই ধরনের তথ্যগুলি নিখুঁতভাবে ও সঠিক সময়ে যোগাতে হবে।

এইভাবেই টিপিএ পরিষেবার সুযোগকে বীমাকারীর ইস্যু করা স্বাস্থ্য বীমা পলিসির এন্ড-টু-এন্ড পরিষেবা হিসেবে উল্লেখ করা যায়, সেখানে নির্দিষ্ট বীমাকারীর সঙ্গে সমঝোতা পত্র এবং চাহিদার উপর নির্ভর করে কিছু কার্যকলাপে বিধিনিষেধ থাকতে পারে।

**H. টিপিএ পরিশ্রমিক**

এই পরিষেবাগুলির জন্য টিপিএ-কে নিম্নলিখিত ভিত্তিত কোনো একটিভাবে একটা ফি প্রদান করা হয়:

a) ক্রেতাকে ধার্য করা প্রিমিয়াম (সার্ভিস ট্যাক্স বাদ দিয়ে)-এর একটা শতাংশ,

b) একটা নির্ধারিত সময়সীমার জন্য টিপিএ যাঁদের পরিষেবা দিয়ে থাকে সেই প্রত্যেক সদস্য পিছু একটা স্থায়ী অর্থ, অথবা

c) টিপিএ-র যোগানো প্রত্যেক লেনদেনের জন্য একটা স্থায়ী অর্থ যেমন ইস্যু করা মেম্বার কার্ড পিছু খরচ, ক্লেইম পিছু প্রভৃতির।

এইভাবেই টিপিএ পরিষেবার মাধ্যমে বীমাকারী প্রবেশাধিকার পায়:

i. ক্যাশলেস পরিষেবার

ii. তথ্য সংকলন ও বিশ্লেষণ

iii. একটা 24 ঘন্টার কল সেন্টার ও ক্রেতাদের জন্য সহায়তা

iv. হাসপাতাল ও অন্যান্য মেডিক্যাল ফেসিলিটির নেটওয়ার্ক

v. মেজর গ্রুপ কাস্টোমারকে সহায়তা

vi. ক্রেতার সঙ্গে ক্লেইম সংক্রান্ত আলোচনা সহজতর করা

vii. হাসপাতালগুলির সঙ্গে ট্যারিফ ও প্রক্রিয়ার খরচ নিয়ে দর কষাকষি

viii. ক্রেতা পরিষেবা সহজ করতে প্রযুক্তি নির্ভর পরিষেবা

ix. সন্দেহজনক কেসগুলির যাচাই ও তদন্ত

x. কোম্পানিগুলির মধ্যে ক্লেইমের প্যাটার্ন বিশ্লেষণ ও খরচের গুরুত্বপূর্ণ তথ্য, চিকিৎসার নতুনতর পদ্ধতি, উঠতি প্রবনতা ও জালিয়াতি নিয়ন্ত্রণের ব্যবস্থা

xi. দ্রুত পরিষেবার নাগাল সম্প্রসারণ

## F. ক্লেইম ব্যবস্তাপনা – ব্যক্তিগত দুর্ঘটনা

### 1. ব্যক্তিগত দুর্ঘটনা

**সংজ্ঞা**

ব্যাক্তিগত দুর্ঘটনা হলো একটা বেনেফিট পলিসি এবং এতে কভার দেওয়া হয় দুর্ঘটনাজনিত মৃত্যু, দুর্ঘটনার ফলে বিকলাঙ্গতা (স্থায়ী / আংশিক), অস্থায়ী সম্পূর্ণ বিকলাঙ্গতাকে এবং নির্দিষ্ট পণ্যের উপর নির্ভর করে এর সঙ্গে দুর্ঘটনাজনিত চিকিৎসার খরচ, শেষকৃত্যের খরচ, শিক্ষামূলক খরচ প্রভৃতি অ্যাড-অন কভারেজ হিসেবে যুক্ত হতে পারে।

ব্যক্তিগত দুর্ঘটনা পলিসির অধীনে কভারকৃত বিপদ হলো ''দুর্ঘটনা''।

**সংজ্ঞা**

দুর্ঘটনা সংজ্ঞায়িত হয় হঠাৎ, অভূতপূর্ব, অনিচ্ছাকৃত, বাহ্যিক, হিংসাত্মক এবং দৃশ্যত কিছু ঘটা।

ক্লেইম ম্যানেজারের উচিত সতর্কতা অবলম্বন করা এবং ক্লেইমের নোটিফিকেশন পাওবার পর নিম্নলিখিত জায়গাগুলি খতিয়ে দেখা :

a) যার জন্য ক্লেইম করা হয়েছে সেই ব্যক্তিকে পলিসির অধীনে কভার করা হয়েছিল কিনা

b) লোকসানের দিনে পলিসি বৈধ ছিল কিনা এবং প্রিমিয়াম পাওয়া গেছে কিনা

c) পলিসির মেয়াদের মধ্যে লোকসান হয়েছে কিনা

d) ''দুর্ঘটনা'' থেকেই লোকসান হয়েছে এবং কোনো রোগ থেকে নয়

e) কোনো রকম জালিয়াতি রয়েছে কিনা খতিয়ে দেখা ও দরকার পড়লে তদন্ত করানো

f) ক্লেইম নথিবদ্ধ করা এবং সেটার জন্য সংরক্ষণ করা

g) টার্নঅ্যারাউন্ড টাইন (ক্লেইম পরিষেবা সময়) বজায় রাখা ও ক্রেতাকে ক্লেইমের অগ্রগতি সম্পর্কে অবগত করা।

### 2. ক্লেইমের তদন্ত

ক্লেইম অনুবেদনে অথবা ক্লেইম নথি পাওয়ায় কোনো রকম সতর্কবাণী পাওয়া গেলে একইসঙ্গে যাচাইয়ের জন্য ক্লেইমটাকে একজন পেশাদারের কাছে পাঠানো হতে পারে

**উদাহরণ**

ব্যক্তিগত দুর্ঘটনা ক্লেইমের জন্য সতর্কবাণীর উদাহরণ (আরো তদন্তের জন্য তবে তার মানেই জালিবাতি বা ক্লেইমটা প্রতারণাপূর্ণ হওয়ার ইতিবাচক ইঙ্গিত নয়)

- ✓ ক্লোজ প্রক্সিমিটি ক্লেইম বা খুব কাছাকাছি সময়ের ক্লেইম (বীমা শুরুর খুব কম সময়ের মধ্যে ক্লেইম)
- ✓ বিকলাঙ্গতার দীর্ঘ সময়ের জন্য চড়া সাপ্তাহিক বেনিফিট অ্যামাউন্ট
- ✓ ক্লেইম নথিতে অনৈক্য
- ✓ একই বীমাকৃতের একাধিক ক্লেইম
- ✓ অ্যালকোহলের ইঙ্গিত
- ✓ আত্মহত্যার সন্দেহ
- ✓ বীমাকৃত গাড়ি চালানোর সময় গভীর রাতে সড়ক দুর্ঘটনা
- ✓ সাপের কামড়
- ✓ জলে ডোবা
- ✓ উঁচু থেকে পড়া
- ✓ সন্দেহজনক অসুস্থতা সম্পর্কিত কেস
- ✓ বিষপ্রয়োগ
- ✓ খুন
- ✓ বুলেট ক্ষত
- ✓ তুষার ক্ষত অন্তর্ধান
- ✓ নরহত্যা প্রভৃতি

---

তদন্তের মূল উদ্দেশ্য হলো :

a) লোকসানের কারণ খতিয়ে দেখা।

b) লোকসানের পরিমাণ ও প্রকৃতি নির্ধারণ

c) প্রমাণ ও তথ্য সংগ্রহ

d) কোন জালিয়াতি হয়ে থাকলে বা ক্লেইম অ্যামাউন্টকে বাড়িয়ে দেখানো হয়েছে কিনা তা নির্ধারণ করা।

**অনুগ্রহ করে নোট করুন** : তদন্তের উদ্দেশ্য হলো কেসটার সততা খতিবে দেখা ও প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা।

ক্লেইম পরীক্ষকের তদন্তকারীকে তদন্তে নজর দিতে গাইড করাটা গুরুত্বপূর্ণ।

**উদাহরণ**

কেস নির্দেশিকার উদাহরণ :

**সড়ক দুর্ঘটনা**

i. কখন দুর্ঘটনা হয়েছে – সঠিক সময় ও তারিখ? তারিখ ও সময়

ii. বীমাকৃত কি একজন পথচারী, দুর্ঘটনায় জড়িত গাড়ির তিনি কি যাত্রী/ সহযাত্রী ছিলেন, নাকি নিজেই চালাচ্ছিলেন?

iii. দুর্ঘটনার বিবরণ, কীভাবে ঘটলো?

iv. দুর্ঘটনার সময় বীমাকৃত কি মাদকাচ্ছন্ন ছিলেন?

v. মৃত্যুর ক্ষেত্রে, মৃত্যুর সঠিক সময় ও তারিখ, মৃত্যু আগে কোনো চিকিৎসা হয়েছিল কিনা, কোন হাসপাতালে হয়েছিল প্রভৃতি?

**দুর্ঘটনার সম্ভাব্য কারণ :**

***বীমাকৃত বা উল্টোদিকের গাড়ির মেকানিকাল গোলোযোগ (স্টিয়ারিং, ব্রেক প্রভৃতি ফেল করা), গাড়ির চালকের কোনো অসুস্থতার কারণে (হার্ট অ্যাটাক, সিজার প্রভৃতি), অ্যালকোহলের প্রভাব, খারাপ রাস্তা, আবহাওয়ার অবস্থা, গাড়ির গতিবেগ প্রভৃতি।***

ব্যক্তিগত দুর্ঘটনা ক্লেইমে সম্ভাব্য জালিয়াতি ও ফাঁকের কিছু উদাহরণ :

i. টিটিডি পর্বের অতিরঞ্জিত করা

ii. অসুস্থতাকে দুর্ঘটনা হিসেবে উপস্থাপন করা যেমন প্যাথলজিকাল কারণে পিঠের ব্যথাকে বাড়িতে 'পড়ে যাওয়া/পিছলে যাওয়ার' পর ব্যক্তিগত দুর্ঘটনা হিসেবে দেখানো।

iii. আগেই ঘটা দুর্ঘটনাকে নতুন করে দাবি করা, কাগজপত্র জাল করে–স্বাভাবিক মৃত্যুকে দুর্ঘটনার কেস হিসেবে অথবা আগে ঘটা মৃত্যুকে দুর্ঘটনায় মৃত্যু হিসেবে পেশ করা

iv. আত্মহত্যায় মৃত্যুকে দুর্ঘটনায় মৃত্যু হিসেবে উপস্থাপন করা

ব্যক্তিগত দুর্ঘটনার ক্লেইমের বন্দোবস্তের জন্য ডিসচার্জ ভাউচার একটা গুরুত্বপূর্ণ নথি, বিশেষ করে যেখানে মৃত্যু ক্লেইম জড়িত। প্রস্তাবের সময় নমিনির বিবরণ পাওয়াও খুবই জরুরী এবং সেটা পলিসি নথির অংশ হওয়া উচিত।

**A.ক্লেইমের দলিল রচনা**

**টেবিল 2.3**

| | |
|---|---|
| **মৃত্যু ক্লেইম** | a) ক্লেইমকারী নমিনি/পরিবারের সদস্যের স্বাক্ষরিত যথাযথভাবে পূরণ করে রাখা ব্যক্তিগত দুর্ঘটনা ক্লেইম ফর্ম<br>b) ফার্স্ট ইনফরমেশন রিপোর্টের আসল অথবা অ্যাটেস্টেড বা প্রত্যয়িত কপি (এফআইআর / পঞ্চনামা / তলাশ পঞ্চনামার প্রত্যয়িত কপি)<br>c) মৃত্যু শংসাপত্রের আসল অথবা অ্যাটেস্টেড কপি<br>d) ময়না তদন্ত হয়ে থাকলে তার রিপোর্টের প্রত্যয়িত কপি<br>e) এএমএল ডকুমেন্টের (অ্যান্টি-মানি লন্ডারিং) প্রত্যয়িত কপি - নাম যাচাইয়ের জন্য (পাসপোর্ট / প্যান কার্ড / ভোটার আইডি / ড্রাইভিং লাইসেন্স) ঠিকানা যাচাইয়ের জন্য (টেলিফোন বিল / ব্যাঙ্ক অ্যাকাউন্ট স্টেটমেন্ট / ইলেক্ট্রিসিটি বিল / রেশন কার্ড)<br>f) আইনী উত্তরাধিকার শংসাপত্র যাতে থাকবে হলফনামা ও ক্ষতিপূরণ বন্ড, দুটোতেই সমস্ত আইনী উত্তরাধিকারের আগে থেকে স্বাক্ষর করা থাকতে হবে এবং সেগুলির দলিলপত্র সম্পাদন করতে হবে |
| **স্থায়ী সম্পূর্ণ বিকলাঙ্গতা (পিটিডি) এবং স্থায়ী আংশিক বিকলাঙ্গতা (পিপিডি) ক্লেইম** | a) যথাযথভাবে পূরণ করে রাখা ব্যক্তিগত দুর্ঘটনা ক্লেইম ফর্ম, যাতে ক্লেইমকারীর স্বাক্ষর রয়েছে।<br>b) প্রযোজ্য হলে ফার্স্ট ইনফরমেশন রিপোর্টের প্রত্যয়িত কপি।<br>c) একজন সরকারী সার্জেনের থেকে স্থায়ী বিকলাঙ্গতা শংসাপত্র অথবা সমতুল্য উপযুক্ত কোনো ডাক্তারকে দিয়ে বীমাকৃতের বিকলাঙ্গতার প্রত্যয়ন। |
| **অস্থায়ী সম্পূর্ণ বিকলাঙ্গতা (টিটিডি)** | a) চিকিৎসারত ডাক্তারের থেকে মেডিক্যাল সার্টিফিকেট যেখানে বিকলাঙ্গতার ধরন ও বিকলাঙ্গতার মেয়াদ উল্লেখ থাকবে। নিয়োগকর্তার থেকে লিভ বা ছুটির শংসাপত্র যেখানে যথার্থ ছুটির সময়সীমার বিস্তারিত বিবরণ থাকবে এবং যথাযথভাবে নিয়োগকর্তার সই ও সিল থাকবে।<br>b) চিকিৎসারত ডাক্তারের থেকে ফিটনেস সার্টিফিকেট যেখানে প্রত্যয়িত করা হবে যে বীমাকৃত তাঁর স্বাভাবিক কর্তব্য পালনের জন্য ফিট বা যোগ্য। |

উপরের তালিকাটা শুধুমাত্র নির্দেশকই, কেস অনুযায়ী নির্দিষ্ট বিষয়ের উপর আরো নথিপত্র (কাটা দাগ, দুর্ঘটনার জায়গা প্রভৃতির ফোটোগ্রাফ সহ) দরকার পড়তে পারে, বিশেষ করে যেখানে জালিয়াতির সন্দেহ থাকে যে কেসে যার তদন্ত করতে হয়।

**নিজেকে যাচাই 4**

স্থায়ী সম্পূর্ণ বিকলাঙ্গতা ক্লেইমের জন্য নিম্নলিখিতগুলির মধ্যে কোন ডকুমেন্টটি সাবমিট করার দরকার নেই?

I. ক্লেইমকারী স্বাক্ষরিত যথাযথভাবে পূরণ করা ব্যক্তিগত দুর্ঘটনা ক্লেইম ফর্ম।

II. প্রযোজ্য হলে ফার্স্ট ইনফরমেশন রিপোর্টের প্রত্যয়িত কপি।

III. একজন সরকারী সার্জেনের থেকে স্থায়ী বিকলাঙ্গতা শংসাপত্র অথবা সমতুল্য উপযুক্ত কোনো ডাক্তারকে দিয়ে বীমাকৃতের বিকলাঙ্গতার প্রত্যয়ন।

IV. চিকিৎসারত ডাক্তারের থেকে ফিটনেস সার্টিফিকেট যেখানে প্রত্যয়িত করা হবে যে বীমাকৃত তাঁর স্বাভাবিক কর্তব্য পালনের জন্য ফিট বা যোগ্য।

## G. ক্লেইম ব্যবস্থাপনা – বিদেশ সফর বীমা

### 1. বিদেশ সফর বীমা পলিসি

বিদেশ সফর বীমা পলিসিতে যদিও বহু নন-মেডিক্যাল সুবিধাকেই কভার দেওয়া হয়, এর আন্ডাররাইটিং ও ক্লেইম ব্যবস্থাপনা রীতি অনুযায়ী স্বাস্থ্য বীমা পোর্টফোলিওর অধীনেই করা হয়ে থাকে কারণ এই পলিসির আওতায় প্রধান কভারটা হলো মেডিক্যাল ও অসুস্থতার সুবিধা।

পলিসির অধীনে কভারগুলিকে বিস্তৃতভাবে নিম্নলিখিত বিভাগে বিভক্ত করা যায়। একটা নির্দিষ্ট পণ্য নিম্নে উল্লেখিত সুবিধাগুলির সবকটিই বা কয়েকটি কভার করতে পারে:

a) মেডিক্যাল বা অসুস্থতার অংশ

b) প্রত্যাবাশন ও পরিত্যাগ

c) ব্যক্তিগত দুর্ঘটনা কভার

d) ব্যক্তিগত দায়বদ্ধতা

e) অন্যান্য নন-মেডিক্যাল কভার

i. সফর বাতিল
ii. সফরে বিলম্ব
iii. সফরে বিঘ্ন
iv. যোগাযোগ ছিন্ন
v. চেক করা ব্যাগেজের বিলম্ব
vi. চেক করা ব্যাগেজ খোয়া যাওয়া
vii. পাসপোর্ট হারানো
viii. জরুরী অগ্রিম নগদ
ix. হাইজ্যাক ভাতা
x. বেইল বন্ড বীমা
xi. হাইজ্যাক কভার
xii. স্পন্সর সুরক্ষা

xiii. সহানুভূতিশীল সফর
xiv. পড়াশোনায় বিঘ্ন
xv. বাড়িতে চুরি

নাম থেকে বোঝা যাচ্ছে এই পলিসিটা হলো বিদেশ সফরে আগ্রহী ব্যক্তির জন্য, এটা স্বাভাবিক যে ভারতের বাইরেও লোকসান হতে পারে এবং যখন রিপোর্ট করা হবে সেই অনুযায়ী যথাযতভাবে ক্লেইমের পরিষেবা পেতে হবে। বিদেশ সফর বীমার ক্ষেত্রে ক্লেইম পরিষেবায় সাধারণত একটি থার্ড পার্টি সার্ভিস প্রোভাইডার (সহায়ক কোম্পানি) জড়িত থাকে যারা প্রয়োজনীয় সাহায্য ও সহায়তা দিতে বিশ্বব্যাপী একটা নেটওয়ার্ক প্রতিষ্ঠা করেছে।

**ক্লেইম পরিষেবায় আবশ্যিকভাবে অন্তর্ভুক্ত :**

a) 24*7 ভিত্তিতে ক্লেইম নোটিফিকেশন গ্রহণ;
b) ক্লেইম ফর্ম পাঠানো ও প্রক্রিয়া;
c) লোকসানের পর তৎক্ষণাৎ কী করতে হবে সেব্যাপারে ক্রেতাকে গাইড করা;
d) মেডিক্যাল ও অসুস্থতার ক্লেইমের জন্য ক্যাশলেস পরিষেবার সুযোগ দেওয়া
e) প্রত্যাবাশন ও পরিত্যাগের ব্যবস্থা করা, জরুরী অগ্রিম নগদ

## 2. সহযোগী কোম্পানিসমূহ – বিদেশ সফর ক্লেইমে ভূমিকা

বিশ্বজুড়েই সহায়ক কোম্পানির নিজস্ব অফিস থাকে এবং একই ধরনের অন্যান্য পরিষেবাদাতাদের সঙ্গে তাঁদের টাই-আপ থাকে। পলিসির অধীনে কভার করা সম্ভাব্য ঘটনার ক্ষেত্রে এই কোম্পানিগুলি বীমা কোম্পানির ক্রেতাদের সহায়তা দিয়ে থাকে।

ক্লেইম রেজিস্ট্রেশন ও তথ্যের জন্য এই কোম্পানিগুলি আন্তার্জাতিক টোল ফ্রি নম্বর সহ একটা 24*7 কল সেন্টার চালায়। তারা নিম্নলিখিত পরিষেবাগুলিও দিয়ে থাকে এবং পরিষেবার জন্য মাসুলের হেরফের হতে পারে নির্দিষ্ট বীমা কোম্পানির সঙ্গে চুক্তি, কভারকৃত সুবিধা প্রভৃতির ভিত্তিতে।

a) মেডিক্যাল সহায়তা পরিষেবা:

i. চিকিৎসা পরিষেবা প্রদানকারী রেফারেলগুলি
ii. হাসপাতালে ভর্তির ব্যবস্থা
iii. জরুরী মেডিক্যাল পরিত্যাগের ব্যবস্থা
iv. জরুরী মেডিক্যাল প্রত্যাবাসনের ব্যবস্থা
v. মরদেহ প্রত্যাবাসন
vi. সহানুভূতিশীল সফরের ব্যবস্থাপনা
vii. নাবালক সন্তানকে সহায়তা/সহচর হওয়া

b) হাসপাতালে থাকার সময় ও তার পরে মেডিক্যাল অবস্থার নজরদারি

c) অত্যাবশ্যক ওষুধ বিতরণ

d) বীমা কোম্পানির অনুমোদন ও পলিসির শর্ত অনুসারে হাসপাতালে থাকার সময় মেডিক্যাল খরচের গ্যারান্টি।

e) প্রাক-সফর তথ্য পরিষেবা ও অন্যান্য পরিষেবা:

i. ভিসা ও টীকাকরণের আবশ্যকতা
ii. দূতাবাস রেফারেল পরিষেবা
iii. পাসপোর্ট হারানো ও লাগেজ বা মালপত্র খোয়া গেলে সহায়তা
iv. জরুরী বার্তা পাঠানোর পরিষেবা
v. বেইল বন্ড ব্যবস্তাপনা
vi. জরুরী আর্থিক সহায়তা

f) দোভাষী রেফারেল

g) আইনী রেফারেল

h) আইনজীবীর সঙ্গে সাক্ষাৎ

**3. ক্যাশলেস মেডিক্যাল কেসের ক্ষেত্রে ক্লেইম ব্যবস্থাপনা**

ক্যাশলেস মেডিক্যাল কেস, পরিশোধ মেডিক্যাল কেস ও অন্যান্য নন-মেডিক্যাল কেসের ক্ষেত্রে ক্লেইম ব্যবস্থাপনা পদ্ধতির হেরফের হয়। আবার মার্কিন যুক্তরাষ্ট্রে ক্যাশলেস মেডিক্যাল ক্লেইম ব্যবস্থাপনা অন্য দেশের থেকে আলাদা হয়। আমরা এখন সেই প্রক্রিয়াটা ধাপে ধাপে জেনে নেব

**a) ক্লেইম নোটিফিকেশন**

যখন ও যেভাবে লোকসান হয়েছে, রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন এবং অ্যাডমিশন কাউন্টারে বীমার বিবরণ দেখিয়েছেন। হাসপাতাল এবং/অথবা রোগীর কোনো আত্মীয়/বন্ধুর থেকে সহায়ক কোম্পানি নতুন কেসের নোটিফিকেশন পেয়েছে। ক্লেইম প্রক্রিয়াটা তারপর ক্লেইমকারীকে ব্যাখ্যা করে দেওয়া হয়েছে।

**b) কেস ব্যবস্থাপনা পদক্ষেপ :**

এক কোম্পানি থেকে আরেক কোম্পানিতে এগুলির হেরফের হয়, অভিন্ন পদক্ষেপগুলি নিচে তালিকাবদ্ধ করা হয়েছে :

i. সহায়ক কোম্পানির কেস ম্যানেজার বেনিফিট বা সুবিধা, বীমাকৃত রাশি, পলিসির মেয়াদ, পলিসি হোল্ডারের নাম যাচাই করে দেখেন।

ii. তারপর রোগীর মেডিক্যাল অবস্থার হালনাগাদের জন্য ক্লিনিকাল/মেডিক্যাল রিপোর্ট, বিলিং তথ্য, খরচের আনুমানিক হিসেব পেতে হাসপাতালের সঙ্গে যোগাযোগ করেন। সহায়ক কোম্পানি ক্লিনিকাল নোট ও মেডিক্যাল খরচের আনুমানিক হিসেব হাতে পেলে বীমাকারীকে একটা আপডেট পাঠায়।

iii. বীমা কোম্পানির অনুমোদন সাপেক্ষে ক্লেইমের গ্রাহ্যতা নির্ধারিত হয় এবং হাসপাতালকে পেমেন্টের গ্যারান্টি দেওয়া হয়।

iv. এমন পরিস্থিতি তৈরি হতে পারে যে ভারতে (বীমাকৃতের স্থান) এবং/অথবা লোকসানের অবস্থানে অনুসন্ধানের প্রয়োজন পড়তে পারে। ব্যক্তিগত দুর্ঘটনা ক্লেইম সেকশনে যেমন ব্যাখ্যা করা হয়েছে অনুসন্ধানের প্রক্রিয়া ঠিক তেমনই হবে। সহায়ক কোম্পানির সাহায্যে

বা বীমা কোম্পানির প্রত্যক্ষ যোগাযোগের মাধ্যমে বিদেশের অনুসন্ধানকারী বাছাই করা হয়।

v. সহায়ক কোম্পানির কেস ম্যানেজার বীমাকারীকে একটা ক্লিনিকাল ও খরচের আপডেট, অগ্রগতি সম্পর্কিত নোট প্রভৃতি দেওয়ার জন্য দৈনিক ভিত্তিতে কেসটায় নজরদারি চালিয়ে যাবেন যাতে চিকিৎসা চালিয়ে যাওয়ার ব্যাপারে অধিকার পাওয়া যায়।

vi. রোগীকে ডিশচার্জ করা হয়ে গেলে কেস ম্যানেজার চূড়ান্ত চার্জ নিশ্চিত করতে হাসপাতালের সঙ্গে অধ্যাবসায়ের সঙ্গে কাজ করবেন।

vii. সহায়ক কোম্পানি আশ্বস্ত করবেন যে বিলটা যথাযথভাবে পরীক্ষা করা হয়েছে, ঘষামাজা ও হিসেব করা হয়েছে। কোনো ত্রুটি ধরা পড়লে সংশোধনের জন্য হাসপাতালের বিলিং বিভাগে পাঠানো হয়েছে।

viii. তারপর পরিষেবাদাতা ও সহায়ক কোম্পানি বা তাঁর সহযোগী রিপ্রাইজিং এজেন্টের মধ্যে সম্মত হারে চূড়ান্ত বিলটা রি-প্রাইজ করা হয়েছে। হাসপাতালকে আগেই পেমেন্টের আশ্বাস দেওয়া হলে ভালো ছাড় দিয়ে রি-প্রাইসিং সম্ভব।

রি-প্রাইসিং স্বাভাবিকভাবেই হলো মার্কিন স্বাস্থ্য পরিষেবার চরিত্র এবং অ-মার্কিন কেসগুলিতে এটা প্রায় প্রযোজ্যই নয়। মার্কিন ও অ-মার্কিন ক্যাশলেস মেডিক্যাল কেসের মধ্যে এটাই হলো বড় পার্থক্য।

**c) ক্লেইম প্রক্রিয়ার ধাপ :**

i. ক্লেইম মূল্যায়নকারী রি-প্রাইজ করা/আসল বিল পেয়ে, সেটা যাচাই করবেন এবং নিশ্চিত করবেন যে পরিষেবা ও চিকিৎসা দেওয়ার তারিখগুলির জন্য কভারেজ ছিল। সহায়ক কোম্পানির পাওয়া বিলের হিসেব পরীক্ষা করা হবে ক্লেইম ডিপার্টমেন্টে যাতে নিশ্চিত করা যায় যে চার্জগুলি লাইনেই রয়েছে এবং চিকিৎসার রীতি অনুসারেই রয়েছে। ছাড়টা রি-কনফার্ম করে বিল প্রসেস হবে।

ii. তারপর পেমেন্টের জন্য রি-প্রাইজিং নোটিফিকেশন শিট ও এক্সপ্ল্যানেশন অব বেনিফিট (ইওবি) সহ বিলটা পাঠানো হবে বীমাকারীর কাছে।

iii. বীমা কোম্পানি বিল পেয়েই তৎক্ষণাৎ পেমেন্টের জন্য সহায়ক কোম্পানিকে অধিকার দিয়ে দেবে।

**d) পেমেন্ট প্রক্রিয়ার ধাপ:**

i. স্থানীয় অফিসের মাধ্যমে হাসপালকে পেমেন্ট রিলিজ করার জন্য সহায়ক কোম্পানি বীমাকারীর থেকে অধিকার পান।

ii. তারপর ফিনান্স ডিপার্টমেন্ট পেমেন্ট রিলিজ করে।

**e) হাসপাতালে থাকার প্রক্রিয়া**

i. ভারতের হাসপাতালের থেকে বিদেশে বিশেষ করে মার্কিন যুক্তরাষ্ট্র ও ইউরোপের ব্যবস্থা একেবারেই আলাদা, কারণ সেখানে জনসংখ্যার অধিকাংশেরই বেসরকারী বীমা বা সরকারী প্রকল্পের মাধ্যমে সর্বজনীন স্বাস্থ্য কভারেজ থাকে। বীমাকৃত একটা বৈধ স্বাস্থ্য বা বিদেশ সফর বীমা পলিসি দেখালেই বেশিরভাগ হাসপাতালই সমস্ত আন্তর্জাতিক বীমা কোম্পানির থেকে পেমেন্টর গ্যারান্টি স্বীকার করে।

বেশিরভাগ দেশেই বীমার কভারেজের কনফার্মেশন বা নগদ জমার জন্য চিকিৎসা বিলম্বিত হয় না।

হাসপাতাল তৎক্ষণাৎই চিকিৎসা শুরো করে দেয়। বীমার কভারেজ থাকলে বীমা পলিসি টাকা দেয় অথবা রোগীকেই তা শোধ করতে হয়। পেমেন্ট পেতে বিলম্ব হলে হাসপাতালগুলির চার্জ বাড়িয়ে দেওয়ার প্রবনতা আছে।

আর পেমেন্ট যদি তৎক্ষণাৎ দিয়ে দেওয়া হয় তাহলে তৎক্ষণাৎ পেমেন্ট হাসপাতাল বড় ছাড় দিতে পারে। হাসপাতালের বিলের দ্রুত বন্দোবস্তের জন্য রি-প্রাইসিং এজেন্সি সাধারণত হাসপাতালের সঙ্গে আলাপ-আলোচনা করে।

ii. সহায়ক কোম্পানির দেওয়া টোল ফ্রি নম্বরে ফোন করে নেটওয়ার্ক হাসপাতাল ও প্রক্রিয়া সম্পর্কে তথ্য বীমাকৃত জানতে পারবেন।

iii. হাসপাতালে ভর্তি করার প্রয়োজন পড়লে কল সেন্টারে ফোন করে বীমাকৃতের সেটা জানানো দরকার এবং বৈধ সফর বীমা পলিসি সহ একটা নির্ধারিত হাসপাতালেই যেতে হবে।

iv. হাসপাতালগুলিও সাধারণত পলিসির বৈধতা পরীক্ষা করতে ও কভারেজ যাচাই করতে কল সেন্টারে নম্বরে ফোন করে সহায়ক কোম্পানি/বীমাকারীর সঙ্গে যোগাযোগ করে।

v. পলিসিটা হাসপাতাল একবার গ্রহণ করে নিলেই ওই হাসপাতালে ক্যাশলেস ভিত্তিতে বীমাকৃতের চিকিৎসা হয়।

vi. গ্রহণযোগ্যতা নির্ধারণ করতে বীমাকারী/সহায়তা প্রদানকারীর প্রয়োজন পড়ে এমন মৌলিক কিছু তথ্য হলো

1. অসুস্থতার বিস্তারিত বিবরণ
2. কোনো অতীত ইতিহাসের ক্ষেত্রে ভারতের হাসপাতাল, স্থানীয় মেডিক্যাল অফিসারের বিবরণ:
   - ✓ অতীত ইতিহাস, বর্তমান চিকিৎসা ও হাসপাতালে আরো পরিকল্পিত কোর্স ও সঙ্গে সঙ্গে পাঠানোর জন্য অনুরোধ
   - ✓ চিকিৎসারত চিকিৎসকের বিবৃতি সহ ক্লেইম ফর্ম
   - ✓ পাসপোর্টের কপি
   - ✓ মেডিক্যাল ইনফর্মেশন ফর্মের প্রকাশ

**f) মেডিক্যাল খরচ ও অন্যান্য নন-মেডিক্যাল ক্লেইম পরিশোধ :**

বীমাকৃত দেশে ফিরে আসার পরেই সাধারণত পরিশোধ ক্লেইম ফাইল করেন। ক্লেইমের কাগজপত্র প্রাপ্তির পর, স্বাভাবিক পদ্ধতিতেই ক্লেইমের প্রক্রিয়া হয়। গ্রহণীয় যাবতীয় ক্লেইমের পেমেন্ট করা হয় ভারতীয় মূদ্রায়, ক্যাশলেস ক্লেইমের ক্ষেত্রেও যেখানে পেমেন্ট করা হয়েছে বিদেশী মূদ্রায়।

ক্লেইম পরিশোধ প্রক্রিয়ায় ভারতীয় মূদ্রায় দায়বদ্ধতার পরিমাণ জানতে লোকসানের দিনে মূদ্রা বিনিময়ের হার প্রযোজ্য হয়। তারপর চেক বা ইলেক্ট্রনিক ট্রান্সফারের মাধ্যমে পেমেন্ট করা হয়।

i. ব্যক্তিগত দুর্ঘটনা ক্লেইমগুলি একইভাবে প্রসেস করা হয় যেমনটা ব্যক্তিগত দুর্ঘটনা ক্লেইম সেকশনে ব্যাখ্যা করা হয়েছে।

ii. বেইল বন্ড কেসগুলি ও জরুরী আর্থিক কেসগুলিতে সহায়ক কোম্পানিই অর্থ প্রদান করে এবং পরে তা বীমা কোম্পানির থেকে ক্লেইম করে।

iii. অন্য সকল ক্লেইমের ক্ষেত্রে যে প্রক্রিয়া অনুসরণ করা হয় অসমর্থনীয় ক্লেইম অস্বীকারের ক্ষেত্রেও একই পদ্ধতি নেওয়া হয়।

**g) দুর্ঘটনা ও অসুস্থতার মেডিক্যাল খরচের জন্য ক্লেইমের ডকুমেন্টেশন**

i. ক্লেইম ফর্ম

ii. ডাক্তারের রিপোর্ট

iii. আসল অ্যাডমিশন/ডিসচার্জ কার্ড

iv. আসল বিল/রসিদ/প্রেস্ক্রিপশন

v. আসল এক্স-রে রিপোর্ট/প্যাথোলজিকাল/ইনভেস্টিগেটিভ রিপোর্ট

vi. প্রবেশ ও প্রস্থানের স্ট্যাম্প সহ পাসপোর্ট/ভিসার কপি

উপরের তালিকাটা শুধুমাত্র নির্দেশকই। নির্দিষ্ট কেস বিবরণ বা নির্দিষ্ট বীমাকারীর ক্লেইম ব্যবস্থাপনা নীতি/প্রক্রিয়ার ভিত্তিতে অতিরিক্ত তথ্য/নথির দরকার পড়তে পারে।

**নিজেকে যাচাই 5**

____________________ সহায়ক কোম্পানিই অর্থ প্রদান করে এবং পরে তা বীমা কোম্পানির থেকে ক্লেইম করে।

I. বেইল বন্ড কেসগুলিতে

II. ব্যক্তিগত দুর্ঘটনা ক্লেইমগুলিতে

III. বিদেশ সফর বীমা ক্লেইমগুলিতে

IV. অসমর্থনীয় ক্লেইমগুলিতে

## সারাংশ

a) বীমা হলো একটা **'প্রতিশ্রুতি'** এবং পলিসি হলো সেই প্রতিশ্রুতির একটা **'সাক্ষী'**। কোনো বীমাকৃত ঘটনা ঘটে যাওয়ার ফলে পলিসির অধীনে ক্লেইমটাই হলো সেই প্রতিশ্রুতির প্রকৃত পরীক্ষা।

b) বীমায় অন,তম মূল রেটিং মাপকাঠি হলো বীমা কোম্পানির ক্লেইম প্রদানের সামর্থ্য।

c) ক্রেতা একজন প্রাথমিক স্টেকহোল্ডার হিসেবে বীমাটা কেনেন, পাশাপাশি তিনিই হলেন ক্লেইমের প্রাপক।

d) ক্যাশলেস ক্লেইমে একটা নেটওয়ার্ক হাসপাতাল বীমাকারী / টিপিএ-র থেকে পূর্ব-অনুমোদনের ভিত্তিতে মেডিক্যাল পরিষেবা দিয়ে থাকে এবং পরে ক্লেইমের নিষ্পত্তির জন্য নথিপত্র পেশ করেন।

e) ক্লেইম পরিশোধে ক্লেইমে ক্রেতার তাঁর নিজের সম্পদ থেকে হাসপাতালের বিল মেটান, এবং পরে সেই টাকা ফেরতের জন্য বীমাকারী / টিপিএ-র কাছে ক্লেইম দাখিল করেন।

f) ক্লেইম সম্পর্কে অবহিত করাই হলো ক্রেতা ও ক্লেইম টিমের মধ্যে সাক্ষাতের প্রথম উদাহরণ।

g) বীমার ক্লেইমের ক্ষেত্রে বীমা কোম্পানি কোনো জালিয়াতির সন্দেহ করলে সেটা তদন্তের জন্য পাঠানো হয়। একটা ক্লেইমের তদন্ত করা হতে পারে ইন-হাউসই একজন বীমাকারী / টিপিএ-কে দিয়ে অথবা সেই দায়িত্ব একটা পেশাদার তদন্ত সংস্থার হাতেও তুলে দেওয়া যায়।

h) ধরে রাখা মানে হলো ক্লেইমের স্ট্যাটাসের ভিত্তিতে সমস্ত ক্লেইমের জন্য বীমাকারকের বইয়ে অর্থের সংস্থান।

i) ক্লেইম প্রত্যাখ্যাত হলে বীমাকারীর কাছে যাওয়া ছাড়াও ক্রেতার সুযোগ থাকে ইনসুরেন্স ওম্বাডসম্যান বা কনজিউমার ফোরাম এমনকি আইনের দ্বারস্থ হওয়ার সুযোগ থাকে।

j) হাসপাতালে ভর্তির ক্ষতিপূরণ পলিসিগুলিতেই বেশিরভাগ ক্ষেত্রে জালিয়াতির ঘটনা ঘটে তবে ব্যক্তিগত দুর্ঘটনা বীমার ক্ষেত্রেও প্রতারণামূলক ক্লেইম হয়ে থাকে।

k) টিপিএ বীমাকারীকে অনেক গুরুত্বপূর্ণ পরিষেবা দিয়ে থাকে এবং এর জন্য ফি'র আকারে পারিশ্রমিক পায়।

## নিজেকে যাচাইয়ের প্রশ্ন

### প্রশ্ন 1

নিম্নলিখিতগুলির মধ্যে কোনটিকে বীমা ক্লেইম প্রক্রিয়ায় প্রাথমিক স্টেকহোল্ডার হিসেবে বিবেচনা করা হয়?

I. ক্রেতা

II. মালিক

III. আন্ডাররাইটার

IV. বীমা এজেন্ট/ব্রোকার

**প্রশ্ন 2**

গিরিশ সাক্সেনার বীমার ক্লেইম বীমা কোম্পানি খারিজ করে দিয়েছে। একটি প্রত্যাখ্যানের ক্ষেত্রে বীমাকারী প্রতিনিধির কাছে যাওয়া ছাড়া বীমাকারীর আর কোন উপায় রয়েছে?

I. সরকারের দ্বারস্থ হওয়া

II. আইনের দ্বারস্থ হওয়া

III. বীমা এজেন্টের দ্বারস্থ হওয়া

IV. ক্লেইম প্রত্যাখ্যানের ক্ষেত্রে কিছুই করার থাকে না

**প্রশ্ন 3**

রাজীব মেহতার পেশ করা একটা স্বাস্থ্য বীমার ক্লেইমের তদন্তে করতে গিয়ে বীমা কোম্পানি জানতে পারে রাজীব মেহতার বদলে চিকিৎসার জন্য হাসপাতালে ভর্তি হয়েছিলেন তাঁর ভাই রাজেশ মেহতা। রাজীব মেহতার পলিসিটা একটা ফ্যামিলি ফ্লোটার প্ল্যান নয়। এটা হলো একটা ______________জালিয়াতির উদাহরণ

I. ছদ্মবেশিতা

II. নথি নির্মাণ

III. ব্যায়ের অত্যুক্তি

IV. আউটপেশন্ট চিকিৎসাকে ইন-পেশেন্ট বা হাসপাতালে ভর্তি হওয়া হিসেবে দেখানোর

**প্রশ্ন 4**

নিম্নলিখিতগুলির মধ্যে কোন পরিস্থিতিতে ডেমিসিলিয়ারি হসপিটালাইজেশন একটা স্বাস্থ্য বীমা পলিসিতে কভার পায়?

I. রোগীর অবস্থা যখন এমন হয় যে তাঁকে হাসপাতাল/নার্সিংহোমে নিয়ে যাওয়া যায় তবে সেটা করা হয়নি

II. জায়গার অভাবে রোগীকে হাসপাতাল/নার্সিংহোমে সরানো যায়নি

III. চিকিৎসা কেবলমাত্র হাসপাতাল/নার্সিংহোমেই করা সম্ভব

IV. হাসপাতালে থাকার মেয়াদ 24ঘন্টার বেশি হয়ে গেছে

**প্রশ্ন 5**

নিম্নলিখিত কোডগুলির মধ্যে কোনটি অসুখের চিকিৎসায় যে প্রক্রিয়া সম্পন্ন তা করায়ত্ত করতে পারে?

I. আইসিডি

II. ডিসিআই

III. সিপিটি

IV. পিসিটি

---

## নিজেকে যাচাইয়ে প্রশ্নসমূহের উত্তর

**উত্তর 1**

সঠিক উত্তরটি হলো I.

বীমা ক্লেইম প্রক্রিয়ায় ক্রেতাই হলো প্রাথমিক স্টেকহোল্ডার

**উত্তর 2**

সঠিক উত্তরটি হলো II

বীমার ক্লেইম প্রত্যাখ্যানের ক্ষেত্রে ব্যক্তি আইনের দ্বারস্থ হতে পারেন।

**উত্তর 3**

সঠিক উত্তরটি হলো I.

এটা হলো একটা ছদ্মবেশিতা জালিয়াতির উদাহরণ, কারণ চিকিৎসা হয়েছে যে ব্যক্তি আর বীমা রয়েছে যার, দুজনে আলাদা।

**উত্তর 4**

সঠিক উত্তরটি হলো II

জায়গার অভাবে রোগীকে হাসপাতাল/নার্সিংহোমে সরানো না গেলে তবেই স্বাস্থ্য বীমা পলিসিতে ডোমিসিলিয়ারি ট্রিটমেন্ট দেওয়া হয়

**উত্তর 5**

সঠিক উত্তরটি হলো III

কারেন্ট প্রসিডিওর টার্মিনোলজি (সিপিটি) কোড অসুখের চিকিৎসায় যে প্রক্রিয়া সম্পন্ন তা করায়ত্ত করতে পারে।

---